CENTRAL LIBRARY

AN ELEMENTARY SANSKRIT GRAMMAR

For use in the Upper Classes of Higher English Schools

080 ...
. 358A

CALCUTTA UNIVERSITY LIBRARY
Sec. No. ...
Book No. ...

BY

G. THIBAUT, Ph.D., D.Sc., C.I.E.

TRANSLATED INTO BENGALI

BY

PANDIT BAHUBALLABHA SHASTRI

Published by the
UNIVERSITY OF CALCUTTA

1914

UNIVERSITY OF CALCUTTA,
No. 78773
REGISTRAR'S OFFICE.

CENTRAL LIBRARY

BCU 3608

GS 2299

PRINTED BY

ATULCHANDRA BHATTACHARYYA

AT THE

CALCUTTA UNIVERSITY PRESS

Senate House, Calcutta

CENTRAL LIBRARY
CALCUTTA UNIVERSITY LIBRARY
Sec. No.....
Book No.....

ভূমিকা

সংস্কৃত ভাষা অতি সুমধুর প্রাচীন ভাষা। ইহা শিক্ষা করিবার জন্য বহুবিধ ব্যাকরণের সৃষ্টি হইয়াছে। পূর্ব্বে ইন্দ্রাদির যে ব্যাকরণ প্রচলিত ছিল, পাণিনির আবির্ভাবে তাহা লুপ্তপ্রায় হইয়াছে। বস্তুতঃ পাণিনিকৃত ব্যাকরণ প্রকাশিত হইলে সকলেই ইহাতে মুগ্ধ হইয়া পড়েন। বর্ত্তমান কালে ইউরোপে, বিশেষতঃ জার্ম্মানিতে পাণিনির ব্যাকরণ-নৈপুণ্য দেখিয়া অনেকেই হিন্দু জাতিরই প্রতি শ্রদ্ধাবান্ হইয়াছেন।

কিন্তু বালকদিগের পক্ষে পাণিনি অধিগত করা সহজ নহে দেখিয়া আমাদের কলিকাতা ইউনিভার্সিটীর ভাইস্ চান্সেলর মাননীয় বিচারপতি সার শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায় সরস্বতী, কেটি, সি, এস্, আই, ডি, এল্, ডি, এস্ সি মহোদয় যে প্রণালী অবলম্বন করিলে সুকুমারমতি বালকগণ সহজে পাণিনি ব্যাকরণে কিঞ্চিৎ প্রবেশও করিতে পারে অথচ বিনা আয়াসে সংস্কৃত ভাষা বুঝিতে ও অনুবাদ করিতে সমর্থ হয় তাহার উপদেশ প্রদান করেন্, তাহারই অনুবর্ত্তন করিয়া ইংরাজিতে যে ব্যাকরণখানি লিখিত হইয়াছে, এই ব্যাকরণ খানি তাহার এক প্রকার অনুবাদ হইলেও ইহা স্থান বিশেষে পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত হইয়াছে। বিদ্যালয়ের ভিন্ন ভিন্ন শ্রেণীতে ভিন্ন ভিন্ন ব্যাকরণ পাঠে বালকদিগের অসুবিধা হয়। সেই অসুবিধা দূর করিবার জন্যই এই ব্যাকরণ সরল বাঙ্গালা ভাষায় লিখিত হইল। বাঙ্গালা ভাষার সাহায্যে বালকগণ ব্যাকরণে সহজে

CENTRAL LIBRARY

প্রবেশ করিয়া যখন উচ্চ শ্রেণীতে ইংরাজিতে লিখিত উক্ত ব্যাকরণের সাহায্যে আবার ইহার আলোচনা করিবে তখন ব্যাকরণ যে সুখপাঠ্য হইবে সে বিষয়ে সন্দেহ নাই।

সংস্কৃতে অনুবাদ করিবার সুবিধা হইবে ভাবিয়া চলিত ধাতু গুলি নিম্নে প্রদত্ত হইল। শিক্ষক মহোদয়গণ এই গুলির সাহায্যে বালকদিগকে অনুবাদ শিক্ষা করাইবেন।

কলিকাতা।
সংস্কৃত কলেজ।
১লা মাঘ ১৩২০ সন।

শ্রীবহুবল্লভ শর্মা।

অদ্।	অয়্।	অর্চ্।	অর্জ্।	অর্হ্।	অশ্।	অস্।	
আপ্।	আস্।	ই।	ইষ্।	ঈক্ষ্।	কথ।	কম্।	কুপ্।
কৃ।	কৃপ্।	কৃষ্।	ক্রম্।	ক্রী।	ক্রীড্।	ক্রুধ্।	ক্ষম্।
ক্ষি।	খন্।	খাদ্।	গম্।	গুপ্।	গৈ।	গ্রহ্।	ঘ্রা।
চর্।	চি।	চিন্ত্।	ছিদ্।	জন্।	জপ্।	জাগৃ।	জি।
জৃ।	জ্ঞা।	জ্বল্।	তন্।	তপ্।	তুদ্।	তুষ্।	তৃ।
ত্যজ্।	ত্রৈ।	ত্বর্।	দংশ্।	দহ্।	দা (দাণ্)।	দা।	
দিব্।	দুষ্।	দুহ্।	দৃশ্।	দ্রুহ্।	দ্বিষ্।	ধা।	ধাব্।
ধৃ।	ধৃ।	নম্।	নশ্।	নিন্দ্।	নী।	নৃত্।	পচ্।
পঠ্।	পৎ।	পা।	পীড্।	পুষ্।	পূ।	পূর্।	পৃ।
প্রচ্ছ্।	প্রী।	বন্ধ্।	বাধ্।	বুধ্।	ব্রূ।	ভক্ষ্।	ভজ্।
ভঞ্জ্।	ভা।	ভাস্।	ভিদ্।	ভী।	ভুজ্।	ভৃ।	ভৃ।
ভ্রম্।	মন্।	মা।	মি।	মিল্।	মুদ্।	মুচ্।	মৃ।

CENTRAL LIBRARY

মৃজ্। মৃষ্। যজ্। যৎ। যম্। যা। যাচ্। যুজ্।
যুধ্। রক্ষ। রচ্। রম্। রাজ্। রাধ্। রুচ্। রুদ্।
রুধ্। রুহ্। লভ্। লিপ্। লিহ্। বচ্। বদ্। বস্।
বহ্। বিদ্। বিশ্। বৃ। বৃজ্। বৃত্। বৃধ্। বৃষ্।
ব্রজ্। শক্। শঙ্ক্। শংস্। শপ্। শম্। শাস্। শী।
শুচ্। শুভ্। শুষ্। শ্রম্। শ্রি। শ্রু। শ্বস্। সহ্।
সিচ্। সিধ্। সৃ। সৃজ্। স্পর্ধ। স্বপ্। স্থা। স্তৃ।
স্তৃ। স্না। স্পৃশ্। স্পৃহ্। স্মৃ। হন্। হস্। হিংস্।
হৃ। হৃষ্। হ্বে॥

CENTRAL LIBRARY

সূচীপত্র

বর্ণপ্রকরণ

				পৃষ্ঠ
১।	বর্ণ নির্ণয়	...	...	১
২।	স্বরবর্ণ	...	...	১
৩।	ব্যঞ্জনবর্ণ	...	...	১
	ব্যঞ্জন বর্ণের সহিত মিলিত স্বরবর্ণ		...	২
৪।	বর্গ	...	...	২
৫।	সংযুক্ত ব্যঞ্জনবর্ণ	...	...	৩
৬।	গুণস্বর	...	...	৫
	বৃদ্ধিস্বর	...	...	৫

সন্ধিপ্রকরণ

৭।	সন্ধি কাহাকে বলে	...	...	৫
৮-১৯।	স্বর সন্ধির সাধারণ নিয়ম		...	৬-৯
২০-২৮।	স্বর সন্ধির বিশেষ নিয়ম	...	...	৯-১১
২৯-৬১।	ব্যঞ্জন সন্ধি	...	...	১২-১৮
৬২-৭৫।	বিসর্গ সন্ধি	...	...	১৮-২৩

ণত্বপ্রকরণ

৭৬-৮০।	দন্ত্য ন মূর্দ্ধন্য ণ	...	...	২৩-২৪

ষত্বপ্রকরণ

৮১-৮৬।	দন্ত্য স মূর্দ্ধন্য ষ	...	...	২৫-২৬

CENTRAL LIBRARY

সূচীপত্র

সুবন্ত প্রকরণ

		পৃষ্ঠা
৮৭-১৯০।	সুবন্ত	২৬-৯৪
৮৭।	প্রাতিপদিক	২৬
৮৮।	সুপ্ বিভক্তির লাটিন ও সংস্কৃত নাম ...	২৭
৮৯।	সুপ্ বিভক্তির স্বরূপ	২৮-২৯
৯০।	প্রাতিপদিক দুই ভাগে বিভক্ত ...	২৯
	অজন্ত বা হলন্ত প্রাতিপদিক	২৯

অজন্ত পুংলিঙ্গ শব্দ

৯১।	অকারান্ত	৩০
৯২।	ইকারান্ত	৩০
৯৩-৯৪।	সখি ও পতি শব্দ	৩১
৯৫।	উকারান্ত	৩২
৯৬।	ঋকারান্ত	৩২-৩৩
৯৭।	ওকারান্ত	৩৩

স্ত্রীলিঙ্গ শব্দ

৯৮-৯৯।	আকারান্ত	৩৪-৩৫
১০০।	ইকারান্ত	৩৫
১০১-১০৩।	ঈকারান্ত	৩৫-৩৭
১০৪।	উকারান্ত	৩৭
১০৫-৬।	ঊকারান্ত	৩৮
১০৭।	ঋকারান্ত	৩৯
১০৮।	ওকারান্ত	৩৯
১০৯।	ঔকারান্ত	৩৯-৪০

CENTRAL LIBRARY

নপুংসক লিঙ্গ শব্দ

		পৃষ্ঠা
১১০।	অকারান্ত	৪০
১১১-১১৩।	ইকারান্ত	৪০-৪২
১১৪।	উকারান্ত	৪২-৪৩

ব্যঞ্জনান্ত শব্দ

১১৫-১১৭।	ব্যঞ্জনান্ত শব্দের নিয়ম	৪৩-৪৫
	পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গে সুগণ্	৪৫
১১৮।	„ „ সুহৃদ্	৪৬
১১৯।	„ „ লিখ্ ও বাচ্ প্রভৃতি শব্দ ...	৪৭
১২০।	হরিৎ ও সদৃশ্ শব্দ	৪৮
১২১।	ইর্ ও উর্ ভাগান্ত শব্দ	৪৮
১২২-১২৩।	অস্, ইস্, উস্ ভাগান্ত শব্দ ...	৪৮-৪৯
১২৪।	ইন্, মিন্, বিন্ ভাগান্ত শব্দ	৪৯-৫০
১২৫-১৩৪।	অৎ-অন্ত্ ভাগান্ত শব্দ	৫০-৫৫
১৩৫।	ঈয়স্ ভাগান্ত শব্দ	৫৫-৫৬
১৩৬-১৩৮।	ব্যঞ্জনযুক্ত মন্ ও বন্ ভাগান্ত শব্দ ...	৫৬-৫৭
১৩৯-১৪০।	মন্ বন্ অন্ ভাগান্ত শব্দ ...	৫৭-৫৮
	রাজন্ শব্দ	৫৮
	নামন্	৫৯
১৪১।	পূষন্ অর্য্যমন্ প্রভৃতি শব্দ	৫৯
১৪২।	শ্বন্ শব্দ	৫৯-৬০
১৪৩।	যুবন্ শব্দ	৬০
১৪৪।	মঘবন্ শব্দ	৬০-৬১
১৪৫।	অহন্ শব্দ	৬১
১৪৬।	পথিন্ শব্দ	৬১-৬২

CENTRAL LIBRARY

পৃষ্ঠ

১৪৭। বস্ ভাগান্ত শব্দ ৬২-৬৩
১৪৮। অচ্ ভাগান্ত শব্দ ৬৩-৬৪
১৪৯। অপ্ শব্দ ৬৫
পুম্স্ শব্দ ৬৫

বিশেষণ শব্দ

১৫০। তর ও তম প্রত্যয়ান্ত ৬৬
১৫১-১৫২। ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয়ান্ত ৬৬-৬৭
১৫৩-১৬৭। সংখ্যাবাচক ৬৮-৭৮

সর্বনাম শব্দ

১৬৮-১৬৯। সবনাম কাহাকে বলে ৭৯-৮০
১৭০-১৮২। সর্ব প্রভৃতি শব্দ ৮১-৯১

সর্বনামোৎপন্ন শব্দ

১৮৩-১৮৭। মদ্ ত্বদ্ তদ্ প্রভৃতি ৯১
১৮৮। স্বয়ম্ ও আত্মন্ শব্দ ৯৩-৯৪

স্ত্রীপ্রত্যয় প্রকরণ

১৯১। স্ত্রী প্রত্যয়ের বিষয় ৯৪
১৯২। অজাদি শব্দ ৯৪, ৯৫
১৯৩। জাতিবাচক শব্দ ৯৫
১৯৪। পূরণবাচক প্রত্যয়ান্ত শব্দ ৯৫
১৯৫। স্ত্রী অর্থ বুঝাইলে ঈ ৯৬
ইন্দ্র বরুণ ও হিম অরণ্য প্রভৃতি শব্দ .. ৯৬
১৯৬। ময়, চর, কর প্রভৃতি অন্তে থাকিলে ... ৯৭
১৯৭। অ প্রত্যয়ান্ত ৯৭

CENTRAL LIBRARY

				পৃষ্ঠ
১৯৮।	বাল্যাবস্থা ও যৌবনাবস্থা বাচক শব্দ	...	...	৯৭
১৯৯।	স্ত্রীপ্রত্যয়ান্ত আ পরে থাকিলে ...		...	৯৮
	ক্ষিপকা সেবকা প্রভৃতি শব্দ	...	...	৯৮
২০০।	বিকল্পে ই	...	...	৯৮
২০১।	নকারান্ত ও ঋকারান্ত	...	...	৯৮
২০২।	সংখ্যাবাচক ষকারান্ত ও নকারান্ত		...	৯৯
২০৩।	অৎ, মৎ, বৎ, বস্, ঈয়স্, অঞ্চ্ ভাগান্ত শব্দ		...	৯৯
২০৪।	গৌর প্রভৃতি শব্দ	...	...	৯৯-১০০
২০৫।	পতি শব্দ	...	...	১০০
	সখি শব্দ	...	...	১০০
২০৬।	শুচি শব্দ	...	...	১০০
২০৭।	উকারান্ত বিশেষণ শব্দ	...	...	১০০-১০১
২০৮।	উকারান্ত শব্দ	...	...	১০১
	শ্বশুর শব্দ	...	...	১০১
২০৯।	সমাসে বিশেষণ শব্দ	...	...	১০১
২১০।	বহুস্বর বিশিষ্ট শব্দ	...	...	১০১
২১১।	নাসিকা প্রভৃতি শব্দ	...	...	১০২
২১২।	দিগ্‌বাচক শব্দ	...	...	১০২
২১৩।	উপমানবাচক শব্দ	...	...	১০২

ধাতুপ্রকরণ

২১৪-২২৫।	ধাতুসম্বন্ধে অবশ্য জ্ঞাতব্য বিষয়		...	১০৩-১০৭
২২৬ ২২৭।	প্রথমশ্রেণী	...	...	১০৭-১০৯
২২৮-২৩০।	প্রথমগণ ভ্বাদি	...	...	১০৯-১১২
২৩১-২৩৩।	চতুর্থগণ দিবাদি	...	...	১১২-১১৩
২৩৪-২৩৫।	ষষ্ঠগণ তুদাদি	...	...	১১৩-১১৪

সূচীপত্র

				পৃষ্ঠ
২৩৬-২৩৭।	দশমগণ চুরাদি	...	...	১১৪
২৩৮-২৪১।	দ্বিতীয় শ্রেণী	...	...	১১৫-১১৭
২৪২-২৫৮।	দ্বিতীয় অদাদি	...	...	১১৭-১২৪
২৫৯-২৬৯।	তৃতীয়গণ জুহোত্যাদি	...	...	১২৪-১৩১
২৭০-২৭৪।	পঞ্চমগণ স্বাদি	...	...	১৩১-১৩৪
২৭৫-২৭৯।	সপ্তমগণ রুধাদি	...	...	১৩৪-১৩৬
২৮০-২৮৩।	অষ্টমগণ তনাদি	...	...	১৩৬-১৩৯
২৮৪-২৯০।	নবমগণ ক্র্যাদি	...	...	১৪০-১৪২

সাধারণ লকার

২৯১-২৯৩।	ইট্	...	...	১৪৩-১৪৪
২৯৪-২৯৫।	পরোক্ষানদ্যতন অতীত লিট্		...	১৪৪
২৯৬-৩২৪।	অভ্যস্ত লিট্	...	...	১৪৪-১৫৪
৩২৫।	ধাতু	...	...	১৫৫
৩২৬।	বিদ্ ধাতু	...	...	১৫৫
৩২৭-৩৩১।	ক্রিয়ান্তরসহায় লিট্	...	...	১৫৫-১৫৭
৩৩২-৩৩৪।	অতীত লুঙ্	...	...	১৫৭
৩৩৫-৩৩৬।	প্রথমশ্রেণী প্রথমশাখা		...	১৫৭-১৫৮
৩৩৭-৩৩৮।	দ্বিতীয়শাখা	...	...	১৫৮-১৫৯
৩৩৯।	তৃতীয়শাখা	...	...	১৫৯
৩৪০-৩৪২।	দ্বিতীয়শ্রেণী লুঙ্ চতুর্থশাখা		...	১৬০-১৬১
৩৪৩-৩৪৮।	পঞ্চমশাখা	...	...	১৬১-১৬৩
৩৪৯-৩৫০।	ষষ্ঠশাখা	...	...	১৬৩-১৬৪
৩৫১-৩৫২।	সপ্তমশাখা	...	...	১৬৫
৩৫৩-৩৫৮।	ভবিষ্যৎ লৃট্	...	...	১৬৫-১৬৭
৩৫৯-৩৬২।	অনদ্যতন ভবিষ্যৎ লৃট্	...	...	১৬৭-১৬৮
৩৬৩-৩৬৪।	হেতুহেতুমদ্ভাবে লৃঙ্	...	...	১৬৮

CENTRAL LIBRARY

পৃষ্ঠ

৩৬৫-৩৭১। আশিষি লিঙ্ ১৬৯-১৭০
৩৭২-৩৮১। ভাব কর্ম্ম প্রক্রিয়া ১৭০-১৭২
৩৮২-৩৯১। ণিজন্ত ১৭৩-১৭৪
৩৯২-৩৯৮। সনন্ত ১৭৪-১৭৫
৩৯৯-৪০১। যঙন্ত ১৭৫-১৭৬
৪০২-৪০৩। নাম ধাতু ১৭৬
৪০৪-৪২৫। পরস্মৈপদ ও আত্মনেপদ বিধান ... ১৭৭-১৮০
৪২৬-৪৪৩। লকারার্থ ১৮১-১৮৩

কৃদন্তপ্রকরণ

৪৪৪-৪৪৫। কৃদন্ত ১৮৪
৪৪৬-৪৪৮। বর্ত্তমান-কৃদন্ত-বিশেষণ ... ১৮৪-১৮৫
৪৪৯-৪৫০। ভবিষ্যৎ-কৃদন্ত-বিশেষণ ... ১৮৬
৪৫১-৪৫৫। কৃত্যপ্রত্যয় ১৮৬-১৮৭
৪৫৬-৪৬৩। অতীত-কৃদন্ত-বিশেষণ ১৮৮-১৯০
৪৬৪-৪৬৯। অতীত-কৃদন্ত-অব্যয় ১৯১-১৯২
৪৭০। তুমুন্ ১৯২-১৯৩

কারকপ্রকরণ

৪৭১-৪৭২। কারক ১৯৪
৪৭৩। কর্ত্তৃকারক ১৯৫
৪৭৪-৪৮৩। কর্ম্মকারক ১৯৫-১৯৯
৪৮৪-৪৯০। করণকারক ১৯৯-২০১
৪৯১-৫০২। সম্প্রদানকারক ২০১-২০৩
৫০৩-৫১২। অপাদানকারক ২০৪-২০৬
৫১৩-৫১৯। অধিকরণকারক ২০৬-২০৮
৫২০-৫৩১। ষষ্ঠী বিভক্তি ২০৯-২১১

CENTRAL LIBRARY

পৃষ্ঠ

সমাসপ্রকরণ

৫৩২।	সমাস	...	...	২১২
৫৩৩-৫৩৯।	অব্যয়ীভাবসমাস	...	...	২১২-২১৪
৫৪০-৫৬৫।	তৎপুরুষসমাস	...	...	২১৫-২২২
৫৬৬-৫৭৬।	বহুব্রীহিসমাস	...	...	২২৩-২২৭
৫৭৭-৫৮৫।	দ্বন্দ্বসমাস	...	...	২২৭-২৩০
৫৮৬।	সহসুপাসমাস	...	...	২৩০-২৩১

একশেষপ্রকরণ

৫৮৭-৫৮৯।	একশেষ	...	...	২৩১-২৩২

তদ্ধিতপ্রকরণ

৫৯০-৫৯৮।	তদ্ধিত	...	...	২৩২-২৩৪

শিবম্

CENTRAL LIBRARY

সংস্কৃত ব্যাকরণ

বর্ণ বা অক্ষর

১। সংস্কৃত ভাষায় বর্ণ মোটের উপর গণনা করিলে, আটচল্লিশটি মাত্র। তন্মধ্যে তেরটি স্বরবর্ণ ও পঁয়ত্রিশটি ব্যঞ্জনবর্ণ। সংস্কৃত ভাষা লিখিতে নানারূপ অক্ষরমালার প্রয়োগ হইয়া থাকে। তন্মধ্যে দেবনাগর অক্ষরমালা অধুনা প্রায় সর্ব্বত্র প্রচলিত।

স্বর বর্ণ

২। অ আ ই ঈ উ ঊ ঋ ৠ ঌ
अ आ इ ई उ ऊ ऋ ॠ ऌ
এ ঐ ও ঔ।
ए ऐ ओ औ।

তেরটি স্বরবর্ণের মধ্যে, অ ই উ ঋ ঌ এই পাঁচটি হ্রস্ব স্বর; এবং আ ঈ ঊ ৠ এ ঐ ও ঔ এই আটটি দীর্ঘ স্বর।

ব্যঞ্জন বর্ণ

৩। ক খ গ ঘ ঙ। চ ছ জ ঝ ঞ।
क ख ग घ ङ। च छ ज झ ञ

CENTRAL LIBRARY

ট ঠ ড ঢ ণ। ত থ দ ধ ন।

ट ठ ड ढ ण। त थ द ध न।

প ফ ব ভ ম। য র ল ব।

प फ ब भ म। य र ल व।

শ ষ স হ।

श ष स ह।

ং (অনুস্বার) ঃ (বিসর্গ)।

ं ः

ব্যঞ্জন বর্ণের সহিত স্বর বর্ণ মিলিত হইলে স্বর বর্ণের যে প্রকার আকৃতি হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইল—

আ া, ই ি, ঈ ী, উ ু, ঊ ূ, ঋ ৃ, ৠ ৄ, ঌ ৢ,

आ ा, इ ि, ई ी, उ ु, ऊ ू, ऋ ृ, ॠ ॄ, ऌ ॢ,

এ ে, ঐ ৈ, ও ো, ঔ ৌ।

ए े, ऐ ै, ओ ो, औ ौ।

ক, কা, কি, কী, কু, কূ, কৃ, কৄ, কৢ, কে,

क, का, कि, की, कु, कू, कृ, कॄ, कॢ, के,

কৈ, কো, কৌ।

कै, को, कौ।

রু, রূ, শু, শূ, শৃ, শৄ, হু, হূ, হৃ।

रु, रू, शु, शू, शृ-सृ, शॄ-सॄ, हु, हू, हृ।

৪। ব্যঞ্জন বর্ণসকল উচ্চারণ-স্থান-ভেদে নানা ভাগে বিভক্ত, তন্মধ্যে প্রথম পাঁচ ভাগকে বর্গ বলে, যথা—

ক খ গ ঘ ঙ — ক-বর্গ,

চ ছ জ ঝ ঞ — চ-বর্গ,

CENTRAL LIBRARY

ট ঠ ড ঢ ণ — ট-বর্গ,
ত থ দ ধ ন — ত-বর্গ,
প ফ ব ভ ম — প-বর্গ।
য র ল ব এই চারিটিকে অন্তঃস্থা বর্ণ বলে।
শ ষ স হ এই চারিটিকে উষ্মবর্ণ বলে।

প্রত্যেক বর্গের পঞ্চম বর্ণের নাম অনুনাসিকবর্ণ, যথা—ঙ ঞ ণ ন ম।

ঁ এই চিহ্নটিকেও অনুনাসিক বলে, এবং লিখিবার সময় ইহাকে স্বরবর্ণের মস্তকে লিখিতে হয়, যথা—আঁ।

৫। মধ্যে স্বরবর্ণ না থাকিয়া পরে পরে ব্যঞ্জনবর্ণ থাকিলে, পরস্পরে মিলিত হইয়া সংযুক্তাক্ষর হয়। নিম্নে কতকগুলি সংযুক্তাক্ষরের স্বরূপ প্রদত্ত হইল, যথা—

ক্ক, ক্খ, ক্ত, ক্ত্য, ক্ত্র, ক্ত্ব, ক্র, ক্ল, ক্ষ্য, ক্ষ্র,
ক্ক, ক্খ, ক্ত, ক্ত্য, ক্ত্র, ক্ত্ব, ক্ল, ক্ষ, ক্ষ্য, ক্ষ্র,
ক্ল, ক্ষ, ক্ষ, ক্ষ্ম, ক্ষ্য, ক্ষ্ব, খ্য, খ্র, গ্য, গ্র,
ক্ল, ক্ষ, চ্ছ, চ্ছ্ম, চ্ছ্য, চ্ছ্ব, খ্য, খ্র, গ্য, গ্র,
গ্র্য, ঘ্ন, ঘ্ন্য, ঘ্ম, ঘ্য, ঘ্র, ঙ্ক, ঙ্ক্ত, ঙ্ক্ষ, ঙ্ক্ষ্ব, ঙ্গ,
গ্য, ঘ্ন, ঘ্ম, ঘ্য, ঘ্র, ঙ্ক, ঙ্ক্ত, ঙ্ক্ষ, ঙ্ক্ষ্ব, ঙ্গ,
ঙ্গ্য, ঙ্ঘ্র, চ্চ, চ্ছ, চ্ছ্র, চ্ঞ, জ্য, জ্র, জ্জ, জ্ঝ,
জ্য, জ্ঝ, জ্ঞ, জ্জ্ব, জ্জ্ব, জ্ঞ, জ্য, জ্র, জ্জ, জ্ঝ,
জ্ঞ, জ্ঞ্য, জ্ম, জ্য, জ্র, জ্ব, ঞ্চ, ঞ্ছ, ঞ্জ, ট্ট,
ঞ্চ, ঞ্ছ, জ্ম, জ্য, জ্র, জ্ব, ঞ্চ, ঞ্ছ, ঞ্জ, ট্ট,
ট্য, ট্র, ঠ্য, ঠ্র, ড্য, ড্র, ঢ্য, ঢ্র, ণ্ট, ণ্ঠ,
ট্য, ট্র, ঠ্য, ঠ্র, ড্য, ড্র, ঢ্য, ঢ্র, ণ্ট, ণ্ঠ,

ণ্ড, ণ্ণ, ণ্ম, ত্ক, ত্ত, ত্ত্য, ত্ব, ত্র, ত্থ, ত্ন,

ণ্ড, ন্ম, ন্ম, ল্ক, ল্ত, ল্ত্য, ল্ত্ব, ল্ত্র, ল্থ, ল্ন,

ত্প, ত্ম, ত্র, ত্র্য, ত্ব, ত্স, থ্য, দ্গ, দ্দ, দ্ধ,

ত্প, ত্ম, ত্র বা চ্র, ত্য, ত্ব, ত্স, থ্য, দ্ন, দ্ব, দ্ভ,

দ্ম, দ্র, দ্ব, দ্ভ, দ্ভ্য, দ্ম, দ্য, দ্র, দ্র্য, দ্ব,

দ্ভ, দ্ন, দ্ব, দ্ম, দ্ম্য, দ্ম, দ্য, দ্র, দ্র্য, দ্ব,

ধ্য, ধ্র, ধ্ম, ধ্য, ধ্র, ধ্র্য, ধ্ব, ন্ত, ন্ত্য, ন্ত্র,

ন্ত্য, ন্ত্র, ন্ধ, ন্ধ্য, ন্ধ্র, ন্ধ্র্য, ন্ধ্ব, ন্ত, ন্ত্য, ন্ত্র,

ন্দ, ন্দ্র, ন্ধ, ন্ধ্র, ন্ন, ন্ন, প্ত, প্ত্য, প্ন, প্ম,

ন্দ, ন্দ্র, ন্ধ, ন্ধ্র, ন্ন, ন্ন, ম্ন, ম্য, ম্র, ম্ম,

প্য, প্র, প্ল, প্স, জ্জ, জ্দ, জ্ধ, জ্ব, জ্ব্র, জ্ম,

ভ্য, ভ্র, ভ্ব, ম্ন, ম্প, ম্ব, ম্ভ, ম্ম, ম্য, ম্র,

ম্য, ম্র, ম্ব, ম্ন, ম্প, ম্ব, ম্ভ, ম্ম, ম্য, ম্র,

ম্ল, য্য, য্ব, র্ক, র্খ, ল্ক, ল্গ, ল্প, ল্ব, ল্ব্র,

ল্ল, য্য, য্ব, র্ক, র্খ, ল্ক, ল্প, ল্ল, ল্ব, ল্ব্র,

ব্য, ব্র, শ্চ, শ্ছ, শ্চ্য, শ্ন, শ্ম্য, শ্ম, শ্ম্য, শ্ল,

ব্য, ব্র, শ্ব, স্ক, স্খ, স্ন, স্প্য, স্ম, স্ম্য, স্ল,

শ্ব, শ্ব্য, ষ্ট, ষ্ট্য, ষ্ট্র, ষ্ট্র, ষ্ণ, ষ্ঠ, স্ক, স্ত,

স্ব, স্ব্য, ষ্ট, ষ্ঠ্য, ষ্ট্র, ষ্ট্র, ষ্ণ, ষ্ঠ, স্ক, স্ত,

স্ত্য, স্ত্র, স্ত্র্য, স্থ, স্ন, স্ম, স্য, স্র, স্ব, হ্ন,

স্ত্য, স্ত্র, স্ত্র্য, স্থ, স্ন, স্ম, স্য, স্র, স্ব, হ্ন,

হ্ণ, হ্ম, হ্য, হ্র, হ্ল, হ্ব।

হ্ণ, হ্ম, হ্য, হ্র, হ্ল, হ্ব।

CENTRAL LIBRARY

৬। সংস্কৃত ভাষায় অধিকাংশ শব্দরূপ, ধাতুরূপ অথবা নূতন শব্দ গঠন করিবার সময় কখন ই কিংবা ঈ একাররূপে, উ কিংবা ঊ ওকার রূপে, ঋ কিংবা ৠ অর্ রূপে, ঌ অল্ রূপে পরিবর্ত্তিত হয়; কখন আবার অকার আকার রূপে, ই এবং ঈ ঐকার রূপে, উ এবং ঊ ঔকার রূপে, ঋ এবং ৠ আর্ রূপে, ঌ আল্ রূপে পরিবর্ত্তিত হয়। এই সকল পরিবর্ত্তিত এ, ও, অর্ এবং অল্‌কে, ই, ঈ প্রভৃতির গুণ বলা যায়; এবং আ, ঐ প্রভৃতিকে, অ, ই প্রভৃতির বৃদ্ধি বলা যায়।

এই জন্য স্বর বর্ণকে নিম্নলিখিত ভাবে বিভক্ত করা যাইতে পারে—

সাধারণ স্বরবর্ণ—	অ আ,	ই ঈ,	উ ঊ,	ঋ ৠ,	ঌ
গুণ-স্বর—		এ	ও	অ(র্)	অ(ল্)
বৃদ্ধি-স্বর—	আ	ঐ	ঔ	আ(র্)	আ(ল্)

সন্ধি

৭। সংস্কৃত ভাষায় প্রকৃতি ও প্রত্যয় মিলিত হইয়া শব্দ হয়, অথবা দুই বা বহু পদ মিলিত হইয়া একটি সমস্ত শব্দ* হয়, অথবা বাক্য হয়। প্রকৃতির অন্তবর্ণ ও প্রত্যয়ের আদিবর্ণ, অথবা একটি পদের অন্তবর্ণ এবং অপর একটি অব্যবহিত পরবর্ত্তী পদের আদিবর্ণ পরস্পর অত্যন্ত সন্নিহিত হইলে, পরস্পরের

* সমাস করিয়া যে শব্দ উৎপন্ন হয়, তাহার নাম সমস্ত শব্দ।

CENTRAL LIBRARY

মধ্যে কোন প্রকার পরিবর্ত্তন* হইয়া মেলন হয়, এই মেলনের নাম সন্ধি। সন্ধি করিবার নিয়ম নানাবিধ, এবং কোন কোন স্থলে অত্যন্ত জটিল। পশ্চাল্লিখিত সন্ধিপ্রকরণের নিয়মসমূহ পূর্ব্বোক্ত প্রকারে অন্তস্থিত বর্ণের এবং আদিবর্ণের পরিবর্ত্তন বিষয়ে, এবং অনেক স্থলে একপদস্থিত দুইটি অব্যবহিত বর্ণের পরিবর্ত্তনবিষয়েও প্রযুক্ত হইবে। একপদস্থিত বর্ণের সন্ধি সম্বন্ধে যে সমস্ত বিশেষ নিয়ম প্রযুক্ত হয়, সে সমস্ত এই ব্যাকরণে বিস্তারিত ভাবে আলোচিত হইবে না।

স্বর-সন্ধি

সাধারণ নিয়ম

৮। যদি অকার কিংবা আকারের পর অকার কিংবা আকার থাকে, উভয়ে মিলিয়া আকার হয়।

দণ্ড + অগ্রম্ = দণ্ডাগ্রম্

তথা + অহম্ = তথাহম্

তত্র + আসীৎ = তত্রাসীৎ

সা + আগতা = সাগতা

৯। যদি হ্রস্ব ইকার কিংবা দীর্ঘ ঈকারের পর ই কিংবা ঈ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঈ হয়।

অস্তি + ইতি = অস্তীতি

অধি + ঈশ্বরঃ = অধীশ্বরঃ

মহী + ইন্দ্রঃ = মহীন্দ্রঃ

---

* কখন কখন কোন প্রকার পরিবর্ত্তন না হইয়াও পরস্পরে মিলিত হয়। যথা— মহান্ + আগ্রহঃ = মহানাগ্রহঃ।

CENTRAL LIBRARY

১০। যদি হ্রস্ব উকার কিংবা দীর্ঘ ঊকারের পর উ কিংবা ঊ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ঊ হয়।

সাধু + উক্তম্ = সাধূক্তম্

ভূ + ঊর্ধ্বম্ = ভূর্ধ্বম্

১১। যদি হ্রস্ব ঋকার কিংবা দীর্ঘ ৠকারের পর ঋ কিংবা ৠ থাকে, উভয়ে মিলিয়া দীর্ঘ ৠ হয়।

পিতৃ + ঋদ্ধিঃ = পিতৄদ্ধিঃ

১২। অকার কিংবা আকারের পর ই কিংবা ঈ থাকিলে, উভয়ে মিলিয়া একার হয়; উ কিংবা ঊ থাকিলে, উভয়ে মিলিয়া ওকার হয়; ঋ কিংবা ৠ থাকিলে, উভয়ে মিলিয়া অর্ হয়।

তব + ইন্দ্রঃ = তবেন্দ্রঃ

পরম + ঈশ্বরঃ = পরমেশ্বরঃ

হিত + উপদেশঃ = হিতোপদেশঃ

গঙ্গা + উদকম্ = গঙ্গোদকম্

তব + ঋদ্ধিঃ = তবর্দ্ধিঃ

মহা + ঋষিঃ = মহর্ষিঃ

১৩। অকার কিংবা আকারের পর এ কিংবা ঐ থাকিলে, উভয়ে মিলিয়া ঐকার হয়; ও কিংবা ঔ থাকিলে, উভয়ে মিলিয়া ঔকার হয়।

মম + এতৎ = মমৈতৎ

দৃষ্টা + এব = দৃষ্ট্যৈব

তব + ওষ্ঠঃ = তবৌষ্ঠঃ

তব + ঔষধম্ = তবৌষধম্

১৪। ই ঈ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব ই কিংবা দীর্ঘ ঈ স্থানে য্ হয়।

CENTRAL LIBRARY

দধি + অত্র = দধ্যত্র

নদী + আসীৎ = নদ্যাসীৎ

ইতি + উবাচ = ইত্যুবাচ

আগচ্ছতি + ঋষিঃ = আগচ্ছত্যৃষিঃ

নিন্দতি + এনম্ = নিন্দত্যেনম্

দ্রষ্টব্য—ব্যঞ্জনবর্ণের পর স্বরবর্ণ অথবা ব্যঞ্জনবর্ণ থাকিলে, সেই ব্যঞ্জনবর্ণ পরস্থিত স্বরবর্ণের এবং ব্যঞ্জনবর্ণের সহিত মিলিত হয়।

১৫। উ ঊ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব উ এবং দীর্ঘ ঊ স্থানে ব্ হয়।

খলু + অহম্ = খল্বহম্

সাধু + ইদম্ = সাধ্বিদম্

সুভ্রূ + ওষ্ঠম্ = সুভ্রোষ্ঠম্

১৬। ঋ ৠ ভিন্ন স্বরবর্ণ পরে থাকিলে, হ্রস্ব ঋ এবং দীর্ঘ ৠ স্থানে র্ হয়।

পিতৃ + অনুমতিঃ = পিত্রনুমতিঃ

মাতৃ + আনন্দঃ = মাত্রানন্দঃ

পিতৃ + উপদেশঃ = পিত্রুপদেশঃ

১৭। স্বরবর্ণ পরে থাকিলে, একার স্থানে অয্ হয়; ঐকার স্থানে আয্ হয়; ওকার স্থানে অব্ হয়; ঔকার স্থানে আব্ হয়।

শে + অনম্ = শয়নম্

নৈ + অকঃ = নায়কঃ

বিষ্ণো + এ = বিষ্ণবে

পৌ + অকঃ = পাবকঃ

CENTRAL LIBRARY

১৮। পদের অন্তস্থিত একার কিংবা ওকারের পর যে অকার থাকে, তাহার লোপ হয়।

তে + অপি = তেঽপি

বিষ্ণো + অব = বিষ্ণোঽব

১৯। স্বরবর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত এ ঐ ও ঔ স্থানে যথাক্রমে যে অয্ আয্ অব্ আব্ হয় তাহাদের য্ ও ব্‌কারের বিকল্পে লোপ হয়। লোপের পর আর সন্ধি হয় না।

হরে + এহি = হরয়েহি, হরএহি

প্রভো + এহি = প্রভবেহি, প্রভএহি

শ্রিয়ৈ + এতি = শ্রিয়ায়েতি, শ্রিয়াএতি

রবৌ + অস্তমিতে = রবাবস্তমিতে, রবা অস্তমিতে

স্বরসন্ধির বিশেষ নিয়ম

২০। উপসর্গের অকার কিংবা আকারের পর যদি ধাতুর ঋ থাকে, উভয়ে মিলিয়া আর্ হয়।

প্র + ঋচ্ছতি = প্রার্চ্ছতি

অকারান্ত এবং আকারান্ত উপসর্গ, যথা ;—

অপ, অব, উপ, প্র, পরা, আ।

২১। উপসর্গের অকার কিংবা আকারের পর যদি ধাতুর এ' থাকে, উভয়ে মিলিয়া 'এ' হয় ; যদি ধাতুর 'ও' থাকে, উভয়ে মিলিয়া 'ও' হয়।

উপ + এজতে = উপেজতে

উপ + ওষতি = উপোষতি

CENTRAL LIBRARY

কিন্তু উপসর্গের অকার কিংবা আকারের পর যদি ইণ্ ধাতুর কিংবা এধ্ ধাতুর একার থাকে, উভয়ে মিলিয়া ঐকার হয়।

উপ + এতি = উপৈতি
উপ + এধতে = উপৈধতে

কিন্তু অকার কিংবা আকারের পর যদি 'এহি' এই পদের একার থাকে, উভয়ে মিলিয়া 'এ' হয়।

অব + এহি = অবেহি
উপ + এহি = উপেহি

২২। সমাসে অকার কিংবা আকারের পর যদি ওষ্ঠ শব্দের ওকার থাকে, উভয়ে মিলিয়া ও বা ঔ হয়।

অধর + ওষ্ঠঃ = অধরোষ্ঠঃ, অধরৌষ্ঠঃ

২৩। তৃতীয়া সমাসে অকার কিংবা আকারের পর যদি ঋত শব্দের ঋকার থাকে, উভয়ে মিলিয়া আর্ হয়।

দুঃখ + ঋতঃ = দুঃখার্ত্তঃ
ক্ষুধা + ঋতঃ = ক্ষুধার্ত্তঃ

২৪। স্বরসন্ধির সাধারণ নিয়ম দ্বারা সিদ্ধ হয় না, অথচ বহুল প্রয়োগ দেখিতে পাওয়া যায়, এরূপ কতকগুলি সমাস-যুক্ত শব্দের উদাহরণ এখানে প্রদত্ত হইল।

গো + অক্ষঃ = গবাক্ষঃ
অক্ষ + উহিনী = অক্ষৌহিণী
স্ব + ঈরঃ = স্বৈরঃ

CENTRAL LIBRARY

মৃত + অণ্ডঃ = মৃতণ্ডঃ

কুল + অটা = কুলটা

মনস্ + ঈষা = মনীষা

২৫। স্বরসন্ধির সাধারণ নিয়মের অন্যথা স্থল কতকগুলি অত্যন্ত প্রয়োজনীয় উদাহরণ, নিয়মের সহিত নিম্নে প্রদত্ত হইল।

২৬। স্বরবর্ণ পরে থাকিলে, দ্বিবচন নিষ্পন্ন দীর্ঘ ঈকারান্ত, দীর্ঘ ঊকারান্ত এবং একারান্ত পদের কোন প্রকার পরিবর্ত্তন হয় না।

কবী + ইমৌ = কবীইমৌ

সাধূ + ইমৌ = সাধূইমৌ

অমূ + অর্ভকৌ = অমূঅর্ভকৌ

লতে + এতে = লতেএতে

যাচেতে + অর্থম্ = যাচেতে অর্থম্

২৭। স্বরবর্ণ পরে থাকিলে, অদস্ শব্দের বহুবচন নিষ্পন্ন অমী এই পদের কোনপ্রকার পরিবর্ত্তন হয় না।

অমী + অশ্বাঃ = অমীঅশ্বাঃ

২৮। স্বরবর্ণ পরে থাকিলে, হে, অহো এবং একস্বর মাত্র অব্যয় শব্দের কোন পরিবর্ত্তন হয় না।

ই + ইন্দ্রঃ = ই ইন্দ্রঃ

আ + এবম্ = আএবম্

হে + ইন্দ্র = হে ইন্দ্র

অহো + অপূর্বম্ = অহো অপূর্বম্

কিন্তু সীমা, ব্যাপ্তি এবং ঈষদর্থ বুঝাইলে, অথবা ক্রিয়ার সহিত যোগ হইলে 'আ' এই অব্যয়ের সহিত সন্ধি হয়।

CENTRAL LIBRARY

ব্যঞ্জন-সন্ধি

২৯। সংস্কৃত ভাষায় ব্যঞ্জনান্ত পদের অন্তে ক্ ট্ ত্ প্ ঙ্ ণ্ ন্ ম্ ল্ ঃ (বিসর্গ) এই সকল বর্ণ থাকে। সংস্কৃত ভাষায় ব্যঞ্জনান্ত পদের অন্তে প্রায় একটির অধিক ব্যঞ্জনবর্ণ থাকে না।

৩০। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বর্ণ অথবা য়, র, ল, ব, হ পরে থাকে, পদের অন্তস্থিত ক্, চ্, ট্, ত্ এবং প্ স্থানে যথাক্রমে গ্, জ্, ড্, দ্ এবং ব্ হয়।

সম্যক্ + উক্তম্ = সম্যগুক্তম্
দিক্ + ভিঃ = দিগ্ভিঃ
সম্রাট্ + অয়ম্ = সম্রাডয়ম্
জগৎ + ঈশঃ = জগদীশঃ
চিৎ + রূপম্ = চিদ্রূপম্

৩১। যদি প্রত্যয়ের বৎ কিংবা মৎ পরে থাকে পদের অন্তস্থিত ত্কারের কোন পরিবর্ত্তন হয় না।

বিদ্যুৎ + বৎ = বিদ্যুত্বৎ
গরুৎ + মৎ = গরুত্মৎ

৩২। যদি ন কিংবা ম পরে থাকে, পদের অন্তস্থিত ক্, ট্, ত্, প্ স্থানে যথাক্রমে ঙ্, ণ্, ন্, ম্ অথবা (৩০) পূর্ব নিয়মানুসারে গ্, ড্, দ্, ব্ হয়।

দিক্ + নাগঃ = দিঙ্নাগঃ, দিগ্নাগঃ
তৎ + নূনম্ = তন্নূনম্, তদ্নূনম্
এতৎ + মুরারিঃ = এতন্মুরারিঃ, এতদ্মুরারিঃ
ষট্ + মুখঃ = ষণ্মুখঃ, ষড়্মুখঃ

CENTRAL LIBRARY

কিন্তু—ষট্ + নবতিঃ = ষণ্ণবতিঃ

ষট্ + নগর্য্যঃ = ষণ্ণগর্য্যঃ

এই দুইস্থলে নিত্য হইবে।

৩৩। যদি মাত্র কিংবা ময় প্রত্যয় পরে থাকে, পদের অন্তস্থিত বর্গের প্রথম বর্ণের স্থানে কেবল পঞ্চম বর্ণ হয়।

বাক্ + ময়ম্ = বাঙ্ময়ম্

চিৎ + ময়ম্ = চিন্ময়ম্

তৎ + মাত্রম্ = তন্মাত্রম্

মৃৎ + ময়ম্ = মৃন্ময়ম্

৩৪। যদি ল পরে থাকে, ত্‌কার স্থানে ল্ এবং ন্‌কার স্থানে ল্ঁ হয়।

তৎ + লভতে = তল্লভতে

মহান্ + লাভঃ = মহাল্লাঁভঃ

৩৫। উৎ উপসর্গের পরস্থিত স্থা ধাতুর স্ লোপ হয়।

উৎ + স্থানম্ = উত্থানম্

উৎ + স্থাপয়তি = উত্থাপয়তি

৩৬। যদি হকার পরে থাকে, (৩০) পূর্ব নিয়মানুসারে পদের অন্তস্থিত ক্, ট্, ত্, প্ স্থানে গ্, ড্, দ্, ব্ হয়, এবং হকার স্থানে বিকল্পে যথাক্রমে ঘ, ঢ, ধ, ভ হয়।

বাক্ + হরিঃ = বাগ্‌হরিঃ, বাগ্‌ঘরিঃ

পরিব্রাট্ + হতঃ = পরিব্রাড্‌হতঃ, পরিব্রাড্‌ঢতঃ

তৎ + হৃতম্ = তদ্‌হৃতম, তদ্‌ধৃতম্

অপ্ + হরণম্ = অব্‌হরণম্, অব্‌ভরণম্

CENTRAL LIBRARY

৩৭। যদি চ কিংবা ছ পরে থাকে, ত্‌কার স্থানে চ্ হয়।

তৎ + চিত্তম্ = তচ্চিত্তম্

৩৮। যদি জ কিংবা ঝ পরে থাকে, ত্‌কার ও দ্‌কার স্থানে জ্ হয়।

তৎ + জায়তে = তজ্জায়তে

৩৯। যদি শ পরে থাকে, ত্‌কার স্থানে চ্ হয়।

তৎ + শৃণোতি = তচ্‌শৃণোতি

৪০। এই চকারের পরস্থিত শ স্থানে প্রায় ছ হয়।

তচ্ + শৃণোতি = তচ্ছৃণোতি

৪১। পদের অন্তস্থিত ক্, ট্ কিংবা প্‌কারের পর যদি শ থাকে, শ স্থানে বিকল্পে ছ হয়।

বাক্ + শতম্ = বাক্‌শতম্, বাক্‌ছতম্

পরিব্রাট্ + শেতে = পরিব্রাট্‌শেতে, পরিব্রাট্‌ছেতে

অপ্ + শব্দঃ = অপ্‌শব্দঃ, অপ্‌ছব্দঃ

৪২। শকারের পর যদি স্বরবর্ণ কিংবা য, র, ল, ব থাকে, তাহা হইলেই পূর্ব পূর্ব নিয়মানুসারে শ্ স্থানে ছ্ হইবে; নতুবা হইবে না।

বাক্ + শ্চ্যোততি = বাক্‌শ্চ্যোততি

এখানে ছ্ হইল না।

৪৩। যদি ট, ঠ, ড কিংবা ঢ পরে থাকে, ত্‌কার স্থানে ট্ হয়।

তৎ + টীকা = তট্টীকা

তৎ + ডয়তে = তড্‌ডয়তে (৩০ দেখ)

CENTRAL LIBRARY

৪৪। যদি চ কিংবা ছ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে (ংশ্) অনুস্বার ও শ্ হয়।

হসন্ + চকার = হসংশ্চকার

৪৫। যদি ট কিংবা ঠ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে (ংষ্) অনুস্বার ও ষ্ হয়।

মহান্ + ঠক্কুরঃ = মহাংষ্ঠক্কুরঃ

৪৬। যদি ত কিংবা থ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে (ংস্) অনুস্বার ও স্ হয়।

চক্রিন্ + ত্রায়স্ব = চক্রিংস্ত্রায়স্ব

৪৭। প্রশান্ শব্দের ন্ স্থানে অনুস্বার ও শ্, ষ্, স্ হয় না (৪৪, ৪৫, ৪৬ দেখ)।

প্রশান্ + তনোতি = প্রশান্তনোতি

৪৮। চ, ছ, ট, ঠ, ত কিংবা থকারের পর যদি স্বরবর্ণ অথবা য, র, ল, ব থাকে, তাহা হইলেই পদের অন্তস্থিত ন্ স্থানে পূর্ব পূর্ব নিয়মানুসারে অনুস্বার ও শ্, ষ্, স্ হইবে। নতুবা হইবে না।

সন্ + ত্সরুঃ = সন্ত্সরুঃ, এখানে
অনুস্বার ও স্ হইল না।

৪৯। যদি জ, ঝ কিংবা শ পরে থাকে, পদের অন্তস্থিত ন্ স্থানে ঞ্ হয়, এবং শ্ স্থানে বিকল্পে ছ হয়।

শক্রন্ + জয়তি = শক্রঞ্জয়তি

তান্ + শশকান্ = তাঞ্শশকান্, তাঞ্ছশকান্

৫০। যদি ড কিংবা ঢ পরে থাকে, ন্কার স্থানে ণ্ হয়।

মহান্ + ডামরঃ = মহাণ্ডামরঃ

CENTRAL LIBRARY

৫১। ব্যঞ্জন বর্ণ পরে থাকিলে, পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার হয়।

ত্বম্ + করোষি = ত্বংকরোষি
নদীম্ + তরতি = নদীংতরতি
সত্বরম্ + যাতি = সত্বরংযাতি
হরিম্ + বন্দে = হরিংবন্দে

কিন্তু—সম্ + রাট্ = সম্রাট্
এখানে ম্ স্থানে অনুস্বার হইবে না।

৫২। যে বর্গের বর্ণ পরে থাকে, পদের অন্তস্থিত অনুস্বার স্থানে বিকল্পে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়।

ত্বঙ্করোষি = ত্বংকরোষি (৫১)
নদীন্তরতি = নদীংতরতি
মধুরম্ফলম্ = মধুরংফলম্

৫৩। যে বর্গের বর্ণ পরে থাকে পদমধ্যস্থিত ন্ এবং ম্ স্থানে সেই বর্গের পঞ্চম বর্ণ হয়।

শাম্ + তঃ = শান্তঃ

৫৪। যদি কবর্গ পরে থাকে, পুম্ শব্দের ম্ স্থানে অনুস্বার ও স্ হয়; যদি চবর্গ পরে থাকে, অনুস্বার ও শ্ হয়।

পুম্ + কোকিলঃ = পুংস্কোকিলঃ
পুম্ + চলী = পুংশ্চলী

কিন্তু—পুম্ + খ্যানম্ = পুংখ্যানম

CENTRAL LIBRARY

৫৫। যদি কৃ ধাতু পরে থাকে, সম্ শব্দের ম্ স্থানে অনুস্বার ও স্ হয়।

সম্ + কৃতঃ = সংস্কৃতঃ
সম্ + কারঃ = সংস্কারঃ

৫৬। যদি শ, ষ, স কিংবা হ পরে থাকে, পদমধ্যস্থিত ন্ এবং ম্ স্থানে অনুস্বার হয়।

আক্রম্ + স্যতে = আক্রংস্যতে

৫৭। যদি হ্রস্ব স্বরবর্ণের পর অথবা অব্যয় আ কিংবা মা শব্দের পর ছ থাকে, ছ স্থানে চ্ছ্ হয়।

স্ব + ছায়া = স্বচ্ছায়া
আ + ছাদয়তি = আচ্ছাদয়তি

৫৮। পদের অন্তস্থিত দীর্ঘ স্বরের পর যদি ছ থাকে, ছ স্থানে বিকল্পে চ্ছ হয়।

লক্ষ্মী + ছায়া = লক্ষ্মীচ্ছায়া, লক্ষ্মীছায়া

৫৯। যদি পদমধ্যস্থিত স্বরবর্ণের পর ছ থাকে, ছ স্থানে চ্ছ্ হয়।

ইচ্ছতি। চেচ্ছিদ্যতে (ছিদ্ ধাতু)।

৬০। যদি স্বরবর্ণ পরে থাকে, হ্রস্ব স্বরবর্ণের পর, পদের অন্তস্থিত ঙ্, ণ্, ন্ কারের দ্বিত্ব হয়।

প্রত্যঙ্ + আস্তে = প্রত্যঙ্ঙাস্তে
সুগণ্ + আস্তে = সুগণ্ণাস্তে
এতস্মিন্ + অন্তরে = এতস্মিন্নন্তরে

CENTRAL LIBRARY

৬১। স্বরবর্ণের পরস্থিত রেফ্ কিংবা হ্‌কারের পর যদি রেফ্ (র্) হকার ভিন্ন ব্যঞ্জনবর্ণ থাকে, বিকল্পে দ্বিত্ব হয়।

অর্ক্‌ঃ — অর্ক্কঃ

ব্রহ্মন্ — ব্রহ্ম্মন্

বিসর্গসন্ধি

পদান্ত স্ এবং রেফ্ (র্) স্থানে বিসর্গ

৬২। পদের অন্তস্থিত স্ এবং রেফ্ (র্) স্থানে বিসর্গ হয়।

রামস্ = রামঃ। অগ্নিস্ = অগ্নিঃ। প্রাতর্ = প্রাতঃ।

৬৩। যদি ক, খ, প, ফ কিংবা শ, ষ, স পরে থাকে, বিসর্গের কোন পরিবর্ত্তন হয় না।

কঃ করোতি

কঃ পচতি

কঃ শেতে

৬৪। যদি চ কিংবা ছ পরে থাকে, বিসর্গ স্থানে শ্ হয়; যদি ট কিংবা ঠ পরে থাকে, ষ্ হয়; যদি ত কিংবা থ পরে থাকে, স্ হয়।

পূর্ণঃ + চন্দ্রঃ = পূর্ণশ্চন্দ্রঃ

ততঃ + ছিন্নে = ততশ্ছিন্নে

ভগ্নঃ + ঠক্কুরঃ = ভগ্নষ্ঠক্কুরঃ

নমঃ + তুভ্যম্ = নমস্তুভ্যম্

CENTRAL LIBRARY

৬৫। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য, র, ল, ব, হ পরে থাকে, অ আ ভিন্ন স্বরবর্ণের পরস্থিত বিসর্গ স্থানে র্ হয়।

কবিঃ + অয়ম্ = কবিরয়ম্

নিঃ + ধনঃ = নির্ধনঃ

শিশুঃ + হসতি = শিশুর্হসতি

৬৬। যদি অকার ভিন্ন স্বরবর্ণ পরে থাকে, অকারের পরস্থিত বিসর্গের লোপ হয়।

বায়সঃ + আহ = বায়সআহ

কঃ + এষঃ = কএষঃ

দ্রষ্টব্য—বিসর্গ লোপের পর (৬৬, ৬৯, ৭০, ৭১) আর কোন প্রকার সন্ধি কার্য্য হয় না।

বায়সঃ + আহ = বায়স আহ

৬৭। যদি বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চম বর্ণ অথবা য, র, ল, ব, হ পরে থাকে, অকার ও অকারের পরস্থিত বিসর্গ উভয়ে মিলিয়া ও হয়।

শোভনঃ + গন্ধঃ = শোভনো গন্ধঃ

নির্বাণঃ + দীপঃ = নির্বাণো দীপঃ

অতীতঃ + মাসঃ = অতীতো মাসঃ

মনঃ + রমঃ = মনোরমঃ

CENTRAL LIBRARY

৬৮। যদি অকার পরে থাকে, অকার ও অকারের পরস্থিত বিসর্গ উভয়ে মিলিয়া ও হয়, এবং পরবর্ত্তী অকারের লোপ হয়।

নরঃ + অয়ম্ = নরোঽয়ম্

বেদঃ + অধীতঃ = বেদোঽধীতঃ

৬৯। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চমবর্ণ অথবা য, র, ল, ব, হ পরে থাকে, আকারের পরস্থিত বিসর্গের লোপ হয়।

হতাঃ + অশ্বাঃ = হতা অশ্বাঃ (৬৬—দ্রষ্টব্য দেখ)

দেবাঃ + ইহ = দেবা ইহ

মাঃ + ভিঃ = মাভিঃ

দেবাঃ + যান্তি = দেবা যান্তি

৭০। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চমবর্ণ কিংবা য, র, ল, ব, হ পরে থাকে, ভোঃ এই পদের বিসর্গের লোপ হয়।

ভোঃ + অচ্যুত = ভো অচ্যুত (৬৬—দ্রষ্টব্য দেখ)

৭১। যদি অ ভিন্ন স্বরবর্ণ কিংবা ব্যঞ্জনবর্ণ পরে থাকে, সঃ এবং এষঃ এই দুই পদের বিসর্গের লোপ হয়।

সঃ + এতি = সএতি (৬৬—দ্রষ্টব্য দেখ)

এষঃ + গচ্ছতি = এষ গচ্ছতি

সঃ + অস্তি = সোঽস্তি (৬৮—দেখ)

কিন্তু—অসঃ + শিবঃ = অসঃ শিবঃ

অনেষঃ + বিষ্ণুঃ = অনেষোবিষ্ণুঃ (৬৭—দেখ)

অর্থাৎ যে স্থলে সঃ এবং এষঃ পদের সহিত নঞ্-সমাস হইবে সে স্থলে বিসর্গের লোপ হইবে না।

BCU 3608

CENTRAL LIBRARY

৭২। যদি স্বরবর্ণ, বর্গের তৃতীয়, চতুর্থ, পঞ্চমবর্ণ কিংবা য, র, ল, ব, হ পরে থাকে, র্ (রেফ্) জাত বিসর্গ স্থানে র্ (রেফ্) হয়।

পুনঃ + অত্র = পুনরত্র
পুনঃ + আগতঃ = পুনরাগতঃ
পুনঃ + গচ্ছতি = পুনর্গচ্ছতি
দ্বাঃ + এষা = দ্বারেষা

৭৩। র পরে থাকিলে, (র্) রেফের লোপ হয় এবং পূর্ব-স্বর দীর্ঘ হয়।

পুনর্ + রমতে = পুনারমতে
[পুনর্ + রমতে = পুনঃ + রমতে (৬২)
= পুনর্ + রমতে (৭২)]
শম্ভুর্ + রাজতে = শম্ভূরাজতে
[শম্ভুস্ + রাজতে = শম্ভুঃ + রাজতে (৬২)
= শম্ভুর্ + রাজতে (৬৫)]
গীর্ + রম্যা = গীরম্যা

৭৪। এরূপ অনেক উদাহরণ আছে, যাহাদের বিসর্গের পরিবর্ত্তন সন্ধির সাধারণ নিয়মানুসারে হয় না; তন্মধ্যে কতকগুলি বিশেষ উদাহরণ এখানে প্রদত্ত হইল।

(ক) নিঃ, দুঃ, আবিঃ, চতুঃ, প্রভৃতির সহিত মিলিত পদ ;—

নিঃ + কামঃ + নিষ্কামঃ
নিঃ + ফলঃ = নিষ্ফলঃ
দুঃ + কৃতঃ = দুষ্কৃতঃ

GS 2299

CENTRAL LIBRARY

আবিঃ + কৃতঃ = আবিষ্কৃতঃ
চতুঃ + কোণঃ = চতুষ্কোণঃ

(খ) নমঃ, তিরঃ, পুরঃ, ইহাদের সহিত মিলিত কৃধাতুর প্রয়োগ ;—

নমঃ + কারঃ = নমস্কারঃ
নমঃ + কৃত্য = নমস্কৃত্য
তিরঃ + কারঃ = তিরস্কারঃ
পুরঃ + কৃত্য = পুরস্কৃত্য ইত্যাদি।

(গ) অপর কতকগুলি উদাহরণ—

শ্রেয়ঃ + করঃ = শ্রেয়স্করঃ
অয়ঃ + কান্তঃ = অয়স্কান্তঃ
যশঃ + করঃ = যশস্করঃ
অধঃ + পদম্ = অধস্পদম্
ভাঃ + করঃ = ভাস্করঃ
আয়ুঃ + কামঃ = আয়ুষ্কামঃ
ভ্রাতুঃ + পুত্রঃ = ভ্রাতুষ্পুত্রঃ
ধনুঃ + কঃ = ধনুষ্কঃ
ধনুঃ + কাণ্ডম্ = ধনুষ্কাণ্ডম্
তেজঃ + বিন্ = তেজস্বিন্
জ্যোতিঃ + মৎ = জ্যোতিষ্মৎ

৭৫। অহন্ শব্দের পদান্ত ন্ স্থানে র্ হয়। পতি প্রভৃতি শব্দ পরে থাকিলে, অহন্ শব্দের রজাত বিসর্গ স্থানে কখন র্ হয়, কখন হয় না।

CENTRAL LIBRARY

(অহর্—অহঃ)

অহঃ + পতিঃ = অহঃপতিঃ = অহর্পতিঃ

অহঃ + রাত্রঃ = অহোরাত্রঃ (৬৭—দেখ)

অহঃ + অহঃ = অহরহঃ

এই প্রকার স্বর্, গির্ প্রভৃতি শব্দেরও জানিবে।

স্বঃ + পতিঃ = স্বঃপতিঃ = স্বর্পতিঃ

গীঃ + পতিঃ = গীঃপতিঃ = গীর্পতিঃ

ণত্বপ্রকরণ

দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়

৭৬। যদি দন্ত্য-ন্‌কারের পর স্বরবর্ণ কিংবা ন, ম, য়, ব থাকে, তবে ঋ, ৠ, র কিংবা মূর্দ্ধন্য ষকারের পরবর্ত্তী এক-পদস্থিত দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়। স্বরবর্ণ, ক-বর্গ, প-বর্গ, য, ব, হ কিংবা অনুস্বার দ্বারা ব্যবধান হইলেও দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়।

নৃণাম্, অর্কেণ, অর্পণম্, ধর্মেণ, রাবণঃ, কার্যেণ, কৃপণঃ, গৃহ্ণাতি, দূষণম্, জিষ্ণুঃ, বৃংহণম্।

৭৭। কিন্তু—অর্চনম্ (এখানে চ-বর্গ দ্বারা ব্যবধান হইয়াছে, এই জন্য দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হইল না), দর্শনম্ (এখানে শ দ্বারা ন্‌কারের ব্যবধান হইয়াছে), রমন্তে (এখানে ন্‌কারের পরে ত আছে)। রামান্, হরীন্, মৃগান্ ইত্যাদি প্রয়োগে নকারের পর স্বরবর্ণ কিংবা ন, ম, য়, ব নাই, এই জন্য দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হইল না।

CENTRAL LIBRARY

৭৮। যদি পূর্ব পদে ঋ, ৠ, র কিংবা মূর্দ্ধন্য ষ থাকে, আর পর পদে দন্ত্য ন থাকে, কোন কোন স্থলে দন্ত্য ন মূর্দ্ধন্য ণ হয়, কোথায়ও বা হয় না।

অগ্র + নীঃ = অগ্রণীঃ
গ্রাম + নীঃ = গ্রামণীঃ
সর্ব + অহ্নঃ = সর্বাহ্ণঃ
বৃত্র + হনম্ = বৃত্রহণম্
শূর্প + নখা = শূর্পণখা, ইত্যাদি।

নিম্নলিখিত প্রয়োগ সমূহে ণত্ব হইবে না।

পরা + অহ্নম্ = পরাহ্নম্
সর্ব + নামন্ = সর্বনামন্
বৃত্র + ঘ্নঃ = বৃত্রঘ্নঃ, ইত্যাদি।

৭৯। কতকগুলি উদাহরণে দন্ত্য ন বিকল্পে মূর্দ্ধন্য ণ হয়।

গিরিনদী — গিরিণদী
ব্রীহিবাপিনঃ — ব্রীহিবাপিণঃ, ইত্যাদি।

৮০। অনেক স্থলে উপসর্গস্থিত রেফের পরবর্ত্তী ধাতুর কিংবা ধাতুসম্বন্ধি-প্রত্যয়ের ন মূর্দ্ধন্য ণ হয়।

প্রণমতি (প্র + নমতি), প্রণায়কঃ (প্র + নায়কঃ), অন্তর্ণয়তি (অন্তঃ + নয়তি), প্রাণিতি (প্র + অনিতি), প্রমাণম্ (প্র + মানম্)।

আবার—অনেক স্থলে মূর্দ্ধন্য ণ হয় না—
পরিনর্ত্তনম্, প্রনষ্টঃ, প্রন্নস্তি, ইত্যাদি।

CENTRAL LIBRARY

ষত্বপ্রকরণ

দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়

৮১। যদি স্বরবর্ণ, কিংবা ক্, ত্, থ্, ন্, ম্, য্, ব পরে থাকে, অ আ ভিন্ন স্বরবর্ণ, ক-বর্গ অথবা রেফের পরস্থিত অপদান্তস্থ প্রত্যয়ের কিংবা আদেশের দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়।

হরি + সু = হরিষু, গুরু + সু = গুরুষু, বাক্ + সু = বাক্ষু, গমি + স্যতি = গমিষ্যতি, সু + স্বাপ = সুষ্বাপ, সর্পিঃ + কঃ (বিসর্গ স্থানে ষ্), সর্পিষ্কঃ, সর্পিঃ + মৎ = সর্পিষ্মৎ।

কিন্তু—রাম + স্য = রামস্য, এখানে অকারের পরস্থিত হইয়াছে এই জন্য মূর্দ্ধন্য ষ হইল না।

৮২। অনুস্বার (ন্ স্থানে যে অনুস্বার হয়) কিংবা বিসর্গ দ্বারা ব্যবধান হইলেও মূর্দ্ধন্য ষ হয়।

হবীংষি, হবিঃষু।

কিন্তু—পুংসু, এখানে 'ম্' স্থানে অনুস্বার হওয়াতে মূর্দ্ধন্যষ হইল না।

৮৩। উপসর্গের ইকার কিংবা উকারের পরস্থিত দন্ত্য স প্রায়ই মূর্দ্ধন্য ষ হয়।

অভি + স্তৌতি = অভিষ্টৌতি

নি + সীদতি = নিষীদতি

৮৪। অকারের (অট্ আগমের—অকার) ব্যবধান হইলেও ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়।

অভ্যষ্টৌৎ (অভি + স্তু), ন্যষীদৎ।

CENTRAL LIBRARY

৮৫। অনেক স্থলে ধাতুর দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয় না।

পরি + সোঢ়ুম্ (কৃদন্ত-সহধাতু) পরিসোঢ়ুম্।

৮৬। সমাসে অনেক স্থলে পরপদস্থিত দন্ত্য স মূর্দ্ধন্য ষ হয়।

বি + সমঃ = বিষমঃ
যুধি + স্থিরঃ = যুধিষ্ঠিরঃ
অগ্নি + স্তোমঃ = অগ্নিষ্টোমঃ
মাতৃ + স্বসা = মাতৃষ্বসা
পিতৃ + স্বসা = পিতৃষ্বসা ইত্যাদি।

সুবন্ত প্রকরণ

৮৭। সুবন্ত প্রকরণে বিশেষ্য, বিশেষণ প্রভৃতি শব্দের সহিত সুপ্ * বিভক্তির যোগ হইলে, কি প্রকার রূপ হয় তাহা দেখান যাইতেছে।

যে সমস্ত শব্দের সহিত সুপ্ বিভক্তির যোগ হয় নাই, তাহাদের নাম প্রাতিপদিক।

প্রাতিপদিকের সহিত সুপ্ বিভক্তির যোগ হইলে, পদ এই নাম হয়। (এইরূপ পদকেই সুবন্ত পদ বলে)।

যথা—রাম এবং হরি ইহারা প্রাতিপদিক, রামঃ, হরিঃ,

---

* বিভক্তি বলিলে সুপ্ এবং তিঙ্ উভয়ই বুঝিবে।

CENTRAL LIBRARY

রামম্, হরিম্ ইত্যাদিকে পদ (সুবন্ত পদ) বলে। সংস্কৃত ভাষায় প্রাতিপদিকের তিন লিঙ্গ।

যথা—পুংলিঙ্গ। ১। স্ত্রীলিঙ্গ। ২। নপুংসকলিঙ্গ। ৩।

পুংলিঙ্গ—রাম, নর, বৃক্ষ, সাধু, পিতৃ, রাজন্।

স্ত্রীলিঙ্গ—লতা, নদী, বধূ, সাধ্বী, মাতৃ, বাচ্।

নপুংসকলিঙ্গ—ধন, বন, বারি, মধু, যশস্।

সংস্কৃত ভাষায় তিনটি বচন। যথা—

একবচন। ১। দ্বিবচন। ২। বহুবচন। ৩।

একবচনান্ত—বৃক্ষঃ, লতা, বনম্।

দ্বিবচনান্ত—বৃক্ষৌ, লতে, বনে।

বহুবচনান্ত—বৃক্ষাঃ, লতাঃ, বনানি।

এই সমস্ত উদাহরণে, বৃক্ষ, লতা, বন প্রভৃতি প্রাতিপদিকের সহিত প্রথমার একবচন, দ্বিবচন ও বহুবচনের বিভক্তির যোগ হইয়াছে।

৮৮। সংস্কৃত ব্যাকরণে সুপ্-বিভক্তি সাত ভাগে বিভক্ত। যথাক্রমে তাহাদের সংস্কৃত ও লাটিন নাম নিম্নে প্রদত্ত হইল—

First case	১মা বিভক্তি।	১। কর্ত্রাদিকারক		(Nominative &c.)
Second ,,	২য়া ,,	২। কর্ম্ম কারক	(Accusative)	
Third ,,	৩য়া ,,	৩। করণ ও কর্ত্তৃ কারক	(Instrumental and Nominative)	
Fourth ,,	৪র্থী ,,	৪। সম্প্রদান কারক	(Dative)	
Fifth ,,	৫মী ,,	৫। অপাদান কারক	(Ablative)	
Sixth ,,	৬ষ্ঠী ,,	৬। সম্বন্ধ	(Genitive)	
Seventh ,,	৭মী ,,	৭। অধিকরণ কারক	(Locative)	

CENTRAL LIBRARY

সম্বোধন—(Vocative), সম্বোধনে প্রথমা বিভক্তি হয়। কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ এই ছয়টিকে সংস্কৃত ব্যাকরণে কারক বলে। সম্বন্ধকে কারক বলে না।

দ্রষ্টব্য,—পাশ্চাত্য ও অস্মদ্ দেশীয় কোন কোন বৈয়াকরণ কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়, বলিয়াছেন। বাস্তবিক কর্ত্তৃ-কারকে তৃতীয়া বিভক্তি হয়। কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান ও অধিকরণ এই ছয়টি কারকেই প্রথমা বিভক্তি হয়, কারণ যখন যে কারক উক্ত হয়, সে কারকে প্রথমা বিভক্তি ভিন্ন অন্য কোন বিভক্তি হয় না। কর্ত্তা উক্ত হইলেই কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়, নতুবা কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়।

৮৯। সুপ্-বিভক্তির স্বরূপ নিম্নে প্রদত্ত হইল। অজন্ত (স্বরান্ত) শব্দের সহিত সুপ্-বিভক্তি যুক্ত হইলে নানা প্রকারে সুপ্-বিভক্তি পরিবর্ত্তিত হয়, কিন্তু ব্যঞ্জনান্ত শব্দের সহিত সুপ্-বিভক্তি যুক্ত হইলে, সুপ্-বিভক্তির আকার প্রায় পরিবর্ত্তিত হয় না। সুপ্-বিভক্তি সাত-ভাগে বিভক্ত। প্রত্যেক ভাগ তিন তিন বচনে বিভক্ত। যথা—একবচন। দ্বিবচন। বহুবচন। এক সংখ্যা বুঝাইতে হইলে একবচন হইবে। দুই সংখ্যা বুঝাইতে হইলে দ্বিবচন হইবে। তিন বা তিনের অধিক সংখ্যা বুঝাইতে হইলে বহুবচন হইবে।

বিভক্তির স্বরূপ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	ঃ (স্)	ঔ	অঃ (অস্)
দ্বিতীয়া বিভক্তি	অম্	ঔ	অঃ (অস্)
তৃতীয়া বিভক্তি	আ	ভ্যাম্	ভিঃ (ভিস্)

CENTRAL LIBRARY

চতুর্থী বিভক্তি	এ	ভ্যাম্	ভ্যঃ (ভ্যস্)
পঞ্চমী বিভক্তি	অঃ (অস্)	ভ্যাম্	ভ্যঃ (ভ্যস্)
ষষ্ঠী বিভক্তি	অঃ (অস্)	ওঃ (ওস্)	আম্
সপ্তমী বিভক্তি	ই	ওঃ (ওস্)	সু

দ্রষ্টব্য—প্রাচীন বৈয়াকরণেরা সুপ্-বিভক্তির স্বরূপ নিম্ন-লিখিত রূপে উল্লেখ করিয়া থাকেন—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা বিভক্তি	সু	ঔ	জস্
দ্বিতীয়া বিভক্তি	অম্	ঔ	শস্
তৃতীয়া বিভক্তি	টা	ভ্যাম্	ভিস্
চতুর্থী বিভক্তি	ঙে	ভ্যাম্	ভ্যস্
পঞ্চমী বিভক্তি	ঙসি	ভ্যাম্	ভ্যস্
ষষ্ঠী বিভক্তি	ঙস্	ওস্	আম্
সপ্তমী বিভক্তি	ঙি	ওস্	সুপ্

৯০। সংস্কৃত ভাষায় প্রাতিপদিক সকল দুই ভাগে বিভক্ত।
স্বরান্ত অথবা অজন্ত প্রাতিপদিক। ১।
হলন্ত অথবা ব্যঞ্জনান্ত প্রাতিপদিক। ২।

(১) প্রথম—যে সকল প্রাতিপদিকের অন্তে স্বরবর্ণ থাকে, তাহাদিগকে স্বরান্ত অথবা অজন্ত প্রাতিপদিক বলে।

(২) দ্বিতীয়—যে সকল প্রাতিপদিকের অন্তে কেবল ব্যঞ্জন বর্ণ থাকে, তাহাদিগকে ব্যঞ্জনান্ত অথবা হলন্ত প্রাতিপদিক বলে।

CENTRAL LIBRARY

শব্দ

পুংলিঙ্গ শব্দ

৯১। অকারান্ত পুংলিঙ্গ নরশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নরঃ	নরৌ	নরাঃ
দ্বিতীয়া	নরম্	নরৌ	নরান্
তৃতীয়া	নরেণ	নরাভ্যাম্	নরৈঃ
চতুর্থী	নরায়	নরাভ্যাম্	নরেভ্যঃ
পঞ্চমী	নরাৎ	নরাভ্যাম্	নরেভ্যঃ
ষষ্ঠী	নরস্য	নরয়োঃ	নরাণাম্
সপ্তমী	নরে	নরয়োঃ	নরেষু
সম্বোধন	নর	নরৌ	নরাঃ

প্রায় সমুদয় পুংলিঙ্গ অকারান্ত শব্দের রূপ নরশব্দের ন্যায় হইবে।

৯২। ইকারান্ত পুংলিঙ্গ হরিশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	হরিঃ	হরী	হরয়ঃ
দ্বিতীয়া	হরিম্	হরী	হরীন্
তৃতীয়া	হরিণা	হরিভ্যাম্	হরিভিঃ
চতুর্থী	হরয়ে	হরিভ্যাম্	হরিভ্যঃ
পঞ্চমী	হরেঃ	হরিভ্যাম্	হরিভ্যঃ
ষষ্ঠী	হরেঃ	হর্য্যোঃ	হরীণাম্
সপ্তমী	হরৌ	হর্য্যোঃ	হরিষু
সম্বোধন	হরে	হরী	হরয়ঃ

CENTRAL LIBRARY

সখি এবং পতিশব্দ ভিন্ন সমুদয় ইকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ হরিশব্দের ন্যায় হইবে।

৯৩। সখি শব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সখা	সখায়ৌ	সখায়ঃ
দ্বিতীয়া	সখায়ম্	সখায়ৌ	সখীন্
তৃতীয়া	সখ্যা	সখিভ্যাম্	সখিভিঃ
চতুর্থী	সখ্যে	সখিভ্যাম্	সখিভ্যঃ
পঞ্চমী	সখ্যুঃ	সখিভ্যাম্	সখিভ্যঃ
ষষ্ঠী	সখ্যুঃ	সখ্যোঃ	সখীনাম্
সপ্তমী	সখ্যৌ	সখ্যোঃ	সখিষু
সম্বোধন	সখে	সখায়ৌ	সখায়ঃ

৯৪। তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী এবং সপ্তমী বিভক্তির একবচনে পতিশব্দের রূপ সখিশব্দের ন্যায় হইবে, এতদ্ভিন্ন বিভক্তিতে হরিশব্দের ন্যায় হইবে।

	একবচন।
তৃতীয়া	পত্যা
চতুর্থী	পত্যে
পঞ্চমী	পত্যুঃ
ষষ্ঠী	পত্যুঃ
সপ্তমী	পত্যৌ

যদি সমস্তপদের অন্তে পতিশব্দ থাকে, পতিশব্দের রূপ হরিশব্দের ন্যায় হয়।

যথা—ভূপতি, নৃপতি, নরপতি ইত্যাদি।

CENTRAL LIBRARY

তৃতীয়া	ভূপতিনা
চতুর্থী	ভূপতয়ে ইত্যাদি।

৯৫। উকারান্ত পুংলিঙ্গ গুরুশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গুরুঃ	গুরূ	গুরবঃ
দ্বিতীয়া	গুরুম্	গুরূ	গুরূন্
তৃতীয়া	গুরুণা	গুরুভ্যাম্	গুরুভিঃ
চতুর্থী	গুরবে	গুরুভ্যাম্	গুরুভ্যঃ
পঞ্চমী	গুরোঃ	গুরুভ্যাম্	গুরুভ্যঃ
ষষ্ঠী	গুরোঃ	গুর্বোঃ	গুরূণাম্
সপ্তমী	গুরৌ	গুর্বোঃ	গুরুষু
সম্বোধন	গুরো	গুরূ	গুরবঃ

সমুদয় হ্রস্ব উকারান্ত পুংলিঙ্গ শব্দের রূপ পুংলিঙ্গ গুরুশব্দের ন্যায় হইবে।

৯৬। (ক) ঋকারান্ত পুংলিঙ্গ পিতৃশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পিতা	পিতরৌ	পিতরঃ
দ্বিতীয়া	পিতরম্	পিতরৌ	পিতৄন্
তৃতীয়া	পিত্রা	পিতৃভ্যাম্	পিতৃভিঃ
চতুর্থী	পিত্রে	পিতৃভ্যাম্	পিতৃভ্যঃ
পঞ্চমী	পিতুঃ	পিতৃভ্যাম্	পিতৃভ্যঃ
ষষ্ঠী	পিতুঃ	পিত্রোঃ	পিতৄণাম্
সপ্তমী	পিতরি	পিত্রোঃ	পিতৃষু
সম্বোধন	পিতঃ	পিতরৌ	পিতরঃ

CENTRAL LIBRARY

ভ্রাতৃ, জামাতৃ এবং দেবৃশব্দের রূপ পিতৃশব্দের ন্যায় হইবে।

নৃশব্দের রূপ পিতৃশব্দের ন্যায়, কেবল ষষ্ঠীর বহুবচনে নৃণাম্ এবং নৃণাম্ এই দুই প্রকার হইবে।

(খ) দাতৃ শব্দ।

দাতৃ, নপ্তৃ, ভর্তৃ প্রভৃতি তৃ-প্রত্যয়ান্ত শব্দের রূপ পিতৃ-শব্দের ন্যায় হইবে, কেবল প্রথমা বিভক্তির দ্বিবচন ও বহুবচনে, এবং দ্বিতীয়া বিভক্তির একবচন ও দ্বিবচনে ঋ স্থানে আর্ হইবে। যথা—

দাতৃশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা		দাতারৌ	দাতারঃ
দ্বিতীয়া	দাতারম্	দাতারৌ	

৯৭। ওকারান্ত পুংলিঙ্গ গোশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গৌঃ	গাবৌ	গাবঃ
দ্বিতীয়া	গাম্	গাবৌ	গাঃ
তৃতীয়া	গবা	গোভ্যাম্	গোভিঃ
চতুর্থী	গবে	গোভ্যাম্	গোভ্যঃ
পঞ্চমী	গোঃ	গোভ্যাম্	গোভ্যঃ
ষষ্ঠী	গোঃ	গবোঃ	গবাম্
সপ্তমী	গবি	গবোঃ	গোষু
সম্বোধন	গৌঃ	গাবৌ	গাবঃ

CENTRAL LIBRARY

স্ত্রীলিঙ্গ শব্দ

৯৮। আকারান্ত স্ত্রীলিঙ্গ তারাশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তারা	তারে	তারাঃ
দ্বিতীয়া	তারাম্	তারে	তারাঃ
তৃতীয়া	তারয়া	তারাভ্যাম্	তারাভিঃ
চতুর্থী	তারায়ৈ	তারাভ্যাম্	তারাভ্যঃ
পঞ্চমী	তারায়াঃ	তারাভ্যাম্	তারাভ্যঃ
ষষ্ঠী	তারায়াঃ	তারয়োঃ	তারাণাম্
সপ্তমী	তারায়াম্	তারয়োঃ	তারাসু
সম্বোধন	তারে	তারে	তারাঃ

সমুদয় আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ তারাশব্দের ন্যায় হইবে। জননীবাচক অম্বাশব্দের রূপ সম্বোধনের একবচনে কেবল 'অম্ব' এই প্রকার হইবে।

৯৯। নিম্নলিখিত আকারান্ত স্ত্রীলিঙ্গশব্দে সাধারণ নিয়মের ব্যতিক্রম হইয়াছে।

আকারান্ত স্ত্রীলিঙ্গ জরাশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জরা	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
দ্বিতীয়া	জরসম্, জরাম্	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ
তৃতীয়া	জরসা, জরয়া	জরাভ্যাম্	জরাভিঃ
চতুর্থী	জরসে, জরায়ৈ	জরাভ্যাম্	জরাভ্যঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	জরসঃ, জরায়াঃ	জরাভ্যাম্	জরাভ্যঃ
ষষ্ঠী	জরসঃ, জরায়াঃ	জরসোঃ, জরয়োঃ	জরসাম্, জরাণাম্
সপ্তমী	জরসি, জরায়াম্	জরসোঃ, জরয়োঃ	জরাসু
সম্বোধন	জরে	জরসৌ, জরে	জরসঃ, জরাঃ

১০০। হ্রস্ব ইকারান্ত স্ত্রীলিঙ্গ মতিশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মতিঃ	মতী	মতয়ঃ
দ্বিতীয়া	মতিম্	মতী	মতীঃ
তৃতীয়া	মত্যা	মতিভ্যাম্	মতিভিঃ
চতুর্থী	মত্যৈ, মতয়ে	মতিভ্যাম্	মতিভ্যঃ
পঞ্চমী	মত্যাঃ, মতেঃ	মতিভ্যাম্	মতিভ্যঃ
ষষ্ঠী	মত্যাঃ, মতেঃ	মত্যোঃ	মতীনাম্
সপ্তমী	মত্যাম্, মতৌ	মত্যোঃ	মতিষু
সম্বোধন	মতে	মতী	মতয়ঃ

সমুদয় হ্রস্ব ইকারান্ত স্ত্রীলিঙ্গশব্দের রূপ মতিশব্দের ন্যায় হইবে।

১০১। দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গ নদীশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নদী	নদ্যৌ	নদ্যঃ
দ্বিতীয়া	নদীম্	নদ্যৌ	নদীঃ
তৃতীয়া	নদ্যা	নদীভ্যাম্	নদীভিঃ
চতুর্থী	নদ্যৈ	নদীভ্যাম্	নদীভ্যঃ
পঞ্চমী	নদ্যাঃ	নদীভ্যাম্	নদীভ্যঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
ষষ্ঠী	নদ্যাঃ	নদ্যোঃ	নদীনাম্
সপ্তমী	নদ্যাম্	নদ্যোঃ	নদীষু
সম্বোধন	নদি	নদ্যৌ	নদ্যঃ

অসমস্ত যে সকল দীর্ঘ ঈকারান্ত স্ত্রীলিঙ্গশব্দ, তাহাদের অধিকাংশের রূপ নদীশব্দের ন্যায় হইবে।

প্রথমা বিভক্তির একবচনে লক্ষ্মীশব্দের রূপ—লক্ষ্মীঃ,। আর সকল বিভক্তিতে নদীশব্দের ন্যায়।

১০২। অসমস্ত ধীশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধীঃ	ধিয়ৌ	ধিয়ঃ
দ্বিতীয়া	ধিয়ম্	ধিয়ৌ	ধিয়ঃ
তৃতীয়া	ধিয়া	ধীভ্যাম্	ধীভিঃ
চতুর্থী	ধিয়ৈ, ধিয়ে	ধীভ্যাম্	ধীভ্যঃ
পঞ্চমী	ধিয়াঃ, ধিয়ঃ	ধীভ্যাম্	ধীভ্যঃ
ষষ্ঠী	ধিয়াঃ, ধিয়ঃ	ধিয়োঃ	ধীনাম্, ধিয়াম্
সপ্তমী	ধিয়াম্, ধিয়ি	ধিয়োঃ	ধীষু
সম্বোধন	ধীঃ	ধিয়ৌ	ধিয়ঃ

শ্রী, হ্রী, ভী প্রভৃতি শব্দের রূপ ধী শব্দের তুল্য। *

---

* এই সকল শব্দ সমাস দ্বারা বিশেষণ শব্দ হইলে তিন লিঙ্গে হইবে। সুধী শব্দের পুংলিঙ্গে রূপ চতুর্থী হইতে সপ্তমী পর্য্যন্ত এক বচনে একটী করিয়া পদ হইবে। অর্থাৎ সুধিয়ে সুধিয়ঃ সুধিয়ঃ সুধিয়ি হইবে। সুশ্রী গতশ্রী, গতভী প্রভৃতি শব্দেরও এইপ্রকার রূপ হইবে।

CENTRAL LIBRARY

১০৩। স্ত্রীশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্ত্রী	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ
দ্বিতীয়া	স্ত্রিয়ম্, স্ত্রীম্	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ, স্ত্রীঃ
তৃতীয়া	স্ত্রিয়া	স্ত্রীভ্যাম্	স্ত্রীভিঃ
চতুর্থী	স্ত্রিয়ৈ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
পঞ্চমী	স্ত্রিয়াঃ	স্ত্রীভ্যাম্	স্ত্রীভ্যঃ
ষষ্ঠী	স্ত্রিয়াঃ	স্ত্রিয়োঃ	স্ত্রীণাম্
সপ্তমী	স্ত্রিয়াম্	স্ত্রিয়োঃ	স্ত্রীষু
সম্বোধন	স্ত্রি	স্ত্রিয়ৌ	স্ত্রিয়ঃ

১০৪। হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ ধেনুশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধেনুঃ	ধেনূ	ধেনবঃ
দ্বিতীয়া	ধেনুম্	ধেনূ	ধেনূঃ
তৃতীয়া	ধেন্বা	ধেনুভ্যাম্	ধেনুভিঃ
চতুর্থী	ধেন্বৈ, ধেনবে	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
পঞ্চমী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেনুভ্যাম্	ধেনুভ্যঃ
ষষ্ঠী	ধেন্বাঃ, ধেনোঃ	ধেন্বোঃ	ধেনূনাম্
সপ্তমী	ধেন্বাম্, ধেনৌ	ধেন্বোঃ	ধেনুষু
সম্বোধন	ধেনো	ধেনূ	ধেনবঃ

সমুদয় হ্রস্ব উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ ধেনুশব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

১০৫। দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ বধূশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বধূঃ	বধ্বৌ	বধ্বঃ
দ্বিতীয়া	বধূম্	বধ্বৌ	বধূঃ
তৃতীয়া	বধ্বা	বধূভ্যাম্	বধূভিঃ
চতুর্থী	বধ্বৈ	বধূভ্যাম্	বধূভ্যঃ
পঞ্চমী	বধ্বাঃ	বধূভ্যাম্	বধূভ্যঃ
ষষ্ঠী	বধ্বাঃ	বধ্বোঃ	বধূনাম্
সপ্তমী	বধ্বাম্	বধ্বোঃ	বধূষু
সম্বোধন	বধু	বধ্বৌ	বধ্বঃ

অধিকাংশ দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের রূপ বধূশব্দের ন্যায় হইবে।

১০৬। দীর্ঘ উকারান্ত স্ত্রীলিঙ্গ অসমস্ত ভূশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ভূঃ	ভুবৌ	ভুবঃ
দ্বিতীয়া	ভুবম্	ভুবৌ	ভুবঃ
তৃতীয়া	ভুবা	ভূভ্যাম্	ভূভিঃ
চতুর্থী	ভুবৈ, ভুবে	ভূভ্যাম্	ভূভ্যঃ
পঞ্চমী	ভুবাঃ, ভুবঃ	ভূভ্যাম্	ভূভ্যঃ
ষষ্ঠী	ভুবাঃ, ভুবঃ	ভুবোঃ	ভূনাম্, ভুবাম্
সপ্তমী	ভুবাম্, ভুবি	ভুবোঃ	ভূষু
সম্বোধন	ভূঃ	ভুবৌ	ভুবঃ

ভ্রূ, সুভ্রূ প্রভৃতি শব্দের রূপ ভূশব্দের ন্যায় জানিবে। সুভ্রূশব্দের সম্বোধনের একবচনে—হে সুভ্রূঃ, এই দীর্ঘ উকারান্ত

CENTRAL LIBRARY

বিসর্গযুক্ত পদ হইবে। কালিদাস প্রযুক্ত বোপদেবানুমত 'হে সুভ্রু' অপাণিনীয়।

১০৭। ঋকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ।

মাতৃ, দুহিতৃ, ননান্দৃ ও যাতৃ এই চারিটি শব্দের রূপ পিতৃ-শব্দের ন্যায়, কেবল দ্বিতীয়া বিভক্তির বহুবচনে মাতৄঃ, দুহিতৄঃ যাতৄঃ, ননান্দৄঃ, এই প্রকার হইবে। স্বসৃশব্দের রূপ মাতৃশব্দের ন্যায়। কেবল প্রথমা বিভক্তির দ্বিবচন ও বহুবচনে, এবং দ্বিতীয়া বিভক্তির একবচন ও দ্বিবচনে দাতৃশব্দের ন্যায় হইবে। যথা—

	দ্বিবচন	বহুবচন
প্রথমা	স্বসারৌ	স্বসারঃ
	একবচন	দ্বিবচন
দ্বিতীয়া	স্বসারম্	স্বসারৌ

উপরিউক্ত ঋকারান্ত শব্দ ভিন্ন অন্য ঋকারান্ত শব্দ স্ত্রীলিঙ্গ করিতে হইলে, অন্তে একটি ঈ যোগ করিতে হইবে।

যথা—ধাতৃ + ঈ = ধাত্রী। ধাত্রীশব্দের রূপ, নদীশব্দের ন্যায় হইবে।

১০৮। ওকারান্ত স্ত্রীলিঙ্গ গোশব্দ।

স্ত্রীলিঙ্গ গোশব্দের রূপ পুংলিঙ্গ গোশব্দের ন্যায় হইবে।

দ্যোশব্দের রূপ গোশব্দের ন্যায় হইবে।

১০৯। ঔকারান্ত স্ত্রীলিঙ্গ নৌশব্দ।

স্ত্রীলিঙ্গে নৌশব্দ ভিন্ন আর ঔকারান্ত শব্দ নাই।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নৌঃ	নাবৌ	নাবঃ
দ্বিতীয়া	নাবম্	নাবৌ	নাবঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	নাবা	নৌভ্যাম্	নৌভিঃ
চতুর্থী	নাবে	নৌভ্যাম্	নৌভ্যঃ
পঞ্চমী	নাবঃ	নৌভ্যাম্	নৌভ্যঃ
ষষ্ঠী	নাবঃ	নাবোঃ	নাবাম্
সপ্তমী	নাবি	নাবোঃ	নৌষু
সম্বোধন	নৌঃ	নাবৌ	নাবঃ

নপুংসকলিঙ্গ শব্দ

অকারান্ত নপুংসকলিঙ্গ শব্দ।

১১০। অকারান্ত নপুংসকলিঙ্গ শব্দের রূপ, প্রথমা ও দ্বিতীয়ার একবচন, দ্বিবচন, বহুবচনের বিভক্তি ভিন্ন অপর সমুদয় বিভক্তিতে অকারান্ত পুংলিঙ্গ শব্দের ন্যায় হইবে।

প্রথমা ও দ্বিতীয়া বিভক্তিতে যে প্রকার রূপ হইবে তাহা নিম্নে প্রদত্ত হইল।

অকারান্ত নপুংসকলিঙ্গ ফলশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ফলম্	ফলে	ফলানি
দ্বিতীয়া	ফলম্	ফলে	ফলানি

১১১। হ্রস্ব ইকারান্ত নপুংসকলিঙ্গ বারিশব্দ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বারি	বারিণী	বারীণি
দ্বিতীয়া	বারি	বারিণী	বারীণি

CENTRAL LIBRARY

তৃতীয়া	বারিণা	বারিভ্যাম্	বারিভিঃ
চতুর্থী	বারিণে	বারিভ্যাম্	বারিভ্যঃ
পঞ্চমী	বারিণঃ	বারিভ্যাম্	বারিভ্যঃ
ষষ্ঠী	বারিণঃ	বারিণোঃ	বারীণাম্
সপ্তমী	বারিণি	বারিণোঃ	বারিষু
সম্বোধন	বারে, বারি	বারিণী	বারীণি

অস্থি, অক্ষি, দধি এবং সক্থি শব্দ ভিন্ন যাবতীয় হ্রস্ব-ইকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষ্য শব্দের রূপ বারি শব্দের ন্যায় হইবে।

১১২। ইকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষণ শব্দের রূপ, চতুর্থী ও পঞ্চমী বিভক্তির একবচনে, এবং ষষ্ঠী ও সপ্তমী বিভক্তির একবচন ও দ্বিবচনে একবার পুংলিঙ্গ হরি শব্দের ন্যায়, ও আর একবার বারি শব্দের ন্যায় হইবে।

যথা—নপুংসকলিঙ্গ বিশেষণ শুচি শব্দ—

	একবচন		দ্বিবচন
চতুর্থী	শুচিনে অথবা শুচয়ে		
পঞ্চমী	শুচিনঃ	,, শুচেঃ	
ষষ্ঠী	শুচিনঃ	,, শুচেঃ	শুচিনোঃ, শুচ্যোঃ
সপ্তমী	শুচিনি	,, শুচৌ	শুচিনোঃ, শুচ্যোঃ

ইত্যাদি।

অনাদি প্রভৃতি ক্লীবলিঙ্গ বিশেষণ শব্দের রূপ শুচি শব্দের ন্যায় হইবে।

অস্থি, অক্ষি, দধি এবং সক্থি শব্দের রূপ নিম্নে দেখ।

CENTRAL LIBRARY

১১৩। ইকারান্ত নপুংসকলিঙ্গ অস্থি শব্দ

(সাধারণ নিয়মের ব্যতিক্রম)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অস্থি	অস্থিনী	অস্থীনি
দ্বিতীয়া	অস্থি	অস্থিনী	অস্থীনি
তৃতীয়া	অস্থ্না	অস্থিভ্যাম্	অস্থিভিঃ
চতুর্থী	অস্থ্নে	অস্থিভ্যাম্	অস্থিভ্যঃ
পঞ্চমী	অস্থ্নঃ	অস্থিভ্যাম্	অস্থিভ্যঃ
ষষ্ঠী	অস্থ্নঃ	অস্থ্নোঃ	অস্থ্নাম্
সপ্তমী	অস্থ্নি, অস্থনি	অস্থ্নোঃ	অস্থিষু
সম্বোধন	অস্থে, অস্থি	অস্থিনী	অস্থীনি

অক্ষি, দধি ও সক্থি শব্দের রূপ এই প্রকার হইবে।

১১৪। উকারান্ত নপুংসকলিঙ্গ জানুশব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	জানু	জানুনী	জানূনি
দ্বিতীয়া	জানু	জানুনী	জানূনি
তৃতীয়া	জানুনা	জানুভ্যাম্	জানুভিঃ
চতুর্থী	জানুনে	জানুভ্যাম্	জানুভ্যঃ
পঞ্চমী	জানুনঃ	জানুভ্যাম্	জানুভ্যঃ
ষষ্ঠী	জানুনঃ	জানুনোঃ	জানূনাম্
সপ্তমী	জানুনি	জানুনোঃ	জানুষু
সম্বোধন	জানো, জানু	জানুনী	জানূনি

CENTRAL LIBRARY

দারু, মধু প্রভৃতি হ্রস্ব উকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষ্য শব্দের রূপ ক্লীবলিঙ্গ জানু শব্দের ন্যায় হইবে। জানু শব্দের পুংলিঙ্গ রূপ পুংলিঙ্গ গুরুশব্দের ন্যায়।

হ্রস্বউকারান্ত নপুংসকলিঙ্গ বিশেষণ শব্দের রূপ চতুর্থী ও পঞ্চমী বিভক্তির একবচনে, এবং ষষ্ঠী ও সপ্তমী বিভক্তির একবচন ও দ্বিবচনে, একবার পুংলিঙ্গ গুরুশব্দের ন্যায় হইবে, ও আর একবার ক্লীবলিঙ্গ জানু শব্দের ন্যায় হইবে। যথা—

নপুংসকলিঙ্গ বিশেষণ গুরুশব্দ

	একবচন
চতুর্থী	গুরুণে অথবা গুরবে
পঞ্চমী	গুরুণঃ ,, গুরোঃ, ইত্যাদি।

স্বাদু প্রভৃতি বিশেষণ শব্দের রূপ গুরু শব্দের ন্যায় হইবে।

ব্যঞ্জনান্ত শব্দ

১১৫। ব্যঞ্জনান্ত শব্দের সহিত সুপ্-বিভক্তির যোগ হইলে প্রায় কোন প্রকার বিশেষ পরিবর্ত্তন হয় না। পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে ব্যঞ্জনান্ত শব্দের রূপের কোন প্রকার ভেদ নাই। নপুংসকলিঙ্গেও প্রায় ভেদ নাই। কেবল প্রথমার দ্বিবচন, ও দ্বিতীয়ার দ্বিবচন 'ঔ' বিভক্তির স্থানে ঈ হয়। এবং প্রথমা ও

CENTRAL LIBRARY

দ্বিতীয়ার বহুবচন অস্ (জস্, শস্) বিভক্তি-স্থানে ই হয়, এবং শব্দের অন্তে বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ বর্ণ অথবা শ্, ষ্, স্ থাকিলে তাহার পূর্বে ন্ হয়।

কতকগুলি ব্যঞ্জনান্ত শব্দে বিভক্তি যোগ করিলে কোনও প্রকার পরিবর্ত্তন হয় না, কিন্তু কতকগুলির পরিবর্ত্তন ঘটে। এই হেতু ব্যঞ্জনান্ত শব্দ দুইভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা, পরিবৃত্তিসহ ও পরিবৃত্ত্যসহ।

(ক) পরিবৃত্ত্যসহ শব্দ

১১৬। পরিবৃত্ত্যসহ ব্যঞ্জনান্ত শব্দের মধ্যে কতকগুলি শব্দের কেবল সন্ধিজন্য কিঞ্চিৎ পরিবর্ত্তন হয়, অর্থাৎ অন্তস্থিত ব্যঞ্জনবর্ণ বিভক্তির সহিত যুক্ত হইবার সময় সন্ধি দ্বারা কিঞ্চিৎ পরিবর্ত্তিত হয়।

ব্যঞ্জনান্ত শব্দের পরস্থিত প্রথমার একবচন স্ (সু), বিভক্তির লোপ হয়। ২৯ সংখ্যক নিয়মানুসারে শব্দের অন্তে প্রায় দুইটি ব্যঞ্জন বর্ণ থাকে না। নিম্নলিখিত প্রকারে অন্তস্থিত ব্যঞ্জন বর্ণসকলের পরিবর্ত্তন হয়। যথা—

(ক) প্রথমা বিভক্তির একবচনে, কবর্গ, তবর্গ ও পবর্গের, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ বর্ণের স্থানে, যথাক্রমে ক্, ত্, প্ হয়।

(খ) পদের অন্তস্থিত চ্ স্থানে ক্, ছ্ স্থানে ট্; জ্ স্থানে কখন ক্ এবং কখন ট্ হয়।

(গ) পদান্ত (রেফ্) র্ এবং স্ স্থানে বিসর্গ হয়।

(ঘ) পদান্ত শ্ এবং ষ্ স্থানে কখন ট্ ও কখন ক্ হয়।

CENTRAL LIBRARY

(ঙ) পদান্ত হ্ স্থানে কখন ট্ হয়, কখন বা ক্ এবং ত্ হয়।

(চ) সপ্তমীর বহুবচনেও ঐ প্রকার পরিবর্ত্তন হয়।

(ছ) ভকারাদি প্রত্যয় (বিভক্তি) পরে থাকিলে, কবর্গ, চবর্গ, টবর্গ, তবর্গ ও পবর্গ স্থানে যথাক্রমে গ্, জ্, ড্, দ্ ও ব্ হয়। ভকারাদি অথবা সকারাদি প্রত্যয় (বিভক্তি) পরে থাকিলে, অন্তস্থিত স্ এবং র্ (রেফ্) স্থানে বিসর্গ হয় এবং ৬৫, ৬৭, ৭২ সংখ্যায় উল্লিখিত সন্ধির নিয়মানুসারে কার্য্য হয়।

(জ) সপ্তমীর বহুবচন সু বিভক্তি পরে থাকিলে রজাত বিসর্গ স্থানে র্ হয়।

১১৭। সন্ধিজন্য পরিবর্ত্তন ভিন্ন অন্য কোন প্রকার পরিবর্ত্তন হয় নাই এরূপ কতকগুলি ব্যঞ্জনান্ত শব্দ প্রদর্শিত হইতেছে।

নিম্নলিখিত শব্দটিতে সন্ধি-জন্য কোন প্রকার পরিবর্ত্তন হয় নাই, কেবল সপ্তমীর বহুবচনে বিকল্পে পরিবর্ত্তন হইয়াছে।

পুংলিঙ্গে এবং স্ত্রীলিঙ্গে

সুগণ্ (যে উত্তম গণনা করে)।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুগণ্	সুগণৌ	সুগণঃ
দ্বিতীয়া	সুগণম্	সুগণৌ	সুগণঃ
তৃতীয়া	সুগণা	সুগণ্ভ্যাম্	সুগণ্ভিঃ
চতুর্থী	সুগণে	সুগণ্ভ্যাম্	সুগণ্ভ্যঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	সুগণঃ	সুগণ্‌ভ্যাম্‌	সুগণ্‌ভ্যঃ
ষষ্ঠী	সুগণঃ	সুগণোঃ	সুগণাম্‌
সপ্তমী	সুগণি	সুগণোঃ	সুগণ্‌সু, সুগণ্‌ট্‌সু
সম্বোধন	সুগণ্‌	সুগণৌ	সুগণঃ

নপুংসকলিঙ্গে—পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের ন্যায় রূপ হইবে, কেবল প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে সুগণী, এবং বহুবচনে সুগণি হইবে।

১১৮। নিম্নলিখিত ব্যঞ্জনান্ত শব্দে সন্ধিজন্য সামান্য পরিবর্ত্তন হয়, কিন্তু অধিকাংশ স্থলেই যে প্রকার শব্দ সেই প্রকারই থাকে।

পুংলিঙ্গ এবং স্ত্রীলিঙ্গ সুহৃদ্‌ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ
দ্বিতীয়া	সুহৃদম্‌	সুহৃদৌ	সুহৃদঃ
তৃতীয়া	সুহৃদা	সুহৃদ্ভ্যাম্‌	সুহৃদ্ভিঃ
চতুর্থী	সুহৃদে	সুহৃদ্ভ্যাম্‌	সুহৃদ্ভ্যঃ
পঞ্চমী	সুহৃদঃ	সুহৃদ্ভ্যাম্‌	সুহৃদ্ভ্যঃ
ষষ্ঠী	সুহৃদঃ	সুহৃদোঃ	সুহৃদাম্‌
সপ্তমী	সুহৃদি	সুহৃদোঃ	সুহৃৎসু
সম্বোধন	সুহৃৎ	সুহৃদৌ	সুহৃদঃ

নপুংসকলিঙ্গে—প্রথমা ও দ্বিতীয়ার দ্বিবচনে সুহৃদী এবং বহুবচনে সুহৃন্দি।

CENTRAL LIBRARY

১১৯। পরবর্ত্তি উদাহরণ সকলে ব্যঞ্জনান্ত শব্দের সন্ধিজন্য পরিবর্ত্তন দেখ—

	১মা এক বঃ,	১মা বহু বঃ,	৩য়া বহু বঃ,	৭মী বহু বঃ
পুং-স্ত্রী, চিত্রলিখ্;	চিত্রলিক্	চিত্রলিখঃ	চিত্রলিগ্‌ভিঃ	চিত্রলিক্ষু
স্ত্রী, বাচ্;	বাক্	বাচঃ	বাগ্‌ভিঃ	বাক্ষু
স্ত্রী, স্রজ্;	স্রক্	স্রজঃ	স্রগ্‌ভিঃ	স্রক্ষু
পুম্, সম্রাজ্;	সম্রাট্	সম্রাজঃ	সম্রাড্‌ভিঃ	সম্রাট্‌সু
পুং-স্ত্রী, অগ্নিমথ্;	অগ্নিমৎ	অগ্নিমথঃ	অগ্নিমদ্ভিঃ	অগ্নিমৎসু
স্ত্রী, ককুভ্;	ককুপ্	ককুভঃ	ককুব্‌ভিঃ	ককুপ্‌সু
স্ত্রী, দ্বার্;	দ্বাঃ	দ্বারঃ	দ্বার্ভিঃ	দ্বার্ষু
স্ত্রী, দিশ্;	দিক্	দিশঃ	দিগ্‌ভিঃ	দিক্ষু
পুং-স্ত্রী, বিশ্;	বিট্	বিশঃ	বিড্‌ভিঃ	বিট্‌সু
পুং-স্ত্রী, দুহ্;	ধুক্*	দুহঃ	ধুগ্‌ভিঃ	ধুক্ষু
পুং-স্ত্রী, মধুলিহ্;	মধুলিট্	মধুলিহঃ	মধুলিড্‌ভিঃ	মধুলিট্‌সু
স্ত্রী, উপানহ্;	উপানৎ	উপানহঃ	উপানদ্ভিঃ	উপানৎসু

---

* দুহ্ = ধুক্ ইত্যাদি, নিম্নলিখিত নিয়ম অনুসারে হইবে—

(ক) যদি ধাতুর আদিবর্ণ দকার ও অন্তবর্ণ হ্ কার থাকে, দ্ স্থানে ধ্, হ্ স্থানে ক্ এবং গ্ হয় পদান্তে ; অথবা বর্গের প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থবর্ণ, এবং শ ষ স হ পরে থাকিলে। যথা—প্রথমা—একবচনে—দুহ্ = ধুক্, ধুগ্।

(খ) যদি ধাতুর অন্তে ঘ্, ধ্ কিংবা ভ্ থাকে, এবং ইহাদের অব্যবহিত পূর্বে স্বরযুক্ত গ, দ কিংবা ব থাকে, ঘ্ ধ্ ভ্ স্থানে যথাক্রমে গ্ দ্ ব্ বা ক্ ৎ প্ হয়, এবং পূর্ববর্ত্তী গ, দ, ব স্থানে যথাক্রমে ঘ, ধ, ভ হয় পদান্তে, অথবা সকার, ভকার কিংবা ধ্ব পরে থাকিলে। যথা—

	বুধ্	গদভ্
প্রথমা—	এক — ভুৎ	—গর্দপ্
তৃতীয়া—	বহু — ভুদ্ভিঃ	—গর্দদ্ভিঃ
সপ্তমী—	বহু — ভুৎসু	—গর্দপ্‌সু

CENTRAL LIBRARY

১২০। যে সকল নপুংসকলিঙ্গ শব্দের প্রথমা দ্বিতীয়ার বহুবচনে, অন্তবর্ণের পূর্বে একটি ন্ যোগ হয়, তাহাদের আরও দুই একটী উদাহরণ। যথা—

হরিৎ—হরিন্তি (১১৫ দেখ)
সদৃশ্—সদৃংশি

১২১। যে সকল শব্দের অন্তে ইর্ অথবা উর্ থাকে প্রথমার একবচনে, এবং ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে তাহাদের 'ই' এবং 'উ' দীর্ঘ হয়।

	১মাএকবচন,	১মাবহুবচন,	৩য়াবহুবচন,	সপ্তমাবহুবচন
স্ত্রী গির্;	গীঃ	গিরঃ	গীর্ভিঃ	গীর্ষু
স্ত্রী পুর্;	পূঃ	পুরঃ	পূর্ভিঃ	পূর্ষু

১২২। প্রথমা-বহুবচনে, ও দ্বিতীয়া-বহুবচনে নপুংসকলিঙ্গে অস্, ইস্, উস্ ভাগান্ত শব্দের অ-ই-উ দীর্ঘ হয়, এবং সকারের পূর্বে ন্ যোগ হয় (১১৫)।

(ক) প্রথমার এবং দ্বিতীয়ার বহুবচনে মনস্ = মনাংসি, হবিস্ = হবীংষি, আয়ুস্ = আয়ূংষি।

নপুংসকলিঙ্গ মনস্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মনঃ	মনসী	মনাংসি
দ্বিতীয়া	মনঃ	মনসী	মনাংসি
তৃতীয়া	মনসা	মনোভ্যাম্	মনোভিঃ
চতুর্থী	মনসে	মনোভ্যাম্	মনোভ্যঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	মনসঃ	মনোভ্যাম্	মনোভ্যঃ
ষষ্ঠী	মনসঃ	মনসোঃ	মনসাম্
সপ্তমী	মনসি	মনসোঃ	মনঃসু
সম্বোধন	মনঃ	মনসী	মনাংসি

(খ) প্রথমা বিভক্তির একবচনে কিংবা ব্যঞ্জনাদি বিভক্তি স্থলে আশিস্ শব্দের হ্রস্ব ই দীর্ঘ ঈ হয়।

	১মাএক বঃ	১মা, ২য়া বহু বঃ	তৃতীয়া বহু বঃ	সপ্তমী বহু বঃ
স্ত্রী,	আশীঃ	আশিষঃ	আশীর্ভিঃ	আশীঃষু

১২৩। প্রথমার একবচনে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অস্-ভাগান্ত শব্দের অকার স্থানে আ হয়।

যথা—চন্দ্রমস্ = চন্দ্রমাঃ।

পুং-স্ত্রী, সুমনস্ = সুমনাঃ।

নপুংসক, সুমনস্ = সুমনঃ।

১২৪। ইন্, মিন্, বিন্ ভাগান্ত শব্দসকলের বিশেষ নিয়ম নিম্নে প্রদর্শিত হইল—

(ক) পুংলিঙ্গে প্রথমার একবচনে, পদের অন্তস্থিত ন্‌কারের লোপ হয়, এবং হ্রস্ব ই স্থানে দীর্ঘ ঈ হয়।

যথা—ধনিন্ = ধনী।

(খ) নপুংসকলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে, পদের অন্তস্থিত ন্‌কারের লোপ হয়, সম্বোধনের একবচনে বিকল্পে লোপ হয়।

CENTRAL LIBRARY

নপুংসকলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার একবচনে—

ধনিন্ = ধনি,

সম্বোধনে একবচনে—

ধনি বা ধনিন্।

(গ) নপুংসকলিঙ্গে প্রথমা দ্বিতীয়া এবং সম্বোধনের বহুবচনে 'ইন্'এর হ্রস্ব ই স্থানে দীর্ঘ ঈ হয়।

ধনিন্—ধনীনি।

(ঘ) ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে ন্‌কারের লোপ হয়।

ধনিন্ = ধনিভিঃ, ধনিষু।

(ঙ) এইপ্রকার শব্দের স্ত্রীলিঙ্গ করিতে হইলে অন্ত্যবর্ণের সহিত একটি ঈ যোগ করিতে হয়।

ধনিন্ = ধনিনী, নদীশব্দের ন্যায় রূপ হয়।

(খ) পরিবৃত্তিসহ শব্দ

১২৫। এইরূপ শব্দকে আবার দুইভাগে বিভক্ত করা যাইতে পারে—

(ক) যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে, এবং (খ) যাহারা ত্রিবিধ আকার গ্রহণ করে।

(ক) যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে—

১২৬। এই সকল শব্দের পুংলিঙ্গে প্রথমা দ্বিতীয়া ও সম্বোধনের একবচনে ও দ্বিবচনে এবং প্রথমা ও সম্বোধনের বহুবচনে, এবং ক্লীবলিঙ্গে প্রথমা দ্বিতীয়া ও সম্বোধনের বহুবচনে একরূপ আকার হয় এবং অন্যান্য বিভক্তিতে অন্যরূপ আকার হয়। পূর্ব্বোক্ত রূপে সাধারণতঃ কোথায়ও বা উপধা হ্রস্ব স্বর

CENTRAL LIBRARY

দীর্ঘ হয়, কোথায়ও বা অন্ত্য ব্যঞ্জনের পূর্ব্বে একটি অনুনাসিক বর্ণাগম হওয়াতে উক্ত স্বরকে গুরু করে। সুতরাং উক্তবিধ আকারে গুরু স্বর লক্ষিত হওয়াতে পাশ্চাত্য ব্যাকরণানুসারে উহাকে পীনাঙ্গ বলা হয়। এবং শেষোক্ত আকারে লঘুস্বর লক্ষিত হওয়াতে ক্ষীণাঙ্গ বলা হয়।

এইরূপ যে সকল শব্দ দ্বিবিধ আকার পরিগ্রহ করে তাহাদিগের শ্রেণীবিভাগ নিম্নে প্রদর্শিত হইল।

(ক) অৎ-কৃৎপ্রত্যয়ান্ত অদৎ-শব্দ। ইহার দ্বিবিধ আকার, যথা—

অদন্ত্—এটি গুরুস্বর বিশিষ্ট।

অদৎ—এটি হ্রস্বস্বর বিশিষ্ট।

অদৎ, পুংলিঙ্গে এবং নপুংসকলিঙ্গে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা (পুম্)	অদন্	অদন্তৌ	অদন্তঃ
(নপুম্)	অদৎ	অদতী	অদন্তি
দ্বিতীয়া (পুম্)	অদন্তম্	অদন্তৌ	অদতঃ
(নপুম্)	অদৎ	অদতী	অদন্তি
তৃতীয়া	অদতা	অদদ্ভ্যাম্	অদদ্ভিঃ
চতুর্থী	অদতে	অদদ্ভ্যাম্	অদদ্ভ্যঃ
পঞ্চমী	অদতঃ	অদদ্ভ্যাম্	অদদ্ভ্যঃ
ষষ্ঠী	অদতঃ	অদতোঃ	অদতাম্
সপ্তমী	অদতি	অদতোঃ	অদৎসু
সম্বোধন (পুম্)	অদন্	অদন্তৌ	অদন্তঃ
(নপুম্)	অদৎ	অদতী	অদন্তি

CENTRAL LIBRARY

১২৭। ভ্বাদি, দিবাদি এবং চুরাদিগণীয় ধাতুর সহিত অৎ এই কৃৎপ্রত্যয়ের যোগ হইলে যে অৎ-ভাগান্ত শব্দ হয়, তাহার নপুংসকলিঙ্গের প্রথমার ও দ্বিতীয়ার দ্বিবচনে এবং সম্বোধনের দ্বিবচনে হলন্ত ত্‌কারের পূর্বে ন্ হয়।

বোধৎ = বোধন্তী (ভ্বাদি), দিব্যৎ = দিব্যন্তী (দিবাদি), চোরয়ৎ = চোরয়ন্তী (চুরাদি)।

১২৮। তুদাদিগণীয় ধাতুর সহিত বা অদাদিগণীয় আকারান্ত ধাতুর সহিত অৎ যোগ হইলে এবং ভবিষ্যৎকালে স্যৎ যোগ হইলে যে অৎ বা স্যৎ-ভাগান্ত শব্দ হয়, তাহাদের ক্লীবলিঙ্গে প্রথমার ও দ্বিতীয়ার দ্বিবচনে ৎ-র পূর্বে বিকল্পে ন্ হয়।

তুদৎ—তুদতী তুদন্তী (তুদাদি)।

দাস্যৎ—দাস্যতী দাস্যন্তী (স্যৎপ্রত্যয়ে)।

১২৯। এতদ্‌ভিন্ন অন্যগণীয় এবং আকারান্ত ভিন্ন অদাদি-গণীয় ধাতুর সহিত অৎ (কৃৎপ্রত্যয়) যোগ হইলে ঐ স্থানে ন্ হয় না।

অদৎ—অদতী (অদাদি)।

দদৎ—দদতী (জুহোত্যাদি)।

১৩০। স্ত্রীলিঙ্গে এই শ্রেণীর শব্দ দীর্ঘঈকারান্ত হইবে ও ক্লীবলিঙ্গে যে নিয়মে ত্‌কারের পূর্বে ন্ যুক্ত হয় সেই নিয়মে ন্ যুক্ত হইবে।

বোধৎ—(স্ত্রী) বোধন্তী।

অদৎ—(স্ত্রী) অদতী।

দাস্যৎ—(স্ত্রী) দাস্যতী দাস্যন্তী

নদী শব্দের ন্যায় রূপ হইবে।

CENTRAL LIBRARY

১৩১। যে সকল কৃদন্ত অৎভাগান্ত শব্দ হ্বাদিগণীয় ধাতু হইতে অথবা জক্ষ, জাগৃ, দরিদ্রা, চকাস্ শাস্ হইতে উৎপন্ন হইয়াছে, যেমন দদৎ, জক্ষৎ, জাগ্রৎ, দরিদ্রৎ, চকাসৎ, শাসৎ ইত্যাদি, তাহাদের ৎর পূর্ব্বে ন্ হয় না।

দদৎ ইহার পুম্-রূপ—

প্রথমা—দদৎ, দদতৌ, দদতঃ,
দ্বিতীয়া—দদতম্, দদতৌ, দদতঃ, ইত্যাদি।

(খ) বৃহৎ (বিশেষণ) শব্দ—অদৎ শব্দের ন্যায় হইবে।

বৃহন্ (পুম্, প্রথমা এক), বৃহন্তম্ (পুম্, দ্বিতীয়া এক)। প্রথমার দ্বিবচন নপুংসকলিঙ্গে—বৃহতী। (১২৯ দেখ)।

স্ত্রীলিঙ্গ—বৃহৎ = বৃহতী।

(গ) মহৎ (বিশেষণ) শব্দের পুংলিঙ্গ ও নপুংসকলিঙ্গের রূপ নিম্নে প্রদত্ত হইল।

		একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	(পুম্)	মহান্	মহান্তৌ	মহান্তঃ
	(নপুম্)	মহৎ	মহতী	মহান্তি
দ্বিতীয়া	(পুম্)	মহান্তম্	মহান্তৌ	মহতঃ
	(নপুম্)	মহৎ	মহতী	মহান্তি
তৃতীয়া		মহতা	মহদ্ভ্যাম্	মহদ্ভিঃ
চতুর্থী		মহতে	মহদ্ভ্যাম্	মহদ্ভ্যঃ

ইত্যাদি।

স্ত্রীলিঙ্গে—মহতী। নদী শব্দের ন্যায় রূপ হইবে।

CENTRAL LIBRARY

১৩২। (ঘ) মৎ এবং বৎভাগান্ত শব্দ

ইহাদের রূপ কৃৎপ্রত্যয়ান্ত অৎ ভাগান্ত শব্দের ন্যায় হইবে, কেবল পুংলিঙ্গে সম্বোধন ভিন্ন প্রথমার একবচনে অকার স্থানে আকার হইবে। অর্থাৎ ধীমন্ না হইয়া ধীমান্ হইবে।

পুংলিঙ্গ ধীমৎ, বিদ্যাবৎ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধীমান্	ধীমন্তৌ	ধীমন্তঃ
	বিদ্যাবান্	বিদ্যাবন্তৌ	বিদ্যাবন্তঃ
দ্বিতীয়া	ধীমন্তম্	ধীমন্তৌ	ধীমতঃ
	বিদ্যাবন্তম্	বিদ্যাবন্তৌ	বিদ্যাবতঃ
তৃতীয়া	ধীমতা	ধীমদ্ভ্যাম্	ধীমদ্ভিঃ
	বিদ্যাবতা	বিদ্যাবদ্ভ্যাম্	বিদ্যাবদ্ভিঃ
	ইত্যাদি।		

নপুংসকলিঙ্গ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ধীমৎ	ধীমতী	ধীমন্তি
	বিদ্যাবৎ	বিদ্যাবতী	বিদ্যাবন্তি

স্ত্রীলিঙ্গ।

প্রথমা	ধীমতী	ধীমত্যৌ	ধীমত্যঃ
	বিদ্যাবতী	বিদ্যাবত্যৌ	বিদ্যাবত্যঃ

CENTRAL LIBRARY

১৩৩। ভবৎ (হওয়া) অদৎ শব্দের ন্যায় হইবে।

ভবৎ (মহাশয়, আপনি)-সর্বনাম, পুংলিঙ্গে প্রথমার একবচনে ভবান্ (যেমন বিদ্যাবান্)। স্ত্রীলিঙ্গ-ভবৎ (মহাশয়া) ভবতী ; কিন্তু-ভবৎ (হওয়া অর্থে) স্ত্রীলিঙ্গে = ভবন্তী।

১৩৪। (ঙ) কিয়ৎ (কত) এবং ইয়ৎ (এত) ইহাদের রূপ বিদ্যাবৎ শব্দের ন্যায় হইবে।

পুংলিঙ্গ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	কিয়ান্	কিয়ন্তৌ	কিয়ন্তঃ
দ্বিতীয়া	কিয়ন্তম্	কিয়ন্তৌ	কিয়তঃ

১৩৫। (চ) উৎকর্ষাপকর্ষ বোধক ঈয়স্ ভাগান্ত শব্দ।
গরীয়স্, গুরু-শব্দের উত্তর উৎকর্ষার্থে ঈয়স্।

পুংলিঙ্গ।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	গরীয়ান্	গরীয়াংসৌ	গরীয়াংসঃ
দ্বিতীয়া	গরীয়াংসম্	গরীয়াংসৌ	গরীয়সঃ
তৃতীয়া	গরীয়সা	গরীয়োভ্যাম্	গরীয়োভিঃ
চতুর্থী	গরীয়সে	গরীয়োভ্যাম্	গরীয়োভ্যঃ
পঞ্চমী	গরীয়সঃ	গরীয়োভ্যাম্	গরীয়োভ্যঃ
ষষ্ঠী	গরীয়সঃ	গরীয়সোঃ	গরীয়সাম্
সপ্তমী	গরীয়সি	গরীয়সোঃ	গরীয়ঃসু
সম্বোধন	গরীয়ন্	গরীয়াংসৌ	গরীয়াংসঃ

CENTRAL LIBRARY

নপুংসকলিঙ্গে অধিকাংশই পদ পুংলিঙ্গের ন্যায় হইবে, কেবল—প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনে অন্য প্রকার হইবে—

	একবচন	দ্বিবচন	বহুবচন
১মা-২য়া-সম্বোধন	গরীয়ঃ	গরীয়সী	গরীয়াংসি

স্ত্রীলিঙ্গে—গরীয়স্ = গরীয়সী। নদী শব্দের ন্যায় রূপ হইবে।

১৩৬। (ছ) ব্যঞ্জনযুক্ত মন্ এবং বন্ ভাগান্ত শব্দ, যথা,—আত্মন্ (পুম্), যজ্বন্ (পুম্), ব্রহ্মন্ (পুম্-নপুম্), পর্বন্ (নপুম্)।

১৩৭। উপরি উক্ত শব্দের পুংলিঙ্গে প্রথমার সমস্ত বচনে ও দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে ন্‌কারের পূর্বস্থিত অকার আকার হয়; এবং সম্বোধন ভিন্ন প্রথমার একবচনে ও অন্য ব্যঞ্জনাদি বিভক্তি পরে ন্-কারের লোপ হয়।

আত্মন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	আত্মা	আত্মানৌ	আত্মানঃ
দ্বিতীয়া	আত্মানম্	আত্মানৌ	আত্মনঃ
তৃতীয়া	আত্মনা	আত্মভ্যাম্	আত্মভিঃ
চতুর্থী	আত্মনে	আত্মভ্যাম্	আত্মভ্যঃ
পঞ্চমী	আত্মনঃ	আত্মভ্যাম্	আত্মভ্যঃ
ষষ্ঠী	আত্মনঃ	আত্মনোঃ	আত্মনাম্
সপ্তমী	আত্মনি	আত্মনোঃ	আত্মসু
সম্বোধন	আত্মন্	আত্মানৌ	আত্মানঃ

CENTRAL LIBRARY

১৩৮। প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনে ক্লীবলিঙ্গ ব্রহ্মন্ শব্দের রূপ—

ব্রহ্ম ব্রহ্মণী ব্রহ্মাণি

(খ) যে সকল শব্দ ত্রিবিধ আকার গ্রহণ করে—

১৩৯। এই শ্রেণীর শব্দের তিনটি বিভিন্ন আকার হয়। সেই ত্রিবিধ আকারকে পাশ্চাত্য-ব্যাকরণানুসারে যথাক্রমে, পীনাঙ্গ, মধ্যমাঙ্গ ও ক্ষীণাঙ্গ বলা হয়।

১২৬—সংখ্যায় বর্ণিত দ্বিবিধ-আকারের শব্দরূপে যে যে আকার যে যে বিভক্তির পূর্বে পীনাঙ্গ, ত্রিবিধ আকারের শব্দরূপেও সেই সেই বিভক্তির পূর্বে পীনাঙ্গ। ব্যঞ্জনাদি বিভক্তির পূর্ববর্ত্তী শব্দের আকার মধ্যমাঙ্গ। অবশিষ্ট স্থলে ক্ষীণাঙ্গ। এই শ্রেণীর শব্দের নপুংসক লিঙ্গে প্রথমা দ্বিতীয়া ও সম্বোধনের একবচনে মধ্যমাঙ্গ ; দ্বিবচনে ক্ষীণাঙ্গ। (বিদ্বস্ দেখ)।

১৪০। (ক) অসংযুক্ত মন্ ও বন্ ভাগান্ত, এবং অন্ ভাগান্ত শব্দ—

সীমন্ (স্ত্রী), নামন্ (নপুম্) গ্রাবন্ (পুম্) রাজন্ (পুম্), তক্ষন্ (পুম্),। (১৩৭ দেখ)।

রাজন্ প্রভৃতি শব্দের ত্রিবিধ অঙ্গ, যথা—

পীনাঙ্গ—যখন পুংলিঙ্গে প্রথমার সকল বচনে, দ্বিতীয়ার একবচন দ্বিবচনে ও সম্বোধনের দ্বিবচন বহুবচনে উপধা অকার স্থানে আকার হয়।

CENTRAL LIBRARY

মধ্যমাঙ্গ—যখন ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকাতে ন্‌কারের লোপ হয়।

ক্ষীণাঙ্গ—যখন দ্বিতীয়ার বহুবচন, তৃতীয়ার একবচন, চতুর্থীর একবচন, পঞ্চমীর একবচন, ষষ্ঠীর একবচন, দ্বিবচন, বহুবচন, এবং সপ্তমীর একবচন, দ্বিবচনে ন্‌কারের পূর্ববর্ত্তী অকারের লোপ হয়। (সপ্তমীর একবচনে উক্ত পরিবর্ত্তন বিকল্পে হয়)।

রাজন্ প্রভৃতি পুংলিঙ্গ অন্ ভাগান্ত শব্দের প্রথমার একবচনে ন্-কারের লোপ হয়।

রাজন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	রাজা	রাজানৌ	রাজানঃ
দ্বিতীয়া	রাজানম্	রাজানৌ	রাজ্ঞঃ
তৃতীয়া	রাজ্ঞা	রাজভ্যাম্	রাজভিঃ
চতুর্থী	রাজ্ঞে	রাজভ্যাম্	রাজভ্যঃ
পঞ্চমী	রাজ্ঞঃ	রাজভ্যাম্	রাজভ্যঃ
ষষ্ঠী	রাজ্ঞঃ	রাজ্ঞোঃ	রাজ্ঞাম্
সপ্তমী	রাজ্ঞি, রাজনি	রাজ্ঞোঃ	রাজসু
সম্বোধন	রাজন্	রাজানৌ	রাজানঃ

রাজন্ শব্দের স্ত্রীলিঙ্গে—রাজ্ঞী। নদী শব্দের ন্যায় রূপ হইবে।

CENTRAL LIBRARY

নামন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	নাম	নাম্নী, নাম্নী	নামানি
দ্বিতীয়া	নাম	নাম্নী, নামনী	নামানি
সম্বোধন	নাম, নামন্	নাম্নী, নামনী	নামানি

১৪১। (খ) পূষন্, অর্যমন্ এবং হন্ ভাগান্ত শব্দের পুংলিঙ্গে প্রথমার একবচনে ও নপুংসকলিঙ্গে প্রথমা ও দ্বিতীয়ার বহুবচনে ন্‌কারের পূর্ববর্ত্তী অকার আকার হয়। হন্ ভাগান্ত শব্দের ন্‌কারের পূর্ববর্ত্তী অকারের লোপ হইলে (১৪০) হ্‌কার স্থানে ঘ হইয়া যে 'ঘ্ন' হয় তাহাতে দন্ত্য ন মূর্দ্ধন্য হয় না। (৭৮ দেখ)।

পুংলিঙ্গ বৃত্রহন্ শব্দ

	একবচন	বহুবচন
প্রথমা	বৃত্রহা	বৃত্রহণঃ
দ্বিতীয়া	বৃত্রহণম্	বৃত্রঘ্নঃ
তৃতীয়া	বৃত্রঘ্না	বৃত্রহভিঃ
চতুর্থী	বৃত্রঘ্নে	বৃত্রহভ্যঃ
পঞ্চমী	বৃত্রঘ্নঃ	বৃত্রহভ্যঃ
ষষ্ঠী	বৃত্রঘ্নঃ	বৃত্রঘ্নাম্
সপ্তমী	বৃত্রঘ্নি, বৃত্রহণি	বৃত্রহসু
সম্বোধন	হে বৃত্রহন্	হে বৃত্রহণঃ

১৪২। (গ) পুংলিঙ্গে শ্বন্ শব্দ রাজন্ শব্দের ন্যায় হইবে। দ্বিতীয়ার বহুবচনে, তৃতীয়া চতুর্থী পঞ্চমীর একবচনে, ষষ্ঠীর সকল বচনে, সপ্তমীর একবচন ও দ্বিবচনে অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে শুন্ এই আকার হইবে।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ শ্বন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	শ্বা	শ্বানৌ	শ্বানঃ
দ্বিতীয়া	শ্বানম্	শ্বানৌ	শুনঃ
তৃতীয়া	শুনা	শ্বভ্যাম্	শ্বভিঃ
	ইত্যাদি।		
সম্বোধন	শ্বন্		

১৪৩। (ঘ) পুংলিঙ্গে যুবন্ শব্দ দ্বিতীয়ার বহুবচন হইতে স্বরাদি বিভক্তিতে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) যূন্ হইবে (১৪২ দেখ)।

পুংলিঙ্গ যুবন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	যুবা	যুবানৌ	যুবানঃ
দ্বিতীয়া	যুবানম্	যুবানৌ	যূনঃ
তৃতীয়া	যূনা	যুবভ্যাম্	যুবভিঃ
	ইত্যাদি।		
সম্বোধন	যুবন্		

১৪৪। (ঙ) পুংলিঙ্গে মঘবন্ শব্দ দ্বিতীয়ার বহুবচন হইতে স্বরাদি বিভক্তিতে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) মঘোন্ হইবে (১৪২ দেখ)।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ মঘবন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	মঘবা	মঘবানৌ	মঘবানঃ
দ্বিতীয়া	মঘবানম্	মঘবানৌ	মঘোনঃ
তৃতীয়া	মঘোনা	মঘবভ্যাম্	মঘবভিঃ
	ইত্যাদি।		
সম্বোধন	মঘবন্		

১৪৫। (চ) নপুংসকলিঙ্গ অহন্-শব্দ প্রথমা দ্বিতীয়া ও সম্বোধনের একবচনে এবং বিভক্তির স ও ভ পরে (অর্থাৎ মধ্যমাঙ্গ স্থলে) 'অহঃ' হইবে এবং 'ভ' পরে সন্ধি দ্বারা 'ও' হইবে।

নপুংসকলিঙ্গ অহন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহঃ	অহ্নী, অহনী	অহানি
দ্বিতীয়া	অহঃ	অহ্নী, অহনী	অহানি
তৃতীয়া	অহ্না	অহোভ্যাম্	অহোভিঃ
চতুর্থী	অহ্নে	অহোভ্যাম্	অহোভ্যঃ
পঞ্চমী	অহ্নঃ	অহোভ্যাম্	অহোভ্যঃ
ষষ্ঠী	অহ্নঃ	অহ্নোঃ	অহ্নাম্
সপ্তমী	অহ্নি, অহনি	অহ্নোঃ	অহঃসু
সম্বোধন	অহঃ	অহ্নী, অহনী	অহানি

১৪৬। (ছ) পথিন্ পুংলিঙ্গে প্রথমার সমস্ত বিভক্তিতে এবং দ্বিতীয়ার একবচন দ্বিবচনে (অর্থাৎ পীনাঙ্গ স্থলে) পন্থান্ হইবে, দ্বিতীয়ার বহুবচনে, তৃতীয়া চতুর্থী পঞ্চমীর একবচনে, ষষ্ঠীর সমস্ত

CENTRAL LIBRARY

বচনে ও সপ্তমীর একবচন দ্বিবচনে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) পথ্ হইবে ; এবং ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে (অর্থাৎ মধ্যমাঙ্গ স্থলে) পথি হইবে। প্রথমার একবচনে ন্‌কারের লোপ, ও স্ স্থানে বিসর্গ হইবে।

পুংলিঙ্গ পথিন্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ
দ্বিতীয়া	পন্থানম্	পন্থানৌ	পথঃ
তৃতীয়া	পথা	পথিভ্যাম্	পথিভিঃ
চতুর্থী	পথে	পথিভ্যাম্	পথিভ্যঃ
পঞ্চমী	পথঃ	পথিভ্যাম্	পথিভ্যঃ
ষষ্ঠী	পথঃ	পথোঃ	পথাম্
সপ্তমী	পথি	পথোঃ	পথিষু
সম্বোধন	পন্থাঃ	পন্থানৌ	পন্থানঃ

১৪৭। (জ) বস্ ভাগান্ত শব্দ

প্রথমার সমস্ত বচনে ও দ্বিতীয়ার একবচন ও দ্বিবচনে (অর্থাৎ পীনাঙ্গ স্থলে) পুংলিঙ্গে বস্-ভাগান্ত শব্দের বস্ স্থানে বাংস্ হয় ও প্রথমার একবচনে বান্ হয়। দ্বিতীয়ার বহুবচনে, তৃতীয়া চতুর্থী পঞ্চমীর একবচনে, ষষ্ঠীর সমস্ত বচনে এবং সপ্তমীর একবচন দ্বিবচনে (অর্থাৎ ক্ষীণাঙ্গ স্থলে) বস্ = উষ্ ; ব্যঞ্জনাদি বিভক্তিতে (অর্থাৎ মধ্যমাঙ্গ স্থলে) বস্ = বৎ ; এবং সম্বোধনের একবচনে বস্ = বন্ হইবে।

CENTRAL LIBRARY

পুংলিঙ্গ বিদ্বস্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	বিদ্বান্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ
দ্বিতীয়া	বিদ্বাংসম্	বিদ্বাংসৌ	বিদুষঃ
তৃতীয়া	বিদুষা	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভিঃ
চতুর্থী	বিদুষে	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
পঞ্চমী	বিদুষঃ	বিদ্বদ্ভ্যাম্	বিদ্বদ্ভ্যঃ
ষষ্ঠী	বিদুষঃ	বিদুষোঃ	বিদুষাম্
সপ্তমী	বিদুষি	বিদুষোঃ	বিদ্বৎসু
সম্বোধন	বিদ্বন্	বিদ্বাংসৌ	বিদ্বাংসঃ

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা, দ্বিতীয়া, সম্বোধন,	বিদ্বৎ	বিদুষী	বিদ্বাংসি

স্ত্রীলিঙ্গে বস্ ভাগান্ত শব্দের অন্তে ঈ যোগ হয়, এবং বস্ স্থানে উষ্ হয়। অতএব বিদ্বস্ শব্দের স্ত্রীলিঙ্গে বিদুষী হইবে ও নদীশব্দের মত রূপ হইবে।

ইকারের পর বস্-স্থানে উষ্ হয়, এবং ইকারের লোপ হয়। যেমন—জগ্মিবস্ = জগ্মুষী, চক্রিবস্ = চক্রুষী।

১৪৮। (ঝ) অচ্ ভাগান্ত শব্দ অর্থাৎ গমনার্থ অঞ্চ্ ধাতু-নিষ্পন্ন শব্দ পুংলিঙ্গে প্রথমার একবচনে অঙ্ হয়, প্রথমার দ্বিবচন বহুবচনে এবং দ্বিতীয়ার একবচন দ্বিবচনে অঞ্চ্ হয়; ব্যঞ্জনাদি বিভক্তিতে অক্ হয়; শস্ প্রভৃতি অজাদি বিভক্তি পরে

CENTRAL LIBRARY

থাকিলে, অচ্ ভাগান্ত শব্দের চকারের পূর্ববর্ত্তী য় 'ঈ' হয়, এবং ব 'উ' হয়। এবং উদচ্ ও তির্য্যচ্ শব্দের স্থানে যথাক্রমে উদীচ্, ও তিরশ্চ্ হয়।

পুংলিঙ্গ

একবচন

	প্রত্যচ্,	অন্বচ্,	উদচ্,	প্রাচ্,	তির্যচ্,
প্রথমা	প্রত্যঙ্	অন্বঙ্	উদঙ্	প্রাঙ্	তির্যঙ্
দ্বিতীয়া	প্রত্যঞ্চম্	অন্বঞ্চম্	উদঞ্চম্	প্রাঞ্চম্	তির্যঞ্চম্
তৃতীয়া	প্রতীচা	অনূচা	উদীচা	প্রাচা	তিরশ্চা

ইত্যাদি।

বহুবচন

প্রথমা	প্রত্যঞ্চঃ	অন্বঞ্চঃ	উদঞ্চঃ	প্রাঞ্চঃ	তির্যঞ্চঃ
দ্বিতীয়া	প্রতীচঃ	অনূচঃ	উদীচঃ	প্রাচঃ	তিরশ্চঃ
তৃতীয়া	প্রত্যগ্‌ভিঃ	অন্বগ্‌ভিঃ	উদগ্‌ভিঃ	প্রাগ্‌ভিঃ	তির্যগ্‌ভিঃ
ষষ্ঠী	প্রতীচাম্	অনূচাম্	উদীচাম্	প্রাচাম্	তিরশ্চাম্
সপ্তমী	প্রত্যক্ষু	অন্বক্ষু	উদক্ষু	প্রাক্ষু	তির্য্যক্ষু

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা, দ্বিতীয়া ও সম্বোধনে—	প্রত্যক্	প্রতীচী	প্রত্যঞ্চি

স্ত্রীলিঙ্গে ইহারা প্রতীচী, অনূচী, উদীচী, প্রাচী ও তিরশ্চী শব্দ হইবে ও নদীশব্দের ন্যায় রূপ হইবে।

CENTRAL LIBRARY

সাধারণনিয়ম বহির্ভূত শব্দ

১৪৯। অপ্ (জল) শব্দের কেবল বহুবচনেই প্রয়োগ হইবে।

প্রথমা	আপঃ
দ্বিতীয়া	অপঃ
তৃতীয়া	অদ্ভিঃ
চতুর্থী	অদ্ভ্যঃ
পঞ্চমী	অদ্ভ্যঃ
ষষ্ঠী	অপাম্
সপ্তমী	অপ্সু
সম্বোধন	আপঃ

পুংলিঙ্গ পুম্‌স্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	পুমান্	পুমাংসৌ	পুমাংসঃ
দ্বিতীয়া	পুমাংসম্	পুমাংসৌ	পুংসঃ
তৃতীয়া	পুংসা	পুম্ভ্যাম্	পুম্ভিঃ
চতুর্থী	পুংসে	পুম্ভ্যাম্	পুম্ভ্যঃ
পঞ্চমী	পুংসঃ	পুম্ভ্যাম্	পুম্ভ্যঃ
ষষ্ঠী	পুংসঃ	পুংসোঃ	পুংসাম্
সপ্তমী	পুংসি	পুংসোঃ	পুংসু
সম্বোধন	পুমন্	পুমাংসৌ	পুমাংসঃ

CENTRAL LIBRARY

বিশেষণ শব্দ

১৫০। দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে বিশেষণ শব্দের উত্তর 'তর' হয়, অনেকের মধ্যে একের উৎকর্ষ বুঝাইলে 'তম' হয়।

পুণ্য	...	পুণ্যতর	...	পুণ্যতম
শুচি	...	শুচিতর	...	শুচিতম
বলিন্	...	বলিতর	...	বলিতম
মহৎ	...	মহত্তর	...	মহত্তম
বিদ্বৎ	...	বিদ্বত্তর	...	বিদ্বত্তম

অথবা উৎকর্ষ বোধক 'তর' 'তম' স্থলে ঈয়স্ ও ইষ্ঠ যোগ করিলেও হয়।

ঈয়স্ এবং ইষ্ঠ প্রত্যয় পরে থাকিলে শব্দের অন্তস্থিত স্বর-বর্ণের লোপ হয়—

পাপ	...	পাপীয়স্	...	পাপিষ্ঠ
স্বাদু	...	স্বাদীয়স্	...	স্বাদিষ্ঠ

১৫১। তৃ, মৎ, বৎ, বিন্ প্রভৃতি প্রত্যয়ান্ত বিশেষণ শব্দের উত্তর ঈয়স্ কিংবা ইষ্ঠ প্রত্যয় হইলে ঐ সকল প্রত্যয়ের ও অব্যবহিত পূর্ব্ববর্ত্তী স্বরের লোপ হয়—

বলবৎ	...	বলীয়স্	...	বলিষ্ঠ
মতিমৎ	...	মতীয়স্	...	মতিষ্ঠ

CENTRAL LIBRARY

১৫২। উৎকর্ষবাচক উক্ত প্রত্যয়ান্ত এমন অনেক শব্দ আছে, যাহাদের আকারে সাধারণনিয়ম-বহির্ভূত পরিবর্ত্তন ঘটিয়া থাকে। তাহাদিগের মধ্যে অতি প্রয়োজনীয় কয়েকটী শব্দ নিম্নে প্রদত্ত হইল—

উরু	...	বরীয়স্	...	বরিষ্ঠ
ক্ষিপ্র	...	ক্ষেপীয়স্	...	ক্ষেপিষ্ঠ
গুরু	...	গরীয়স্	...	গরিষ্ঠ
দীর্ঘ	...	দ্রাঘীয়স্	...	দ্রাঘিষ্ঠ
পৃথু	...	প্রথীয়স্	...	প্রথিষ্ঠ
প্রিয়	...	প্রেয়স্	...	প্রেষ্ঠ
বহু	...	ভূয়স্	...	ভূয়িষ্ঠ
মৃদু	...	ম্রদীয়স্	...	ম্রদিষ্ঠ
যুবন্	...	যবীয়স্	...	যবিষ্ঠ
বৃদ্ধ	...	বর্ষীয়স্	...	বর্ষিষ্ঠ
স্থির	...	স্থেয়স্	...	স্থেষ্ঠ

অনেক সময়ে ঈয়স্ ও ইষ্ঠ প্রত্যয়ান্ত উৎকর্ষাপকর্ষ জ্ঞাপক বিশেষণ শব্দ মূল বিশেষণ হইতে আকারে সম্পূর্ণ পৃথক্ দৃষ্ট হয়। যথা—

প্রশস্য	...	শ্রেয়স্	...	শ্রেষ্ঠ
বৃদ্ধ, প্রশস্য	...	জ্যায়স্	...	জ্যেষ্ঠ
অন্তিক	...	নেদীয়স্	...	নেদিষ্ঠ
যুবা, অল্প	...	কনীয়স্	...	কনিষ্ঠ

ঈয়স্ ভাগান্ত শব্দের রূপ ১৩৫ সূত্রে দেখ।

CENTRAL LIBRARY

১৫৩। সংখ্যাবাচক শব্দ ও তাহাদের প্রথমা বিভক্তির রূপ।

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ	ক্লীবলিঙ্গ	
১	একঃ	একা	একম্	(এক শব্দ)
২	দ্বৌ	দ্বে	দ্বে	(দ্বি শব্দ)
৩	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি	(ত্রি শব্দ)
৪	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি	(চতুর্ শব্দ)
৫	পঞ্চ	পঞ্চ	পঞ্চ	(পঞ্চন্ শব্দ)
৬	ষট্	ষট্	ষট্	(ষষ্ শব্দ)
৭	সপ্ত	সপ্ত	সপ্ত	(সপ্তন্ শব্দ)
৮	অষ্টৌ, অষ্ট	অষ্টৌ, অষ্ট	অষ্টৌ, অষ্ট	(অষ্টন্ শব্দ)
৯	নব	নব	নব	(নবন্ শব্দ)
১০	দশ	দশ	দশ	(দশন্ শব্দ)
১১	একাদশ	একাদশ	একাদশ	(এক + দশন্ শব্দ)

১২	দ্বাদশ	২২	দ্বাবিংশতিঃ
১৩	ত্রয়োদশ	২৩	ত্রয়োবিংশতিঃ
১৪	চতুর্দশ	২৪	চতুর্বিংশতিঃ
১৫	পঞ্চদশ	২৫	পঞ্চবিংশতিঃ
১৬	ষোড়শ	২৬	ষড়্বিংশতিঃ
১৭	সপ্তদশ	২৭	সপ্তবিংশতিঃ
১৮	অষ্টাদশ	২৮	অষ্টাবিংশতিঃ
১৯	ঊনবিংশতিঃ (একোনবিংশতিঃ)	২৯	নববিংশতিঃ (ঊনত্রিংশৎ)
২০	বিংশতিঃ		(একোনত্রিংশৎ)
২১	একবিংশতিঃ	৩০	ত্রিংশৎ

CENTRAL LIBRARY

৩১ একত্রিংশৎ
৩২ দ্বাত্রিংশৎ
৩৩ ত্রয়স্ত্রিংশৎ
৩৪ চতুস্ত্রিংশৎ
৩৫ পঞ্চত্রিংশৎ
৩৬ ষট্‌ত্রিংশৎ
৩৭ সপ্তত্রিংশৎ
৩৮ অষ্টাত্রিংশৎ
৩৯ নবত্রিংশৎ
উনচত্বারিংশৎ
(একোনচত্বারিংশৎ)
৪০ চত্বারিংশৎ
৪১ একচত্বারিংশৎ
৪২ দ্বাচত্বারিংশৎ
(দ্বিচত্বারিংশৎ)
৪৩ ত্রয়শ্চত্বারিংশৎ
(ত্রিচত্বারিংশৎ)
৪৪ চতুশ্চত্বারিংশৎ
৪৫ পঞ্চচত্বারিংশৎ
৪৬ ষট্‌চত্বারিংশৎ
৪৭ সপ্তচত্বারিংশৎ
৪৮ অষ্টাচত্বারিংশৎ
(অষ্টচত্বারিংশৎ)
৪৯ নবচত্বারিংশৎ
উনপঞ্চাশৎ
(একোনপঞ্চাশৎ)
৫০ পঞ্চাশৎ
৫১ একপঞ্চাশৎ
৫২ দ্বাপঞ্চাশৎ
(দ্বিপঞ্চাশৎ)
৫৩ ত্রয়ঃপঞ্চাশৎ
(ত্রিপঞ্চাশৎ)
৫৪ চতুঃপঞ্চাশৎ
৫৫ পঞ্চপঞ্চাশৎ
৫৬ ষট্‌পঞ্চাশৎ
৫৭ সপ্তপঞ্চাশৎ
৫৮ অষ্টাপঞ্চাশৎ
(অষ্টপঞ্চাশৎ)
৫৯ নবপঞ্চাশৎ
উনষষ্টিঃ
(একোনষষ্টিঃ)
৬০ ষষ্টিঃ
৬১ একষষ্টিঃ
৬২ দ্বাষষ্টিঃ
(দ্বিষষ্টিঃ)
৬৩ ত্রয়ঃষষ্টিঃ
(ত্রিষষ্টিঃ)
৬৪ চতুঃষষ্টিঃ
৬৫ পঞ্চষষ্টিঃ
৬৬ ষট্‌ষষ্টিঃ

CENTRAL LIBRARY

৬৭ সপ্তষষ্টিঃ
৬৮ অষ্টাষষ্টিঃ
(অষ্টষষ্টিঃ)
৬৯ নবষষ্টিঃ
উনসপ্ততিঃ
(একোনসপ্ততিঃ)
৭০ সপ্ততিঃ
৭১ একসপ্ততিঃ
৭২ দ্বাসপ্ততিঃ
(দ্বিসপ্ততিঃ)
৭৩ ত্রয়ঃসপ্ততিঃ
(ত্রিসপ্ততিঃ)
৭৪ চতুঃসপ্ততিঃ
৭৫ পঞ্চসপ্ততিঃ
৭৬ ষট্‌সপ্ততিঃ
৭৭ সপ্তসপ্ততিঃ
৭৮ অষ্টাসপ্ততিঃ
(অষ্টসপ্ততিঃ)
৭৯ নবসপ্ততিঃ
উনাশীতিঃ
(একোনাশীতিঃ)
৮০ অশীতিঃ
৮১ একাশীতিঃ
৮২ দ্ব্যশীতিঃ
৮৩ ত্র্যশীতিঃ
৮৪ চতুরশীতিঃ
৮৫ পঞ্চাশীতিঃ
৮৬ ষড়শীতিঃ
৮৭ সপ্তাশীতিঃ
৮৮ অষ্টাশীতিঃ
৮৯ নবাশীতিঃ
উননবতিঃ
(একোননবতিঃ)
৯০ নবতিঃ
৯১ একনবতিঃ
৯২ দ্বানবতিঃ
(দ্বিনবতিঃ)
৯৩ ত্রয়োনবতিঃ
(ত্রিনবতিঃ)
৯৪ চতুর্নবতিঃ
৯৫ পঞ্চনবতিঃ
৯৬ ষণ্ণবতিঃ
৯৭ সপ্তনবতিঃ
৯৮ অষ্টানবতিঃ
(অষ্টনবতিঃ)
৯৯ নবনবতিঃ
উনশতম্
(একোনশতম্)
১০০ শতম্
(একশতম্)

CENTRAL LIBRARY

১০১	একাধিকংশতম্, (একাধিকশতম্)
১০২	দ্ব্যধিকংশতম্
১০৩	ত্র্যধিকংশতম্
১০৪	চতুরধিকংশতম্
১০৫	পঞ্চাধিকংশতম্
১০৬	ষডধিকংশতম্
১০৭	সপ্তাধিকংশতম্
১০৮	অষ্টাধিকংশতম্
১০৯	নবাধিকংশতম্
১১০	দশাধিকংশতম্
১১১	একাদশাধিকং শতম্
১২০	বিংশত্যধিকং শতম্
১৩০	ত্রিংশদধিকং শতম্
১৪০	চত্বারিংশদধিকং শতম্
১৫০	পঞ্চাশদধিকং শতম্
১৬০	ষষ্ট্যধিকং শতম্
১৭০	সপ্তত্যধিকং শতম্
১৮০	অশীত্যধিকং শতম্
১৯০	নবত্যধিকং শতম্
২০০	দ্বিশতম্, দ্বে শতে
৩০০	ত্রিশতম্, ত্রীণি শতানি
৪০০	চতুঃশতম্, চত্বারি শতানি
৫০০	পঞ্চশতম্, পঞ্চ শতানি
৬০০	ষট্শতম্, ষট্ শতানি
৭০০	সপ্তশতম্, সপ্ত শতানি
৮০০	অষ্টশতম্, অষ্ট শতানি
৯০০	নবশতম্, নব শতানি
১০০০	দশ শতানি, সহস্রম্
২০০০	দ্বে সহস্রে
৩০০০	ত্রীণি সহস্রাণি
১০০০০	অযুতম্
১০০০০০	লক্ষম্
১০০০০০০০	কোটিঃ

১৫৪। সংখ্যা বাচক 'এক' শব্দ কেবল একবচনে প্রযুক্ত হয়। 'কেহ কেহ' প্রভৃতি অর্থ বুঝাইলে বহুবচন হয়। 'এক' শব্দের রূপ 'সর্ব' শব্দের ন্যায় হইবে (১৬৯ দেখ)।

CENTRAL LIBRARY

একবচন

	পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমা	একঃ	একা	একম্
দ্বিতীয়া	একম্	একাম্	একম্
তৃতীয়া	একেন	একয়া	একেন
চতুর্থী	একস্মৈ	একস্যৈ	একস্মৈ
পঞ্চমী	একস্মাৎ	একস্যাঃ	একস্মাৎ
ষষ্ঠী	একস্য	একস্যাঃ	একস্য
সপ্তমী	একস্মিন্	একস্যাম্	একস্মিন্
সম্বোধন	এক	একে	এক

বহুবচন

	পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমা	একে	একাঃ	একানি
দ্বিতীয়া	একান্	একাঃ	একানি
তৃতীয়া	একৈঃ	একাভিঃ	একৈঃ
চতুর্থী	একেভ্যঃ	একাভ্যঃ	একেভ্যঃ
পঞ্চমী	একেভ্যঃ	একাভ্যঃ	একেভ্যঃ
ষষ্ঠী	একেষাম্	একাসাম্	একেষাম্
সপ্তমী	একেষু	একাসু	একেষু
সম্বোধন	একে	একাঃ	একানি

CENTRAL LIBRARY

১৫৫। দ্বি শব্দ নিত্য দ্বিবচনান্ত। ইহার রূপ নিম্নে প্রদত্ত হইল—

দ্বিবচন

	পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমা	দ্বৌ	দ্বে	দ্বে
দ্বিতীয়া	দ্বৌ	দ্বে	দ্বে
তৃতী-চতুঃ-পঞ্চমী	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্	দ্বাভ্যাম্
ষষ্ঠী-সপ্তমী	দ্বয়োঃ	দ্বয়োঃ	দ্বয়োঃ
সম্বোধন	দ্বৌ	দ্বে	দ্বে

১৫৬। ত্রি শব্দ নিত্য বহুবচনান্ত।

বহুবচন

	পুংলিঙ্গ	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমা	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি
দ্বিতীয়া	ত্রীন্	তিস্রঃ	ত্রীণি
তৃতীয়া	ত্রিভিঃ	তিসৃভিঃ	ত্রিভিঃ
চতুঃ-পঞ্চমী	ত্রিভ্যঃ	তিসৃভ্যঃ	ত্রিভ্যঃ
ষষ্ঠী	ত্রয়াণাম্	তিসৃণাম্	ত্রয়াণাম্
সপ্তমী	ত্রিষু	তিসৃষু	ত্রিষু
সম্বোধন	ত্রয়ঃ	তিস্রঃ	ত্রীণি

CENTRAL LIBRARY

১৫৭। চতুর্ শব্দ নিত্য বহুবচনান্ত।

বহুবচন

	পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমা	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি
দ্বিতীয়া	চতুরঃ	চতস্রঃ	চত্বারি
তৃতীয়া	চতুর্ভিঃ	চতসৃভিঃ	চতুর্ভিঃ
চতুর্থী-পঞ্চমী	চতুর্ভ্যঃ	চতসৃভ্যঃ	চতুর্ভ্যঃ
ষষ্ঠী	চতুর্ণাম্	চতসৃণাম্	চতুর্ণাম্
সপ্তমী	চতুর্ষু	চতসৃষু	চতুর্ষু
সম্বোধন	চত্বারঃ	চতস্রঃ	চত্বারি

১৫৮-৬০। বহুবচন

	পঞ্চন্	ষষ্	অষ্টন্
প্রথমা	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট
দ্বিতীয়া	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট
তৃতীয়া	পঞ্চভিঃ	ষড্ভিঃ	অষ্টাভিঃ, অষ্টভিঃ
চতুঃ-পঞ্চমী	পঞ্চভ্যঃ	ষড্ভ্যঃ	অষ্টাভ্যঃ, অষ্টভ্যঃ
ষষ্ঠী	পঞ্চানাম্	ষণ্ণাম্	অষ্টানাম্
সপ্তমী	পঞ্চসু	ষট্সু	অষ্টাসু, অষ্টসু
সম্বোধন	পঞ্চ	ষট্	অষ্টৌ, অষ্ট

১৬১। পঞ্চন্, ষষ্ এবং অষ্টন্ প্রভৃতি শব্দের তিন লিঙ্গেই সমান রূপ হইবে। সপ্তন্, নবন্, দশন্ এবং সমস্ত সংখ্যাপূর্ব্ব-দশন্ শব্দের রূপ পঞ্চন্ শব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

১৬২। বিংশতি, ষষ্টি, সপ্ততি, অশীতি, নবতি এবং কোটি শব্দের রূপ হ্রস্ব ইকারান্ত স্ত্রীলিঙ্গ মতি শব্দের ন্যায় হইবে। ত্রিংশৎ প্রভৃতি ত্‌কারান্ত শব্দের রূপ স্ত্রীলিঙ্গ ত্‌কারান্ত শব্দের ন্যায় হইবে।

১৬৩। বিংশতি হইতে নবনবতি পর্য্যন্ত সংখ্যেয়বাচক বিশেষণ শব্দের উত্তর কেবল একবচন হইবে। নিম্নে উদাহরণ দেওয়া হইল—

বিংশতিরশ্বাঃ	Twenty horses.
বিংশতেঃ অশ্বানাম্	Of twenty horses.
ষষ্টিঃ শিশবঃ	Sixty children.
ষষ্টেঃ শিশূনাম্	Of sixty children.

(ক) এই সকল সংখ্যাবাচক শব্দ বিশেষ্য হইলে, যে বিশেষ্য পদের সংখ্যা বুঝাইবে তাহার উত্তর ষষ্ঠী বিভক্তি হইবে—

বিংশতিরশ্বানাম্	Twenty horses.
বিংশত্যা অশ্বানাম্	With twenty horses.
ষষ্টিঃ শিশূনাম্	Sixty children.

(খ) যখন সংখ্যাবাচক শব্দে সংখ্যামাত্র বুঝাইবে তখন অর্থানুসারে দ্বিবচন ও বহুবচন হইতে পারিবে।

নব নবতয়ঃ	নয়বার নব্বুই	(৮১০)
ত্রিংশতৌ	দুইবার ত্রিশ	(৬০)

১৬৪। শত, সহস্র এবং ইহাদের পূর্বে অন্য সংখ্যাবাচক শব্দ যোগ করিলে (যথা দ্বিশত ইত্যাদি) ইহাদের রূপ নপুংসক লিঙ্গ অকারান্ত শব্দের ন্যায় হইবে এবং একবচন হইবে।

CENTRAL LIBRARY

শতং দাসীঃ শতং দাসীনাম্ ১৬৩ (ক) দেখ	একশত দাসীকে
শতেন দাসীভিঃ শতেন দাসীনাম্ ১৬৩ (ক) দেখ	একশত দাসীর সহিত

কিন্তু যখন ঐ সকল শব্দে কেবল সংখ্যা বুঝাইবে তখন তাহার দ্বিগুণ ধরিলে দ্বিবচন, বহু গুণ ধরিলে বহুবচন হইবে। ১৬৩ (খ) দেখ।

১৬৫। পূরণী সংখ্যা।

পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমঃ	প্রথমা	প্রথমম্
দ্বিতীয়ঃ	দ্বিতীয়া	দ্বিতীয়ম্
তৃতীয়ঃ	তৃতীয়া	তৃতীয়ম্
চতুর্থঃ	চতুর্থী	চতুর্থম্
তুরীয়ঃ	তুরীয়া	তুরীয়ম্
তুর্যঃ	তুর্যা	তুর্যম্
পঞ্চমঃ	পঞ্চমী	পঞ্চমম্
ষষ্ঠঃ	ষষ্ঠী	ষষ্ঠম্
সপ্তমঃ	সপ্তমী	সপ্তমম্
অষ্টমঃ	অষ্টমী	অষ্টমম্
নবমঃ	নবমী	নবমম্
দশমঃ	দশমী	দশমম্
একাদশঃ	একাদশী	একাদশম্
দ্বাদশঃ	দ্বাদশী	দ্বাদশম্
ত্রয়োদশঃ	ত্রয়োদশী	ত্রয়োদশম্

CENTRAL LIBRARY

চতুর্দশঃ	চতুর্দশী	চতুর্দশম্
পঞ্চদশঃ	পঞ্চদশী	পঞ্চদশম্
ষোড়শঃ	ষোড়শী	ষোড়শম্
সপ্তদশঃ	সপ্তদশী	সপ্তদশম্
অষ্টাদশঃ	অষ্টাদশী	অষ্টাদশম্
ঊনবিংশঃ / ঊনবিংশতিতমঃ	ঊনবিংশী / ঊনবিংশতিতমী	ঊনবিংশম্ / ঊনবিংশতিতমম্
বিংশঃ / বিংশতিতমঃ	শী / বিংশতিতমী	শম্ / বিংশতিতমম্
ত্রিংশঃ / ত্রিংশত্তমঃ	শী / তমী	শম্ / তমম্
চত্বারিংশঃ / চত্বারিংশত্তমঃ	শী / মী	শম্ / ওমম্
পঞ্চাশত্তমঃ	তমী	তমম্
ষষ্টিতমঃ	”	”
একষষ্টিতমঃ / একষষ্টঃ	”	”
সপ্ততিতমঃ	”	”
একসপ্ততিতমঃ / একসপ্তঃ	”	”
অশীতিতমঃ	”	”
একাশীতিতমঃ	”	”
নবতিতমঃ	”	”

CENTRAL LIBRARY

একনবতিতমঃ	তমী	তমম্
শততমঃ	”	”
একশততমঃ	”	”
সহস্রতমঃ	”	”

১৬৬। সংখ্যাবাচক তদ্ধিতান্ত অব্যয়,

সকৃৎ	once.	একধা	in one way.
দ্বিঃ	twice.	দ্বিধা	in two ways.
ত্রিঃ	thrice.	ত্রিধা	in three ways.
চতুঃ	four times.	চতুর্ধা	in four ways.
পঞ্চকৃত্বঃ	five times.	পঞ্চধা	in five ways.
ষট্‌কৃত্বঃ	six times.	ষোঢ়া / ষড়্‌ধা	in six ways.

ইত্যাদি।

১৬৭।

দ্বয়ম্	a pair.	চতুষ্টয়ম্ / চতুষ্টয়ী	a tetrad.
ত্রয়ম্ / ত্রয়ী	a triad.	পঞ্চতয়ম্ / পঞ্চতয়ী	a pentad.

CENTRAL LIBRARY

সর্বনাম

১৬৮। সর্বনামকে সাধারণতঃ ইংরাজীতে Pronoun বলে। কিন্তু সর্বনাম ও Pronoun এক নহে। ইংরাজীতে Pronoun নয় এরূপ অনেক শব্দ, সংস্কৃতে সর্বনাম বলিয়া ব্যবহৃত হয়; যথা—Pronominal Adjectives—all, other ইত্যাদি। আবার ইংরাজীতে Pronoun বলিয়া পরিগণিত কয়েকটি শব্দ, সংস্কৃতে সর্বনাম বলিয়া গণনীয় নহে। যথা—Reflexive Pronouns. স্বয়ম্, আত্মন্ * ইত্যাদি। ইংরাজীতে সর্বপ্রভৃতি শব্দ কোনও পদের বিশেষণ হইলে তাহাকে Pronoun না বলিয়া Pronominal Adjective বলা হয়। কিন্তু সংস্কৃতে বিশেষ্যই হউক আর বিশেষণই হউক যে যে শব্দ সর্বাদিগণে পঠিত তাহাদিগকে সর্বনামই বলে।

১৬৯। সাধারণতঃ সর্ব, বিশ্ব প্রভৃতি পঁয়ত্রিশটি সর্বাদি শব্দের নাম সর্বনাম।

যথা—

সর্ব	অন্যতর
বিশ্ব	ইতর
উভ	ত্বৎ
উভয়	ত্ব
ডতর (প্রত্যয়ান্ত শব্দ)	নেম
ডতম ,, ,,	সম
অন্য	সিম

* স্বয়ম্ এটি মকারান্ত অব্যয়, আত্মন্ শব্দের রূপ ১৩৭ নিয়ম দেখ।

CENTRAL LIBRARY

পূর্ব্বাদি

পূর্ব	অপর
পর	অধর
অবর	স্ব
দক্ষিণ	অন্তর
উত্তর	

ত্যদাদি

ত্যদ্	ইদম্	যুষ্মদ্
তদ্	অদস্	অস্মদ্
যদ্	এক	ভবৎ
এতদ্	দ্বি	কিম্

(ক) এই পঁয়ত্রিশটি শব্দের আদিতে 'সর্ব' শব্দ আছে বলিয়াই ইহাদের নাম সর্বাদি হইয়াছে। সর্বাদির মধ্যে আরও দুইটি ভাগ আছে, তন্মধ্যে একটির নাম পূর্বাদি। অপরটীর নাম ত্যদাদি।

(খ) পূর্ব-শব্দ হইতে অন্তর-শব্দ পর্য্যন্ত শব্দ সমুদয়ের নাম পূর্বাদি।

(গ) ত্যদ্-শব্দ হইতে কিম্-শব্দ পর্য্যন্ত শব্দ সমুদয়ের নাম ত্যদাদি।

সবনাম শব্দের সহিত বিভক্তি যোগ হইলে কি প্রকার রূপ হইবে তাহা নিম্নে যথাক্রমে প্রদর্শিত হইল।

CENTRAL LIBRARY

সর্ব—(All)

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সর্বঃ	সর্বৌ	সর্বে
দ্বিতীয়া	সর্বম্	সর্বৌ	সর্বান্
তৃতীয়া	সর্বেণ	সর্বাভ্যাম্	সর্বৈঃ
চতুর্থী	সর্বস্মৈ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
পঞ্চমী	সর্বস্মাৎ	সর্বাভ্যাম্	সর্বেভ্যঃ
ষষ্ঠী	সর্বস্য	সর্বয়োঃ	সর্বেষাম্
সপ্তমী	সর্বস্মিন্	সর্বয়োঃ	সর্বেষু
সম্বোধন	সর্ব	সর্বৌ	সর্বে

স্ত্রীলিঙ্গ

প্রথমা	সর্বা	সর্বে	সর্বাঃ
দ্বিতীয়া	সর্বাম্	সর্বে	সর্বাঃ
তৃতীয়া	সর্বয়া	সর্বাভ্যাম্	সর্বাভিঃ
চতুর্থী	সর্বস্যৈ	সর্বাভ্যাম্	সর্বাভ্যঃ
পঞ্চমী	সর্বস্যাঃ	সর্বাভ্যাম্	সর্বাভ্যঃ
ষষ্ঠী	সর্বস্যাঃ	সর্বয়োঃ	সর্বাসাম্
সপ্তমী	সর্বস্যাম্	সর্বয়োঃ	সর্বাসু
সম্বোধন	সর্বে	সর্বে	সর্বাঃ

নপুংসকলিঙ্গ

প্রথমা	সর্বম্	সর্বে	সর্বাণি
দ্বিতীয়া	সর্বম্	সর্বে	সর্বাণি
সম্বোধন	সর্ব	সর্বে	সর্বাণি

অবশিষ্ট সমস্ত পুংলিঙ্গের ন্যায়।

CENTRAL LIBRARY

১৭০। নপুংসকলিঙ্গে প্রথমা, দ্বিতীয়া এবং সম্বোধনের একবচনে অন্য, অন্যতর, ইতর, কতর এবং কতম শব্দের অন্তে একটি ৎ হয়—অন্যৎ, অন্যতরৎ ইত্যাদি। একতর শব্দের হয় না। একতরম্।

উভ শব্দের কেবল দ্বিবচনেই প্রয়োগ হইবে—পুম্—উভৌ, স্ত্রী—উভে, নপুম্—উভে।

উভয় শব্দের একবচন ও বহুবচনেই প্রয়োগ হইবে, পুম্—উভয়ঃ, উভয়ে। স্ত্রীলিঙ্গে—উভয়ী শব্দ হইবে।

সর্বার্থক-সমশব্দের রূপ সর্ব শব্দের ন্যায় হইবে। তুল্যার্থক সমশব্দের রূপ নর শব্দের ন্যায় হইবে।

১৭১। পূর্বাদিগণ

পূর্ব	
পর	অপর
অবর	অধর
দক্ষিণ	স্ব
উত্তর	অন্তর

(ক) পুংলিঙ্গে ইহাদের রূপ—

প্রথমা বহুব	পূর্বে, পূর্বাঃ
পঞ্চমী একব	পূর্বস্মাৎ, পূর্বাৎ
সপ্তমী ,,	পূর্বস্মিন্, পূর্বে

আর সমস্ত বিভক্তিতে সর্ব শব্দের ন্যায়।

(খ) দক্ষিণ-শব্দে যখন দক্ষিণ দিক্ ইত্যাদি বুঝাইবে তখন সর্ব- শব্দের ন্যায় হইবে। যখন দক্ষ, সরল প্রভৃতি অর্থ বুঝাইবে তখন নর শব্দের ন্যায় হইবে।

CENTRAL LIBRARY

স্ব-শব্দের রূপ সর্ব-শব্দের ন্যায়, প্রথমার বহুবচনে,-স্বে, স্বাঃ। জ্ঞাতিবাচক স্ব-শব্দের রূপ নর শব্দের ন্যায়। ধনবাচক স্ব-শব্দের রূপ নর ও ফল শব্দের ন্যায়।

বাহ্য অথবা পরিধানীয় অর্থে অন্তর শব্দের রূপ সর্ব-শব্দের ন্যায়। প্রথমার বহুবচনে—অন্তরে, অন্তরাঃ।

(গ) পূর্বাদি শব্দে যখন কোন স্থানের কিংবা সময়ের অবধি বুঝাইবে তখন পূর্ব্বোক্ত রূপ হইবে। কিন্তু কাহারও নাম বুঝাইলে নর শব্দের ন্যায় হইবে।

(ঘ) পশ্চিম-শব্দ দিগ্বাচক হইলেও সর্বাদির মধ্যে পরিগণিত না হওয়াতে ইহার সর্ব্বনাম সংজ্ঞা হয় না। উহার রূপ পুংলিঙ্গে নর শব্দের ন্যায়, স্ত্রীলিঙ্গে লতা শব্দের ন্যায় ও ক্লীবলিঙ্গে বন শব্দের ন্যায় হইবে।

১৭২। প্রথম, চরম, তয়, অল্প, অর্ধ, কতিপয়, এবং নেম শব্দের প্রথমার বহুবচনে দুই প্রকার রূপ হয়; যথা, প্রথমে, প্রথমাঃ; নেমে, নেমাঃ ইত্যাদি। অন্যান্য বিভক্তিতে নর শব্দের ন্যায় হইবে। নেম শব্দের রূপ অন্যান্য বিভক্তিতে সর্ব শব্দের ন্যায় হইবে।

দ্বিতীয়, তৃতীয় শব্দের চতুর্থী, পঞ্চমী ও সপ্তমীর এক বচনে বিকল্পে সর্ব্বশব্দের ন্যায় রূপ হয়। যথা—

পুংলিঙ্গে

চতুর্থী	দ্বিতীয়স্মৈ, দ্বিতীয়ায়
পঞ্চমী	দ্বিতীয়স্মাৎ, দ্বিতীয়াৎ
সপ্তমী	দ্বিতীয়স্মিন্, দ্বিতীয়ে

CENTRAL LIBRARY

গৌণ অথবা কাহার নাম বুঝাইলে সর্বাদি শব্দের রূপ নর শব্দের ন্যায় হইবে।

বহুব্রীহি, দ্বন্দ্ব ও তৃতীয়া-তৎপুরুষ সমাসে সর্বাদি শব্দের রূপ নর শব্দের ন্যায় হইবে। কেবল দ্বন্দ্ব সমাসে প্রথমার বহুবচনে একবার সর্ব শব্দের ন্যায় ও একবার নর শব্দের ন্যায় হইবে—যথা, বর্ণাশ্রমেতরে, বর্ণাশ্রমেতরাঃ, ইত্যাদি।

১৭৩। অস্মদ্—(আমি)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অহম্	আবাম্	বয়ম্
দ্বিতীয়া	মাম্, মা	আবাম্, নৌ	অস্মান্, নঃ
তৃতীয়া	ময়া	আবাভ্যাম্	অস্মাভিঃ
চতুর্থী	মহ্যম্, মে	আবাভ্যাম্, নৌ	অস্মভ্যম্, নঃ
পঞ্চমী	মৎ	আবাভ্যাম্	অস্মৎ
ষষ্ঠী	মম, মে	আবয়োঃ, নৌ	অস্মাকম্, নঃ
সপ্তমী	ময়ি	আবয়োঃ	অস্মাসু

১৭৪। যুষ্মদ্—(তুমি)

প্রথমা	ত্বম্	যুবাম্	যূয়ম্
দ্বিতীয়া	ত্বাম্, ত্বা	যুবাম্, বাম্	যুষ্মান্, বঃ
তৃতীয়া	ত্বয়া	যুবাভ্যাম্	যুষ্মাভিঃ
চতুর্থী	তুভ্যম্, তে	যুবাভ্যাম্, বাম্	যুষ্মভ্যম্, বঃ
পঞ্চমী	ত্বৎ	যুবাভ্যাম্	যুষ্মৎ
ষষ্ঠী	তব, তে	যুবয়োঃ, বাম্	যুষ্মাকম্, বঃ
সপ্তমী	ত্বয়ি	যুবয়োঃ	যুষ্মাসু

CENTRAL LIBRARY

(ক) মা, মে, নৌ, নঃ, ত্বা, তে, বাম্, বঃ এই সমস্ত যুষ্মদ্ অস্মদের আদেশ বাক্যের আদিতে হইবে না। এইরূপ অব্যয় 'চ' 'বা' 'এব' এবং 'অহ' ইহাদের সহিত সাক্ষাৎ সম্বন্ধে যুষ্মদ্ কিংবা অস্মদের যোগ থাকিলে ঐ সমস্ত আদেশ হইবে না।

১৭৫। ভবৎ (Your Honour) (আপনি, মহাশয়) (Honorific Pronoun).

	পুংলিঙ্গ।	স্ত্রীলিঙ্গ।	ক্লীবলিঙ্গ।
প্রথমা-একবচন	ভবান্	ভবতী	ভবৎ

ভবান্ প্রভৃতি পুংরূপ, পুংলিঙ্গ ধীমৎ শব্দের ন্যায়। ভবতী প্রভৃতি স্ত্রীরূপ নদী শব্দের ন্যায়। ভবৎ প্রভৃতি নপুংসক রূপ ক্লীবলিঙ্গ ধীমৎ শব্দের ন্যায়।

১৭৬। তদ্ (সেই, তিনি, that, he)

(Demonstrative pronoun.)

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সঃ	তৌ	তে
দ্বিতীয়া	তম্	তৌ	তান্
তৃতীয়া	তেন	তাভ্যাম্	তৈঃ
চতুর্থী	তস্মৈ	তাভ্যাম্	তেভ্যঃ
পঞ্চমী	তস্মাৎ	তাভ্যাম্	তেভ্যঃ
ষষ্ঠী	তস্য	তয়োঃ	তেষাম্
সপ্তমী	তস্মিন্	তয়োঃ	তেষু
সম্বোধন	স	তৌ	তে

CENTRAL LIBRARY

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	সা	তে	তাঃ
দ্বিতীয়া	তাম্	তে	তাঃ
তৃতীয়া	তয়া	তাভ্যাম্	তাভিঃ
চতুর্থী	তস্যৈ	তাভ্যাম্	তাভ্যঃ
পঞ্চমী	তস্যাঃ	তাভ্যাম্	তাভ্যঃ
ষষ্ঠী	তস্যাঃ	তয়োঃ	তাসাম্
সপ্তমী	তস্যাম্	তয়োঃ	তাসু
সম্বোধন	সে	তে	তাঃ

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	তৎ	তে	তানি
দ্বিতীয়া	তৎ	তে	তানি

অবশিষ্ট রূপ পুংলিঙ্গের ন্যায় হইবে।

১৭৭। এতদ্ (সমীপতর, এই, ইনি, this).

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এষঃ	এতৌ	এতে
দ্বিতীয়া	এতম্	এতৌ	এতান্
তৃতীয়া	এতেন	এতাভ্যাম্	এতৈঃ
চতুর্থী	এতস্মৈ	এতাভ্যাম্	এতেভ্যঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	এতস্মাৎ	এতাভ্যাম্	এতেভ্যঃ
ষষ্ঠী	এতস্য	এতয়োঃ	এতেষাম্
সপ্তমী	এতস্মিন্	এতয়োঃ	এতেষু

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এষা	এতে	এতাঃ
দ্বিতীয়া	এতাম্	এতে	এতাঃ
তৃতীয়া	এতয়া	এতাভ্যাম্	এতাভিঃ
চতুর্থী	এতস্যৈ	এতাভ্যাম্	এতাভ্যঃ
পঞ্চমী	এতস্যাঃ	এতাভ্যাম্	এতাভ্যঃ
ষষ্ঠী	এতস্যাঃ	এতয়োঃ	এতাসাম্
সপ্তমী	এতস্যাম্	এতয়োঃ	এতাসু

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	এতৎ	এতে	এতানি
দ্বিতীয়া	এতৎ	এতে	এতানি

অবশিষ্ট রূপ পুংলিঙ্গের ন্যায় হইবে।

১৭৮। ইদম্ (সন্নিকৃষ্ট, এই, this)

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অয়ম্	ইমৌ	ইমে
দ্বিতীয়া	ইমম্	ইমৌ	ইমান্

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
তৃতীয়া	অনেন	আভ্যাম্	এভিঃ
চতুর্থী	অস্মৈ	আভ্যাম্	এভ্যঃ
পঞ্চমী	অস্মাৎ	আভ্যাম্	এভ্যঃ
ষষ্ঠী	অস্য	অনয়োঃ	এষাম্
সপ্তমী	অস্মিন্	অনয়োঃ	এষু

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইয়ম্	ইমে	ইমাঃ
দ্বিতীয়া	ইমাম্	ইমে	ইমাঃ
তৃতীয়া	অনয়া	আভ্যাম্	আভিঃ
চতুর্থী	অস্যৈ	আভ্যাম্	আভ্যঃ
পঞ্চমী	অস্যাঃ	আভ্যাম্	আভ্যঃ
ষষ্ঠী	অস্যাঃ	অনযোঃ	আসাম্
সপ্তমী	অস্যাম্	অনযোঃ	আসু

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	ইদম্	ইমে	ইমানি
দ্বিতীয়া	ইদম্	ইমে	ইমানি

অবশিষ্ট রূপ পুংলিঙ্গের ন্যায় হইবে।

১৭৯। কোন এক কার্য্য বুঝাইবার জন্য এতদ্ শব্দের কিংবা ইদম্ শব্দের প্রয়োগ করিয়া, পুনর্বার অন্য কার্য্য বুঝাইবার জন্য যদি এতদ্ কিংবা ইদম্ শব্দের পুনঃ প্রয়োগ করা হয়, তবে দ্বিতীয়া,

CENTRAL LIBRARY

বিভক্তির একবচন, দ্বিবচন, বহুবচনে ; তৃতীয়ার একবচনে ; ষষ্ঠী ও সপ্তমীর দ্বিবচনে এতদ্ ও ইদম্ শব্দের স্থানে এন হইবে এবং নপুংসকলিঙ্গে (দ্বিতীয়ার একবচনে) এনৎ হইবে।

একবচন

	পুম্	স্ত্রী	নপুম্
দ্বিতীয়া	এনম্	এনাম্	এনৎ
তৃতীয়া	এনেন	এনয়া	এনেন

দ্বিবচন

	পুম্	স্ত্রী	নপুম্
দ্বিতীয়া	এনৌ	এনে	এনে
ষষ্ঠী ও সপ্তমী	এনয়োঃ	এনয়োঃ	এনয়োঃ

বহুবচন

	পুম্	স্ত্রী	নপুম্
দ্বিতীয়া	এনান্	এনাঃ	এনানি

অনেন ব্যাকরণমধীতম্, এনং ছন্দোঽধ্যাপয়, অনয়োঃ পবিত্রং কুলম্, এনয়োঃ প্রভূতং স্বম্।

১৮০। অদস্ (দূরবর্ত্তী, ঐ, that)

পুংলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমী
দ্বিতীয়া	অমুম্	অমূ	অমূন্
তৃতীয়া	অমুনা	অমূভ্যাম্	অমীভিঃ
চতুর্থী	অমুষ্মৈ	অমূভ্যাম্	অমীভ্যঃ

CENTRAL LIBRARY

	একবচন	দ্বিবচন	বহুবচন
পঞ্চমী	অমুষ্মাৎ	অমূভ্যাম্	অমীভ্যঃ
ষষ্ঠী	অমুষ্য	অমুয়োঃ	অমীষাম্
সপ্তমী	অমুষ্মিন্	অমুয়োঃ	অমীষু

স্ত্রীলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অসৌ	অমূ	অমূঃ
দ্বিতীয়া	অমূম্	অমূ	অমূঃ
তৃতীয়া	অমুয়া	অমূভ্যাম্	অমূভিঃ
চতুর্থী	অমুষ্যৈ	অমূভ্যাম্	অমূভ্যঃ
পঞ্চমী	অমুষ্যাঃ	অমূভ্যাম্	অমূভ্যঃ
ষষ্ঠী	অমুষ্যাঃ	অমুয়োঃ	অমূষাম্
সপ্তমী	অমুষ্যাম্	অমুয়োঃ	অমূষু

নপুংসকলিঙ্গ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা	অদঃ	অমূ	অমূনি
দ্বিতীয়া	অদঃ	অমূ	অমূনি

অবশিষ্ট পুংলিঙ্গের ন্যায় হইবে।

১৮১। যদ্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা-পুম্	যঃ	যৌ	যে
প্রথমা-স্ত্রী	যা	যে	যাঃ
প্রথমা-নপুম্	যৎ	যে	যানি

যদ্ শব্দের রূপ তদ্ শব্দের ন্যায় জানিবে।

CENTRAL LIBRARY

১৮২। কিম্ শব্দ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথমা-পুম্	কঃ	কৌ	কে
প্রথমা-স্ত্রী	কা	কে	কাঃ
প্রথমা-নপুম্	কিম্	কে	কানি
দ্বিতীয়া-নপুম্	”	”	”

অবশিষ্ট সমুদয় তদ্ শব্দের ন্যায় হইবে।

(ক) যদ্ শব্দের পর কিম্ শব্দের প্রয়োগ করিলে অনিশ্চিতার্থ বুঝায়—

যঃ কঃ (যে কেও) যঃ কশ্চিৎ, যঃ কশ্চন, যঃ কশ্চ। অনিশ্চিতার্থে কেবল যদ্ শব্দেরও প্রয়োগ হয়—

যো যঃ, যদ্ যৎ।

সর্বনামোৎপন্ন শব্দ

১৮৩। মদ্, অস্মদ্, ত্বদ্, যুষ্মদ্ এবং তদ্ প্রভৃতির উত্তর তদ্ধিত প্রত্যয় ঈয় থাকিলে—

মদীয় (আমার), অস্মদীয় (আমাদের)
ত্বদীয় (তোমার), যুষ্মদীয় (তোমাদের)

তদীয় (তাহার), এই প্রকার শব্দ হইবে, এবং বিশেষণ হইবে।

	পুম্	স্ত্রী	নপুম্
প্রথমা, ১ব	মদীয়ঃ	মদীয়া	মদীয়ম্

CENTRAL LIBRARY

১৮৪। বিভক্তিযুক্ত কিম্ শব্দের উত্তর চিৎ, চন এবং অপি শব্দ যোগ করিয়া কয়েকটি উদাহরণ নিম্নে প্রদত্ত হইল—

পুম্	কশ্চিৎ	কশ্চন	কোঽপি
স্ত্রী	কাচিৎ	কাচন	কাপি
নপুম্	কিঞ্চিৎ	কিঞ্চন	কিমপি

১৮৫। দৃশ্, দৃশ অথবা দৃক্ষ পরে থাকিলে তদ্, যদ্ ও এতদ্ শব্দের দ্ স্থানে আ হয়, ইদম্ শব্দ স্থানে ঈ এবং কিম্ শব্দ স্থানে কী হয়। যথা—

তাদৃশ্	তাদৃশ	তাদৃক্ষ
যাদৃশ্	যাদৃশ	যাদৃক্ষ
এতাদৃশ্	এতাদৃশ	এতাদৃক্ষ
ঈদৃশ্	ঈদৃশ	ঈদৃক্ষ
কীদৃশ্	কীদৃশ	কীদৃক্ষ

প্রথমা-একবচন

পুম্	স্ত্রী	নপুম্
তাদৃক্	তাদৃক্	তাদৃক্
তাদৃশঃ	তাদৃশী	তাদৃশম্
তাদৃক্ষঃ	তাদৃক্ষী	তাদৃক্ষম্

১৮৬। তদ্, যদ্, এতদ্, ইদম্ এবং কিম্ শব্দের পর পরিমাণার্থে বৎ (বতুপ্) প্রত্যয় করিলে যে শব্দ হইবে এবং তাহাদের যে প্রকার রূপ হইবে তাহা নিম্নে প্রদত্ত হইল—

প্রথমা একবচন

	পুম্	স্ত্রী	নপুম্
তাবৎ—	তাবান্	তাবতী	তাবৎ
যাবৎ—	যাবান্	যাবতী	যাবৎ

CENTRAL LIBRARY

এতাবৎ—	এতাবান্	এতাবতী	এতাবৎ
ইয়ৎ—	ইয়ান্	ইয়তী	ইয়ৎ
কিয়ৎ—	কিয়ান্	কিয়তী	কিয়ৎ

১৮৭। কতি, যতি এবং ততি শব্দ নিত্যবহুবচনান্ত। ইহাদের রূপ নিম্নলিখিত প্রকার হইবে—

কতি (কত)

বহুবচন

প্রথমা	কতি
দ্বিতীয়া	কতি
তৃতীয়া	কতিভিঃ
চতুর্থী	কতিভ্যঃ
পঞ্চমী	,,
ষষ্ঠী	কতীনাম্
সপ্তমী	কতিষু

এই প্রকার যতি (যত) এবং ততি (তত) শব্দ জানিবে।

REFLEXIVE PRONOUNS

১৮৮। Myself, thyself ইত্যাদি ইংরাজী Reflexive Pronounএর সংস্কৃতে স্বয়ম্, আত্মন্ কিংবা স্ব শব্দ দিয়াই অনুবাদ করা হয়। Myself প্রভৃতিকে ইংরাজীতে Pronoun বলিলেও স্বয়ম্ এবং আত্মন্ শব্দকে সংস্কৃতে সর্বনাম বলে না।

CENTRAL LIBRARY

১৮৯। স্বয়ম্—স্বয়মাগচ্ছতি (নিজেই আসিতেছেন)।

আত্মন্—আত্মনো দোষং জানাতি (নিজের দোষ অবগত আছেন)।

১৯০। স্বকীয়ার্থ বিশেষণ স্ব শব্দ স্বঃ, স্বা, স্বম্। স্বং পুত্রং দৃষ্ট্বা (স্বীয় পুত্রকে দেখিয়া)। (১৭১ দেখ)।

স্ত্রীপ্রত্যয়

১৯১। এই ভাগে স্ত্রীলিঙ্গ শব্দের কিরূপ আকার হয় তাহাই দেখান যাইতেছে। সমগ্র নিয়ম না দেখাইয়া কতকগুলি বিশেষ প্রয়োজনীয় নিয়ম, এবং সাধারণ নিয়ম নিম্নে প্রদত্ত হইল।

১৯২। অজ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর এবং সাধারণতঃ অকারান্ত প্রাতিপদিকের উত্তর স্ত্রীলিঙ্গে আ হয়।

অজ = অজা (অজাদি)। খট্ব = খট্বা।

জ্যেষ্ঠ	... জ্যেষ্ঠা	কৃষ্ণ	... কৃষ্ণা	সর্ব	... সর্বা
কনিষ্ঠ	... কনিষ্ঠা	এক	... একা	বাল	... বালা
মধ্যম	... মধ্যমা	দ্বিতীয়	... দ্বিতীয়া	বৎস	... বৎসা
শ্বেত	... শ্বেতা	তৃতীয়	... তৃতীয়া	অশ্ব	... অশ্বা

শূদ্র জাতীয়া স্ত্রী বুঝাইলে শূদ্র শব্দের উত্তর আ হইবে—

শূদ্র শূদ্রা (শূদ্রজাতীয়া স্ত্রী)

CENTRAL LIBRARY

(অজাদি) অজ প্রভৃতি কতকগুলি শব্দ আছে যাহাদের উত্তর কেবল আ প্রত্যয়ই হয় অন্য কোন স্ত্রী প্রত্যয় হয় না। অজাদির মধ্যে কতকগুলি ব্যঞ্জনান্ত শব্দ ও কতকগুলি জাতিবাচক শব্দ আছে। যথা—

অজ	অজা	(অকারান্ত)
নিশ্	নিশা	(ব্যঞ্জনান্ত)
কোকিল	কোকিলা	(জাতিবাচক)
অশ্ব	অশ্বা	(জাতিবাচক)

ইত্যাদি।

১৯৩। নিত্যস্ত্রীলিঙ্গ ভিন্ন জাতিবাচক অকারান্ত প্রাতিপদিকের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়, এবং প্রাতিপদিকস্থিত অকারের লোপ হয় কিন্তু অকারের পূর্বে য় থাকিলে ঈ হয় না।

ব্রাহ্মণ	ব্রাহ্মণী	
ব্যাঘ্র	ব্যাঘ্রী	
ক্ষত্রিয়	ক্ষত্রিয়া	এখানে ঈ হইবে না।
বৈশ্য	বৈশ্যা	

১৯৪। চতুর্থ প্রভৃতি পূরণবাচক-প্রত্যয়ান্ত শব্দের উত্তর ঈ হয়, এবং পূর্বস্থিত অকারের লোপ হয়।

চতুর্থ	চতুর্থী
পঞ্চম	পঞ্চমী
দশম	দশমী
একাদশ	একাদশী

CENTRAL LIBRARY

১৯৫। স্ত্রী অর্থ বুঝাইলে অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈ হয় এবং পূর্বস্থিত অকারের লোপ হয়।

ব্রাহ্মণ	ব্রাহ্মণী	(ব্রাহ্মণের স্ত্রী)
শূদ্র	শূদ্রী	(শূদ্রের স্ত্রী)
যবন	যবনী	(যবনের স্ত্রী)
গোপ	গোপী	(গোপের স্ত্রী)

কিন্তু—

গোপালক	গোপালিকা	গোপালকের স্ত্রী
অশ্বপালক	অশ্বপালিকা	অশ্বপালকের স্ত্রী

ইন্দ্র, বরুণ, ভব, শর্ব, রুদ্র, আচার্য্য, উপাধ্যায় এবং মাতুল শব্দের উত্তর 'আনী' হয়—

ইন্দ্র	ইন্দ্রাণী	(ইন্দ্রের স্ত্রী)
বরুণ	বরুণানী	(বরুণের স্ত্রী)
আচার্য	আচার্যাণী	(আচার্যের স্ত্রী)
আচার্য্য	আচার্য্যা	(যিনি স্বয়ং অধ্যাপনাদি করেন)
মাতুল	মাতুলানী	(মাতুলের স্ত্রী)
উপাধ্যায়	উপাধ্যায়ানী	(উপাধ্যায়ের স্ত্রী)
	উপাধ্যায়ী	(যিনি স্বয়ং অধ্যাপনাদি করেন)

এবং

উপাধ্যায়া

হিম	হিমানী	(অতিশয় হিম)
অরণ্য	অরণ্যানী	(গভীর অরণ্য)

CENTRAL LIBRARY

১৯৬। প্রাতিপদিকের অন্তে ময়, কর (কৃ + ট), চর (চরট্), এয়, মাত্র, দৃশ প্রভৃতি থাকিলে তাহাদের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয় এবং পূর্বস্থিত অকারের লোপ হয়—

মৃন্ময়	মৃন্ময়ী
যশস্কর	যশস্করী
নিশাচর	নিশাচরী
সৌপর্ণেয়	সৌপর্ণেয়ী
উরুমাত্র	উরুমাত্রী
তাদৃশ	তাদৃশী
যাদৃশ	যাদৃশী

১৯৭। অ (অণ্ অথবা অঞ্) প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ঈ হয়, এবং পূর্বস্থিত অকারের লোপ হয়—

ঔৎস	(উৎস + অঞ্)	ঔৎসী
কুম্ভকার	(কুম্ভ-কৃ + অণ্)	কুম্ভকারী

১৯৮। বাল্যাবস্থা ও যৌবনাবস্থা বাচক অকারান্ত প্রাতিপদিকের উত্তর ঈ হয়, এবং পূর্বস্থিত অকারের লোপ হয়—

কুমার	কুমারী
কিশোর	কিশোরী

কিন্তু বৃদ্ধ বৃদ্ধা, স্থবির স্থবিরা।

ফল শব্দ এবং বৎস শব্দ অজাদিমধ্যে পরিগণিত, এই জন্য ঈ না হইয়া আ হইবে।

ফল	ফলা
বৎস	বৎসা (১৯২ দেখ)।

CENTRAL LIBRARY

১৯৯। স্ত্রী প্রত্যয়ের আ পরে থাকিলে প্রত্যয়ের ককারের পূর্বস্থিত অকার স্থানে ই হয়, কিন্তু সমাসে হয় না—

কারক কারিকা

পাচক পাচিকা

কিন্তু বহুপরিব্রাজকা স্থলে পূর্বস্থিত অকার স্থানে ই হইল না।

ক্ষিপকা প্রভৃতি শব্দের অকার স্থানে ই হয় না—

ক্ষিপক	ক্ষিপকা
সেবক	সেবকা
কন্যক	কন্যকা

২০০। কতকগুলি শব্দের অকার স্থানে বিকল্পে ই হয়—

অসমাসে—

সূতক	সূতকা	সূতিকা
পুত্রক	পুত্রকা	পুত্রিকা
আর্যক	আর্যকা	আর্যিকা

২০১। ন্‌কারান্ত এবং ঋকারান্ত প্রাতিপদিকের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়—

মনস্বিন্	মনস্বিনী
ব্রহ্মচারিন্	ব্রহ্মচারিণী
প্রিয়বাদিন্	প্রিয়বাদিনী
রাজন্	রাজ্ঞী
মঘবন্	মঘোনী
শ্বন্	শুনী
কর্তৃ	কর্ত্রী
ধাতৃ	ধাত্রী

CENTRAL LIBRARY

দ্রষ্টব্য—ঈ প্রত্যয় পরে থাকিলে অন্ ভাগান্ত শব্দের অকারের লোপ হয়, বন্ ও বস্ ভাগান্ত শব্দের বকার স্থানে উ হয়।

২০২। সংখ্যা বাচক য্‌কারান্ত, ন্‌কারান্ত প্রাতিপদিকের উত্তর এবং স্বসৃ, তিসৃ, চতসৃ, দুহিতৃ ও মাতৃ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে আ কিংবা ঈ হয় না। যুবন্ শব্দের স্ত্রীলিঙ্গে যুবতি এই প্রকার হইবে।

পঞ্চন্	পঞ্চন্
মাতৃ	মাতৃ
স্বসৃ	স্বসৃ
যুবন্	যুবতি

২০৩। অৎ, মৎ, বৎ, বস্, ঈয়স্ এবং অঞ্চ্ ভাগান্ত শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়—

ভবৎ	ভবতী	বিদ্বস্	বিদুষী
মহৎ	মহতী	স্বাদীয়স্	স্বাদীয়সী
শ্রীমৎ	শ্রীমতী	প্রাঞ্চ্	প্রাচী
জ্ঞানবৎ	জ্ঞানবতী	উদঞ্চ্	উদীচী

২০৪। গৌর প্রভৃতি কতকগুলি প্রাতিপদিকের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয়, এবং পূর্ব্বস্থিত অকারের লোপ হয়—

গৌর	গৌরী
হরিণ	হরিণী
নট	নটী
সুন্দর	সুন্দরী
তরুণ	তরুণী

CENTRAL LIBRARY

মাতামহ	মাতামহী
পিতামহ	পিতামহী
উভয়	উভয়ী
নদ	নদী
দেব	দেবী
পুত্র	পুত্রী
নর	নারী

ইত্যাদি।

২০৫। পতি শব্দের স্ত্রীলিঙ্গ পত্নী, (স্ত্রী) সপত্নী, সমান-পত্নী, একপত্নী, বীরপত্নী, ধর্মপত্নী ইত্যাদি। সমাসে কোন কোন স্থলে বিকল্পে পত্নী হয় যথা, গৃহপত্নী, গৃহপতিঃ (গৃহকর্ত্রী)।

(ক) সখি শব্দের স্ত্রীলিঙ্গে সখী।

২০৬। শুচি প্রভৃতি হ্রস্ব ইকারান্ত বিশেষণ শব্দের রূপ পুংলিঙ্গে ও স্ত্রীলিঙ্গে প্রায় সমান। সুধী প্রভৃতি দীর্ঘ ঈকারান্ত বিশেষণ শব্দের রূপ স্ত্রীলিঙ্গে ও পুংলিঙ্গে সর্ব্বতোভাবেই তুল্য। যথা,—

শুচিঃ, সুধীঃ।

২০৭। উকারান্ত বিশেষণ শব্দের উত্তর স্ত্রীলিঙ্গে ঈ হয় বিকল্পে—

মৃদু	মৃদ্বী	মৃদু
তনু	তন্বী	তনু
গুরু	গুর্বী	গুরু

গুরু (শিক্ষক), স্ত্রীলিঙ্গে গুরু

CENTRAL LIBRARY

(ক) উকারের পূর্ববর্ণ যদি সংযুক্ত হয় তাহা হইলে ঈ হয় না—

পাণ্ডু পাণ্ডু।

২০৮। উকারের পূর্বে য় না থাকিলে উকারের উত্তর স্ত্রীলিঙ্গে ঊ হয়—

কুরু কুরূ (কুরুবংশীয়া স্ত্রী)

নিম্নে ঊ হইল না,—

অধ্বর্যু।

(ক) শ্বশুর শব্দের স্ত্রীলিঙ্গে—শ্বশ্রূ।

২০৯। সমাসে বিশেষণ হইয়াছে এরূপ অকারান্ত অঙ্গবাচক শব্দের উত্তর ঈ ও আ হয়, অকারের পূর্বে * সংযুক্ত বর্ণ থাকিলে ঈ হয় না—

চন্দ্রমুখ	চন্দ্রমুখী	চন্দ্রমুখা
সুমুখ	সুমুখী	সুমুখা
সুকেশ	সুকেশী	সুকেশা

সুগুল্ফা, এখানে ঈ হইল না।

২১০। বহুস্বর বিশিষ্ট ক্রোড় প্রভৃতি শব্দের উত্তর আ হয়—

চটুলনয়ন	চটুলনয়না
সুজঘন	সুজঘনা

---

* ঈ হইলে সর্বত্র পূর্বস্থিত অকারের লোপ হয়।

CENTRAL LIBRARY

২১১। নাসিকা, উদর, ওষ্ঠ, কর্ণ, জঙ্ঘা, দন্ত, অঙ্গ, কণ্ঠ ও পুচ্ছ শব্দের উত্তর ঈ ও আ হয়। ঈ পরে থাকিলে পূর্বস্থিত আ ও অকারের লোপ হয়—

কৃশোদর	কৃশোদরী	কৃশোদরা
বিম্বোষ্ঠ	বিম্বোষ্ঠী	বিম্বোষ্ঠা
গোকর্ণ	গোকর্ণী	গোকর্ণা
তন্বঙ্গ	তন্বঙ্গী	তন্বঙ্গা
সুকণ্ঠ	সুকণ্ঠী	সুকণ্ঠা
সুপুচ্ছ	সুপুচ্ছী	সুপুচ্ছা

২১২। দিগ্‌বাচক শব্দ পূর্বপদ থাকিলে অঙ্গবাচক মুখ—শব্দের পর স্ত্রীলিঙ্গে ঈ হয়—

প্রাঙ্‌মুখ	প্রাঙ্‌মুখী
উদঙ্‌মুখ	উদঙ্‌মুখী

২১৩। উপমান বাচক শব্দের পর, এবং বাম শব্দের পর ঊরু শব্দ থাকিলে উ হয়—

করভোরু	করভোরূ
বামোরু	বামোরূ

CENTRAL LIBRARY

ধাতু

২১৪। ইউরোপীয় ব্যাকরণের tenses, moodsএর অনুরূপ সংস্কৃতে ক্রিয়ার কালবিভাগ দশবিধ, ইহাদিগকে যথাক্রমে লট্, লিঙ্, লোট্, লঙ্, লিট্, লুঙ্, লৃট্, লুট্, লৃঙ্, লেট্ বলা হয়। এই নাম গুলির প্রত্যেকের আদিতে ল্ আছে বলিয়া ইহাদিগকে সংক্ষেপে 'লকার' বলা হইয়া থাকে। ইহাদিগের মধ্যে ছয়টিতে ক্রিয়ার কাল tense সূচিত হয় যথা, লট্—বর্ত্তমান (Present tense), লঙ্—অনদ্যতন—অতীত (Imperfect tense), লিট্—পরোক্ষ—অনদ্যতন—অতীত (Perfect tense), লুঙ্—অতীত (Aorist), লৃট্—ভবিষ্যৎ (Future), লুট্—অনদ্যতন-ভবিষ্যৎ (Periphrastic future)। অবশিষ্ট চারি লকারে ক্রিয়ার প্রণালী (mood) সূচিত হইয়া থাকে, যথা লিঙ্—বিধি বা প্রার্থনা সূচিত করে (Potential or Optative), লোট্—অনুজ্ঞা সূচিত করে (Imperative), লৃঙ্—হেতুহেতুমদ্ভাব সূচিত করে (Conditional), লেট্—বিধ্যাদ্যর্থ ও হেতুহেতুমদ্ভাব সূচিত করে (Subjunctive)। লিঙ্ এর রূপ আবার দ্বিবিধ দৃষ্ট হয়, এই জন্য ইহাদিগের পৃথক্ নামকরণ আবশ্যক হয়। যাহাতে 'ভবেয়ম্' এই রূপ হয় তাহাকে বিধিলিঙ্ ও যাহাতে 'ভূয়াসম্' এই রূপ হয় তাহাকে আশীর্লিঙ্ বলা যাইতে পারে। কারণ একটিতে সাধারণতঃ বিধি ও অন্যটিতে আশীর্ব্বাদ অর্থ প্রকাশিত হয়। লেট্ এর প্রয়োগ কেবল বেদেই হইয়া থাকে, এইজন্য উহার রূপ এই ব্যাকরণে প্রদর্শিত হইবে না।

CENTRAL LIBRARY

২১৫। ছয়টি লকার ক্রিয়ার কালসূচক বলিয়া উক্ত হইলেও, তাহারা একটি বিশিষ্ট প্রণালীর সূচনা করে, অর্থাৎ তাহারা ক্রিয়ার নির্দ্দেশ সূচিত করে (Indicative)।

২১৬। ধাতু দুইপ্রকার—সকর্ম্মক ও অকর্ম্মক।

ইহা মনে রাখা উচিত ইউরোপীয় ব্যাকরণে অকর্ম্মক রূপে পরিগণিত কতকগুলি ধাতু, সংস্কৃত ব্যাকরণে কর্ম্ম থাকা নিবন্ধন সকর্ম্মক বলিয়া গ্রহণ করা হয়। ইংরাজীতে To go অকর্ম্মক কিন্তু সংস্কৃতে 'গম্' ধাতু সকর্ম্মক—গ্রামং গচ্ছতি (he goes to the village)।

২১৭। সংস্কৃতে ক্রিয়ার বাচ্যানুসারে দুইপ্রকার রূপ হয়—কর্ত্তৃবাচ্যের রূপ ও তদ্ভিন্নবাচ্যের রূপ। শেষোক্ত রূপটি দ্বিবিধ প্রকারে প্রযুক্ত হয়—ইহাকে যথাক্রমে কর্ম্মণি প্রয়োগ ও ভাবে প্রয়োগ বলা হয়। যথা—দেবদত্তেন ফলং ভক্ষ্যতে (দেবদত্ত কর্ত্তৃক ফল ভক্ষিত হইতেছে)—কর্ম্মণি প্রয়োগ। আস্যতে দেবদত্তেন (দেবদত্ত কর্ত্তৃক বসা হইতেছে অর্থাৎ দেবদত্ত বসিতেছেন)—ভাবে প্রয়োগ।

শেষোক্ত প্রয়োগটি ভূ আস্ প্রভৃতি অকর্ম্মক ধাতুরই হইয়া থাকে। এইরূপ বাক্যভঙ্গীকে ইংরাজী ব্যাকরণে Impersonal বা অস্ফুটোদ্দেশ্য বলা হইয়া থাকে।

সকর্ম্মক ধাতু কর্ত্তরি বাচ্যে প্রযুক্ত হইতে পারে—যথা দেবদত্তঃ ফলং ভক্ষয়তি। অথবা কর্ম্মণি বাচ্যে প্রযুক্ত হইতে পারে (উপরের উদাহরণ দেখ)।

অকর্ম্মক ধাতুর কর্ত্তরি বা ভাবে প্রয়োগ দৃষ্ট হয়। যথা, আস্তে দেবদত্তঃ বা আস্যতে দেবদত্তেন।

CENTRAL LIBRARY

২১৮। ধাতুর তিঙ্ বিভক্তির দুইটী স্বতন্ত্র ধারা আছে—একটিকে পরস্মৈপদ ও অন্যটিকে আত্মনেপদ বলা হইয়া থাকে। কতকগুলি ধাতুর উত্তর কেবল পরস্মৈপদ বিভক্তি হয়, আর কতকগুলি ধাতুর উত্তর কেবল আত্মনেপদ বিভক্তি হয়, আবার কতকগুলি ধাতুর উত্তর পরস্মৈপদ ও আত্মনেপদ এই উভয়বিধ বিভক্তিই হয়। এই উভয় পদী ধাতুতে পরস্মৈপদের বিভক্তি যোগ করিলে ক্রিয়া-ফল কর্তৃভিন্ন অন্যের বুঝায়, ও আত্মনেপদের বিভক্তি যোগ করিলে ক্রিয়া-ফল সাধারণতঃ স্বয়ং কর্ত্তারই বুঝায়। যথা যজতি—তিনি যাগ করিতেছেন (পরের মঙ্গলের জন্য); যজতে—তিনি আত্মহিতের জন্য যাগ করিতেছেন। কিন্তু এ নিয়মের বহুস্থলে ব্যতিক্রম দৃষ্ট হয়।

২১৯। আত্মনেপদের এই সাধারণ প্রয়োগ লক্ষ্য করিয়া পাশ্চাত্য বৈয়াকরণদিগের মধ্যে কেহ কেহ আত্মনেপদকে একটি স্বতন্ত্র বাচ্য বলিয়া মনে করেন। তাঁহারা ইহাকে Reflective voice বা স্বোপকারক বাচ্য বলেন। ইহার অপর একটি নাম Middle voice বা মধ্যবাচ্য।

২২০। লট্, লোট্, লঙ্, বিধি-লিঙ্ এই চারি লকারে ধাতু হইতে বিবিধ উপায়ে উদ্ভূত অঙ্গের উত্তরই তিঙ্ বিভক্তির প্রয়োগ হয়। অন্যান্য লকারে প্রায় অবিকৃত ধাতুর উত্তরই বিভক্তি যোগ হয়। পূর্ব্বোক্ত চারি লকারে বিভক্তি যোগের পূর্ব্বে ধাতুর যে বিকার হয় তাহা মোটামুটি দশ প্রকারের বলা যায়। সুতরাং এই বিকারসাম্য লক্ষ্য করিয়া সংস্কৃত ব্যাকরণে ধাতুসমূহকে দশভাগে ভাগ করা হইয়াছে।

CENTRAL LIBRARY

ইহার প্রত্যেকটিকে গণ বলে। সংস্কৃতে ধাতু সমূহের দশটী গণ।

ভ্বাদ্যদাদির্জুহোত্যাদির্দিবাদিঃ স্বাদিরেব চ।
তুদাদিশ্চ রুধাদিশ্চ তনক্র্যাদিচুরাদয়ঃ॥

যে চারি লকারে ধাতুর বিশেষ পরিবর্ত্তন হয় তাহাদিগকে বিশেষ-লকার ও অবশিষ্ট গুলিকে সাধারণ-লকার বলা যাইতে পারে।

২২১। দশ-গণীয় ধাতুকে দুই শ্রেণীতে বিভক্ত করা যাইতে পারে। প্রথম,—যে সকল ধাতুর অঙ্গ বিশেষ-লকারে অকারান্ত; এবং দ্বিতীয়,—যে সকল ধাতুর অঙ্গ বিশেষ-লকারে অনকারান্ত।

২২২। প্রথম, চতুর্থ, ষষ্ঠ ও দশম গণীয় ধাতু প্রথম শ্রেণীর অন্তর্ভুক্ত। সংস্কৃত ব্যাকরণে গণ পাঠের প্রত্যেকগণের প্রথম পঠিত ধাতুর নামে গণের নামকরণ হইয়াছে। সুতরাং ১। ভ্বাদি (ভূ আদিতে যাহার), এইরূপ ৪। দিবাদি; ৬। তুদাদি ও ১০। চুরাদি।

২২৩। দ্বিতীয়, তৃতীয়, পঞ্চম, সপ্তম, অষ্টম ও নবম গণীয় ধাতু দ্বিতীয় শ্রেণীর অন্তর্ভুক্ত। যথা—

২। অদাদি	৩। জুহোত্যাদি
৫। স্বাদি	৭। রুধাদি
৮। তনাদি	৯। ক্র্যাদি।

২২৪। লঙে সকল গণীয় ধাতুর পূর্ব্বে 'অ' আগম হয়। ধাতুর আদিতে স্বরবর্ণ থাকিলে তাহার বৃদ্ধি হয়।

CENTRAL LIBRARY

লঙ্ প্রথম পুরুষ একবচনে—'ভূ' ধাতুর 'অভবৎ' হয়, 'দ্বিষ্' ধাতুর 'অদ্বেট্'; 'ঈক্ষ্' ধাতুর 'ঐক্ষত'; 'উহ্' ধাতুর 'ঔহত'; ও 'ঋচ্ছ্' ধাতুর 'আর্চ্ছৎ' হয়।

২২৫। ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকিলে উপসর্গ ও ধাতুর মধ্যে এই অকারাগম হইয়া থাকে, যথা—উৎ+ভূ, লঙে উদভবৎ।

প্রথম শ্রেণী

২২৬। প্রথম শ্রেণীর ধাতুর জন্য তিঙ্ বিভক্তির নিম্ন লিখিত রূপ—

পরস্মৈপদ

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তি	তস্ (তঃ)	অন্তি
মধ্যম পুরুষ	সি	থস্ (থঃ)	থ
উত্তম পুরুষ	মি	বস্ (বঃ)	মস্ (মঃ)

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তু	তাম্	অন্তু
মধ্যম পুরুষ	...*	তম্	ত
উত্তম পুরুষ	আনি	আব	আম

* লোট্ মধ্যম পুরুষ একবচনের হি বিভক্তির প্রথম শ্রেণীর ধাতুর উত্তর লোপ হয়। এই জন্য এই স্থলে বিভক্তির স্বরূপ দেখান হয় নাই।

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ৎ	তাম্	অন্
মধ্যম পুরুষ	স্ (ঃ)	তম্	ত
উত্তম পুরুষ	অম্	ব	ম

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ঈৎ	ঈতাম্	ঈয়ুঃ
মধ্যম পুরুষ	ঈঃ	ঈতম্	ঈত
উত্তম পুরুষ	ঈয়ম্	ঈব	ঈম

আত্মনেপদ

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তে	ইতে	অন্তে
মধ্যম পুরুষ	সে	ইথে	ধ্বে
উত্তম পুরুষ	ই	বহে	মহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তাম্	ইতাম্	অন্তাম্
মধ্যম পুরুষ	স্ব	ইথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ঐ	আবহৈ	আমহৈ

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ত	ইতাম্	অন্ত
মধ্যম পুরুষ	থাস্ (থাঃ)	ইথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ই	বহি	মহি

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ঈত	ঈয়াতাম্	ঈরন্
মধ্যম পুরুষ	ঈথাঃ	ঈয়াথাম্	ঈধ্বম্
উত্তম পুরুষ	ঈয়	ঈবহি	ঈমহি

২২৭। বিভক্তির আদিতে ব ও ম থাকিলে ধাতুর অঙ্গের অন্ত্য অকার দীর্ঘ হয়। বিভক্তির আদিতে অ থাকিলে উহার লোপ হয়।

প্রথম গণ

ভ্বাদি

২২৮। ধাতুর অন্তে অ যোগ করিয়া এই গণায় ধাতুর অঙ্গ উৎপন্ন হয়। অ যোগ করিতে গেলে ধাতুর অন্ত্যস্বর বা উপধা লঘুস্বরের গুণ হয়। অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ণকে উপধা বলে। অতএব 'ভূ' ধাতুর অঙ্গ 'ভব' (ভো + অ), 'জি' ধাতুর 'জয়', 'নী' ধাতুর 'নয়', 'হৃ' ধাতুর 'হর', 'রুহ্' ধাতুর 'রোহ, 'বৃধ্' ধাতুর 'বর্ধ'। কিন্তু 'ক্রীড়্' ধাতুর 'ক্রীড়', 'পৎ' ধাতুর 'পত'।

CENTRAL LIBRARY

২২৯। বর্ত্তমানার্থে—লট্ লকার

পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবতি	ভবতঃ	ভবন্তি
মধ্যম পুরুষ	ভবসি	ভবথঃ	ভবথ
উত্তম পুরুষ	ভবামি	ভবাবঃ	ভবামঃ

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	লভতে	লভেতে	লভন্তে
মধ্যম পুরুষ	লভসে	লভেথে	লভধ্বে
উত্তম পুরুষ	লভে	লভাবহে	লভামহে

অনুজ্ঞার্থে—লোট্ লকার

পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবতু	ভবতাম্	ভবন্তু
মধ্যম পুরুষ	ভব	ভবতম্	ভবত
উত্তম পুরুষ	ভবানি	ভবাব	ভবাম

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	লভতাম্	লভেতাম্	লভন্তাম্
মধ্যম পুরুষ	লভস্ব	লভেথাম্	লভধ্বম্
উত্তম পুরুষ	লভৈ	লভাবহৈ	লভামহৈ

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত অর্থে—লঙ্

পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অভবৎ	অভবতাম্	অভবন্
মধ্যম পুরুষ	অভবঃ	অভবতম্	অভবত
উত্তম পুরুষ	অভবম্	অভবাব	অভবাম

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অলভত	অলভেতাম্	অলভন্ত
মধ্যম পুরুষ	অলভথাঃ	অলভেথাম্	অলভধ্বম্
উত্তম পুরুষ	অলভে	অলভাবহি	অলভামহি

বিধি অর্থে—লিঙ্ লকার

পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবেৎ	ভবেতাম্	ভবেযুঃ
মধ্যম পুরুষ	ভবেঃ	ভবেতম্	ভবেত
উত্তম পুরুষ	ভবেয়ম্	ভবেব	ভবেম

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	লভেত	লভেয়াতাম্	লভেরন্
মধ্যম পুরুষ	লভেথাঃ	লভেয়াথাম্	লভেধ্বম্
উত্তম পুরুষ	লভেয়	লভেবহি	লভেমহি

CENTRAL LIBRARY

২৩০। গুহ্ ও ক্রম্ ধাতুর স্বর (পরস্মৈপদে) দীর্ঘ হয়—গূহতি, ক্রামতি, (কিন্তু আত্মনেপদে ক্রমতে)।

মৃজ্ ধাতুর বৃদ্ধি হয়—মার্জ্জতি।

সদ্ ধাতুর অকার স্থানে ঈ হয়—সীদতি।

দংশ্, রঞ্জ্, সঞ্জ্, স্বঞ্জ্ এর অনুনাসিকের লোপ হয়—দশতি পরিষ্বজতে।

গম্ ও যম্ ধাতুর ম্ স্থানে চ্ছ্ হয়—গচ্ছতি, যচ্ছতি। ঋ ধাতুর ঋচ্ছতি হয়।

ঘ্রা, পা, ও স্থা স্থানে যথাক্রমে জিঘ্র, পিব ও তিষ্ঠ আদেশ হয়—জিঘ্রতি, পিবতি, তিষ্ঠতি।

ধ্মা ও ম্না ধাতুর স্থানে ধম ও মন আদেশ হয়—ধমতি, মনতি।

দৃশ্ স্থানে পশ্য আদেশ হয়—পশ্যতি।

চতুর্থ গণ

দিবাদি

২৩১। এই গণায় ধাতুর অঙ্গ য-যোগে উৎপন্ন হয়। যথা, নহ্ ও যুধ্ ধাতুর একবচনে—

লট্ পরস্মৈপদ—নহ্যতি, নহ্যসি, নহ্যামি

লট্ আত্মনেপদ—যুধ্যতে, যুধ্যসে, যুধ্যে

লোট্ পরস্মৈপদ—নহ্যতু, নহ্য, নহ্যানি

লোট্ আত্মনেপদ—যুধ্যতাম্, যুধ্যস্ব, যুধ্যৈ

লঙ্ পরস্মৈপদ—অনহ্যৎ ইত্যাদি

লঙ্ আত্মনেপদ—অযুধ্যত ইত্যাদি

লিঙ্ পরস্মৈপদ—নহ্যেৎ ইত্যাদি

লিঙ্ আত্মনেপদ—যুধ্যেত ইত্যাদি।

CENTRAL LIBRARY

২৩২। মদ্ ধাতু ও যে সকল ধাতু অম্ ভাগান্ত তাহাদিগের অকার দীর্ঘ হয়। মদ্-মাদ্যতি ; ক্রম্ (বস্তুতঃ ভ্বাদিগণীয়, কিন্তু ইহার দিবাদি গণীয়ের মত রূপও হয়) ক্রাম্যতি।

২৩৩। দিব্ ও সিব্ ধাতুর ইকার দীর্ঘ হয়—দীব্যতি, সীব্যতি।
ভ্রংশ ধাতুর অনুনাসিকের লোপ হয়—ভ্রশ্যতি।
ব্যধ্ ধাতুর স্থানে বিধ্ আদেশ হয়—বিধ্যতি।
জন্ ধাতুর স্থানে জা আদেশ হয়—জায়তে।

ষষ্ঠ গণ

তুদাদি

২৩৪। এই গণে অ যোগে ধাতুর অঙ্গ উৎপন্ন হয়, কিন্তু ধাতুর স্বরের গুণ হয় না। এই অ পরে থাকিলে ধাতুর অন্তের ই, ঈ স্থানে ইয়্ ও উ, ঊ স্থানে উব্, ঋ স্থানে রিয়্ ও ৠ স্থানে ইর্ হয়।

তুদ্—তুদতি, ক্ষিপ্—ক্ষিপতি, ধূ—ধুবতি, মৃ—ম্রিয়তে, কৄ—কিরতি।

উত্তমপুরুষ একবচন

লট্ পরস্মৈপদ	তুদামি
লট্ আত্মনেপদ	ক্ষিপে
লোট্ পরস্মৈপদ	তুদানি
লোট্ আত্মনেপদ	ক্ষিপৈ
লঙ্ পরস্মৈপদ	অতুদম্
লঙ্ আত্মনেপদ	অক্ষিপে
লিঙ্ পরস্মৈপদ	তুদেয়ম্
লিঙ্ আত্মনেপদ	ক্ষিপেয়

CENTRAL LIBRARY

২৩৫। কৃৎ, মুচ্, লিপ্, লুপ্, (বিদ্ লাভে), সিচ্ ধাতুতে একটি অনুনাসিকের অন্তর্নিবেশ হয়—কৃন্ততি, মুঞ্চতি, লিম্পতি, লুম্পতি, বিন্দতি, সিঞ্চতি।

ইষ্ ধাতুর অঙ্গ ইচ্ছ—ইচ্ছতি ; প্রচ্ছ্, ভ্রস্জ্ ও ব্রশ্চ্ ধাতুর যথাক্রমে পৃচ্ছ, ভৃজ্জ, বৃশ্চ—পৃচ্ছতি, ভৃজ্জতি, বৃশ্চতি।

দশম গণ

চুরাদি

২৩৬। এই গণে অয় যোগে ধাতুর অঙ্গ উদ্ভূত হয়। ধাতুর অন্ত্যস্বরের ও উপধা অকারের বৃদ্ধি * হয়। অ ভিন্ন উপধা লঘুস্বরের গুণ † হয়।

যু—যাবয়তি, বৃ—বারয়তি, তড্—তাড়য়তি, চিৎ—চেতয়তে, চুর্—চোরয়তি।

২৩৭। উত্তমপুরুষ একবচন

লট্ পরস্মৈপদ	চোরয়ামি
লট্ আত্মনেপদ	চেতয়ে
লোট্ পরস্মৈপদ	চোরয়াণি
লোট্ আত্মনেপদ	চেতয়ৈ
লঙ্ পরস্মৈপদ	অচোরয়ম্
লঙ্ আত্মনেপদ	অচেতয়ে
লিঙ্ পরস্মৈপদ	চোরয়েয়ম্
লিঙ্ আত্মনেপদ	চেতয়েয়

* কথ, গণ প্রভৃতি ধাতুর বৃদ্ধি হয় না। † মৃগ্ প্রভৃতি ধাতুর গুণ হয় না।

CENTRAL LIBRARY

দ্বিতীয়-শ্রেণী

২৩৮। এই শ্রেণীতে বিভক্তিগুলি ধাতুর অন্ত্যবর্ণের সহিত অব্যবহিত ভাবে সংলগ্ন হয় অথবা বিভক্তি ও ধাতুর অন্তর্নিবিষ্ট নু, উ, বা নার সহিত সংলগ্ন হয়। এই শ্রেণীর ক্রিয়ার বিশেষত্ব এই যে, কতকগুলি বিভক্তির পূর্ব্বে ধাতু বা ধাত্বঙ্গের স্বরের পরিবর্ত্তন ঘটিয়া থাকে। পাশ্চাত্য বৈয়াকরণেরা এই পরিবর্ত্তনকে Strengthening বা পীনতা বলিয়া থাকেন। অবশিষ্ট বিভক্তিতে ঐ স্বর অবিকৃত থাকে। এই অবিকৃত অবস্থাকে পাশ্চাত্য ব্যাকরণে ক্ষীণতা বলে। সুতরাং এই শ্রেণীর ধাতু বা ধাত্বঙ্গের পীনতা ও ক্ষীণতা এই দ্বিবিধ অবস্থা আছে বলা যাইতে পারে। বিভক্তি সম্বন্ধেও এইরূপ পীনতা ও ক্ষীণতা বলা যায়। সংস্কৃত ব্যাকরণে এই দুই প্রকারের বিভক্তির পারিভাষিক নাম যথাক্রমে পিৎ ও অপিৎ বিভক্তি।

২৩৯। পরস্মৈপদে লট্ ও লঙের একবচনের বিভক্তিগুলি, লোটের প্রথম পুরুষের একবচন ও উত্তম পুরুষের সকল বচনের বিভক্তিগুলি, এবং আত্মনেপদে লোটের উত্তম পুরুষের সকল বচনের বিভক্তিগুলিতে ধাতু বা ধাত্বঙ্গ পীন হয়। সুতরাং এইগুলি পিৎ বিভক্তি।

২৪০। লট্, লোট্, ও লঙে প্রথম শ্রেণীর ও দ্বিতীয় শ্রেণীর ধাতুর বিভক্তির একই রূপ। কেবল লোট্ মধ্যম পুরুষের একবচনে প্রথমশ্রেণীর ধাতুর অঙ্গের সহিত বিভক্তি যুক্ত হয় না; কিন্তু দ্বিতীয়শ্রেণীর ধাতুর পর অর্থাৎ দ্বিতীয় শ্রেণীর ধাতুর অন্তে অকার ভিন্ন স্বর থাকিলে হি হয় এবং ব্যঞ্জনবর্ণ থাকিলে প্রায়ই ধি হয়।

CENTRAL LIBRARY

দ্বিতীয়শ্রেণীর ধাতুর জন্য লিঙের পরস্মৈপদ বিভক্তি নিম্নপ্রকার—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যাৎ	যাতাম্	যুস্ (যুঃ)
মধ্যম পুরুষ	যাস্ (যাঃ)	যাতম্	যাত
উত্তম পুরুষ	যাম্	যাব	যাম

২৪১। দ্বিতীয়শ্রেণীর ধাতুর জন্য আত্মনেপদের বিভক্তি নিম্নপ্রকার—

বর্ত্তমান-লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তে	আতে	অতে
মধ্যম পুরুষ	সে	আথে	ধ্বে
উত্তম পুরুষ	এ	বহে	মহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তাম্	আতাম	অতাম্
মধ্যম পুরুষ	স্ব	আথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ঐ	আবহৈ	আমহৈ

অনদ্যতন-অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ত	আতাম	অত
মধ্যম পুরুষ	থাস্ (থাঃ)	আথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	ই	বহি	মহি

CENTRAL LIBRARY

বিধি—লিঙ্

প্রথম শ্রেণীর—বিভক্তির অনুরূপ।

দ্বিতীয় গণ

অদাদি

২৪২। এই গণে বিভক্তিগুলি ধাতুর অন্ত্যবর্ণের সহিত অব্যবহিত ভাবে যুক্ত হয়—অদ্ + মি = অদ্মি।

২৪৩। পিৎ বিভক্তিতে ধাতুর স্বরের যথাসম্ভব গুণ হয়।

দ্বিষ্ + তি = দ্বেষ্টি, বী + মি = বেমি।

দুহ্ + তু = দোগ্ধু, দুহ্ + মি = দোগ্ধি।

২৪৪। আকারান্ত ধাতু ও দ্বিষ্ ধাতুর পর লঙের অন্ বিভক্তি স্থানে বিকল্পে উস্ হয়। যথা যা ধাতু লঙ্ প্রথম পুরুষের বহুবচনে অযান্ বা অযুঃ হইবে।

দ্রষ্টব্য—এই গণীয় ধাতুর রূপ কিছু দুরূহ। কারণ ধাতুর অন্ত্যবর্ণের সহিত অব্যবহিতভাবে বিভক্তিযুক্ত হওয়ায় ইহার মধ্যবর্ত্তী অবয়বে নানারূপ জটিল ও অসাধারণ সন্ধির উদ্ভব হয়।

২৪৫। পরস্মৈপদ—দ্বিষ্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দ্বেষ্টি	দ্বিষ্টঃ	দ্বিষন্তি
মধ্যম পুরুষ	দ্বেক্ষি	দ্বিষ্ঠঃ	দ্বিষ্ঠ
উত্তম পুরুষ	দ্বেষ্মি	দ্বিষ্বঃ	দ্বিষ্মঃ

CENTRAL LIBRARY

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দ্বেষ্টু	দ্বিষ্টাম্	দ্বিষন্তু
মধ্যম পুরুষ	দ্বিড্ঢি	দ্বিষ্টম্	দ্বিষ্ট
উত্তম পুরুষ	দ্বেষাণি	দ্বেষাব	দ্বেষাম

অনদ্যতন-অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদ্বেড্ (ট্)	অদ্বিষ্টাম্	অদ্বিষন্ (অদ্বিষুঃ)
মধ্যম পুরুষ	অদ্বেড্ (ট্)	অদ্বিষ্টম্	অদ্বিষ্ট
উত্তম পুরুষ	অদ্বেষম্	অদ্বিষ্ব	অদ্বিষ্ম

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দ্বিষ্যাৎ	দ্বিষ্যাতম্	দ্বিষ্যুঃ
মধ্যম পুরুষ	দ্বিষ্যাঃ	দ্বিষ্যাতম্	দ্বিষ্যাত
উত্তম পুরুষ	দ্বিষ্যাম্	দ্বিষ্যাব	দ্বিষ্যাম

আত্মনেপদ

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দ্বিষ্টে	দ্বিষাতে	দ্বিষতে
মধ্যম পুরুষ	দ্বিক্ষে	দ্বিষাথে	দ্বিড্ঢ্বে
উত্তম পুরুষ	দ্বিষে	দ্বিষ্বহে	দ্বিষ্মহে

CENTRAL LIBRARY

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দ্বিষ্টাম্	দ্বিষাতাম্	দ্বিষতাম্
মধ্যম পুরুষ	দ্বিক্ষ্ব	দ্বিষাথাম্	দ্বিড্ঢ্বম্
উত্তম পুরুষ	দ্বেষৈ	দ্বেষাবহৈ	দ্বেষামহৈ

অনদ্যতন-অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদ্বিষ্ট	অদ্বিষাতাম্	অদ্বিষত
মধ্যম-পুরুষ	অদ্বিষ্ঠাঃ	অদ্বিষাথাম্	অদ্বিড্ঢ্বম্
উত্তম পুরুষ	অদ্বিষি	অদ্বিষ্বহি	অদ্বিষ্মহি

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দ্বিষীত	দ্বিষীযাতাম্	দ্বিষীরন্
মধ্যম পুরুষ	দ্বিষীথাঃ	দ্বিষীযাথাম্	দ্বিষীধ্বম্
উত্তম পুরুষ	দ্বিষীয়	দ্বিষীবহি	দ্বিষীমহি

২৪৬। নিম্নের ধাতুরূপে মধ্যবর্ত্তী অবয়বে কিঞ্চিৎ জটিলতা লক্ষিত হইবে।

পরস্মৈপদ—লিহ্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	লেঢি	লীঢঃ	লিহন্তি
মধ্যম পুরুষ	লেক্ষি	লীঢঃ	লীঢ
উত্তম পুরুষ	লেহ্মি	লিহ্বঃ	লিহ্মঃ

CENTRAL LIBRARY

অনদ্যতন-অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অলেড্ (অলেট্)	অলীঢাম্	অলিহন্
মধ্যম পুরুষ	অলেড্ (অলেট্)	অলীঢম্	অলীঢ
উত্তম পুরুষ	অলেহম্	অলিহ্ব	অলিহ্ম

২৪৭। পরস্মৈপদ—দুহ্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দোগ্ধি	দুগ্ধঃ	দুহন্তি
মধ্যম পুরুষ	ধোক্ষি	দুগ্ধঃ	দুগ্ধ
উত্তম পুরুষ	দোহ্মি	দুহ্বঃ	দুহ্মঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দোগ্ধু	দুগ্ধাম্	দুহন্তু
মধ্যম পুরুষ	দুগ্ধি	দুগ্ধম্	দুগ্ধ
উত্তম পুরুষ	দোহানি	দোহাব	দোহাম

অনদ্যতন-অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অধোক্ (গ্)	অদুগ্ধাম্	অদুহন্
মধ্যম পুরুষ	অধোক্ (গ্)	অদুগ্ধম্	অদুগ্ধ
উত্তম পুরুষ	অদোহম্	অদুহ্ব	অদুহ্ম

CENTRAL LIBRARY

২৪৮। প্রায় সর্ব্বদা ব্যবহার্য্য অস্ (সত্তার্থক) ধাতুও এই গণের অন্তর্গত। ইহার রূপে নানা বিশেষত্ব আছে। তাহা নিম্নে প্রদর্শিত হইল।

পরস্মৈপদ—অস্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অস্তি	স্তঃ	সন্তি
মধ্যম পুরুষ	অসি	স্থঃ	স্থ
উত্তম পুরুষ	অস্মি	স্বঃ	স্মঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অস্তু	স্তাম্	সন্তু
মধ্যম পুরুষ	এধি	স্তম্	স্ত
উত্তম পুরুষ	অসানি	অসাব	অসাম

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	আসীৎ	আস্তাম্	আসন্
মধ্যম পুরুষ	আসীঃ	আস্তম্	আস্ত
উত্তম পুরুষ	আসম্	আস্ব	আস্ম

CENTRAL LIBRARY

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	স্যাৎ	স্যাতাম্	স্যুঃ
মধ্যম পুরুষ	স্যাঃ	স্যাতম্	স্যাত
উত্তম পুরুষ	স্যাম্	স্যাব	স্যাম

২৪৯। এই গণীয় আরও কএকটি প্রয়োজনীয় ধাতু, যথা—'যা' (উত্তম পুরুষ একবচন) লট্—যামি, লোট্—যানি, লঙ্—অযাম্, লিঙ্—যায়াম্।

২৫০। জাগৃ (উত্তম পুরুষ একবচন) লট্—জাগর্মি, লোট্—জাগরাণি, লঙ্—অজাগরম্, লিঙ্—জাগৃয়াম্।

২৫১। চক্ষ্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চষ্টে	চক্ষাতে	চক্ষতে
মধ্যম পুরুষ	চক্ষে	চক্ষাথে	চড্ঢ্বে
উত্তম পুরুষ	চক্ষে	চক্ষ্বহে	চক্ষমহে

লোট্—চষ্টাম্, চক্ষ্ব, চক্ষৈ; লঙ্—অচক্ষি (উত্তম পুরুষ একবচন); লিঙ্—চক্ষীয় (উত্তম পুরুষ একবচন)

২৫২। ই—পিৎ ভিন্ন বিভক্তির স্বর পরে থাকিলে ই-ধাতুর স্থানে য্ই হয়।

CENTRAL LIBRARY

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	এতি	ইতঃ	যন্তি
মধ্যম পুরুষ	এষি	ইথঃ	ইথ
উত্তম পুরুষ	এমি	ইবঃ	ইমঃ

লোট্—এতু, ইহি, অয়ানি; লঙ্—আয়ম্ (উত্তম পুরুষ একবচন); বিধি—ইয়াম্ (উত্তম পুরুষ একবচন); অধি পূর্বক ই আত্মনেপদ—(উত্তম পুরুষ একবচনে) লট্—অধীয়ে; লোট্—অধ্যয়ৈ; লঙ্—অধ্যৈয়ি; লিঙ্—অধীয়ীয়। লোট্-মধ্যম পুরুষ-অধীষ্ব ইত্যাদি।

২৫৩। বচ্—লট্—বচ্মি, লোট্-বঞ্চি, বচানি; লঙ্-অবচম্; লিঙ্-বচ্যাম্।

২৫৪। হন্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	হন্তি	হতঃ	ঘ্নন্তি
মধ্যম পুরুষ	হংসি	হথঃ	হথ
উত্তম পুরুষ	হন্মি	হন্বঃ	হন্মঃ

লোট্—হন্তু, জহি, হনানি; ঘ্নন্তু (প্রথম পুরুষ বহুবচন); লঙ্-অহনম্; লিঙ্—হন্যাম্।

২৫৫। আত্মনেপদের বিভক্তি পরে থাকিলে শী—ধাতুর স্বরের গুণ হয়। লট্, লোট্, লঙ্ প্রথম পুরুষ বহুবচনের বিভক্তি পরে থাকিলে ধাতুর পরে র্ আগম হয়।

CENTRAL LIBRARY

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	শেতে	শয়াতে	শেরতে
মধ্যম পুরুষ	শেষে	শয়াথে	শেধ্বে
উত্তম পুরুষ	শয়ে	শেবহে	শেমহে

লোট্ ও লঙের প্রথম পুরুষের বহুবচনে যথাক্রমে—শেরতাম্ ও অশেরত হয়।

২৫৬। ব্যঞ্জনাদি পিৎ বিভক্তি পরে থাকিলে উকারান্ত ধাতুর গুণ না হইয়া বৃদ্ধি হয়। নু—নৌতি, নৌষি, নৌমি।

২৫৭। যভিন্ন ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে, অন্, জক্ষ্, রুদ্, শ্বস্ ও স্বপ্ ধাতুর পরে ইকার সন্নিবিষ্ট হয়। কিন্তু লঙের ৎ ও স্ বিভক্তি পরে থাকিলে ঈ বা অ সন্নিবিষ্ট হইয়া থাকে।

লট্—রোদিমি, স্বপিমি; কিন্তু লঙ্ প্রথমপুরুষ একবচনে অরোদীৎ বা অরোদৎ।

২৫৮। যভিন্ন ব্যঞ্জনাদি পিৎ বিভক্তি পরে থাকিলে ব্রূ ধাতুর পরে এবং উক্ত বিভক্তির পূর্ব্বে ঈকারাগম হয়—ব্রবীমি।

তৃতীয় গণ

জুহোত্যাদি

২৫৯। এই গণের বিশেষত্ব এই যে বিশেষ-লকার পরে থাকিলে ধাতুর বিভক্তির সহিত মিলিত হইবার পূর্ব্বে ধাতু অভ্যস্ত হয়, অর্থাৎ উহার প্রথম স্বরান্ত অংশের দ্বিত্ব হয়। দ্বিত্ব হইলে প্রথম অংশকে অভ্যাস কহে।

CENTRAL LIBRARY

২৬০। ধাতু অভ্যস্ত হইলে একপ্রকার লিটের রূপের ন্যায় রূপ হয়। এই জন্য ইহাকে পাশ্চাত্য ব্যাকরণে পরোক্ষানদ্যতনাতীত অভ্যস্ত (Reduplicated Perfect) বলা হয়।

২৬১। অভ্যস্ত হইলে 'তুদ্' 'তুতুদ্' হইবে ; 'পত্' = 'পপৎ' হইবে ; 'বুধ্' 'বুবুধ্' হইবে। এবং প্রথম 'তু', প্রথম 'প' ও প্রথম 'বু'কে অভ্যাস বলিয়া জানিবে।

ধাতু অভ্যস্ত হইলে অনেক স্থলে আরও কিছু কিছু পরিবর্ত্তন হয়। যথা—

(ক) ধাতুর আদিতে বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ থাকিলে অভ্যাসাংশে উহাদের স্থলে যথাক্রমে বর্গের প্রথম ও তৃতীয় বর্ণ হয়। যথা—

ছিদ্—চিচ্ছিদ্ ; ফল্—পফল্, ভিদ্—বিভিদ্।

(খ) ধাতুর আদিতে ক-বর্গ বা হ থাকিলে উহাদিগের স্থলে চ-বর্গ হয়, অর্থাৎ ক ও খ স্থলে চ ; গ, ঘ ও হ স্থলে জ হয়। কম্—চকম্ ; খন্—চখন্ ; গম্—জগম্ ; হস্—জহস্।

(গ) ধাতুর আদিতে সংযুক্ত বর্ণ থাকিলে উহার আদিভূত ব্যঞ্জনেরই অভ্যাস হয়—

ক্ষিপ্—চিক্ষিপ্, প্রচ্ছ্—পপ্রচ্ছ্।

(ঘ) ধাতুর দীর্ঘ স্বর অভ্যাসে হ্রস্ব হয়—

ধা—দধা, নী—নিনী ; গাহ্—জগাহ্।

(ঙ) ধাতুর আদ্য সংযুক্ত বর্ণের আদিতে উষ্মবর্ণ থাকিলে এবং এই উষ্মবর্ণের পর বর্গের প্রথম বা দ্বিতীয় বর্ণ থাকিলে, অভ্যাসে উষ্মবর্ণের লোপ হয়—

CENTRAL LIBRARY

স্পর্ধ্—পস্পর্ধ্, স্থা—তস্থা। অন্যথা স্থল যথা, স্মৃ—সস্মৃ।

(চ) ধাতুর অন্ত্য এ, ঐ, ও, অভ্যাসে অ হয়—

গৈ—জগৈ; শো—শশো।

(ছ) অন্ত্য না হইলে অভ্যাসে একার এবং ঐকার স্থানে ই হয়, ওকার এবং ঔকার স্থানে উ হয়—

সেব্—সিষেব্, ঢৌক্—ডুঢৌক্।

২৬২। লিটের অভ্যাসে ঋ স্থলে অ হয়; কিন্তু জুহোত্যাদিগণের বিশেষ-লকারে ই হয়—

ভৃ—লিট্—বভার; লট্—বিভর্ত্তি।

২৬৩। জুহোত্যাদিগণে লট্ ও লোট্ পরস্মৈপদ প্রথম পুরুষ বহুবচনের বিভক্তির ন্-লোপ হয় ও লঙের অন্ স্থলে উস্ হয়। হু ধাতুর লোট্ মধ্যম পুরুষ একবচনের বিভক্তি হি না হইয়া ধি হয়।

২৬৪। পরস্মৈপদ—হু

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জুহোতি	জুহুতঃ	জুহ্বতি
মধ্যম পুরুষ	জুহোষি	জুহুথঃ	জুহুথ
উত্তম পুরুষ	জুহোমি	জুহুবঃ	জুহুমঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জুহোতু	জুহুতাম্	জুহ্বতু
মধ্যম পুরুষ	জুহুধি	জুহুতম্	জুহুত
উত্তম পুরুষ	জুহবানি	জুহবাব	জুহবাম

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অজুহোৎ	অজুহুতাম্	অজুহবুঃ
মধ্যম পুরুষ	অজুহোঃ	অজুহুতম্	অজুহুত
উত্তম পুরুষ	অজুহবম্	অজুহুব	অজুহুম

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জুহুয়াৎ	জুহুয়াতাম্	জুহুয়ুঃ
মধ্যম পুরুষ	জুহুয়াঃ	জুহুয়াতম্	জুহুয়াত
উত্তম পুরুষ	জুহুয়াম্	জুহুয়াব	জুহুয়াম

২৬৫। আত্মনেপদ—ভৃ

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভৃতে	বিভ্রাতে	বিভ্রতে
মধ্যম পুরুষ	বিভৃষে	বিভ্রাথে	বিভৃধ্বে
উত্তম পুরুষ	বিভ্রে	বিভৃবহে	বিভৃমহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভৃতাম্	বিভ্রাতাম্	বিভ্রতাম্
মধ্যম পুরুষ	বিভৃষ্ব	বিভ্রাথাম্	বিভৃধ্বম্
উত্তম পুরুষ	বিভরৈ	বিভরাবহৈ	বিভরামহৈ

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অবিভৃত	অবিভ্রাতাম্	অবিভ্রত
মধ্যম পুরুষ	অবিভৃথাঃ	অবিভ্রাথাম্	অবিভৃধ্বম্
উত্তম পুরুষ	অবিভ্রি	অবিভৃবহি	অবিভৃমহি

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভ্রীত	বিভ্রীয়াতাম্	বিভ্রীরন্
মধ্যম পুরুষ	বিভ্রীথাঃ	বিভ্রীয়াথাম্	বিভ্রীধ্বম্
উত্তম পুরুষ	বিভ্রীয়	বিভ্রীবহি	বিভ্রীমহি

২৬৬। পিৎ ভিন্ন বিভক্তিতে দা ও ধা ধাতুর অন্ত্য আকারের লোপ হয়; সুতরাং উক্ত স্থলে ধাত্বঙ্গ 'দদা' ও 'দধা' না হইয়া দদ্ ও দধ্ হইবে। সন্ধির জন্য দধ্ এর ধ্ স্থলে দ্ বা ৎ হইলে দধ্ এর আদ্য দ স্থলে ধ হইবে।

ক। পরস্মৈপদ—দা

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দদাতি	দত্তঃ	দদতি
মধ্যম পুরুষ	দদাসি	দত্থঃ	দত্থ
উত্তম পুরুষ	দদামি	দদ্বঃ	দদ্মঃ

CENTRAL LIBRARY

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দদাতু	দত্তাম্	দদতু
মধ্যম পুরুষ	দেহি	দত্তম্	দত্ত
উত্তম পুরুষ	দদানি	দদাব	দদাম

লঙ্—প্রথম পুরুষ বহুবচনে—অদদুঃ ; উত্তম পুরুষ একবচনে অদদাম্। লিঙ্—দদ্যাম্।

আত্মনেপদ—দা (একবচন)

লট্—প্রথম পুরুষ—দত্তে, মধ্যম পুরুষ—দৎসে, উত্তম পুরুষ-দদে ; লোট্—দত্তাম্, দৎস্ব, দদৈ। লিঙ্—দদীত, দদীথাঃ, দদীয়।

খ। পরস্মৈপদ—ধা

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দধাতি	ধত্তঃ	দধতি
মধ্যম পুরুষ	দধাসি	ধত্থঃ	ধত্থ
উত্তম পুরুষ	দধামি	দধ্বঃ	দধ্মঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দধাতু	ধত্তাম্	দধতু
মধ্যম পুরুষ	ধেহি	ধত্তম্	ধত্ত
উত্তম পুরুষ	দধানি	দধাব	দধাম

CENTRAL LIBRARY

লঙ্—প্রথম পুরুষ বহুবচন—অদধুঃ; উত্তম পুরুষ একবচন—অদধাম্। লিঙ্—দধ্যাম্।

আত্মনেপদ—ধা

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ধত্তে	দধাতে	দধতে
মধ্যম পুরুষ	ধৎসে	দধাথে	ধদ্ধে
উত্তম পুরুষ	দধে	দধ্বহে	দধ্মহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ধত্তাম্	দধাতাম্	দধতাম্
মধ্যম পুরুষ	ধৎস্ব	দধাথাম্	ধদ্ধম্
উত্তম পুরুষ	দধৈ	দধাবহৈ	দধামহৈ

লঙ্—অধত্ত, অধথাঃ, অদধি। লিঙ্—দধীত, দধীথাঃ, দধীয়।

২৬৭। পিৎ ভিন্ন ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে ভী-ধাতুর ঈ বিকল্পে হ্রস্ব হয়। লট্—পরস্মৈপদ—বিভেতি, দ্বিবচন—বিভীতঃ বা বিভিতঃ, বিভীথঃ বা বিভিথঃ, বিভীবঃ বা বিভিবঃ, বহুবচন—বিভ্যতি, বিভীথ বা বিভিথ, বিভীমঃ বা বিভিমঃ। লোট্ হি—বিভীহি বা বিভিহি। লঙ্—অবিভেৎ, অবিভেঃ, অবিভয়ম্। প্রথমপুরুষ বহুবচনে—অবিভয়ুঃ। লিঙ্—বিভীয়াৎ বা বিভিয়াৎ।

CENTRAL LIBRARY

২৬৮। ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে মা ধাতুর অঙ্গ মিমী হয়, স্বরাদি বিভক্তি পরে থাকিলে মিম্ হয়।

আত্মনেপদ—মা

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	মিমীতে	মিমাতে	মিমতে
মধ্যম পুরুষ	মিমীষে	মিমাথে	মিমীধ্বে
উত্তম পুরুষ	মিমে	মিমীবহে	মিমীমহে

লোট্—মিমীতাম্, মিমীব, মিমৈ। লঙ্—অমিমীত, অমিমি। লিঙ্—মিমীত, মিমীয়।

২৬৯। হা (ত্যাগে)। পিৎ ভিন্ন ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে হা ধাতুর অঙ্গ জহী বা জহি এবং স্বরাদি বিভক্তি পরে থাকিলে ও লিঙের সকল বিভক্তিতে জহ্ হয়। লট্—জহাতি, জহাসি, জহামি ; দ্বিবচন—জহীতঃ বা জহিতঃ ইত্যাদি ; বহুবচন জহতি। লোট্—জহাতু, জহাহি বা জহীহি বা জহিহি, জহানি। লঙ্—অজহাৎ, বহুবচন অজহুঃ। লিঙ্—জহ্যাৎ।

পঞ্চম গণ

স্বাদি

২৭০। এই গণে নু যোগে ধাতুর অঙ্গ উদ্ভূত হয়। পিৎ বিভক্তি পরে এই নুর উকারের গুণ হয়।

২৭১। বিভক্তির ব ও ম পরে থাকিলে নুর উকারের বিকল্পে লোপ হয়। কিন্তু এই নু সংযুক্ত বর্ণ হইলে উহার

CENTRAL LIBRARY

লোপ হয় না। লট্—উত্তম পুরুষ দ্বিবচন ও বহুবচনে, সু—ধাতু—সুন্বঃ বা সুনুবঃ, সুন্মঃ বা সুনুমঃ হয়। সংযুক্ত 'নু' যথা—শক্ ধাতু—শক্নুমঃ।

২৭২। পিৎ ভিন্ন স্বরাদি বিভক্তি পরে থাকিলে ব্যঞ্জনবর্ণে যুক্ত অর্থাৎ সংযুক্ত নুর উকার স্থানে উব্ হয়।

২৭৩। নুর উকারের পরে লোটের হি বিভক্তির লোপ হয়। ব্যঞ্জন বর্ণে যুক্ত নুর পরে থাকিলে লোপ হয় না। যথা—সুনু। ব্যঞ্জন বর্ণে যুক্ত 'নু' যথা—শক্নুহি।

২৭৪। পরস্মৈপদ—সু

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সুনোতি	সুনুতঃ	সুন্বন্তি
মধ্যম পুরুষ	সুনোষি	সুনুথঃ	সুনুথ
উত্তম পুরুষ	সুনোমি	সুনুবঃ, সুন্বঃ	সুনুমঃ, সুন্মঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সুনোতু	সুনুতাম্	সুন্বন্তু
মধ্যম পুরুষ	সুনু	সুনুতম্	সুনুত
উত্তম পুরুষ	সুনবানি	সুনবাব	সুনবাম

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অসুনোৎ	অসুনুতাম্	অসুন্বন্
মধ্যম পুরুষ	অসুনোঃ	অসুনুতম্	অসুনুত
উত্তম পুরুষ	অসুনবম্	অসুনুব, অসুন্ব	অসুনুম, অসুন্ম

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সুনুয়াৎ	সুনুয়াতাম্	সুনুয়ুঃ
মধ্যম পুরুষ	সুনুয়াঃ	সুনুয়াতম্	সুনুয়াত
উত্তম পুরুষ	সুনুয়াম্	সুনুয়াব	সুনুয়াম

আত্মনেপদ—সু

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সুনুতে	সুন্বাতে	সুন্বতে
মধ্যম পুরুষ	সুনুষে	সুন্বাথে	সুনুধ্বে
উত্তম পুরুষ	সুন্বে	সুনুবহে, সুন্বহে	সুনুমহে, সুন্মহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সুনুতাম্	সুন্বাতাম্	সুন্বতাম্
মধ্যম পুরুষ	সুনুষ্ব	সুন্বাথাম্	সুনুধ্বম্
উত্তম পুরুষ	সুনবৈ	সুনবাবহৈ	সুনবামহৈ

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অসুনুত	অসুন্বাতাম্	অসুন্বত
মধ্যম পুরুষ	অসুনুথাঃ	অসুন্বাথাম্	অসুনুধ্বম্
উত্তম পুরুষ	অসুন্বি	অসুনুবহি, অসুন্বহি	অসুনুমহি, অসুন্মহি

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সুন্বীত	সুন্বীয়াতাম্	সুন্বীরন্
মধ্যম পুরুষ	সুন্বীথাঃ	সুন্বীয়াথাম্	সুন্বীধ্বম্
উত্তম পুরুষ	সুন্বীয়	সুন্বীবহি	সুন্বীমহি

২৭৫। বিশেষ-লকারে শ্রু ধাতুর রু স্থানে ঋ হয়। লট্—শৃণোতি। লোট্—শৃণোতু, শৃণু, শৃণবানি। লঙ্—অশৃণোৎ, অশৃণবম্। লিঙ্—শৃণুয়াৎ, শৃণুয়াম্।

সপ্তম গণ

রুধাদি

২৭৬। এই গণে পিৎ বিভক্তিতে 'ন' ও পিৎ ভিন্ন বিভক্তিতে 'ন্' ধাতুর অন্ত্যব্যঞ্জনের পূর্ব্বে সন্নিবিষ্ট হইয়া থাকে। যথা—রুধ্ ধাতু—রুণদ্ধি, রুন্ধঃ ইত্যাদি।

২৭৭। পরস্মৈপদ—যুজ্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যুনক্তি	যুঙ্ক্তঃ	যুঞ্জন্তি
মধ্যম পুরুষ	যুনক্ষি	যুঙ্ক্থঃ	যুঙ্ক্থ
উত্তম পুরুষ	যুনজ্মি	যুঞ্জ্বঃ	যুঞ্জ্মঃ

CENTRAL LIBRARY

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যুনক্তু	যুঙ্ক্তাম্	যুঞ্জন্তু
মধ্যম পুরুষ	যুঙ্ধি	যুঙ্ক্তম্	যুঙ্ক্ত
উত্তম পুরুষ	যুনজানি	যুনজাব	যুনজাম

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অযুনক্	অযুঙ্ক্তাম্	অযুঞ্জন্
মধ্যম পুরুষ	অযুনক্	অযুঙ্ক্তম্	অযুঙ্ক্ত
উত্তম পুরুষ	অযুনজম্	অযুঞ্জ্ব	অযুঞ্জ্ম

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যুঞ্জ্যাৎ	যুঞ্জ্যাতাম্	যুঞ্জ্যুঃ
মধ্যম পুরুষ	যুঞ্জ্যাঃ	যুঞ্জ্যাতম্	যুঞ্জ্যাত
উত্তম পুরুষ	যুঞ্জ্যাম্	যুঞ্জ্যাব	যুঞ্জ্যাম

২৭৮ আত্মনেপদ—রুধ্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	রুন্ধে	রুন্ধাতে	রুন্ধতে
মধ্যম পুরুষ	রুনৎসে	রুন্ধাতে	রুনধ্বে
উত্তম পুরুষ	রুন্ধে	রুনধ্বহে	রুনধ্মহে

CENTRAL LIBRARY

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	রুন্ধাম্	রুন্ধাতাম্	রুন্ধতাম্
মধ্যম পুরুষ	রুন্ৎস্ব	রুন্ধাথাম্	রুন্ধ্বম্
উত্তম পুরুষ	রুণধৈ	রুণধাবহৈ	রুণধামহৈ

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অরুন্ধ	অরুন্ধাতাম্	অরুন্ধত
মধ্যম পুরুষ	অরুন্ধাঃ	অরুন্ধাথাম্	অরুন্ধ্বম্
উত্তম পুরুষ	অরুন্ধি	অরুন্ধ্বহি	অরুন্ধ্মহি

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	রুন্ধীত	রুন্ধীয়াতাম্	রুন্ধীরন্
মধ্যম পুরুষ	রুন্ধীথাঃ	রুন্ধীয়াথাম্	রুন্ধীধ্বম্
উত্তম পুরুষ	রুন্ধীয়	রুন্ধীবহি	রুন্ধীমহি

২৭৯। ধাতুর অঙ্গ উৎপাদিত করিতে হইলে এই গণে ধাতুর মৌলিক অনুনাসিকের লোপ হয়। যথা—

অঞ্জ্—অনক্তি, অনজ্মি।

অষ্টম গণ

তনাদি

২৮০। এই গণে উ যোগে ধাত্বঙ্গ উৎপন্ন হয়। পিৎ বিভক্তিতে এই উকারের গুণ হয়।

CENTRAL LIBRARY

২৮১। এই উকার অসংযুক্তবর্ণে যুক্ত থাকিলে বিভক্তির ব ও ম এর পূর্ব্বে উহার বিকল্পে লোপ হয়। সংযুক্তবর্ণে যুক্ত থাকিলে পিৎ ভিন্ন স্বরাদি বিভক্তির পূর্ব্বে এই উ স্থানে উব্ হয়। এই উর পরে লোটের হি বিভক্তির লোপ হয়। উ সংযুক্ত বর্ণে যুক্ত থাকিলে হয় না।

২৮২। পরস্মৈপদ—তন্

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তনোতি	তনুতঃ	তন্বন্তি
মধ্যম পুরুষ	তনোষি	তনুথঃ	তনুথ
উত্তম পুরুষ	তনোমি	তনুবঃ, তন্বঃ	তনুমঃ, তন্মঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তনোতু	তনুতাম্	তন্বন্তু
মধ্যম পুরুষ	তনু	তনুতম্	তনুত
উত্তম পুরুষ	তনবানি	তনবাব	তনবাম

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অতনোৎ	অতনুতাম্	অতন্বন্
মধ্যম পুরুষ	অতনোঃ	অতনুতম্	অতনুত
উত্তম পুরুষ	অতনবম্	অতনুব, অতন্ব	অতনুম, অতন্ম

CENTRAL LIBRARY

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তনুয়াৎ	তনুয়াতাম্	তনুয়ুঃ
মধ্যম পুরুষ	তনুয়াঃ	তনুয়াতম্	তনুয়াত
উত্তম পুরুষ	তনুয়াম্	তনুয়াব	তনুয়াম

আত্মনেপদ—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তনুতে	তন্বাতে	তন্বতে
মধ্যম পুরুষ	তনুষে	তন্বাথে	তনুধ্বে
উত্তম পুরুষ	তন্বে	তনুবহে, তন্বহে	তনুমহে, তন্মহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তনুতাম্	তন্বাতাম্	তন্বতাম্
মধ্যম পুরুষ	তনুষ্ব	তন্বাথাম্	তনুধ্বম্
উত্তম পুরুষ	তনবৈ	তনবাবহৈ	তনবামহৈ

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অতনুত	অতন্বাতাম্	অতন্বত
মধ্যম পুরুষ	অতনুথাঃ	অতন্বাথাম্	অতনুধ্বম্
উত্তম পুরুষ	অতন্বি	অতনুবহি, অতন্বহি	অতনুমহি, অতন্মহি

CENTRAL LIBRARY

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তন্বীত	তন্বীয়াতাম্	তন্বীরন্
মধ্যম পুরুষ	তন্বীথাঃ	তন্বীয়াথাম্	তন্বীধ্বম্
উত্তম পুরুষ	তন্বীয়	তন্বীবহি	তন্বীমহি

২৮৩। কৃ ধাতুর পীন অঙ্গ 'করো,' ক্ষীণ অঙ্গ 'কুরু'। অর্থাৎ পিৎ বিভক্তিতে কৃ ধাতুর অঙ্গ 'করো' ও ইতর বিভক্তিতে 'কুরু' হয়। বিভক্তির ব ও ম পরে থাকিলে এবং পরস্মৈপদ লিঙ্ বিভক্তিতে কুরুর উকারের নিত্য লোপ হয়।

পরস্মৈপদ—কৃ

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	করোতি	কুরুতঃ	কুর্বন্তি
মধ্যম পুরুষ	করোষি	কুরুথঃ	কুরুথ
উত্তম পুরুষ	করোমি	কুর্বঃ	কুর্মঃ

লোট্—করোতু, কুরু, করবাণি। লঙ্—অকরোৎ, অকরোঃ, অকরবম্। লিঙ্—কুর্য্যাৎ।

আত্মনেপদ—লট্—কুরুতে, কুরুষে, কুর্বে। লোট্—কুরুতাম্, কুরুষ্ব, করবৈ। লঙ্—অকুরুত, অকুর্বি। লিঙ্—কুর্বীত।

CENTRAL LIBRARY

নবম গণ

ক্র্যাদি

২৮৪। এই গণে 'না' যোগে ধাতুর অঙ্গ উৎপন্ন হয়। পিৎ ভিন্ন ব্যঞ্জনাদি বিভক্তিতে এই 'না' স্থানে 'নী' ও স্বরাদি বিভক্তিতে ন্ হয়।

২৮৫। ব্যঞ্জনান্ত ধাতুর পরে লোটের হি-বিভক্তিতে 'নী' স্থানে 'আন' হয়। এই 'আন'র পরবর্ত্তী হি বিভক্তির লোপ হয়। যথা—মুষ্—মুষাণ।

২৮৬। পরস্মৈপদ—ক্রী

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ক্রীণাতি	ক্রীণীতঃ	ক্রীণন্তি
মধ্যম পুরুষ	ক্রীণাসি	ক্রীণীথঃ	ক্রীণীথ
উত্তম পুরুষ	ক্রীণামি	ক্রীণীবঃ	ক্রীণীমঃ

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ক্রীণাতু	ক্রীণীতাম্	ক্রীণন্তু
মধ্যম পুরুষ	ক্রীণীহি	ক্রীণীতম্	ক্রীণীত
উত্তম পুরুষ	ক্রীণানি	ক্রীণাব	ক্রীণাম

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অক্রীণাৎ	অক্রীণীতাম্	অক্রীণন্
মধ্যম পুরুষ	অক্রীণাঃ	অক্রীণীতম্	অক্রীণীত
উত্তম পুরুষ	অক্রীণাম্	অক্রীণীব	অক্রীণীম

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ক্রীণীয়াৎ	ক্রীণীয়াতাম্	ক্রীণীয়ুঃ
মধ্যম পুরুষ	ক্রীণীয়াঃ	ক্রীণীয়াতম্	ক্রীণীয়াত
উত্তম পুরুষ	ক্রীণীয়াম্	ক্রীণীয়াব	ক্রীণীয়াম

আত্মনেপদ—ক্রী

বর্ত্তমান—লট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ক্রীণীতে	ক্রীণাতে	ক্রীণতে
মধ্যম পুরুষ	ক্রীণীষে	ক্রীণাথে	ক্রীণীধ্বে
উত্তম পুরুষ	ক্রীণে	ক্রীণীবহে	ক্রীণীমহে

অনুজ্ঞা—লোট্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ক্রীণীতাম্	ক্রীণাতাম্	ক্রীণতাম্
মধ্যম পুরুষ	ক্রীণীষ্ব	ক্রীণাথাম্	ক্রীণীধ্বম্
উত্তম পুরুষ	ক্রীণৈ	ক্রীণাবহৈ	ক্রীণামহৈ

CENTRAL LIBRARY

অনদ্যতন অতীত—লঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অক্রীণীত	অক্রীণাতাম্	অক্রীণত
মধ্যম পুরুষ	অক্রীণীথাঃ	অক্রীণাথাম্	অক্রীণীধ্বম্
উত্তম পুরুষ	অক্রীণি	অক্রীণীবহি	অক্রীণীমহি

বিধি—লিঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ক্রীণীত	ক্রীণীয়াতাম্	ক্রীণীরন্
মধ্যম পুরুষ	ক্রীণীথাঃ	ক্রীণীয়াথাম্	ক্রীণীধ্বম্
উত্তম পুরুষ	ক্রীণীয়	ক্রীণীবহি	ক্রীণীমহি

২৮৭। অঙ্গ উৎপাদিত করিতে এই গণীয় ধাতুর উপধা অনুনাসিকের লোপ হয়। যথা—

গ্রন্থ্—গ্রথ্নাতি, গ্রথ্নীতঃ। বন্ধ্—বধ্নাতি ইত্যাদি।

২৮৮। এই গণে ধূ পূ লূ প্রভৃতি কতিপয় ধাতু ও স্তৃ প্রভৃতি ঋকারান্ত ধাতুর দীর্ঘস্বর হ্রস্ব হয়। যথা—

ধুনাতি, পুনাতি, লুনাতি, স্তৃণাতি।

২৮৯। গ্রহ্ ধাতু স্থানে গৃহ্ আদেশ হয়। গৃহ্ণাতি, গৃহ্ণাতু, গৃহাণ, গৃহ্ণানি; অগৃহ্ণাৎ; গৃহ্ণীয়াৎ।

২৯০। জ্ঞা ধাতু স্থানে জা আদেশ হয়। জানাতি, জানাতু অজানাৎ, জানীয়াৎ ইত্যাদি।

CENTRAL LIBRARY

সাধারণ-লকার

অন্তর্গত—ইট্ (ই)

২৯১। সাধারণ-লকারের ব্যঞ্জনাদি বিভক্তি ও তুম্ প্রভৃতি কতিপয় কৃৎপ্রত্যয় পরে থাকিলে, অধিকাংশ স্থলে ধাতু ও প্রত্যয়ের মধ্যে একটি ইকারাগম হয়। যথা বিদ্ ধাতু লিট্ উত্তম পুরুষের বহুবচনে বিবিদি-ম হয়, লৃট্ প্রথম পুরুষের একবচনে বেদি-ষ্যতি হয়, তুমুন্ (তুম্) প্রত্যয় করিলে বেদি-তুম্ হয়। যে সকল ধাতুতে এই ইকারাগম নিয়ত হয় তাহাদিগকে সেট্; আর যে গুলিতে ইকারাগম হয় না, তাহাদিগকে অনিট্ বলে। ইকারাগম বিকল্পে হইলে তাহাদিগকে বেট্ ধাতু বলে।

২৯২। অধিকাংশ ধাতুই সেট্। স্বরান্ত ধাতুর মধ্যে একস্বরবিশিষ্ট অধিকাংশ ধাতুই অনিট্। কেবল যু, রু, নু, স্নু, ক্ষু, ক্ষ্ণু, শ্বি, শ্রি, ডী, শী, বৃ এবং সমুদয় দীর্ঘউকারান্ত ও দীর্ঘঋকারান্ত ধাতু সেট্। ব্যঞ্জনান্ত ধাতুর মধ্যে একস্বরবিশিষ্ট অল্পাধিক শত সংখ্যক ধাতু অনিট্ (শক্, পচ্, মুচ্, রিচ্, বচ্, বিচ্, সিচ্, প্রচ্ছ্ ইত্যাদি)। স্যন্দ্, মৃজ্, বৃহ্ প্রভৃতি কতিপয় মাত্র ধাতু বেট্। অবশিষ্ট সেট্।

২৯৩। সাধারণ-লকারে ধাতুরূপের নিয়ম গুলি সকল গণীয় ধাতুতে সমভাবে প্রযুক্ত হয়। বিশেষ-লকারে ভিন্ন ভিন্ন গণীয় ধাতুর বা বিশেষ অঙ্গের যে ভেদ লক্ষিত হয়, এখানে

CENTRAL LIBRARY

সে ভেদ লক্ষিত হয় না। কেবল চুরাদিগণীয় ধাতুর পরে (লুঙ্ ও আশীর্ব্বাদার্থক লিঙ্ ভিন্ন) সাধারণ-লকারেও অয় আগম হইয়া থাকে।

পরোক্ষানদ্যতন অতীত—লিট্

২৯৪। এই লকারে অভ্যস্ত করিয়া অথবা ক্রিয়ান্তর যোগ করিয়া ধাতুরূপ হয় (৩২৭ সূত্র দেখ)।

২৯৫। যে সকল একস্বরবিশিষ্ট ধাতুর আদিতে ব্যঞ্জন-বর্ণ থাকে অথবা অ, আ, ই, উ, ঋ থাকে, তাহারা লিটে অভ্যস্ত হয় ও অভ্যাসের সমস্ত নিয়ম প্রাপ্ত হয়। অ, আ, ই, উ, ঋ বর্ণের পর সংযুক্ত বর্ণ থাকিলে হয় না। অয়্, দয়্, আস্ ও কাস্ প্রভৃতি ধাতুর লিটে রূপ ক্রিয়ান্তর সাহায্যে হয়।

এতদ্ভিন্ন যে সকল একস্বরবিশিষ্ট ধাতুর আদিতে আ ভিন্ন দীর্ঘস্বর থাকে বা যে সকল (অ ভিন্ন) হ্রস্বস্বরাদি একস্বর-বিশিষ্ট ধাতুর আদ্যস্বরের পর সংযুক্তবর্ণ থাকে, তাহাদের অথবা একাধিক স্বরবিশিষ্ট ধাতুর, চুরাদিগণীয় ধাতুর এবং যৌগিক ধাতুরও (যথা ণিজন্ত ধাতু) লিটে রূপ ক্রিয়ান্তর সাহায্যে হয়।

উষ্, বিদ্, জাগৃ, ভী, হ্রী, ভৃ, হু ও দরিদ্রা ধাতু লিটের উভয়বিধ রূপই গ্রহণ করে।

অভ্যস্ত লিট্

২৯৬। সাধারণতঃ ২৬০ সূত্রে নিবদ্ধ নিয়মানুসারে অভ্যাস কার্য্য হইয়া থাকে। কিন্তু নিম্নলিখিত অতিরিক্ত নিয়মগুলিও জ্ঞাতব্য।

CENTRAL LIBRARY

২৯৭। অভ্যাসে আদ্য আকারের কোন পরিবর্ত্তন হয় না। আদ্য অকারের পর একটি মাত্র ব্যঞ্জন থাকিলে অকার স্থানে আকার হয়।

আপ্ ধাতুর লিটের অঙ্গ আপ্। অস্ ধাতুর আস্।

২৯৮। যে সকল অকারাদি ধাতুর অকারের পর সংযুক্ত-বর্ণ থাকে এবং যে সকল ধাতুর আদিতে ঋকার থাকে তাহাদের পূর্ব্বে আন্ আসিয়া অভ্যাস হয়।

অঞ্জ্ ধাতুর লিটের অঙ্গ আনঞ্জ্। ঋজ্ ধাতুর আনৃজ্।

২৯৯। ধাতুর আদিতে ই থাকিলে ঐ 'ই' অভ্যাসের ইকারের সহিত মিলিত হইয়া দীর্ঘ হয়। কিন্তু যদি ধাতুর ইকারের গুণ বা বৃদ্ধি হয় তাহা হইলে অভ্যাসের ই স্থানে ইয়্ হয়। যথা ইষ্ ধাতুর লিট্ প্রথম পুরুষের বহুবচনে ঈষুঃ; কিন্তু একবচনে ইয়েষ।

৩০০। বচ্, বদ্, বপ্, বস্, বহ্ এবং স্বপ্ ধাতুর অভ্যাসের ব স্থানে উ হয় এবং যজ্ এবং ব্যধ্ ধাতুর য স্থানে ই হয়। লিট্ প্রথম পুরুষ একবচন—উবাচ, উবাদ, উবাপ, উবাস, উবাহ, সুস্বাপ, ইয়াজ, বিব্যাধ।

৩০১। লিটের বিভক্তির রূপ এই—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অ	অতুস্ (অতুঃ)	উস্ (উঃ)
মধ্যম পুরুষ	থ	অথুস্ (অথুঃ)	অ
উত্তম পুরুষ	অ	ব	ম

CENTRAL LIBRARY

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	এ	আতে	ইরে
মধ্যম পুরুষ	সে	আথে	ধ্বে
উত্তম পুরুষ	এ	বহে	মহে

৩০২। লিট্ পরস্মৈপদের একবচনের বিভক্তি পরে থাকিলে ধাত্বঙ্গে নিম্নলিখিত পরিবর্ত্তন ঘটিয়া থাকে—

(ক) ধাতুর অন্তস্থিত ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ বর্ণের প্রথম পুরুষে বৃদ্ধি হয়, মধ্যমপুরুষে গুণ হয় এবং উত্তম পুরুষে বিকল্পে গুণ ও বৃদ্ধি হয়।

	প্রথম পুরুষ একবচন	মধ্যম পুরুষ একবচন	উত্তম পুরুষ একবচন
নী ধাতু হইতে—	নিনায়,	নিনেথ,	নিনায় বা নিনয় হয়।
স্তু ধাতু হইতে—	তুষ্টাব,	তুষ্টোথ,	তুষ্টাব বা তুষ্টব হয়।
কৃ ধাতু হইতে—	চকার,	চকর্থ,	চকার বা চকর হয়।

(খ) একবচনে উপধা 'ই', 'উ', 'ঋ' কারের সকল পুরুষেই গুণ হয়।

	প্রথম পুরুষ একবচন	মধ্যম পুরুষ একবচন	উত্তম পুরুষ একবচন
ভিদ্ হইতে—	বিভেদ,	বিভেদিথ,	বিভেদ।
তুদ্ হইতে—	তুতোদ,	তুতোদিথ,	তুতোদ।
কৃষ্ হইতে—	চকর্ষ	চকর্ষিথ,	চকর্ষ।

CENTRAL LIBRARY

(গ) প্রথম পুরুষে উপধা অকার দীর্ঘ হয় ও উত্তম পুরুষে বিকল্পে দীর্ঘ হয়। মধ্যম পুরুষে উহার পরিবর্ত্তন হয় না।

পচ্—পপাচ, পপক্থ, পপাচ বা পপচ।

৩০৩। (ক) লিটের ব্যঞ্জনাদি বিভক্তির থ, ব, ম, সে, ধ্বে, বহে, মহে পরে থাকিলে সেট্ অনিট্ নির্ব্বিশেষে প্রায় সকল ধাতুতেই ইকার সন্নিবিষ্ট হয়। যথা—

ভিদ্ ও তুদ্ ধাতুর মধ্যম পুরুষ একবচনে—বিভেদিথ, তুতোদিথ হয়। উত্তম পুরুষ বহুবচনে—বিভিদিম, তুতুদিম।

(খ) কৃ, ভৃ, বৃ, সৃ, দ্রু, শ্রু, স্তু, স্রু ধাতুর পরে লিটের বিভক্তিতে ইকারাগম হয় না। সুতরাং চকর্থ, চকৃম; দুদ্রোথ, দুদ্রুম ইত্যাদি।

(গ) লিটের থ বিভক্তি পরে থাকিলে ঋকারান্ত ধাতুর পর ইকারাগম হয় না। যথা স্মৃ—সস্মর্থ।

(ঘ) লিটে বেট্ ধাতুর বিকল্পে ইকারাগম হয়। সস্বন্ৎসে বা সস্বন্দিষে।

(ঙ) ঋভিন্ন স্বরান্ত অনিট্ ধাতু অথবা অকারবান্ অনিট্ ধাতুর পরে লিটের থ বিভক্তিতে বিকল্পে ইকারাগম হয়। নী—নিনেথ বা নিনয়িথ; হন্—জঘন্থ বা জঘনিথ।

৩০৪। লিটের বিভক্তি যোগ করিতে গেলে কতকগুলি বিশেষ নিয়মে আভ্যন্তর সন্ধি হয়। তাহাদিগের প্রধান কএকটি নিম্নে উদ্ধৃত হইল—

(ক) স্বরাদি বিভক্তি পরে থাকিলে অসংযুক্ত বর্ণে যুক্ত ই বা ঈ স্থানে য্ হয়; সংযুক্ত বর্ণে যুক্ত ই, ঈ স্থানে ইয্ হয়।

CENTRAL LIBRARY

নী—ধাতুর প্রথম পুরুষের বহুবচনে নিন্যুঃ, প্রী—ধাতুর পিপ্রিয়ুঃ। কিন্তু উক্তবিধ স্থলে উ, ঊ স্থানে উব্ হয়—পূ হইতে পুপুবুঃ।

(খ) উক্তবিধ স্থলে অসংযুক্ত বর্ণে যুক্ত ঋ স্থানে র্ হয়, সংযুক্ত বর্ণে যুক্ত ঋ স্থানে অর্ হয়। দৃ—দদ্রুঃ, কিন্তু স্মৃ—সস্মরুঃ। দীর্ঘঋকার স্থলে প্রায়ই অর্ হয়—যথা কৄ—চকরুঃ।

(গ) ই, ঈ কারের গুণ ও বৃদ্ধি যথাক্রমে এ এবং ঐ। উ, ঊ কারের গুণ ও বৃদ্ধি যথাক্রমে ও এবং ঔ। সন্ধিদ্বারা এ ঐ ও ঔ স্থানে যথাক্রমে অয়্, আয়্, অব্, আব্ হয়। সুতরাং নিনৈ ও নিনে (নী ধাতুর লিটের পীন অঙ্গ) হইতে যথাক্রমে নিনায় ও নিনয় হয়। তুষ্টৌ ও তুষ্টো (স্তু) হইতে তুষ্টাব ও তুষ্টব হয়।

৩০৫। ব্যঞ্জনাদি বিভক্তি পরে থাকিলে লিটে ধাতুর অন্তস্থিত ব্যঞ্জনের সন্ধিজন্য কিছু কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে। সে গুলি প্রয়োগ দেখিতে দেখিতে শিক্ষা করাই ভাল।

৩০৬। লিট্—ভিদ্, তুদ্, নী, কৃ।

পরস্মৈপদ—ভিদ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভেদ	বিভিদতুঃ	বিভিদুঃ
মধ্যম পুরুষ	বিভেদিথ	বিভিদথুঃ	বিভিদ
উত্তম পুরুষ	বিভেদ	বিভিদিব	বিভিদিম

CENTRAL LIBRARY

আত্মনেপদ—ভিদ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বিভিদে	বিভিদাতে	বিভিদিরে
মধ্যম পুরুষ	বিভিদিষে	বিভিদাথে	বিভিদিধ্বে
উত্তম পুরুষ	বিভিদে	বিভিদিবহে	বিভিদিমহে

পরস্মৈপদ—তুদ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তুতোদ	তুতুদতুঃ	তুতুদুঃ
মধ্যম পুরুষ	তুতোদিথ	তুতুদথুঃ	তুতুদ
উত্তম পুরুষ	তুতোদ	তুতুদিব	তুতুদিম

আত্মনেপদ—তুদ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তুতুদে	তুতুদাতে	তুতুদিরে
মধ্যম পুরুষ	তুতুদিষে	তুতুদাথে	তুতুদিধ্বে
উত্তম পুরুষ	তুতুদে	তুতুদিবহে	তুতুদিমহে

পরস্মৈপদ—নী

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	নিনায়	নিন্যতুঃ	নিন্যুঃ
মধ্যম পুরুষ	নিনয়িথ বা নিনেথ	নিন্যথুঃ	নিন্য
উত্তম পুরুষ	নিনায়, বা নিনয়	নিন্যিব	নিন্যিম

CENTRAL LIBRARY

আত্মনেপদ—নী

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	নিন্যে	নিন্যাতে	নিন্যিরে
মধ্যম পুরুষ	নিন্যিষে	নিন্যাথে	নিন্যিধ্বে
উত্তম পুরুষ	নিন্যে	নিন্যিবহে	নিন্যিমহে

পরস্মৈপদ—কৃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চকার	চক্রতুঃ	চক্রুঃ
মধ্যম পুরুষ	চকর্থ	চক্রথুঃ	চক্র
উত্তম পুরুষ	চকার বা চকর	চকৃব	চকৃম

আত্মনেপদ—কৃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	চক্রে	চক্রাতে	চক্রিরে
মধ্যম পুরুষ	চকৃষে	চক্রাথে	চকৃধ্বে
উত্তম পুরুষ	চক্রে	চকৃবহে	চকৃমহে

৩০৭। লিটের পিৎ ভিন্ন বিভক্তিতে (অর্থাৎ পরস্মৈপদের একবচন ভিন্ন সকল বিভক্তিতে) কতকগুলি ধাতুর অঙ্গ বিশেষভাবে বিকৃত (ক্ষীণ) হয়।

৩০৮। ধাতুর অন্তে আ, এ, ঐ, ও থাকিলে লিটের পিৎ ভিন্ন বিভক্তিতে উহাদের লোপ হয়। থ-বিভক্তিতে ইকারাগম হইলেও হয়। পরস্মৈপদের প্রথম ও উত্তম পুরুষের একবচনের বিভক্তির সহিত মিলিত হইয়া উক্তস্বরের স্থানে ঔ হয়। যথা—

CENTRAL LIBRARY

লিট্—দা

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দদৌ	দদতুঃ	দদুঃ
মধ্যম পুরুষ	দদিথ বা দদাথ	দদথুঃ	দদ
উত্তম পুরুষ	দদৌ	দদিব	দদিম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দদে	দদাতে	দদিরে
মধ্যম পুরুষ	দদিষে	দদাথে	দদিধ্বে
উত্তম পুরুষ	দদে	দদিবহে	দদিমহে

গৈ—জগৌ, জগিথ বা জগাথ, জগৌ ইত্যাদি।

৩০৯। যে সকল ধাতুতে সংযুক্ত বর্ণ নাই, এবং অভ্যাসে বর্ণের পরিবর্ত্তন হয় না, অথচ মধ্যে 'অ'কার থাকে লিটের পিৎ ভিন্ন বিভক্তিতে সেই সকল ধাতুর অকার স্থানে একার হয় এবং অভ্যাসের লোপ হয়। থ—বিভক্তিতেও ইকারাগম হইলে ঐরূপ হয়।

লিট্—তন্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ততান	তেনতুঃ	তেনুঃ
মধ্যম পুরুষ	তেনিথ বা ততন্থ	তেনথুঃ	তেন
উত্তম পুরুষ	ততান বা ততন	তেনিব	তেনিম

CENTRAL LIBRARY

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	তেনে	তেনাতে	তেনিরে
মধ্যম পুরুষ	তেনিষে	তেনাথে	তেনিধ্বে
উত্তম পুরুষ	তেনে	তেনিবহে	তেনিমহে

পৎ ধাতু—পপাত, পেতিথ ইত্যাদি।

৩১০। ভজ্ ও তৃ প্রভৃতি কএকটী ধাতু লিটে ঐরূপ বিকৃত হয়। ভজ্ পরস্মৈপদ প্রথম পুরুষ—বভাজ, ভেজতুঃ, ভেজুঃ আত্মনেপদ—ভেজে, ভেজিরে।

তৃ—পরস্মৈপদ প্রথম পুরুষ—ততার, তেরতুঃ, তেরুঃ।

৩১১। কতকগুলি ধাতুতে আবার উক্তরূপ একার বিকল্পে হয়। যথা রাজ্—ররাজ, ররাজতুঃ বা রেজতুঃ; ররাজুঃ বা রেজুঃ।

৩১২। লিটের পিৎ ভিন্ন বিভক্তিতে গম্, হন্, জন্ ও খন্ ধাতুর উপধা স্বরের লোপ হয়। হন্ ধাতুর হ্ স্থানে ঘ্ হয়।

লিট্—গম্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	জগাম	জগ্মতুঃ	জগ্মুঃ
মধ্যম পুরুষ	জগমিথ বা জগন্থ	জগ্মথুঃ	জগ্ম
উত্তম পুরুষ	জগাম বা জগম	জগ্মিব	জগ্মিম

CENTRAL LIBRARY

আত্মনেপদে (কতিপয় উপসর্গ যোগে) জগ্মে, (প্রথম পুরুষ বহুবচন) জগ্মিরে।

হন্—জঘান, জঘন্থ বা জঘনিথ, জঘান বা জঘন। (উত্তম পুরুষ দ্বিবচন) জঘ্নিব ইত্যাদি।

জন্—জজ্ঞে।

৩১৩। জঘাস (অদ্ ধাতুর লিটের রূপ)। পিৎ ভিন্ন বিভক্তিতে উহার উক্তরূপ উপধা অকারের লোপ হয়। যথা বহুবচনে—জক্ষুঃ, জক্ষ, জক্ষিম।

৩১৪। লিটের পিৎ ভিন্ন বিভক্তিতে বচ্, বদ্, বপ্, বশ্, বস্, বহ্ ধাতুর ব স্থানেও উ হয়। এবং অভ্যাসের 'ব' স্থানে যে উ হয় তাহার সহিত মিলিত হইয়া দীর্ঘ হয়।

লিট্—বচ্

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	উবাচ	উচতুঃ	উচুঃ
মধ্যম পুরুষ	উবচিথ বা উবক্থ	উচথুঃ	উচ
উত্তম পুরুষ	উবাচ বা উবচ	উচিব	উচিম

৩১৫। স্বপ্ ধাতু হইতেও উহাদের অনুকরণে সুষ্বাপ, সুষুপতুঃ, সুষুপুঃ হয়।

৩১৬। লিটের পিৎ বিভক্তিতে যজ্ ধাতুর অঙ্গ ইয়াজ্ বা ইয়জ্। অন্যত্র ঈজ্। পরস্মৈপদ—ইয়াজ, ঈজতুঃ, ঈজুঃ। আত্মনেপদ—ঈজিরে (প্রথম পুরুষ বহুবচন)।

CENTRAL LIBRARY

৩১৭। ব্যধ ধাতু হইতে বিব্যাধ, বিবিধতুঃ, বিবিধুঃ।

৩১৮। লিটের পিৎ ভিন্ন বিভক্তিতে গ্রহ্ ধাতুর র্ স্থানে ঋ হয়—জগ্রাহ, জগৃহতুঃ, জগৃহুঃ।

৩১৯। ভূ ধাতুর লিটে রূপ—

লিট্—ভূ

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বভূব	বভূবতুঃ	বভূবুঃ
মধ্যম পুরুষ	বভূবিথ	বভূবথুঃ	বভূব
উত্তম পুরুষ	বভূব	বভূবিব	বভূবিম

৩২০। অশ্ (স্বাদি) ধাতুর লিটের অঙ্গ আনশ্। আত্মনেপদ প্রথম পুরুষ একবচনে আনশে।

৩২১। জি ধাতু হইতে জিগায় হয়। আত্মনেপদে (কতিপয় উপসর্গের পরে) জিগ্যে। চি ধাতু হইতে চিকায় বা চিচায় হয়। আত্মনেপদে চিক্যে বা চিচ্যে।

৩২২। দৃশ্ ও সৃজ্ ধাতু লিট্ থ-বিভক্তিতে যথাক্রমে দদর্শিথ বা দদ্রষ্ঠ ও সসর্জিথ বা সস্রষ্ঠ হয়।

৩২৩। হ্বে ধাতু হইতে জুহাব, আত্মনেপদে জুহুবে।

৩২৪। বে ধাতু হইতে ববৌ, ববুঃ (প্রথম পুরুষ বহুবচন), ইত্যাদি হয়, অথবা পিৎ বিভক্তিতে উহার অঙ্গ উবয্ ও অন্যত্র

CENTRAL LIBRARY

উয্ বা উব্ হয়। সুতরাং পরস্মৈপদে প্রথম পুরুষে উবায়, উবতুঃ বা উয়তুঃ, উবুঃ বা উয়ুঃ এইরূপও হয়।

৩২৫। ব্রূ ধাতুর লটে তি, তস্, অন্তি, সি, থস্ এই পাঁচ বিভক্তি স্থানে অ, অতুস্, উস্, থ, অথুস্ এই পাঁচ বিভক্তি যুক্ত হয় ও ব্রূ স্থানে আহ আদেশ হয়। অর্থাৎ লটে ব্রবীতি ব্রূতঃ ইত্যাদিরূপ আহ, আহতুঃ, আহুঃ, আথ, আহথুঃ এই পাঁচটী পদও বর্ত্তমান কালে প্রযুক্ত হয়। লিটে (পরোক্ষানদ্যতন অতীতে) ব্রূ ধাতুর স্থলে বচ্ আদেশ হয়, ও উবাচ, উচতুঃ উচুঃ ইত্যাদি পদ হয়।

৩২৬। বিদ্ (অদাদি) লিটে বিবেদ ইত্যাদি হয়। এই ধাতুর নিম্নলিখিত অনভ্যস্ত রূপগুলি আকারে লিটের অনুরূপ হইলেও লটের (বর্ত্তমানের) অর্থ প্রকাশ করে।

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	বেদ	বিদতুঃ	বিদুঃ
মধ্যম পুরুষ	বেত্থ	বিদথুঃ	বিদ
উত্তম পুরুষ	বেদ	বিদ্ব	বিদ্ম

ক্রিয়ান্তরসহায় লিট্

৩২৭। ধাতুর পরে 'আম্' যোগ করিয়া অস্, ভূ ও কৃ ধাতুর অভ্যস্ত লিটের পদ-যোগে এই লিটের রূপ হইয়া থাকে।

৩২৮। কোন্ কোন্ ধাতুর এইরূপ লিট্ হইবে তাহা পূর্ব্বে (২৯৫ সূত্রে) উক্ত হইয়াছে। অস্ ও ভূ ধাতু পরস্মৈপদী

CENTRAL LIBRARY

বলিয়া উহাদের পরস্মৈপদ—লিটের পদ উভয়পদী ধাতুতেই যুক্ত হয়। কৃ ধাতুর পরস্মৈপদ—লিটের পদ পরস্মৈপদী ধাতুতে ও আত্মনেপদ—লিটের পদ আত্মনেপদী ধাতুতে যুক্ত হয়। যথা—

উন্দ্-পরস্মৈপদ—উন্দামাস বা উন্দাংবভূব বা উন্দাংচকার।
ঈড্-আত্মনেপদ—ঈডামাস বা ঈডাংবভূব বা ঈডাংচক্রে।

৩২৯। আম্ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর বা উপধালঘু-স্বরের গুণ হয়। যথা—উষ্—ওষামাস। বিদ্ ধাতুর হয় না, বিদাঞ্চকার।

৩৩০। আস্ ধাতু—আত্মনেপদ।

	একবচন	একবচন	একবচন
প্রথম পুরুষ	আসামাস	আসাংবভূব	আসাংচক্রে
মধ্যম পুরুষ	আসামাসিথ	আসাংবভূবিথ	আসাংচকৃষে
উত্তম পুরুষ	আসামাস	আসাংবভূব	আসাংচক্রে
	দ্বিবচন	দ্বিবচন	দ্বিবচন
প্রথম পুরুষ	আসামাসতুঃ	আসাংবভূবতুঃ	আসাংচক্রাতে
মধ্যম পুরুষ	আসামাসথুঃ	আসাংবভূবথুঃ	আসাংচক্রাথে
উত্তম পুরুষ	আসামাসিব	আসাংবভূবিব	আসাংচকৃবহে
	বহুবচন	বহুবচন	বহুবচন
প্রথম পুরুষ	আসামাসুঃ	আসাংবভূবুঃ	আসাংচক্রিরে
মধ্যম পুরুষ	আসামাস	আসাংবভূব	আসাংচকৃধ্বে
উত্তম পুরুষ	আসামাসিম	আসাংবভূবিম	আসাংচকৃমহে

CENTRAL LIBRARY

৩৩১। আম্ পরে থাকিলে ভী, হ্রী, ভৃ ও হু ধাতু অভ্যস্ত হয়—

বিভয়াংচকার, বিভরাংচকার ইত্যাদি।

অতীত—লুঙ্

৩৩২। লঙের মত লুঙেও ধাতুর পূর্ব্বে অকারাগম হয়।

৩৩৩। লুঙের বিভক্তির রূপও লঙের মত। কএক প্রকারের লুঙে প্রথম পুরুষ বহুবচনে অন্ এর স্থানে উস্ হয়।

৩৩৪। রূপ করিবার প্রণালী লক্ষ্য করিয়া লুঙ্কে প্রধানতঃ দুই শ্রেণীতে বিভক্ত করা যায়। প্রথম শ্রেণীতে ধাতুর সহিত বিভক্তিগুলি অব্যবহিতভাবে বা অকারমাত্র ব্যবহিত হইয়া যুক্ত হয়। দ্বিতীয় শ্রেণীতে ধাতু ও বিভক্তির মধ্যে একটি উষ্মবর্ণের সমাবেশ হয়। প্রথম শ্রেণীর তিনটি ও দ্বিতীয় শ্রেণীর চারিটি শাখাভেদ করা যায়। কতকগুলি ধাতুর লুঙে রূপ এক প্রকারে হয়। কতকগুলির আবার বহু প্রকারে হয়।

প্রথম শ্রেণী

লুঙ্ যাহাতে সিচ্ (স্) আগম হয় না।

প্রথম শাখা

৩৩৫। লুঙের এই রূপে, বিভক্তিগুলি ধাতুর সহিত অব্যবহিতভাবে যুক্ত হয়। অন্ বিভক্তির স্থানে উস্ হয়। এই উস্ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত স্বরের লোপ হয়। এইরূপে কেবল পরস্মৈপদের বিভক্তিই প্রযুক্ত হয়।

CENTRAL LIBRARY

দা—লুঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদাৎ	অদাতাম্	অদুঃ
মধ্যম পুরুষ	অদাঃ	অদাতম্	অদাত
উত্তম পুরুষ	অদাম্	অদাব	অদাম

৩৩৬। ভূ ধাতুর পরে প্রথম পুরুষের বহুবচনে (উস্ না হইয়া) অন্ বিভক্তি হয়। স্বরাদি বিভক্তি পরে থাকিলে (লিটের মত) লুঙেও ভূধাতুর উ স্থানে উব্ হয়।

ভূ—লুঙ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অভূৎ	অভূতাম্	অভূবন্
মধ্যম পুরুষ	অভূঃ	অভূতম্	অভূত
উত্তম পুরুষ	অভূবম্	অভূব	অভূম

দ্বিতীয় শাখা

৩৩৭। লুঙের এই রূপে বিভক্তির পূর্ব্বে ও ধাতুর পরে একটি অকারাগম হয়। অকারাদি বিভক্তি পরে থাকিলে এই অকারের লোপ হয়। বিভক্তির ব ম পরে থাকিলে উহার বৃদ্ধি হয়।

৩৩৮। এই অ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ঋ ৠ বর্ণের গুণ হয়। যথা সৃ—অসরৎ। দৃশ্ ধাতুরও হয় যথা—অদর্শৎ।

লুঙের নিম্নবিধ রূপ সাধারণতঃ পরস্মৈপদে হয়।

CENTRAL LIBRARY

পরস্মৈপদ—সিচ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অসিচৎ	অসিচতাম্	অসিচন্
মধ্যম পুরুষ	অসিচঃ	অসিচতম্	অসিচত
উত্তম পুরুষ	অসিচম্	অসিচাব	অসিচাম

তৃতীয় শাখা

৩৩৯। লুঙের এই রূপে বিভক্তির পূর্ব্বে ও ধাতুর পরে একটি অকারাগম হয় এবং ধাতুটিও এক বিশিষ্টভাবে অভ্যস্ত হয়। এই অভ্যাস বহুজটিল সূত্রের দ্বারা নিয়ন্ত্রিত। বহুস্থলে অভ্যাসের স্বর দীর্ঘ হয়। চুরাদিগণীয় ও ণিজন্ত ধাতু এবং অন্য কতিপয় ধাতুও লুঙের এই প্রকার রূপ গ্রহণ করিয়া থাকে।

মুচ্ ধাতুর ণিজন্ত অঙ্গ "মোচয়" কে উদাহরণ স্বরূপ নিম্নে রূপ করিয়া দেখান গেল।

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অমূমুচৎ	অমূমুচতাম্	অমূমুচন্
মধ্যম পুরুষ	অমূমুচঃ	অমূমুচতম্	অমূমুচত
উত্তম পুরুষ	অমূমুচম্	অমূমুচাব	অমূমুচাম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অমূমুচত	অমূমুচেতাম্	অমূমুচন্ত
মধ্যম পুরুষ	অমূমুচথাঃ	অমূমুচেথাম্	অমূমুচধ্বম্
উত্তম পুরুষ	অমূমুচে	অমূমুচাবহি	অমূমুচামহি

দ্বিতীয় শ্রেণী

লুঙ্

যাহাতে সিচ্ (স্) আগম হয়।

চতুর্থ শাখা

৩৪০। এই শাখার লুঙের বিভক্তি নিম্নরূপ বলা যাইতে পারে—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সৎ	সতাম্	সন্
মধ্যম পুরুষ	সঃ	সতম্	সত
উত্তম পুরুষ	সম্	সাব	সাম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সত	সাতাম্	সন্ত
মধ্যম পুরুষ	সথাঃ	সাথাম্	সধ্বম্
উত্তম পুরুষ	সি	সাবহি	সামহি

৩৪১। উল্লিখিত বিভক্তি পরে থাকিলে, ধাতুর স্বর অবিকৃত থাকে।

৩৪২। অল্পসংখ্যক ধাতুই লুঙের এই রূপ গ্রহণ করে।

পরস্মৈপদ—দিশ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদিক্ষৎ	অদিক্ষতাম্	অদিক্ষন্
মধ্যম পুরুষ	অদিক্ষঃ	অদিক্ষতম্	অদিক্ষত
উত্তম পুরুষ	অদিক্ষম্	অদিক্ষাব	অদিক্ষাম

CENTRAL LIBRARY

আত্মনেপদ—দিশ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অদিক্ষত	অদিক্ষাতাম্	অদিক্ষন্ত
মধ্যম পুরুষ	অদিক্ষথাঃ	অদিক্ষাথাম	অদিক্ষধ্বম্
উত্তম পুরুষ	অদিক্ষি	অদিক্ষাবহি	অদিক্ষামহি

দুহ্ ধাতু—অধুক্ষৎ, অধুক্ষম্। আত্মনেপদে—অধুক্ষত, অধুক্ষি।

পঞ্চম শাখা

৩৪৩। লুঙের পঞ্চম শাখার বিভক্তির রূপ যথা—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সীৎ	স্তাম্	সুঃ
মধ্যম পুরুষ	সীঃ	স্তম্	স্ত
উত্তম পুরুষ	সম্	স্ব	স্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	স্ত	সাতাম্	সত
মধ্যম পুরুষ	স্থাঃ	সাথাম্	ধ্বম্
উত্তম পুরুষ	সি	স্বহি	স্মহি

৩৪৪। সন্ধির নিয়মানুসারে ধাতুর অন্তস্থিত ব্যঞ্জনবর্ণ বিভক্তির আদিবর্ণের সহিত নানা রূপে মিলিত হয়।

CENTRAL LIBRARY

যথা—পচ্ অপাক্ষীৎ ; প্রচ্ছ্—অপ্রাক্ষীৎ ; মৃজ্—অমার্ক্ষীৎ ; রুধ্—অরৌৎসীৎ ; কৃষ্—অকার্ক্ষীৎ ; বস্—অবাৎসীৎ ; বহ্—অবাক্ষীৎ ; দহ্—অধাক্ষীৎ (মধ্যম পুরুষ বহুবচনে অদাগ্ধ) ; মন্—আত্মনেপদী—অমংস্ত ।

৩৪৫ । অ আ ভিন্ন স্বর অথবা র পূর্ব্বে থাকিলে ধ্বম্ এর স্থানে ঢ্বম্ হয় । যথা—নী—অনেঢ্বম্ ; কৃ—অকৃঢ্বম্ ।

৩৪৬ । লুঙের এই রূপে পরস্মৈপদে ধাতুর স্বরের বৃদ্ধি হয় । জি—অজৈষীৎ ; নী—অনৈষীৎ ; শ্রু—অশ্রৌষীৎ ; ভঞ্জ্—অভাঙ্ক্ষীৎ ।

আত্মনেপদে ধাতুর অন্তস্থিত ই, ঈ, উ, ঊকারের গুণ হয় ।

নী—অনেষ্ট, সূ—অসোষ্ট ।

পরস্মৈপদ—নী

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অনৈষীৎ	অনৈষ্টাম্	অনৈষুঃ
মধ্যম পুরুষ	অনৈষীঃ	অনৈষ্টম্	অনৈষ্ট
উত্তম পুরুষ	অনৈষম্	অনৈষ্ব	অনৈষ্ম

আত্মনেপদ—নী

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অনেষ্ট	অনেষাতাম্	অনেষত
মধ্যম পুরুষ	অনেষ্ঠাঃ	অনেষাথাম্	অনেঢ্বম্
উত্তম পুরুষ	অনেষি	অনেষ্বহি	অনেষ্মহি

CENTRAL LIBRARY

পরস্মৈপদ—কৃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অকার্ষীৎ	অকার্ষ্টাম্	অকার্ষুঃ
মধ্যম পুরুষ	অকার্ষীঃ	অকার্ষ্টম্	অকার্ষ্ট
উত্তম পুরুষ	অকার্ষম্	অকার্ষ্ব	অকার্ষ্ম

আত্মনেপদ—কৃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অকৃত	অকৃষাতাম্	অকৃষত
মধ্যম পুরুষ	অকৃথাঃ	অকৃষাথাম্	অকৃঢ্বম্
উত্তম পুরুষ	অকৃষি	অকৃষ্বহি	অকৃষ্মহি

৩৪৭। দৃশ্, সৃজ্, স্পৃশ্ ধাতুর ঋকার স্থানে আর্ না হইয়া রা হয়।

যথা—অস্রাক্ষীৎ, অস্রাক্ষীঃ, অস্রাক্ষম্।

৩৪৮। আত্মনেপদ বিভক্তি পরে থাকিলে দা, ধা ও স্থা ধাতুর আকার স্থানে ই হয়। ধাতুর অঙ্গের হ্রস্ব স্বরের পরে আত্মনেপদ প্রথম ও মধ্যম পুরুষের একবচনের বিভক্তির পূর্ব্বস্থিত স্ (সিচ্) এর লোপ হয়। অদিত, অদিথাঃ, অকৃত।

ষষ্ঠ শাখা

৩৪৯। এই শাখার লুঙের বিভক্তি পঞ্চম শাখার বিভক্তির অনুরূপ কেবল এই শাখার ঐ বিভক্তির পূর্ব্বে একটি ই আইসে। পরস্মৈপদ প্রথম ও মধ্যম পুরুষ একবচনে বিভক্তির স্ র লোপ হয়। তাহা হইলে বিভক্তির আকৃতি নিম্নরূপ দাঁড়ায়।

CENTRAL LIBRARY

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ঈৎ	ইষ্টাম্	ইষুঃ
মধ্যম পুরুষ	ঈঃ	ইষ্টম্	ইষ্ট
উত্তম পুরুষ	ইষম্	ইষ্ব	ইষ্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ইষ্ট	ইষাতাম্	ইষত
মধ্যম পুরুষ	ইষ্ঠাঃ	ইষাথাম্	ইধ্বম্
উত্তম পুরুষ	ইষি	ইষ্বহি	ইষ্মহি

৩৫০। লুঙের এই রূপে ধাতুর স্বরের পঞ্চম শাখার অনুরূপ বৃদ্ধি বা গুণ হইয়া থাকে। লূ—অলাবীৎ, অলাবীঃ, অলাবিষম্। আত্মনেপদে-অলবিষ্ট। বুধ্—অবোধীৎ।

পরস্মৈপদ—বুধ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অবোধীৎ	অবোধিষ্টাম্	অবোধিষুঃ
মধ্যম পুরুষ	অবোধীঃ	অবোধিষ্টম্	অবোধিষ্ট
উত্তম পুরুষ	অবোধিষম্	অবোধিষ্ব	অবোধিষ্ম

আত্মনেপদ—বুধ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অবোধিষ্ট	অবোধিষাতাম্	অবোধিষত
মধ্যম পুরুষ	অবোধিষ্ঠাঃ	অবোধিষাথাম্	অবোধিঢ্বম্
উত্তম পুরুষ	অবোধিষি	অবোধিষ্বহি	অবোধিষ্মহি

CENTRAL LIBRARY

সপ্তম শাখা

৩৫১। এই শাখার লুঙের বিভক্তির রূপ ষষ্ঠশাখার বিভক্তির পূর্ব্বে স্ যোগ করিলে হইবে, যথা,—

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সীৎ	সিষ্টাম্	সিষুঃ
মধ্যম পুরুষ	সীঃ	সিষ্টম্	সিষ্ট
উত্তম পুরুষ	সিষম্	সিষ্ব	সিষ্ম

এই শাখার কেবল পরস্মৈপদ প্রযুক্ত হইয়া থাকে।

৩৫২। আকারান্ত কতিপয় ধাতু ও নম্, যম্ এবং রম্ ধাতুর লুঙে এই প্রকার রূপ হয়।

পরস্মৈপদ—রম্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অরংসীৎ	অরংসিষ্টাম্	অরংসিষুঃ
মধ্যম পুরুষ	অরংসীঃ	অরংসিষ্টম্	অরংসিষ্ট
উত্তম পুরুষ	অরংসিষম্	অরংসিষ্ব	অরংসিষ্ম

ভবিষ্যৎ—লৃট্

৩৫৩। ভবিষ্যৎ লৃটে ধাতুর উত্তর স্য—এবং সেট্ হইলে ইষ্য যোগ করিতে হয়। অতঃপর এই প্রকার ধাতুর অঙ্গের পরে বর্ত্তমানের বিভক্তি যোগ করিতে হয়। অ পরে থাকিলে স্য বা ইষ্যর অকারের লোপ হয় এবং ব ও ম পরে থাকিলে উহার বৃদ্ধি হয়।

CENTRAL LIBRARY

৩৫৪। লৃটে ধাতুর অন্ত্য স্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। যথা—

প্রথম পুরুষ	প্রথম পুরুষ
ই—এষ্যতি,	ভূ—ভবিষ্যতি ;
উত্তম পুরুষ	উত্তম পুরুষ
কৃ—করিষ্যামি,	বুধ্—ভোৎস্যে ;

৩৫৫। লৃটে কতকগুলি ধাতুর বিকল্পে ইকারাগম হয়।

উত্তম পুরুষ

যথা—কৃৎ—কর্ৎস্যামি বা কর্ত্তিষ্যামি।

৩৫৬। চুরাদিগণীয় বা ণিজন্ত ধাতুর অয় আগম লৃটেও হয়। অধিকন্তু উহার অন্ত্য অকারের লোপ হয়। যথা—চুর (চোরয়)—চোরয়িষ্যামি।

৩৫৭। পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভবিষ্যতি	ভবিষ্যতঃ	ভবিষ্যন্তি
মধ্যম পুরুষ	ভবিষ্যসি	ভবিষ্যথঃ	ভবিষ্যথ
উত্তম পুরুষ	ভবিষ্যামি	ভবিষ্যাবঃ	ভবিষ্যামঃ

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	লপ্স্যতে	লপ্স্যেতে	লপ্স্যন্তে
মধ্যম পুরুষ	লপ্স্যসে	লপ্স্যেথে	লপ্স্যধ্বে
উত্তম পুরুষ	লপ্স্যে	লপ্স্যাবহে	লপ্স্যামহে

CENTRAL LIBRARY

৩৫৮। দৃশ্, সৃজ্, স্পৃশ্ ধাতুর দ্রক্ষ্যতি, স্রক্ষ্যতি; স্প্রক্ষ্যতি ইত্যাদিরূপ হয়। বস্—বৎস্যতি; গ্রহ—গ্রহীষ্যতি; নশ্—নঙ্ক্ষ্যতি।

———০———

অনদ্যতন ভবিষ্যৎ—লুট্

ক্রিয়ান্তরসহায়ে উদ্ভূত

৩৫৯। ধাতুর উত্তর তৃ প্রত্যয় করিয়া যে কর্ত্তৃবাচক বিশেষ্য শব্দ উদ্ভূত হয়, সেই বিশেষ্যের পরে উত্তম ও মধ্যম পুরুষে অস্ ধাতুর বর্ত্তমানের পদ প্রয়োগ করিয়া ভবিষ্যতের এই অভিনব রূপের উৎপত্তি হয়। প্রথম পুরুষে অস্ ধাতুর প্রয়োগ হয় না, সেই বিশেষ্যের কর্ত্তৃকারকের (একবচন দ্বিবচন ও বহুবচনের) পদগুলি ব্যবহৃত হয় মাত্র।

৩৬০। তৃ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। যথা কৃ—উত্তমপুরুষে কর্ত্তাস্মি (কৃ ধাতুর উত্তর তৃ প্রত্যয় করিয়া তাহার পুংলিঙ্গ প্রথমার একবচন কর্ত্তা); নী—নেতাস্মি; ভূ—ভবিতাস্মি।

৩৬১। অল্প সংখ্যক ক্রিয়ার ভবিষ্যতে (লৃটের রূপ ভিন্ন) এইরূপও হইয়া থাকে।

৩৬২। পরস্মৈপদ—দা

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দাতা	দাতারৌ	দাতারঃ
মধ্যম পুরুষ	দাতাসি	দাতাস্থঃ	দাতাস্থ
উত্তম পুরুষ	দাতাস্মি	দাতাস্বঃ	দাতাস্মঃ

CENTRAL LIBRARY

আত্মনেপদ—দা

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	দাতা	দাতারৌ	দাতারঃ
মধ্যম পুরুষ	দাতাসে	দাতাসাথে	দাতাধ্বে
উত্তম পুরুষ	দাতাহে	দাতাস্বহে	দাতাস্মহে

হেতুহেতুমদ্ভাবে—লৃঙ্

৩৬৩। এই লকারে ধাতুর উত্তর লৃটের মত স্য (বা ইষ্য) হয়। ধাতুর পূর্ব্বে (লঙ্ ও লুঙের মত) অকারাগম ও আকারাগম হয়। স্য (বা ইষ্য) যুক্ত অঙ্গের পর লঙের বিভক্তি যোগ হয়। স্য (বা ইষ্য)র অন্তস্থিত অকারের লোপ বৃদ্ধি এবং ধাতুর গুণ লৃটের অনুরূপ—হইয়া থাকে। যথা—ভূ—উত্তম পুরুষে অভবিষ্যম্; পচ্—অপক্ষ্যম্, বস্—অবৎস্যম্; দৃশ্—অদ্রক্ষ্যম্।

৩৬৪। পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অভবিষ্যৎ	অভবিষ্যতাম্	অভবিষ্যন্
মধ্যম পুরুষ	অভবিষ্যঃ	অভবিষ্যতম্	অভবিষ্যত
উত্তম পুরুষ	অভবিষ্যম্	অভবিষ্যাব	অভবিষ্যাম

আত্মনেপদ—লভ্

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	অলপ্স্যত	অলপ্স্যেতাম্	অলপ্স্যন্ত
মধ্যম পুরুষ	অলপ্স্যথাঃ	অলপ্স্যেথাম্	অলপ্স্যধ্বম্
উত্তম পুরুষ	অলপ্স্যে	অলপ্স্যাবহি	অলপ্স্যামহি

CENTRAL LIBRARY

আশিষি—লিঙ্

৩৬৫। এই লকারের নিম্ন লিখিত বিভক্তি ধাতুতে যোগ করিতে হয়—

পরস্মৈপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	যাৎ	যাস্তাম্	যাসুঃ
মধ্যম পুরুষ	যাঃ	যাস্তম্	যাস্ত
উত্তম পুরুষ	যাসম্	যাস্ব	যাস্ম

আত্মনেপদ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	সীষ্ট	সীয়াস্তাম্	সীরন্
মধ্যম পুরুষ	সীষ্ঠাঃ	সীয়াস্থাম্	সীধ্বম্
উত্তম পুরুষ	সীয়	সীবহি	সীমহি

৩৬৬। এই অর্থের লিঙে পরস্মৈপদে গুণ বৃদ্ধি হয় না। যথা, ভূ—ভূয়াৎ, ভূয়াঃ, ভূয়াসম্।

৩৬৭। ধাতুর অন্তস্থিত ই, উ দীর্ঘ হয়। যথা, জি—জীয়াৎ, জীয়াঃ, জীয়াসম্।

৩৬৮। ধাতুর অন্তস্থিত ঋ স্থানে রি হয়। যথা, কৃ—উত্তম-পুরুষে ক্রিয়াসম্। সংযুক্তবর্ণে যুক্ত থাকিলে ঋকারের গুণ হয়। যথা, স্মৃ—উত্তম পুরুষে স্মর্য্যাসম্।

৩৬৯। দা, ধা, মা, স্থা, পা (পানে), হা এবং গৈ ধাতুর অন্তস্থিত স্বরের স্থানে এ হয়। যথা—দেয়াসম্, পেয়াসম্ ইত্যাদি।

CENTRAL LIBRARY

৩৭০। আত্মনেপদে সেট্ ধাতুর পরে ইকারাগম হয়, বেট্ ধাতুর পরে বিকল্পে হয়। ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। ই (ইট্) পরে না থাকিলে অন্ত্য ঋকারের গুণ হয় না। যথা—পৃ—উত্তম পুরুষে পবিষীয়; কৃ—কৃষীয়।

৩৭১। পরস্মৈপদ—ভূ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	ভূয়াৎ	ভূয়াস্তাম্	ভূয়াসুঃ
মধ্যম পুরুষ	ভূয়াঃ	ভূয়াস্তম্	ভূয়াস্ত
উত্তম পুরুষ	ভূয়াসম্	ভূয়াস্ব	ভূয়াস্ম

আত্মনেপদ—কৃ

	একবচন	দ্বিবচন	বহুবচন
প্রথম পুরুষ	কৃষীষ্ট	কৃষীয়াস্তাম্	কৃষীরন্
মধ্যম পুরুষ	কৃষীষ্ঠাঃ	কৃষীয়াস্থাম্	কৃষীধ্বম্
উত্তম পুরুষ	কৃষীয়	কৃষীবহি	কৃষীমহি

ভাব-কর্ম্ম-প্রক্রিয়া

৩৭২। সকল গণীয় ধাতুর সকল লকারেই ভাব বা কর্ম্মবাচ্যে প্রয়োগ হইতে পারে। সকর্ম্মক ক্রিয়ার রূপ সকল পুরুষ সকল বচনেই হইতে পারে, অকর্ম্মক ক্রিয়ার রূপ (ভাবে) কেবল প্রথম পুরুষের একবচনে হয়। বিশেষ-লকারে ভাব বা কর্ম্মবাচ্যে ধাতুর উত্তর য যোগ করিতে হয়। এই য

CENTRAL LIBRARY

যোগে ধাতুর গুণ বৃদ্ধি কিছুই হয় না। অতঃ পর ধাতুর এই অঙ্গের উত্তর প্রথম শ্রেণীর ক্রিয়ার আত্মনেপদের বিভক্তিগুলি যুক্ত হয়। যথা—অনুভূ লট্—অনুভূয়তে, অনুভূয়সে, অনুভূয়ে ইত্যাদি ; লোট্—অনুভূয়তাম্ ; লঙ্—অনুভূয়ত ; লিঙ্ (বিধৌ) অনুভূয়েত।

বুধ্—লট্—বুধ্যতে, লোট্—বুধ্যতাম, লঙ্—অবুধ্যত, লিঙ্ (বিধৌ)—বুধ্যেত।

৩৭৩। এই য পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ই উ দীর্ঘ হয়, ঋ স্থানে রি হয়, ঋ স্থানে ঈর্ হয়, অথবা ঋ ওষ্ঠ্যবর্ণে যুক্ত হইলে ঊর্ হয়। যথা—

জি—জীয়তে, কৃ—ক্রিয়তে, কৄ—কীর্য্যতে ; পৄ—পূর্য্যতে।

৩৭৪। য পরে থাকিলে সংযুক্তবর্ণে যুক্ত ঋকারের ও ঋ ধাতুর গুণ হয়। যথা স্মৃ—স্মর্য্যতে, ঋ—অর্য্যতে।

৩৭৫। য পরে থাকিলে দা (দানে), ধা, মা, স্থা, পা (পানে), হা (ত্যাগে), দে, ধে, গৈ এবং সো ধাতুর অন্ত্যস্বরের স্থানে ঈ হয়। যথা দা—দীয়তে, পা,—পীয়তে, গৈ—গীয়তে ; সো—সীয়তে।

৩৭৬। য পরে থাকিলে ধাতুর 'ই'জাত উপধা নকার ভিন্ন অনুনাসিকের লোপ হয়। বন্ধ্—বধ্যতে, গ্রন্থ্—গ্রথ্যতে।

৩৭৭। যজ্—ইজ্যতে, বচ্—উচ্যতে (ব্রূ ধাতুর স্থলেও কর্ম্মবাচ্যে বচ্ হয়), বপ্—উপ্যতে, বহ্—উহ্যতে, স্বপ্—সুপ্যতে, বা—ঊয়তে, হ্বে—হূয়তে, গ্রহ্—গৃহ্যতে।

CENTRAL LIBRARY

৩৭৮। জন্—জায়তে, খন—খন্যতে বা খায়তে, শাস—শাস্যতে বা শিষ্যতে।

৩৭৯। লিট্, লুট্, লৃট, লৃঙ্ ও আশিষি—লিঙে কর্ম্ম ও ভাববাচ্যের রূপ কর্ত্তৃবাচ্যের আত্মনেপদ বিভক্তিযুক্ত পদের মত। যথা, কৃ—লিট্ (কর্ম্মবাচ্যে)—চক্রে, ঈক্ষ্—ঈক্ষাঞ্চক্রে, ঈক্ষামাসে। বুধ্—লৃট্ উত্তম পুরুষে বোধয়িষ্যে, লুট্—বোধিতাহে, লৃঙ্—অবোধিষ্যে ; আশিষি-লিঙ্—বোধিষীয়।

৩৮০। লুঙেও ভাবকর্ম্মবাচ্যে ধাতুর উত্তর আত্মনেপদের বিভক্তিযোগ করিলেই হয়। যথা অনুভূ—লুঙ্, উত্তম পুরুষ একবচন, কর্ম্মণি বাচ্যে—অন্বভাবিষি। কেবল প্রথম পুরুষের একবচনে কিছু বিশেষ আছে। প্রথম পুরুষের একবচনে বিভক্তির রূপ 'ই' হয়। এই 'ই' পরে থাকিলে ধাতুর অন্ত্য স্বরের ও উপধা অকারের বৃদ্ধি হয়, এবং অকারভিন্ন উপধা লঘুস্বরের গুণ হয়, ও ধাতুর অন্তস্থিত আকারের পর য্ আইসে। যথা নী—অনায়ি, শ্রু—অশ্রাবি, কৃ বা কৄ—অকারি, ভিদ্—অভেদি, মুচ্—অমোচি, কৃষ্—অকর্ষি, নিন্দ্—অনিন্দি, বদ্—অবাদি, জ্ঞা—অজ্ঞায়ি, দা—অদায়ি।

কিন্তু রভ্ ধাতুর অরম্ভি হয়, লভ্ ধাতুর অলম্ভি বা অলাভি হয়।

৩৮১। অয় যোগে যে সকল ধাতুর অঙ্গ হয়, কর্ম্ম বা ভাববাচ্যে লিট্ ভিন্ন সাধারণ লকারে তাহাদের অয্ ভাগের বিকল্পে লোপ হয়। যথা—লৃট্—চোরয়িষ্যে বা চোরিষ্যে, লুঙ্—অচোরয়িষি বা অচোরিষি। লুঙের প্রথম পুরুষ একবচনে এই লোপ নিত্য হয়—অচোরি ; রোপয় (রুহ্ + ণিচ্) হইতে অরোপি।

CENTRAL LIBRARY

প্রযোজিত ক্রিয়া—ণিজন্ত

৩৮২। সকল ধাতুই প্রযোজিতক্রিয়ার আকার ধারণ করিতে পারে। প্রয়োজিত ক্রিয়ার অঙ্গ চুরাদি গণায় ধাতুর অনুরূপ গুণবৃদ্ধ্যাদি দ্বারা নিষ্পন্ন হয়। যথা, বুধ্ (জ্ঞানে) হইতে বোধয় (অঙ্গ),—বোধয়তি (তিনি জানাইতেছেন), অবোধয়ৎ (তিনি জানাইয়াছিলেন) ইত্যাদি। এইরূপ ভূ—ভাবয়তি, কৃ—কারয়তি, নী—নায়য়তি।

৩৮৩। লুঙ্ ও আশিষি—লিঙ্ ভিন্ন সাধারণ-লকারে প্রযোজিতার্থ প্রত্যয় 'অয়ে'র (চুরাদিগণীয় ধাতুর মত) অন্তস্থিত অকারের লোপ হয়, সমুদায়ের লোপ হয় না। যথা বোধয়,—লৃট্ বোধয়িষ্যতি ; লিট্—বোধয়াংচকার। কিন্তু লুঙ্ (অভ্যস্ত ৩৩৯ সূত্র দেখ) অবুবুধৎ ; আশিষি-লিঙ্—বোধ্যাসম্।

৩৮৪। অম্ ভাগান্ত কতিপয় ধাতুর উপধা অকারের বৃদ্ধি হয়। কম্—কাময়তি।

৩৮৫। ণিজন্ত করিলে আকারান্ত ধাতুর পরে প্ আইসে। যথা, দা—দাপয়তি।

৩৮৬। ণিজন্ত করিলে ধাতুর অন্তস্থিত এ ঐ এবং ও স্থানে আ হয় এবং উহার পরে প্ আইসে। যথা, গৈ—গাপয়তি।

৩৮৭। কতিপয় ই বা ঈকারান্ত ধাতুরও ঐরূপ হয়। যথা, ক্রী—ক্রাপয়তি।

৩৮৮। জ্ঞা-ধাতু—জ্ঞপয়তি বা জ্ঞাপয়তি, স্না-ধাতু—স্নপয়তি বা স্নাপয়তি। পা (পানে)—পায়য়তি। পা (রক্ষণে)—পালয়তি।

CENTRAL LIBRARY

৩৮৯। প্রী—প্রীণয়তি, হন্—ঘাতয়তি, ঋ—অর্পয়তি, রুহ্—রোপয়তি বা রোহয়তি।

৩৯০। ই (গমনে) ণিজন্ত করিলে গময়তি হয়, কিন্তু অধি পূর্ব্বক ই ধাতু—অধ্যাপয়তি।

৩৯। বি পূর্ব্বক স্মি হইতে বিস্মাপয়তে (he astonishes) বা বিস্মায়য়তি।

ইচ্ছার্থ ক্রিয়া—সনন্ত

৩৯২। ইচ্ছার্থ ক্রিয়া সকলধাতু হইতেই উৎপন্ন হয় এবং সকল লকারেই প্রযুক্ত হইতে পারে।

৩৯৩। ধাতুকে অভ্যস্ত করিয়া তদুত্তরে স্ যোগে ইচ্ছার্থ ক্রিয়ার অঙ্গ উৎপন্ন হয়। এ অভ্যাসের নিয়ম, (২৬০ সূত্রে) যে সাধারণ নিয়ম উক্ত হইয়াছে, প্রায় তদনুযায়ী হয়। কেবল এস্থলে অভ্যাসে অ, আ, ঋ স্থানে ই হয়। (ঋ ওষ্ঠ্য বর্ণে যুক্ত হইলে উ হয়)। সাধারণতঃ এই স্ আগমের পূর্ব্বে সেট্ ধাতুর পরে ইকারাগম হয়, বেট্ ধাতুর পরে বিকল্পে হয়, এবং অনিট্ ধাতুর পরে হয় না। যথা—ভূ হইতে বুভূষতি, স্থা হইতে তিষ্ঠাসতি; পঠ্ হইতে পিপঠিষতি।

৩৯৪। সাধারণতঃ ইষ্ পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘু স্বরের গুণ হয় কিন্তু স্ পরে থাকিলে হয় না। যথা শী ধাতু—শিশয়িষতে, নৃৎ ধাতু—নিনর্ত্তিষতি। উপধা ইকারের গুণ হয় না, বিদ্—বিবিদিষতি। স্ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ই, উ দীর্ঘ হয়, যথা জি ধাতু—(ব্যঞ্জনের অনিয়মিত পরিবর্ত্তন করিয়া) জিগীষতি, দ্রু—দুদ্রুষতি।

CENTRAL LIBRARY

৩৯৫। স্ পরে থাকিলে ধাতুর অন্তস্থিত ঋ ৠ স্থানে ঈর্ হয়, কিন্তু ঋ ৠ ওষ্ঠ্যবর্ণে যুক্ত হইলে উর্ হয়। যথা কৃ—চিকীর্ষতি, তৃ—তিতীর্ষতি, মৃ—মুমূর্ষতি।

৩৯৬। গম্ ধাতু হইতে এবং বোধন ভিন্ন অর্থে ই ধাতু হইতে জিগমিষতি। মন্—মীমাংসতে, হন্—জিঘাংসতি, অধি-পূর্ব্বক ই—অধিজিগাংসতে, সম্ পূর্ব্বক গম্—সঞ্জিগংসতে, বোধন অর্থে প্রতি পূর্ব্বক ই—প্রতীষিষতি।

৩৯৭। দা—দিৎসতি, ধা—ধিৎসতি, মা—মিৎসতি, পদ্—পিৎসতে, রভ্—রিপ্সতে, লভ্—লিপ্সতে, শক্—শিক্ষতি।

৩৯৮। গ্রহ্—জিঘৃক্ষতি, প্রচ্ছ্—পিপৃচ্ছিষতি, স্বপ্—সুষুপ্সতি।

পৌনঃপুন্যার্থ-ভৃশার্থ-ক্রিয়া—যঙন্ত

৩৯৯। পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থ ক্রিয়া, মৌলিক ধাতু দ্বারা সূচিত কার্য্যের পুনঃ পুনঃ সংঘটন অথবা আতিশয্য দ্যোতিত করে। প্রথম নয় গণের মধ্যে যে সকল ধাতু একস্বর বিশিষ্ট ও যাহাদের আদিতে ব্যঞ্জন বর্ণ আছে সেই সকল ধাতু হইতেই যঙন্তক্রিয়া উদ্ভূত হয়।

৪০০। পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থ ক্রিয়ার অঙ্গে একপ্রকার বিশেষ অভ্যাস লক্ষিত হয়। এই অভ্যাসের স্বরের গুণ হয় এবং অকার স্থানে আকার হয়। যখন এই অভ্যস্ত অঙ্গে পরস্মৈপদের বিভক্তি যুক্ত হয় এবং উহার জুহোত্যাদিগণীয়ের মত রূপ হয়, তখন ইহাকে সংস্কৃত ব্যাকরণে যঙ্লুগন্ত-প্রক্রিয়া বলে, অর্থাৎ এ স্থলে পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থদ্যোতক য (যঙ্) প্রত্যয়ের লোপ

CENTRAL LIBRARY

হইয়াছে এইরূপ বিবেচনা করিতে হইবে। কিন্তু পৌনঃপুন্যার্থ অথবা ভৃশার্থ প্রকাশ করিতে অভ্যস্ত অঙ্গের পরে য (যঙ্) যুক্ত করিতে হয়। এই যকারের পরে আত্মনেপদের বিভক্তি হয়, ও কর্ম্মবাচ্যের অনুরূপ অঙ্গের বিকার ঘটে (৩৭৩ সূত্র দেখ)। ইহাই যঙন্ত-প্রক্রিয়া।

ভূ ধাতু পৌনঃপুন্যার্থে অথবা ভৃশার্থে—বোভোতি (যঙ্ লুগন্ত); বোভূয়তে (যঙ্ন্ত)। নী ধাতু—নেনীয়তে (যঙন্ত); তপ্—তাতপ্যতে (যঙন্ত); লিহ্—(যঙ্লুগন্ত) লেলিহতি; (যঙ্ন্ত) লেলিহ্যতে।

৪০১। যঙন্ত রূপের বিষয়ে অনেক বিশেষ সূত্র আছে, তদনুসারে ক্রম্—চঙ্ক্রম্যতে; বৃৎ—বরীবৃত্যতে; গ্রহ্—জরীগৃহ্যতে; নৃত্—নরীনৃত্যতে ইত্যাদি।

নাম ধাতু

৪০২। বিশেষ্য শব্দের উত্তর য (ক্যচ্ বা ক্যঙ্) প্রত্যয় করিয়া বহু ধাতু উৎপন্ন হয়। ইহাদিগকে নাম ধাতু বলে। এইরূপ ক্রিয়ার অর্থ তদ্বৎ আচরণ করা, তদ্বৎ দেখা, তাহা কামনা করা, তাহা করা ইত্যাদি।

৪০৩। এই 'য' র পর অন্ত্য স্বর দীর্ঘ হয়। অন্ত্য অ, আ স্থলে অনেক সময়ে ঈ হয়। অন্ত্য ন্ স্থানে আ হয়। যথা—কৃষ্ণায়তে = কৃষ্ণেরমত আচরণ করিতেছে। রাজন্—রাজায়তে = রাজারমত আচরণ করিতেছে। পুত্র—পুত্রীয়তি (ছাত্রম্) = তিনি (ছাত্রকে) পুত্রেরমত দেখিতেছেন; অথবা আপনার পুত্র কামনা করিতেছেন। শব্দ—শব্দায়তে = শব্দ করিতেছে। নমস্—নমস্যতি = নমস্কার করিতেছেন।

CENTRAL LIBRARY

পরস্মৈপদ ও আত্মনেপদ বিধান

৪০৪। পরস্মৈপদ ও আত্মনেপদের অর্থগত সাধারণ ভেদ ২১৮ সূত্রে উক্ত হইয়াছে।

৪০৫। উপসর্গ যোগে অনেক পরস্মৈপদী ধাতু আত্মনেপদী বা আত্মনেপদী ধাতু পরস্মৈপদী হইয়া যায়। তদ্বিষয়ে কতিপয় প্রধান প্রধান সূত্র নিম্নে প্রদর্শিত হইল।

৪০৬। দিবাদিগণীয় অস্ ধাতু উপসর্গযোগে উভয়পদী হয়—নিরস্যতি বা নিরস্যতে।

৪০৭। কৃ ধাতু উপসর্গ না থাকিলে উভয়পদী। বিশেষ বিশেষ উপসর্গযোগে বিশেষ বিশেষ অর্থে আত্মনেপদী। যথা—হরিমুপকুরুতে—হরির সেবা করিতেছে।

৪০৮। অনুপসর্গ ক্রম্‌ধাতু সাধারণতঃ উভয়পদী। কিন্তু বৃত্তি (অপ্রতিবন্ধ), উৎসাহ ও স্ফীতি অর্থে আত্মনেপদী। যথা, ব্যাকরণে বুদ্ধিঃ ক্রমতে (=অপ্রতিহত হইতেছে)। অধ্যয়নায় ক্রমতে (=উৎসহতে)। অস্মিন্ শাস্ত্রাণি ক্রমন্তে (=স্ফীতানি ভবন্তি)। উক্ত অর্থে কেবল উপ ও পরা পূর্ব্বক ক্রম্ ধাতু আত্মনেপদী হয়; অন্য উপসর্গ যুক্ত হইলে হয় না। যথা উপক্রমতে (=অগ্রসর হইতে উদ্যত হইতেছে); পরাক্রমতে (আক্রমণ করিতে যাইতেছে)। কিন্তু 'সংক্রামতি' এখানে আত্মনেপদ হইল না। জ্যোতিঃ পদার্থের উর্দ্ধগমন বুঝাইলে আ-পূর্ব্বক ক্রম্ ধাতু আত্মনেপদী। সূর্য্যঃ আক্রমতে (=সূর্য্য উঠিতেছে) কিন্তু আক্রামতি ধূমো হর্ম্ম্যতলাৎ=(হর্ম্ম্যতল হইতে ধূম উঠিতেছে)। প্র বা উপ পূর্ব্বক ক্রম্‌ধাতু আরম্ভার্থে

CENTRAL LIBRARY

আত্মনেপদী। প্রক্রমতে উপক্রমতে বা ভোক্তুম্ = খাইতে আরম্ভ করিতেছে।

৪০৯। অব, পরি ও বি পূর্ব্বক ক্রী ধাতু আত্মনেপদী। বিক্রীণীতে = বিক্রয় করিতেছে।

৪১০। অনু, আ, পরি, সম্ পূর্ব্বক ক্রীড়্ ধাতু আত্মনেপদী। অনুক্রীড়তে = ক্রীড়া করিতেছে। সম্ পূর্ব্বক ক্রীড়্ ধাতু কূজনার্থে পরস্মৈপদী—সংক্রীড়তি চক্রম্ (= মধুর শব্দ করিতেছে)

৪১১। সম্ পূর্ব্বক গম্ ধাতু অকর্ম্মক হইলে আত্মনেপদী। বাক্যং সঙ্গচ্ছতে = বাক্য সঙ্গত হইতেছে।

৪১২। সকর্ম্মক উৎ-পূর্ব্বক চর্ ধাতু আত্মনেপদী। গুরুবচনমুচ্চরতে = গুরুবাক্য লঙ্ঘন করিতেছে। তৃতীয়াযুক্ত সম্-পূর্ব্বক চর্ ধাতু আত্মনেপদী। রথেন সঞ্চরতে = রথে গমন করিতেছে।

৪১৩। বি ও পরা পূর্ব্বক জি ধাতু আত্মনেপদী। শত্রূন্ বিজয়তে, পরাজয়তে বা = শত্রুকে জয় করিতেছে।

৪১৪। স্মরণ ভিন্ন অর্থে সম্ ও প্রতি পূর্ব্বক জ্ঞা ধাতু আত্মনেপদী। শতং সংজানীতে = শতমুদ্রা প্রত্যবেক্ষণ করিতেছে; শতং প্রতিজানীতে = শতমুদ্রা দিতে অঙ্গীকার করিতেছে। কিন্তু স্মরণার্থে—মাতরং সংজানাতি। অপলাপার্থে অপ পূর্ব্বক জ্ঞা ধাতু আত্মনেপদী। শতমপজানীতে = শতমুদ্রার ঋণ অস্বীকার করিতেছে।

CENTRAL LIBRARY

৪১৫। দা ধাতু উভয়পদী। আ-পূর্ব্বক দা-ধাতু মুখবিস্তার ভিন্ন অর্থে আত্মনেপদী। বিদ্যামাদত্তে = বিদ্যা লাভ করিতেছে। কিন্তু মুখং ব্যাদদাতি = মুখ ব্যাদান করিতেছে।

৪১৬। উৎ, উপ, নি পূর্ব্বক নী ধাতু কোনও কোনও অর্থে আত্মনেপদী। যথা, দণ্ডমুন্নয়তে = দণ্ড তুলিতেছে; মাণবকমুপনয়তে = বালকের উপনয়ন দিতেছে; করং বিনয়তে = প্রাপ্য কর দিতেছে। শাস্ত্রে নয়তে = শাস্ত্র বিষয়ে শিক্ষা দিতেছে।

৪১৭। অকর্ম্মক বা স্বাঙ্গকর্ম্মক আ পূর্ব্বক যম্ ধাতু আত্মনেপদী। যথা—আযচ্ছতে তমঃ = তম বিস্তৃত হইতেছে; পাণিমাযচ্ছতে = হস্ত বিস্তার করিতেছে। আ, উৎ ও সম্ পূর্ব্বক যম্ ধাতু গ্রন্থকর্ম্ম না হইলে আত্মনেপদী। যথা, ভারমুদ্যচ্ছতে = ভার তুলিতেছে; বস্ত্রমাযচ্ছতে = বস্ত্র টানিয়া বাহির করিতেছে; ব্রীহীন্ সংযচ্ছতে = ব্রীহি (ধান্যবিশেষ) সংগ্রহ করিতেছে। কিন্তু বেদমুদ্যচ্ছতি = বেদ শিক্ষা করিতে উদ্যত হইতেছে। স্বীকার বা বিবাহ অর্থে উপ পূর্ব্বক যম্ ধাতু আত্মনেপদী। কন্যামুপযচ্ছতে কন্যাকে বিবাহ করিতেছে।

৪১৮। সাধারণতঃ উৎ, নি ও প্র পূর্ব্বক যুজ্ ধাতু আত্মনেপদী। উদ্যুঙ্‌ক্তে, নিযুঙ্‌ক্তে, প্রযুঙ্‌ক্তে।

৪১৯। আ, পরি ও বি পূর্ব্বক রম্ ধাতু পরস্মৈপদী। বিরমতি = বিরত হইতেছে। পরিরমতি = ক্রীড়া করিতেছে। উপ পূর্ব্বক রম্ ধাতু অকর্ম্মক হইলে উভয়পদী। উপরমতি বা উপরমতে = স্থির হইতেছে।

CENTRAL LIBRARY

৪২০। বদ্ ধাতু বিমতি প্রভৃতি অর্থে আত্মনেপদী। যথা, বিবদন্তে বা বিপ্রবদন্তে বৈদ্যাঃ = বৈদ্যগণ ভিন্নমত হইতেছেন (বিবদন্তি, বিপ্রবদন্তিও হয়)। উপদেশ অর্থে সকর্ম্মক উপ পূর্ব্বক বদ্‌ধাতু আত্মনেপদী। শিষ্যমুপবদতে = শিষ্যকে উপদেশ দিতেছেন।

৪২১। নি পূর্ব্বক বিশ্ ধাতু আত্মনেপদী। নিবিশতে।

৪২২। অব, প্র, বি, সম্ পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী। অবতিষ্ঠতে = অবস্থান করিতেছে, প্রতিষ্ঠতে = প্রস্থান করিতেছে। উঠা ভিন্ন অর্থে উৎ পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী। মুক্তাবুত্তিষ্ঠতে = মুক্তি কামনা করিতেছে, কিন্তু পীঠাদুত্তিষ্ঠতি = আসন হইতে উঠিতেছে। দেবপূজা, মিত্রকরণ, সঙ্গতিকরণার্থে বা পথিবাচক শব্দ কর্ত্তা হইলে উপ পূর্ব্বক স্থা ধাতু আত্মনেপদী। আদিত্য-মুপতিষ্ঠতে (পূজা করিতেছে); রথিকানুপতিষ্ঠতে (মিত্রতা করিতেছে); গঙ্গা যমুনামুপতিষ্ঠতে (আলিঙ্গন করিতেছে); পন্থাঃ সাকেতমুপতিষ্ঠতে (সাকেত দেশে যাইতেছে)। অকর্ম্মক হইলেও হয়—ভোজনকাল উপতিষ্ঠতে—ভোজনকাল আসিতেছে।

৪২৩। অকর্ম্মক বা স্বাঙ্গকর্ম্মক আ পূর্ব্বক হন্ ধাতু আত্মনেপদী। যথা, স্বশির আহতে = নিজের মাথায় আঘাত করিতেছে; কিন্তু পরস্য শির আহন্তি।

৪২৪। উপ, নি, বি, সম্ পূর্ব্বক অকর্ম্মক হ্বে ধাতু আত্মনেপদী উপহ্বয়তে। স্পর্দ্ধা (challenge) বুঝাইলে আ পূর্ব্বক হ্বে ধাতু আত্মনেপদী। চানূরমাহ্বয়তে কৃষ্ণঃ।

৪২৫। সনন্ত জ্ঞা দৃশ্ ও শ্রু ধাতু আত্মনেপদী। জিজ্ঞাসতে, দিদৃক্ষতে, শুশ্রূষতে।

CENTRAL LIBRARY

লকারার্থ প্রক্রিয়া

৪২৬। বর্ত্তমান ঘটনা বুঝাইতে লট্ লকারের প্রয়োগ হয়। যথা, আগচ্ছতি দেবদত্তঃ (বর্ত্তমানে)।

৪২৭। নিত্য ঘটনা (যাহা সকল কালেই বর্ত্তমান বলা যাইতে পারে) বুঝাইলেও লট্ প্রয়োগ হয়। যথা, পর্ব্বতা-স্তিষ্ঠন্তি = পর্ব্বতসকল স্থির থাকে ; নদ্যঃ স্রবন্তি = নদীগুলি বহে (এখন এবং সকল কালে)।

৪২৮। ক। উপাখ্যানে অতীত ঘটনা বুঝাইতেও লট্ প্রযুক্ত হয়। যথা, রামঃ ব্রবীতি = রাম বলিতে লাগিলেন।

খ। লটে স্ম এই অব্যয় যোগ করিলে কেবল অতীত ঘটনাই বুঝায়—যজতি স্ম যুধিষ্ঠিরঃ (= যুধিষ্ঠির যাগ করিয়াছিলেন)।

৪২৯। বর্ত্তমান সামীপ্য বুঝাইলে ভবিষ্যতে এবং অতীতেও লট্ প্রয়োগ হয়। যথা, অয়মহমাগচ্ছামি = আমি এই আসিয়াছি (অতীত) বা আসিতেছি (ভবিষ্যৎ)। প্রশ্ন বুঝাইলেই ইহা সাধারণতঃ হইয়া থাকে, যথা—কিং করোমি = কি করিব ? (কি করি ?) ; ক্ব গচ্ছামি = কোথায় যাইব ? (কোথায় যাই ?)।

৪৩০। অতীত ঘটনা বুঝাইতে লঙ্ লিট্ ও লুঙ্ সাধারণতঃ নির্ব্বিশেষে ব্যবহৃত হয়, কিন্তু প্রাচীন বৈয়াকরণগণ ইহাদিগের যে প্রভেদ করেন, তাহা নিম্নে লিখিত হইল।

৪৩১। যে অতীত কালের ঘটনা অদ্য ঘটে নাই তাহা বুঝাইতে লঙের প্রয়োগ হয়।

CENTRAL LIBRARY

৪৩২। যে অতীত ঘটনা অদ্য ঘটে নাই এবং বক্তার প্রত্যক্ষ হয় নাই তাহা বুঝাইতে লিটের প্রয়োগ হয়। পুরাতন অতীত ঘটনা বুঝাইতে এই লকারের প্রয়োগই প্রকৃষ্ট।

৪৩৩। অতীত ঘটনামাত্র বুঝাইতে লুঙের প্রয়োগ হয়। কিন্তু অদ্যতন অতীত ঘটনা বুঝাইতে ইহার প্রয়োগই সমীচীন। যথা, অভূদ্বৃষ্টিরদ্য = আজ বৃষ্টি হইয়াছে।

৪৩৪। মা যোগে (এতদুত্তরে স্ম থাকিলেও) লোটের অর্থে লুঙ্ হয়। এক্ষেত্রে লুঙের অকারাগম হয় না। যথা, মা শুচঃ = দুঃখ করিও না ; মা ভৈষীঃ—ভয় পাইওনা।

৪৩৫। মাস্ম যোগে ঐ অর্থে লঙ্ও হইতে পারে। লঙেরও অকারাগম হয় না।

৪৩৬। সাধারণ ভবিষ্যদর্থে লৃট্ প্রযুক্ত হয়। লুট্ অনদ্যতন ভবিষ্যতের অর্থ প্রকাশ করে।

৪৩৭। হেতুহেতুমদ্ভাবে ক্রিয়ার অনিষ্পত্তি বুঝাইলে অর্থাৎ যে স্থলে হেতু (condition, কারণ) ঘটে নাই বা ঘটিবে না, ও হেতুমান্ও (consequence, কার্য্য) ঘটে নাই বা ঘটিবে না, এই রূপ বুঝায় সেই স্থলে লৃঙ্ হয়। যথা—সুবৃষ্টিশ্চেদভবিষ্যৎ তদা সুভিক্ষমপ্যভবিষ্যৎ—যদি বৃষ্টি হইত সুভিক্ষও হইত (বৃষ্টিও হয় নাই সুভিক্ষও হয় নাই) অথবা যদি বৃষ্টি হয় (যাহার কোনও আশা নাই) তাহা হইলে সুভিক্ষও হয়। (কিন্তু বৃষ্টিও হইবে না সুভিক্ষও হইবে না)।

৪৩৮। লিঙে (১) বিধি, (২) নিমন্ত্রণ, (৩) অনুমতি, (৪) সনির্ব্বন্ধ অনুরোধ, (৫) প্রশ্ন, (৬) প্রার্থনা সূচিত করে।

CENTRAL LIBRARY

যথা, (১) যজেত (যাগ করা বিধেয়) ; (২) ইহ ভুঞ্জীত ভবান্ (আপনাকে এখানে আহারের নিমন্ত্রণ করিতেছি) ; (৩) ইহাসীত ভবান্ (আপনি এখানে বসিতে পারেন) ; (৪) পুত্রমধ্যাপয়েদ্ ভবান্ (পুত্রটিকে অনুগ্রহ পূর্ব্বক পড়াইবেন) ; (৫) কিং বেদমধীয়ীয় উত তর্কম্ ? (বেদ পড়িব, না, তর্কশাস্ত্র পড়িব ?) ; (৬) ভো ভোজনং লভেয় (কিছু খাইতে পাই গো)।

৪৩৯। যোগ্যতা বুঝাইতেও লিঙের প্রয়োগ হয়—ত্বং কন্যাং বহেঃ = তুমি কন্যাকে বিবাহ করিবার যোগ্য।

৪৪০। হেতুহেতুমদ্ভাবমাত্র বুঝাইতেও এই লকারের প্রয়োগ হয়—কৃষ্ণং নমেচ্চেৎ, সুখং যায়াৎ = কৃষ্ণকে যদি নমস্কার কর, সুখ পাইবে। এরূপ বাক্যে লৃটেরও প্রয়োগ হইতে পারে।

৪৪১। লিঙে আশীর্ব্বাদ অর্থ প্রকাশ করিলে উহা সাধারণ লকারের অন্তর্ভুক্ত হয়, অর্থাৎ আশীর্লিঙ্ হয়। চিরং জীব্যাৎ ভবান্ = আপনি চিরজীবী হউন।

৪৪২। লোটের অর্থ লিঙেরই অনুরূপ। যথা,—গচ্ছ কুসুমপুরম্ (বিধি)। চিরং জীব = চিরজীবী হও (আশীর্ব্বাদ)। কিং করবাম = আমরা কি করিব ? (প্রশ্ন), ইত্যাদি।

৪৪৩। সনির্ব্বন্ধ অনুরোধ বুঝাইতে লোট্ কর্ম্মবাচ্য বা ভাববাচ্যের প্রথম পুরুষ একবচনের প্রয়োগ সংস্কৃত ভাষার বিশেষত্ব।—শ্রূয়তাং ভোঃ পণ্ডিতাঃ। কর্ত্তরি প্রয়োগ অপেক্ষা এইরূপ প্রয়োগে অধিক বিনয় প্রকাশ পায়।

CENTRAL LIBRARY

কৃদন্ত

৪৪৪। ধাতুরূপ বলিয়া পূর্ব্বভাগে যাহা কথিত হইল, ধাতু হইতে উদ্ভূত তদতিরিক্ত আরও কতকগুলি ক্রিয়াত্মক শব্দকে (the Participles, the Infinitive, the Gerund) পাশ্চাত্য ব্যাকরণে ক্রিয়া বলিয়া গ্রহণ করা হয় এবং তাহাদের উৎপত্তিবিষয়ক নিয়মগুলিকে ধাতুরূপের নিয়মের অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু সংস্কৃত ব্যাকরণে ইহারা কৃদন্ত নামে অভিহিত। কৃদন্ত বলিলে বুঝিতে হইবে যে কতকগুলি কৃৎ প্রত্যয় (কৃত্য, নিষ্ঠা, ণমুল্ প্রভৃতি) ধাতুর উত্তর যুক্ত হইয়া শব্দে পরিণত হয়।

৪৪৫। অতএব পাশ্চাত্য ব্যাকরণে বিশেষ্য-বিশেষণ-শব্দ রূপে পরিচিত কৃতি, কর্ত্তৃ, কারক প্রভৃতি শব্দ, এবং ক্রিয়ারূপে পরিচিত কুর্ব্বৎ, কৃত, কর্ত্তুম্, কৃত্বা প্রভৃতি শব্দ সমস্তই সংস্কৃত ব্যাকরণে কৃদন্ত বলিয়া গৃহীত।

এই পরিচ্ছেদে পাশ্চাত্য ব্যাকরণে যে সকল কৃদন্তকে ক্রিয়া বলিয়া গ্রহণ করা হয়, কেবল তাহাদেরই সংক্ষেপে আলোচনা করা যাইবে।

কৃদন্ত-বিশেষণ

বর্ত্তমান কাল

শতৃ, শানচ্ (অৎ, আন)

৪৪৬। বর্ত্তমান কালের ক্রিয়াকে বিশেষণ (The Present Participle) করিতে হইলে তাহা কৃদন্ত শতৃ বা শানচ্ প্রত্যয় দ্বারা সিদ্ধ হয়। পরস্মৈপদী ধাতুর লটে প্রথম পুরুষের বহুবচনে বিভক্তির পূর্ব্বে ধাতুর যে আকার থাকে তাহাতে 'অৎ' যুক্ত

CENTRAL LIBRARY

করিলেই কৃদন্ত শতৃ প্রত্যয়ান্ত শব্দ প্রস্তুত হয়। যথা—ভূ—লট্ পরস্মৈ, প্রথম পুরুষ, বহুবচন. ভব্ + অন্তি। অতএব শতৃ প্রত্যয়ান্ত অর্থাৎ বর্ত্তমান-কৃদন্ত-বিশেষণ = ভবৎ।

দ্বিষ্—(দ্বিষ্ + অন্তি) = দ্বিষৎ।
হু—(জুহ্ব্ + অন্তি) = জুহ্বৎ।
তন্—(তন্ব্ + অন্তি) = তন্বৎ।
কৃ—(কুর্ব্ব্ + অন্তি) = কুর্ব্বৎ।
আপ্—(আপ্নুব্ + অন্তি) = আপ্নুবৎ।
চুর্—(চোরয়্ + অন্তি) = চোরয়ৎ।
ণিজন্ত, বুধ্—(বোধয়্ + অন্তি) = বোধয়ৎ।
সনন্ত, বুধ্—(বুবোধিষ্ + অন্তি) = বুবোধিষৎ।

(এই সকল শব্দের রূপের জন্য ১২৬ সূত্র দেখ)

৪৪৭। আত্মনেপদী ধাতুর লট্ প্রথম পুরুষের বহুবচনে বিভক্তির পূর্ব্বে ধাতুর যে আকার থাকে তাহাতে আন বা মান যুক্ত করিলেই কৃদন্ত-শানচ্ প্রত্যয়ান্ত শব্দ প্রস্তুত হয়। লটে যে সকল ধাতুর অঙ্গ অকারান্ত তাহাদের উত্তরই মান হয়। যথা, পূ—পবমান, দিব্—দীব্যমান, দ্বিষ্—দ্বিষাণ, হু—জুহ্বান, তন্—তন্বান, ক্রী—ক্রীণান ; চুর্—চোরয়মাণ।

আস্ হইতে আসীন হয়।

৪৪৮। কর্ম্মবাচ্যে বর্ত্তমান-কৃদন্ত-বিশেষণ, কর্ম্মবাচ্য যকারান্ত অঙ্গের উত্তর মান যোগ করিয়া হয়। যথা, ভিদ্—ভিদ্যমান, শ্রু—শ্রূয়মাণ, কৃ—ক্রিয়মাণ, দা—দীয়মান ; চুর্—চোর্য্যমাণ।

CENTRAL LIBRARY

ভবিষ্যৎ-কৃদন্ত-বিশেষণ

স্যতৃ, স্যমান, তব্য, অনীয়, য

৪৪৯। ভবিষ্যৎ কালে লৃট্ লকার পরে থাকিলে ধাতুর উত্তর স্য এবং সেট্ ধাতুর উত্তর ইষ্য হয়। পরস্মৈপদে লৃট্-লকার স্থানে অৎ করিয়া পূর্ব্ববর্ত্তী অন্তস্থিত অকারের লোপ করিলে স্যৎভাগান্ত ভবিষ্যৎ-কৃদন্ত-বিশেষণ শব্দ উৎপন্ন হয়। যথা, দা-ধাতু—দাস্যৎ, ভূ—ভবিষ্যৎ, কৃ—করিষ্যৎ, শ্রু—শ্রোষ্যৎ, নী—নেষ্যৎ, চুর্—চোরয়িষ্যৎ (স্যৎ-ভাগান্ত শব্দের রূপের জন্য ১২৬ সূত্র দেখ)।

৪৫০। আত্মনেপদে এবং কর্ম্মবাচ্যে লৃট্ লকার স্থানে মান হয়। যথা—দাস্যমান, করিষ্যমাণ ; শ্রোষ্যমাণ ইত্যাদি।

কৃত্য প্রত্যয়

তব্য, অনীয়, য

৪৫১। তব্য, অনীয়, য যোগে যে কৃদন্ত-বিশেষণ শব্দ উৎপন্ন হয় তাহাকেও ভবিষ্যৎ-কৃদন্ত-বিশেষণ বলা হয়। কিন্তু যেমন এগুলির দ্বারা কোনও কার্য্য করা উচিত, বা আবশ্যক, বা করিবার যোগ্য এইরূপ অর্থ প্রকাশ পায়, সেইরূপ আবার কর্ম্মণি বা ভাব বাচ্যে সমাপিকা ক্রিয়ার অর্থও প্রকাশিত হয়।

৪৫২। তব্য, ও অনীয় পরে থাকিলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের গুণ হয়। তব্য পরে থাকিলে সেট্ ধাতুর পরে

CENTRAL LIBRARY

ইকারাগম হয়, অনিট্ ধাতুর পরে হয় না। যথা—দা ধাতু—দাতব্য বা দানীয়, নী—নেতব্য বা নয়নীয়, শ্রু—শ্রোতব্য বা শ্রবণীয়, ভূ—ভবিতব্য বা ভবনীয়, কৃ—কর্ত্তব্য বা করণীয়, ভিদ্—ভেত্তব্য বা ভেদনীয়, বুধ্—বোধিতব্য বা বোধনীয়।

৪৫৩। য (যৎ বা ণ্যৎ) পরে থাকিলে ধাতুর অন্তস্থিত আ স্থানে এ; ই, ঈ স্থানে গুণ; উ, ঊ স্থানে গুণ বা বৃদ্ধি; এবং ঋ ৠ স্থানে বৃদ্ধি হয়। যথা—দা—দেয়, জি—জেয়, নী—নেয়, লূ—লব্য (যাহা কাটা উচিত) বা লাব্য (যাহা কাটা আবশ্যক); কৃ—কার্য্য, তৃ—তার্য্য।

৪৫৪। য পরে থাকিলে উপধার হ্রস্ব ই বা হ্রস্ব উ স্থানে গুণ হয়, উপধা ঋকারের গুণ হয় না; পবর্গান্ত না হইলে উপধা অকারের বৃদ্ধি হয়। যথা—ভিদ্—ভেদ্য, বুধ্—বোধ্য, তৃদ্—তৃদ্য, বচ্—বাচ্য, পঠ্—পাঠ্য, ক্ষম্—ক্ষম্য। ধাতুর অন্তস্থিত চ্ ও জ্ স্থানে কখন কখন কবর্গ হয়—যথা—ভুজ্—ভোগ্য (ভক্ষ্য বুঝাইলে—ভোজ্য), বঞ্চ্—বঞ্চ্য (গত্যর্থে বঞ্চ্য), কিন্তু ত্যজ্—ত্যাজ্য, গর্জ্জ্—গর্জ্জ্য। মৃজ্ হইতে মার্গ্য ও মৃগ্য হয়।

৪৫৫। উপধা দীর্ঘ স্বরের অথবা যে স্বরের পর একাধিক ব্যঞ্জন আছে তাহার কোনও পরিবর্ত্তন হয় না। যথা পূজ্—পূজ্য, নিন্দ্—নিন্দ্য।

ই—ইত্য, কৃ—কৃত্য (বা কার্য্য) খন্—খেয়, দৃ—দৃত্য, লভ্—লভ্য (কিন্তু উপসর্গ থাকিলে আলম্ভ্য), শাস্—শিষ্য, স্তু—স্তুত্য; হন্—বধ্য বা ঘাত্য।

CENTRAL LIBRARY

অতীত-কৃদন্ত-বিশেষণ

ক্বসু, কানচ্, ক্ত, ক্তবতু

৪৫৬। অভ্যস্ত লিটের পরস্মৈপদ প্রথম পুরুষ বহুবচনে উস্ বিভক্তির পূর্ব্বে যে ধাত্বঙ্গ থাকে, তাহার উত্তর বস্ (ক্বসু) যুক্ত করিয়া কস্বন্ত অতীত-কৃদন্ত-বিশেষণ শব্দ প্রস্তুত হয়। এই অঙ্গ একস্বর বিশিষ্ট হইলে ইহার পরে ইকারাগম হয়। এতদ্ভিন্ন অন্য ধাত্বঙ্গের উত্তরও ইকারাগম দেখা যায়। যথা ভিদ্ হইতে (বিভিদুঃ) বিভিদ্বস্; কৃ (চক্রুঃ) চক্রিবস্; দৃশ্ (দদৃশুঃ) দদৃশ্বস্; বচ্ (উচুঃ) উচিবস্; গম্ (জগ্মুঃ) জগ্মিবস্।

৪৫৭। এই কৃদন্ত বিশেষণের অধিক প্রয়োগ হয় না। ইহার রূপের জন্য ১৪৭ সূত্র দেখ।

৪৫৮। লিট্ আত্মনেপদ প্রথম পুরুষ বহুবচনে ধাত্বঙ্গের উত্তর আন (কানচ্) যোগ করিলে কানজন্ত অতীত কৃদন্ত বিশেষণ শব্দ প্রস্তুত হয়। যথা, কৃ (চক্রিরে) চক্রাণ, যজ্ (ঈজিরে) ঈজান।

৪৫৯। কর্ত্তৃবাচ্যে কর্ম্মবাচ্যে অতীত-কৃদন্ত-বিশেষণ শব্দ 'ত' এবং 'ন' (ক্ত প্রত্যয়ের অন্য রূপ) যোগে উদ্ভূত হয়। অধিকাংশস্থলেই 'ত' হয়। ধাতুর উত্তর ইহা কোথাও অব্যবহিত ভাবে কোথাও বা ইকারের দ্বারা ব্যবহিত হইয়া যুক্ত হয়। কোথায় ইকারব্যবহিত হইবে তাহা প্রয়োগ দেখিয়া শিখিতে হইবে। ত-প্রত্যয় পরে ধাতু সাধারণতঃ অবিকৃত থাকে; কোন

CENTRAL LIBRARY

কোনও ধাতুর বর্ণলোপ বা বর্ণবিকৃতি হয়। অর্থাৎ অন্ত্য অনুনাসিকবর্ণ প্রায়ই লুপ্ত হয়, ধাতুর য বা ব স্থানে যথাক্রমে ই বা উ হয়, আকার স্থানে ই বা ঈ হয়, ইত্যাদি। কোথাও কোথাও ধাতুর স্বর দীর্ঘ হয়। যথা—

স্না ··· স্নাত	বৃত্ ··· বৃত্ত	লিহ্ ··· লীঢ়	বচ্ ···উক্ত
নী ··· নীত	সিধ্ ··· সিদ্ধ	পত্ ··· পতিত	বদ্ ···উদিত
শ্রু ··· শ্রুত	বুধ্ ··· বুদ্ধ	লিখ্ ··· লিখিত	বহ্ ···উঢ়
ভূ ··· ভূত	লভ্ ··· লব্ধ	দংশ্ ··· দষ্ট	যজ্ ···ইষ্ট
কৃ ··· কৃত	দ্বিষ্ ··· দ্বিষ্ট	জন্ ··· জাত	গ্রহ্ ···গৃহীত
মুচ্ ··· মুক্ত	নশ্ ··· নষ্ট	খন্ ··· খাত	প্রচ্ছ ···পৃষ্ট
যুজ্ ··· যুক্ত	দৃশ্ ··· দৃষ্ট	শম্ ··· শান্ত	স্পৃশ্ ···স্পৃষ্ট
তৃপ্ ··· তৃপ্ত	দহ্ ··· দগ্ধ	হন ··· হত	ধৃ ···ধৃত

স্থা—স্থিত, দা—দত্ত (আ-দত্ত সংকুচিত হইয়া আত্ত হয়), ধা—হিত।

৪৬০। অনেক ধাতুতে আবার ত যুক্ত না হইয়া ন যুক্ত হয়, দীর্ঘস্বরান্ত ধাতু রেফ্ ও দ্‌কারান্ত ধাতুতেই ন লক্ষিত হয়। যথা—

লী—লীন হা—হীন
লূ—লূন পূর্—পূর্ণ (পূরিত ও হয়)
স্তৄ—স্তীর্ণ ভিদ্—ভিন্ন
জৄ—জীর্ণ নুদ্—নুন্ন (নুত্ত ও হয়)

ভঞ্জ্—ভগ্ন, মস্‌জ্—মগ্ন, বিজ্—বিগ্ন।

CENTRAL LIBRARY

৪৬১। প্রায় সমস্ত সকর্ম্মক ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ত হয় ও উক্ত ত-প্রত্যয়ান্ত শব্দ কর্ম্মের বিশেষণ হয়। যথা নীত,—যাহা লওয়া হইয়াছে, ভগ্ন—যাহা ভগ্ন করা হইয়াছে, শ্রুত—যাহা শোনা গিয়াছে; হত—যাহাকে মারা হইয়াছে। কিন্তু গম্, রুহ প্রভৃতি সকর্ম্মক ধাতু, অধি-আস্, অধি-স্থা, অধি-বস্ প্রভৃতি সকর্ম্মক ধাতু এবং অকর্ম্মক ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ত হয় ও উক্ত ত-প্রত্যয়ান্ত শব্দ কর্ত্তার বিশেষণ হয়। যথা—গতোঽহং গ্রামম্—আমি গ্রামে গিয়াছিলাম। বৈকুণ্ঠমধিষ্ঠিতঃ—তিনি বৈকুণ্ঠে ছিলেন।

৪৬২। এই ক্ত-প্রত্যয়ান্ত কৃদন্ত শব্দ অনেক সময়েই সমাপিকা ক্রিয়ারূপে প্রযুক্ত হয়। উল্লিখিত উদাহরণ দ্বয়ে ইহার কর্ত্তরি প্রয়োগ দেখান গিয়াছে। কর্ম্মণি প্রয়োগ যথা—তেন বন্ধনানি ছিন্নানি—তৎকর্ত্তৃক বন্ধন ছিন্ন হইয়াছে। অকর্ম্মক ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত হয়। ইহা অকারান্ত নপুংসকলিঙ্গের প্রথমার একবচনান্ত পদের ন্যায় প্রযুক্ত হয়, যথা—তেন ভূতম্—তিনি ছিলেন। কর্ম্মের উল্লেখ না করিয়া অনেক সময়েই সকর্ম্মক ধাতুর উত্তর ভাববাচ্যে ক্ত প্রযুক্ত হয়। যথা, তেন শ্রুতম্ = তিনি শুনিয়াছেন।

৪৬৩। এই ক্ত প্রত্যয়ান্ত শব্দের উত্তর বৎ যোগ করিয়া কর্ত্তৃবাচ্যের একটি অতীত-কৃদন্ত বিশেষণ শব্দের উদ্ভব হয়। যথা, কৃত হইতে কৃতবৎ (কৃতবান্, কৃতবতী, কৃতবৎ)। সাধারণতঃ ইহা সমাপিকা ক্রিয়ার মত প্রযুক্ত হয়, যথা, স তৎ কৃতবান্ (= করিয়াছিলেন)। ক্ত ও ক্তবৎ প্রত্যয়কে সংস্কৃত ব্যাকরণে নিষ্ঠাপ্রত্যয় বলে।

CENTRAL LIBRARY

অতীত-কৃদন্ত অব্যয়

ক্ত্বাচ্ ও ল্যপ্

৪৬৪। অতীতকালে অসমাপিকা ক্রিয়ার্থে ধাতুর উত্তর ত্বা (ক্ত্বাচ্) প্রযুক্ত হয়। ক্ত প্রত্যয় করিলে ধাতুর যে পরিবর্ত্তনাদি হয়, ত্বা প্রত্যয়েও সে সকল হইয়া থাকে, যথা—

জ্ঞা + ত = জ্ঞাত ;—ত্বা = জ্ঞাত্বা গম্ + ত = গত ;—ত্বা = গত্বা
বন্ধ্ + ত = বদ্ধ ;—ত্বা = বদ্ধা ধা + ত = হিত ;—ত্বা = হিত্বা

গম্ ··· গত্বা বচ্ ··· উক্ত্বা বহ্ ··· উঢ্বা যজ্ ··· ইষ্ট্বা
তৃ ··· তীর্ত্বা মুচ্ ··· মুক্ত্বা ছিদ্ ··· ছিত্বা বন্ধ্ ··· বদ্ধা
খন্ ··· খাত্বা দা ··· দত্ত্বা স্থা ··· স্থিত্বা ধা ··· হিত্বা
জি ··· জিত্বা ভূ ··· ভূত্বা কৃ ··· কৃত্বা

৪৬৫। 'ত্বা'র পূর্ব্বে ইকারাগম হইলে ধাতুর অন্ত্যস্বর ও উপধা লঘুস্বরের সাধারণতঃ গুণ হয়। যথা—শী-শয়িত্বা, পূ-পবিত্বা, বৃৎ—বর্ত্তিত্বা। কিন্তু বিদ্—বিদিত্বা, ক্লিশ্—ক্লিশিত্বা, সুষ্—সুষিত্বা।

কোন কোন ধাতুর বিকল্পে গুণ হয়। যথা, লিখ্—লিখিত্বা বা লেখিত্বা।

বদ্—উদিত্বা, বস্—উষিত্বা, গ্রহ্—গৃহীত্বা।

৪৬৬। ধাতুর পূর্ব্বে উপসর্গ থাকিলে বা নঞ্ ভিন্ন সমাস স্থলে উক্ত ত্বা স্থানে য (ল্যপ্) হয়। যথা, আদা—আদায়; বিনী—বিনীয়; অনুভূ—অনুভূয়; বিচ্ছিদ্—বিচ্ছিদ্য; সম্ভূ—সম্ভূয়। কিন্তু অদত্ত্বা, অনীত্বা ইত্যাদি।

CENTRAL LIBRARY

৪৬৭। ধাতুর হ্রস্ব স্বরের পর উক্ত য় স্থানে ত্য হয়। যথা—বিজি—বিজিত্য, প্রকৃ—প্রকৃত্য, অধী (অধি+ই)—অধীত্য।

৪৬৮। য পরে আসিলে ম্‌কারান্ত কতিপয় ধাতুর অন্তস্থিত ম্‌ এর বিকল্পে লোপ হয় (লোপপক্ষে য স্থানে ত্য হয়), যথা, আ+গম্‌—আগম্য বা আগত্য, প্র+নম্‌—প্রণম্য বা প্রণত্য।

হন্‌, মন্‌ ও তন্‌ ধাতুর ন্‌ এর নিত্য লোপ হয়। যথা—প্রহত্য, অনুমত্য, বিতত্য।

৪৬৯। কতিপয় ধাতুর উত্তর য (ল্যপ্‌) প্রত্যয় করিলে যে রূপ হয় তাহা নিম্নে প্রদর্শিত হইল।

বন্ধ্‌ ··· নিবধ্য	কৃ ··· প্রকীর্য্য
বচ্‌ ··· প্রোচ্য	বস্‌ ··· প্রোষ্য
পা ··· প্রপায়	গ্রহ্‌ ··· নিগৃহ্য
প্রচ্ছ্‌ ··· আপৃচ্ছ্য	হ্বে ··· আহূয়
খন্‌ ··· নিখন্য বা নিখায়	ক্ষি ··· প্রক্ষীয়

তাদর্থ্য-কৃদন্ত

তুমুন্‌

৪৭০। তাদর্থ্য প্রকাশ করিতে ধাতুর উত্তর তুম্‌ (তুমুন্‌) প্রত্যয় করিতে হয়। এই প্রত্যয় পরে লুট্‌ তা বিভক্তির পূর্ব্বে ধাতুর যে আকার হয়, এ স্থলে সেই আকার হয়। যথা—

দা ··· দাতুম্‌	স্থা ··· স্থাতুম্‌
ই ··· এতুম্‌	নী ··· নেতুম্‌

CENTRAL LIBRARY

শ্রু ··· শ্রোতুম্	ভূ ··· ভবিতুম্
কৃ ··· কর্ত্তুম্	ভুজ্··· ভোক্তুম্
দৃশ্ ··· দ্রষ্টুম্	পচ্··· পক্তুম্
পত্ ··· পতিতুম্	চুর্ ··· চোরয়িতুম্
বুধ্ + ণিচ্···বোধয়িতুম্	গম্··· গন্তুম্
বহ্ ··· বোঢ়ুম্	সহ ··· সোঢ়ুম্

CENTRAL LIBRARY

কারক

৪৭১। বাক্যমধ্যে ক্রিয়ার সহিত যাহার অন্বয় থাকে তাহাকে কারক বলে। সংস্কৃত ব্যাকরণে ছয়টী কারক, যথা, কর্ত্তৃকারক—যে কার্য্য করে; কর্ম্মকারক—যাহা ক্রিয়ার মুখ্য ঈপ্সিত; করণকারক—যাহা ক্রিয়াসাধক; সম্প্রদান কারক—যাহার উদ্দেশে দান ক্রিয়া হয়; অপাদানকারক—যাহা হইতে প্রাপ্তি বা বিশ্লেষ হয়; অধিকরণকারক—যাহা ক্রিয়ার আধার স্থান কাল বা বিষয় সূচিত করে। প্রত্যেক কারক-সম্বন্ধ প্রকাশ করিতে এক একটি বিভক্তি আছে। যথা, করণ কারক তৃতীয়া বিভক্তির দ্বারা সূচিত হয়। কিন্তু সময়ে সময়ে একই কারক নানা বিভক্তি দ্বারা সূচিত হইয়া থাকে; অতএব কারক ও বিভক্তি সমানার্থক পদ নহে। সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হয়। যে পদে সম্বন্ধে ষষ্ঠী বিভক্তি হইয়াছে তাহা কারক বলিয়া গণ্য নহে। সংস্কৃত ব্যাকরণে কারকের মধ্যে যে সকল কথার আলোচনা হইয়াছে, পাশ্চাত্য ব্যাকরণে অবশ্য সেগুলি বিভক্তির অনুশাসনেই আলোচিত হইয়াছে। তথাপি কারক ও বিভক্তির এই ভেদ টুকু স্মরণ করিয়া রাখা আবশ্যক।

নিম্নে কোন্ কারকে কি বিভক্তি হয় তাহা নির্দ্দেশ করিয়া কারকভিন্ন স্থলে বিভক্তি নিরূপণ প্রদর্শিত হইল।

৪৭২। তিঙ্, কৃৎ, তদ্ধিত এবং সমাস দ্বারা যখন যে কারক উক্ত হইবে, তখন সেই কারকে প্রথমা বিভক্তি হইবে।

CENTRAL LIBRARY

কর্ত্তৃকারক

৪৭৩। যে ক্রিয়া নিষ্পন্ন করে তাহাকে কর্ত্তা বলে। অনুক্ত কর্ত্তৃকারকে তৃতীয়া বিভক্তি হয়। কর্ত্তৃবাচ্যে কর্ত্তৃকারকে প্রথমা বিভক্তি হয়। কারণ, কর্ত্তৃবাচ্যে কর্ত্তা তিঙ্ প্রভৃতি দ্বারা উক্ত হয়। যথা—রামো গ্রামং গচ্ছতি ; দেবদত্ত ওদনং পচতি ; যজ্ঞদত্তো গতঃ। কর্ম্মবাচ্যে বা ভাববাচ্যে কর্ত্তা অনুক্ত থাকে সুতরাং তৃতীয়া বিভক্তি পায়। যথা—ওদনঃ পচ্যতে দেবদত্তেন। আস্যতে যজ্ঞদত্তেন ; রামেণ হতো বালী (কর্ম্মণি নিষ্ঠাপ্রত্যয় ৪৫৯ সূত্র দেখ)।

কর্ম্মকারক

৪৭৪। কর্ত্তা যাহা করে দেখে বা শুনে তাহাকে কর্ম্ম বলে। অনুক্ত কর্ম্ম কারকে দ্বিতীয়া বিভক্তি হয়। দেবদত্তোঽন্নং ভুঙ্‌ক্তে ; যজ্ঞদত্তোঽশ্বং বধ্নাতি ; রামো গ্রামং গচ্ছতি (৪৭৩ সূত্রের উদাহরণ দেখ)।

৪৭৪। কর্ম্মবাচ্যে কর্ম্মকারকে প্রথমা বিভক্তি হয়। কারণ কর্ম্মবাচ্যে কর্ম্ম তিঙ্ প্রভৃতি দ্বারা উক্ত হয়। যথা—অন্নং ভুজ্যতে দেবদত্তেন ; অশ্বো বধ্যতে যজ্ঞদত্তেন ; দেবদত্তেন ব্যাঘ্রো হতঃ। (৪৭২ সূত্র দেখ)

CENTRAL LIBRARY

৪৭৫। অত্যন্ত সংযোগ বুঝাইলে কালবাচক ও অধ্ববাচক শব্দের উত্তর দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—ক্রোশং কুটিলা নদী = ক্রোশ ব্যাপিয়া নদী ঘুরিয়া গিয়াছে। মাসমধীতে = মাস ব্যাপিয়া অধ্যয়ন করিতেছে। অত্যন্ত সংযোগ না বুঝাইলে দ্বিতীয়া হয় না, যথা—মাসস্য দ্বিরধীতে = মাসে দুইবার অধ্যয়ন করে।

৪৭৬। অধি পূর্ব্বক আস্, শী, ও স্থা ধাতুর আধারের কর্ম্মসংজ্ঞা হয় ও তাহাতে দ্বিতীয়া বিভক্তি হয়, যথা—অযোধ্যামধ্যাস্তে = অযোধ্যায় বাস করেন। অধি, অনু, আ উপ পূর্ব্বক বস্ ধাতুরও ঐরূপ হয়, যথা—বনমন্ববসৎ = বনে বাস করিতেন। কিন্তু অনাহার অর্থে উপপূর্ব্বক বস্ ধাতুর ঐরূপ হয় না, যথা—বনে উপবসতি = বনে উপবাস করিয়া আছেন। অভি + নি পূর্ব্বক বিশ্ ধাতুর যোগে কর্ম্মসংজ্ঞা হয়। যথা, সন্মার্গমভিনিবিশতে।

৪৭৭। দুহ্, যাচ্, পচ্, দণ্ড্, রুধ্, প্রচ্ছ্, চি, ব্রূ, শাস্, জি, মন্থ্, মুষ্, নী, হৃ, কৃষ্, বহ্ ধাতু এবং তত্তদর্থক ধাতু দ্বিকর্ম্মক। ইহাদিগের অপাদানাদি কারকের স্থানে কর্ম্মকারক বিবক্ষিত হয়। এই অপাদানাদি কারকের স্থানে যে কর্ম্মকারক বিবক্ষিত হয় তাহাকেই গৌণকর্ম্ম বলে। যথা,—"গোঃ দোগ্ধি পয়ঃ" না বলিয়া "গাং দোগ্ধি পয়ঃ" বলা হয় (= গরুর দুগ্ধ দোহন করিতেছে); "তণ্ডুলৈঃ ওদনং পচতি" না বলিয়া 'তণ্ডুলান্ ওদনং পচতি' বলিতে হয় (= চাউলের দ্বারা অন্ন প্রস্তুত করিতেছে); এইরূপ বৃক্ষমবচিনোতি পুষ্পম্ (বৃক্ষ হইতে পুষ্প চয়ন করিতেছে); মাণবকং ধর্ম্মং ব্রূতে বা শাস্তি (ছাত্রকে ধর্ম্ম শিক্ষা বা উপদেশ দিতেছেন);

CENTRAL LIBRARY

মাণবকং পন্থানং পৃচ্ছতি (ছাত্রকে পথ জিজ্ঞাসা করিতেছেন) ; বলিং বসুধাং যাচতে (বলির নিকটে বসুধা প্রার্থনা করিতেছেন) ; অজাং গ্রামং নয়তি (হরতি, বহতি) (অজাকে গ্রামে লইয়া যাইতেছে) ।

৪৭৮। ণিজন্ত করিলে গত্যর্থক, বুদ্ধ্যর্থক ভোজনার্থক, অকর্ম্মক, শব্দকর্ম্মক ধাতু ও দৃশ্ ধাতুর, অণিজন্ত অবস্থায় যে পদ কর্ত্তা ছিল তাহার কর্ম্ম সংজ্ঞা হয়। শ্রীহরিঃ শত্রূন্ স্বর্গমগময়ৎ (শ্রীহরি শত্রুগণকে স্বর্গে পাঠাইয়াছিলেন ; অণিজন্ত অবস্থায় "শত্রবঃ স্বর্গমগচ্ছন্" এইরূপ ছিল)। আশয়দমৃতং দেবান্ (দেবগণকে অমৃত খাওয়াইয়াছিলেন) ; বেদানধ্যাপয়দ্বিধিম্ (বিধিকে বেদ পড়াইয়াছিলেন) ; মাসমাসয়ৎ দেবদত্তম্ (দেবদত্তকে একমাস রাখিয়াছিলেন) ; দর্শয়তি হরিং ভক্তান্ (ভক্তগণকে হরি আপনাকে দেখান ; এস্থলে 'দেখান' ক্রিয়ার অভিপ্রেত বলিয়া ভক্ত শব্দে চতুর্থী বিভক্তি হইতে পারিত)।

৪৭৯। নায়য়তি, বাহয়তি, খাদয়তি, ভক্ষয়তি (অহিংসার্থক) প্রভৃতির অণিজন্ত অবস্থার কর্ত্তা ণিজন্তাবস্থায় কর্ম্মসংজ্ঞা হয় না। যথা,—বাহয়তি ভারং ভৃত্যেন (ভৃত্যকে ভার বহাইতেছে) ; খাদয়ত্যন্নং বটুনা (ছেলেকে অন্ন খাওয়াইতেছে)।

৪৮০। ণিজন্ত হৃ ও কৃ ধাতুর অণিজন্ত অবস্থার কর্ত্তায় দ্বিতীয়া ও তৃতীয়া উভয় বিভক্তিই হইতে পারে। যথা—ভৃত্যং (ভৃত্যেন বা) কটং কারয়তি (ভৃত্যকে দিয়া মাদুর প্রস্তুত করাইতেছে)।

CENTRAL LIBRARY

৪৮১। ৪৭৭ সূত্রে উদ্ধৃত দ্বিকর্ম্মক ধাতুর মধ্যে দুহ্ হইতে মুষ্ অবধি ধাতুর কর্ম্মণি বাচ্যে গৌণকর্ম্ম উক্ত হয় ও তাহাতে প্রথমা বিভক্তি হয়। মুখ্যকর্ম্ম দ্বিতীয়ান্তই থাকিয়া যায়। যথা, "গাং দোগ্ধি পয়ঃ" এই বাক্যে "গাম্" ('গোঃ'র পরিবর্ত্তে ব্যবহৃত গৌণ কর্ম্মে) কর্ম্মবাচ্যে প্রথমা হইবে, মুখ্য কর্ম্ম "পয়ঃ" দ্বিতীয়াবিভক্তিযুক্ত থাকিয়া যাইবে। যথা—গৌর্দুহ্যতে পয়ঃ। কিন্তু নী, হৃ, কৃষ্, বহ্ ধাতুর মুখ্য কর্ম্মে প্রথমা হয়, গৌণ কর্ম্ম দ্বিতীয়ান্ত থাকিয়া যায়। যথা অজাং গ্রামং নয়তি—কর্ম্মণি বাচ্যে—'অজা গ্রামং নীয়তে' হইবে। জ্ঞানার্থক ও ভোজনার্থক ণিজন্ত ধাতুর উভয়বিধই হইতে পারে, যথা "মাণবকং ধর্ম্মং বোধয়তি" স্থানে (কর্ম্মণি বাচ্যে) মাণবকো ধর্ম্মং বোধ্যতে বা মাণবকং ধর্ম্মো বোধ্যতে। অন্য ণিজন্তধাতু স্থলে প্রযোজ্য কর্ম্মে প্রথমা হয় ও অন্য কর্ম্মে দ্বিতীয়া হয়। যথা,—দেবদত্তঃ গ্রামং গম্যতে (দেবদত্তকে গ্রামে পাঠান হইতেছে)।

৪৮২। উভয়তঃ (দুইদিকে), সর্ব্বতঃ (সকল পার্শ্বে), উপর্য্যুপরি ও অধ্যধি (উপরে), অধোঽধঃ (নিম্নে), অভিতঃ (উভয় পার্শ্বে), পরিতঃ (চতুঃপার্শ্বে), সময়া ও নিকষা (নিকটে), প্রতি, অন্তরা (মধ্যে), অন্তরেণ (বিনা), ধিক্ ও হা (নিন্দার্থ) এই সকল অব্যয় যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—উভয়তঃ কৃষ্ণং গোপাঃ (কৃষ্ণের উভয় পার্শ্বে গোপগণ রহিয়াছে); উপর্য্যুপরি লোকং হরিঃ (হরি জগতের উর্দ্ধে অবস্থিত); পরিতঃ কৃষ্ণম্ (কৃষ্ণের চারিদিকে); গ্রামং সময়া (গ্রামের নিকটে); অন্তরা মাং ত্বাং হরিঃ (তোমার আমার মধ্যে হরি আছেন); অন্তরেণ হরিং (হরি বিনা) ন সুখম্; ধিক্

CENTRAL LIBRARY

কৃষ্ণাভক্তম্, হা কৃষ্ণাভক্তম্ (যে কৃষ্ণের ভক্ত নহে তাহাকে ধিক্—সে শোচনীয়)।

৪৮৩। যে সকল অব্যয় সাধারণতঃ ক্রিয়ার পূর্ব্বে বসিয়া উপসর্গসংজ্ঞক হয় তাহারা যখন স্বতন্ত্রভাবে প্রযুক্ত হয় অর্থাৎ ক্রিয়ার সহিত যুক্ত না হইয়া প্রযুক্ত হয়, তখন আর তাহাদিগের উপসর্গ সংজ্ঞা হয় না—তখন কর্ম্মপ্রবচনীয় এই নাম হয়। কতিপয় অর্থে ইহাদের যোগে দ্বিতীয়া বিভক্তি হয়। যথা—অতি দেবান্ কৃষ্ণঃ (কৃষ্ণ দেবগণকে অতিক্রম করেন); অনু হরিং সুরাঃ (হরির পরে অর্থাৎ নিম্নে সুরগণের স্থান); জপমনু প্রাবর্ষৎ (জপের পরেই বৃষ্টি হইয়াছিল); উপ হরিং সুরাঃ (দেবগণ হরির নিম্নে); গিরিমভি বিদ্যোততে বিদ্যুৎ (গিরির দিকে (উপলক্ষণ) বিদ্যুৎ চমকাইতেছে); বৃক্ষং বৃক্ষং প্রতি সিঞ্চতি (প্রতি বৃক্ষে (বীপ্সা) জল দিতেছে) ; ভক্তো বিষ্ণুং প্রতি (বিষ্ণুর প্রতি ভক্ত (ইত্থম্ভূতাখ্যান)); লক্ষ্মীর্হরিং প্রতি (লক্ষ্মী হরির ভাগ)।

করণকারক

৪৮৪। যাহা ক্রিয়াসাধনে কর্ত্তার প্রধান সহায় তাহাই করণ। অনুক্ত করণে তৃতীয়া বিভক্তি হয়। রামেণ বাণেন হতো বালী (রাম কর্ত্তৃক বাণ দ্বারা বালী হত হইয়াছিল)। এ স্থলে 'রামেণ' অনুক্তে কর্ত্তরি তৃতীয়া (৪৭৩ সূত্রানুসারে)। 'বাণেন' করণে তৃতীয়া।

CENTRAL LIBRARY

৪৮৫। অনেক সময়ে তৃতীয়া বিভক্তি দ্বারা হেতু সূচিত হয়। যথা,—পুণ্যেন দৃষ্টো হরিঃ = পুণ্যহেতু হরিকে দেখা গেল; তেন অপরাধেন দণ্ড্যোঽসি = সেই অপরাধ হেতু তুমি দণ্ডার্হ; অধ্যয়নেন বসতি = অধ্যয়নহেতু বাস করিতেছে।

৪৮৬। সহার্থ শব্দযোগে তৃতীয়া হয়; যথা—পুত্রেণ সহাগতঃ পিতা। সহার্থ শব্দ (সহ, সাকম্, সার্দ্ধম্ সমম্, ইত্যাদি) উহ্য থাকিলেও হয়।

৪৮৭। যুক্তার্থ বা বিযুক্তার্থ শব্দযোগে তৃতীয়া বিভক্তি হয়, যথা—ত্বয়া সহিতঃ (তোমার সহিত মিলিত); সমাযুক্তোঽর্থৈঃ (অর্থের দ্বারা সংযুক্ত); অর্থেন হীনঃ।

৪৮৮। তুল্যার্থ শব্দযোগে তৃতীয়া বিভক্তি হয়, যথা—শক্রেণ সমঃ, সদৃশঃ, তুল্যঃ ইত্যাদি (ইন্দ্রের মত)।

৪৮৯। প্রয়োজনার্থে বা প্রয়োজনার্থকশব্দ যোগে তৃতীয়া বিভক্তি হয়, যথা—তেন কিং প্রয়োজনম্ (তাহার কি প্রয়োজন?); কোঽর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ (বিদ্বান্ নহে এরূপ পুত্র জন্মাইবার কি প্রয়োজন?); তেন কিম্? (তাহাতে কি প্রয়োজন?); অলং রুদিতেন (কাঁদিয়া কি হইবে?); কৃতমভ্যুত্থানেন (উঠিবার প্রয়োজন নাই)।

দ্রষ্টব্য—৪৮৯ সূত্রানুসারে যে সমস্ত তৃতীয়া বিভক্তির দৃষ্টান্ত প্রদর্শিত হইল, সে সকল স্থলেই করণে তৃতীয়া বুঝিতে হইবে। প্রত্যেক উদাহরণেই ক্রিয়া উহ্য করিয়া করণে তৃতীয়া হইবে। পাণিনিতে প্রয়োজনার্থে অথবা প্রয়োজনার্থকশব্দ যোগে তৃতীয়া হইবার কোন বিধান নাই। বালকদিগকে সহজে বুঝাইবার

CENTRAL LIBRARY

জন্য এখানে এইরূপ সূত্র করা হইয়াছে, বাস্তবিক এখানে সমস্তই করণে তৃতীয়া হইয়াছে।

৪৯০। নিম্নের উদাহরণ গুলিতে তৃতীয়া বিভক্তির প্রয়োগগুলি লক্ষ্য করা বিধেয়—প্রকৃত্যা দর্শনীয়ঃ (স্বভাবতঃ সুন্দর), গোত্রেণ গার্গ্যঃ (গোত্রে গার্গ্য), সুখেন যাতি (সুখে যাইতেছে) এইরূপ তৃতীয়াকে অভেদে তৃতীয়া বলে।

যে অঙ্গে অঙ্গীর বিকার লক্ষিত হয় তাহাতেও তৃতীয়া হয়। যথা, অক্ষ্ণা কাণঃ।

সম্প্রদানকারক

৪৯১। যাহাকে উদ্দেশ করিয়া কিছু দেওয়া যায়, তদ্বোধক পদকে সম্প্রদান বলে। অনুক্ত সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তি হয়। বিপ্রায় গাং দদাতি (বিপ্রকে গরু দান করিতেছে)।

ইহা জানিয়া রাখা উচিত যে, সম্প্রদানে অনেকস্থলে সম্বন্ধ-সামান্য বিবক্ষা করিয়া ষষ্ঠী বিভক্তি প্রযুক্ত হইয়া থাকে।

৪৯২। তাদর্থ্যে চতুর্থী বিভক্তি হয়। যথা, মুক্তয়ে হরিং ভজতি (মুক্তির নিমিত্ত হরিকে ভজনা করিতেছে)। এই প্রসঙ্গে কৃপ্, সম্+পদ্, জন্ প্রভৃতি ধাতুর যোগে চতুর্থী বিভক্তি হয়, ইহাও জ্ঞাতব্য। যথা—ভক্তিজ্ঞানায় কল্পতে (ভক্তি হইতে জ্ঞান হয়, ভক্তি জ্ঞানের নিমিত্ত হয়)।

CENTRAL LIBRARY

৪৯৩। যে তুমর্থক ক্রিয়া উহ্য থাকে তাহার কর্মে চতুর্থী হয়। 'ফলেভ্যো যাতি' প্রভৃতি উদাহরণে একটি তুমর্থক ক্রিয়া উহ্য থাকে। উহার অর্থ, ফলানি আহর্ত্তুংযাতি (ফল আনিতে যাইতেছে)।

৪৯৪। নিম্নলিখিত চতুর্থীর প্রয়োগগুলি লক্ষ্য করিতে হইবে—

কথনার্থ ধাতুর যোগে, যাহাকে কিছু বলা যায়, তাহাতে চতুর্থী বিভক্তি হয়। যথা,—তস্মৈ কথয়তি, খ্যাপয়তি, আচষ্টে, নিবেদয়তি (তাঁহাকে বলিতেছে, জানাইতেছে ইত্যাদি), (ব্রূ ধাতু দ্বিকর্ম্মক, ৪৭৭ সূত্র দেখ)।

৪৯৫। প্রতি, আ পূর্ব্বক শ্রু ধাতুর প্রয়োগে, যাহার প্রার্থনায় প্রতিশ্রুতি হয় তদ্বোধক পদে চতুর্থী বিভক্তি হয়। যথা, বিপ্রায় গাং প্রতিশৃণোতি (বিপ্রের প্রার্থনায় বিপ্রকে গরু দিতে প্রতিশ্রুত হইতেছে)।

৪৯৬। প্রেরণকরা বুঝাইলে, যাহাকে উদ্দেশ করিয়া প্রেরণ করা যায়, তদ্বোধক পদে চতুর্থী বিভক্তি হয়। যথা—ভোজেন দূতো রঘবে বিসৃষ্টঃ (ভোজ রঘুর উদ্দেশে দূত প্রেরণ করিয়াছিলেন)।

৪৯৭। গত্যর্থ ক্রিয়ার কর্ম্মে শারীরিক চেষ্টা বুঝাইলে চতুর্থী বিভক্তিও হইতে পারে, দ্বিতীয়াও হয়; (৪৭৩ সূত্র দেখ); যথা—গ্রামায় (বা গ্রামং) গচ্ছতি, কিন্তু মনসা মেরুং গচ্ছতি (মনে মনে মেরুতে যাইতেছে, শারীরিক চেষ্টা নাই)।

CENTRAL LIBRARY

৪৯৮। রুচ্যর্থক ধাতু, স্পৃহ্ ধাতু, ক্রোধার্থক, দ্রোহার্থক, ঈর্ষার্থক ও অসূয়ার্থক ধাতুর যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা—হরয়ে রোচতে ভক্তিঃ (ভক্তি হরির রুচিকর), পুষ্পেভ্যঃ স্পৃহয়তি (সে পুষ্প চাহে), হরয়ে ক্রুধ্যতি (হরির প্রতি ক্রোধ করিতেছে)।

৪৯৯। ক্রুধ্ ও দ্রুহ্ ধাতু উপসর্গপূর্ব্বক হইলে তাহাদের যোগে দ্বিতীয়া হয়, (চতুর্থীর নিষেধ)। যথা ক্রূরমভিক্রুধ্যতি।

৫০০। নমঃ, স্বস্তি, স্বাহা, স্বধা, বষট্ ও অলম্ শব্দ যোগে চতুর্থী বিভক্তি হয়। যথা গণেশায় নমঃ। প্রজাভ্যঃ স্বস্তি (প্রজাগণের মঙ্গল হউক), অগ্নয়ে স্বাহা; দৈত্যেভ্যো হরিরলম্ (হরি দৈত্যগণের সহিত (দ্বন্দ্বে) সমর্থ)।

৫০১। নমঃ শব্দ কৃ ধাতুর সহিত যুক্ত হইলে, যিনি পূজ্য তদ্বোধক পদে দ্বিতীয়া হয়, (চতুর্থী হয় না)। যথা,—নমস্করোতি দেবান্। তবে যে, 'নমস্কুর্ম্মো নৃসিংহায়' এইরূপ প্রয়োগ দৃষ্ট হয়, তাহার কারণ, এইরূপ স্থলে নৃসিংহমনুকূলয়িতুম্ (নৃসিংহকে অনুকূল করিতে) এইরূপ একটি তুমর্থক ক্রিয়া উহ্য আছে। (৪৯৩ সূত্র দেখ)।

৫০২। প্রণামার্থ ধাতুর যোগে যদুদ্দেশে প্রণাম করা যায় তদ্বোধক পদে দ্বিতীয়া ও চতুর্থী উভয় বিভক্তিরই প্রয়োগ দেখা যায়। যথা—প্রণমন্তি দেবতাভ্যঃ। বাগীশং প্রণিপত্য।

CENTRAL LIBRARY

অপাদানকারক

৫০৩। যাহা হইতে অপায় অর্থাৎ বিশ্লেষ-ক্রিয়া আরব্ধ হয়, তাহাকে অবধি বলে। অপায়ে যাহা অবধি তাহাকে অপাদান কারক কহে। অর্থাৎ যাহা হইতে আগত গৃহীত পতিত বা সঞ্চালিত হয়, তাহাকে অপাদান কারক বলে। অপাদানে পঞ্চমী বিভক্তি হয়। যথা—গ্রামাদায়াতি—(গ্রাম হইতে আসিতেছে)।

৫০৪। যাহা হইতে উৎপত্তি বা আবির্ভাব হয়, তাহা অপাদান। যথা—ব্রহ্মণঃ প্রজাঃ প্রজায়ন্তে (ব্রহ্ম হইতে জীবগণ উৎপন্ন হয়), হিমবতো গঙ্গা প্রভবতি (হিমালয় হইতে গঙ্গা আবির্ভূত হন), পাপান্নাশ উদ্ভবতি (পাপ হইতে নাশ উদ্ভূত হয়)। পঞ্চমী বিভক্তির অর্থ অনেক স্থলে 'হেতু,' 'বশতঃ,' 'জন্য' ইত্যাদি। যথা,—মৌনান্মূর্খো গণ্যতে (মৌন-বশতঃ মূর্খ বলিয়া গণ্য হয়), লৌল্যান্মাংসং ভক্ষয়তি (লৌল্যহেতু মাংস ভোজন করিতেছে)।

৫০৫। নিম্নলিখিত অর্থের ক্রিয়াগুলি পঞ্চমীবিভক্ত্যন্তের সহিত অন্বিত হয়—

(ক) ভয়ার্থ—ব্যাঘ্রাদ্বিভেতি (ব্যাঘ্র হইতে ভয় পাইতেছে)।

(খ) ত্রাণার্থ—পাহি মাং নরকাৎ (নরক হইতে আমাকে ত্রাণ করুন)।

(গ) অন্তর্ধানার্থ—মাতু র্নিলীয়তে কৃষ্ণঃ (কৃষ্ণ মার নিকট হইতে লুকাইতেছেন)।

CENTRAL LIBRARY

(ঘ) বিরামার্থ—পাপাদ্বিরমতি(পাপ হইতে বিরত হইতেছে)।

(ঙ) প্রমাদার্থ—ধর্ম্মাৎ প্রমাদ্যতি (ধর্ম্ম হইতে বিচ্যুত হইতেছে)।

(চ) অধ্যয়নার্থ—উপাধ্যায়াদধীতে (শিক্ষকের নিকট পড়িতেছে)।

৫০৬। অন্যার্থ শব্দ যোগে, দিক্‌শব্দ যোগে (দিগ্বাচক ও কালবাচক পূর্ব্বাদিশব্দ যোগে) ও ঋতে-শব্দযোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা অন্য ইতরো বা কৃষ্ণাৎ (কৃষ্ণ হইতে ভিন্ন), গ্রামাৎ পূর্ব্বঃ বা প্রাক্ (গ্রামের পূর্ব্ব দিকে), উত্তরা সমুদ্রাৎ (সমুদ্রের উত্তর দিকে), চৈত্রাৎ পূর্ব্বঃ ফাল্গুনঃ (চৈত্রের পূর্ব্ব ফাল্গুন); ঋতে কৃষ্ণাৎ (কৃষ্ণ ভিন্ন)।

৫০৭। যে স্থান বা ক্ষণ হইতে অধ্ব বা কালের পরিমাণ করা হয়, তদ্বোধক পদে পঞ্চমী বিভক্তি হয়, এবং অধ্ব ও কালবাচক শব্দে সপ্তমী হয়। অধ্ববাচক শব্দে প্রথমাও হইতে পারে। যথা—বনাদ্ গ্রামো যোজনে (বা যোজনম্) = বন হইতে গ্রাম এক যোজন দূরে ; কার্ত্তিক্যা আগ্রহায়ণী মাসে = কার্ত্তিকী পূর্ণিমা হইতে আগ্রহায়ণী একমাস পরে।

৫০৮। পৃথক্ ও বিনা শব্দের যোগে পঞ্চমী (দ্বিতীয়া এবং তৃতীয়াও) হয়। যথা—বিনা রামাৎ (রামং বা রামেণ)।

৫০৯। দূর ও অন্তিকার্থ (নিকটার্থ) শব্দে পঞ্চমী হয়। (দ্বিতীয়া, তৃতীয়া এবং সপ্তমীও হয়)। যথা—গ্রামস্য দূরাৎ বা দূরম্ বা দূরেণ বা দূরে।

CENTRAL LIBRARY

৫১০। যাহা অপেক্ষা উৎকৃষ্ট বা নিকৃষ্ট বুঝায় তাহাতে পঞ্চমী বিভক্তি হয়। ইংরাজীতে এইরূপ স্থলে than এর প্রয়োগ হয়। যথা—ভক্তিমার্গাদ্ জ্ঞানমার্গঃ শ্রেয়ান্ = the way of knowledge is better *than* the way of devotion.

৫১১। প্রভৃতি, আরভ্য, বহিঃ, আরাৎ, অনন্তরম্, উর্দ্ধম্ ও পরম্ এইরূপ শব্দযোগে পঞ্চমী বিভক্তি হয়। যথা—তস্মাদ্দিনাৎ প্রভৃতি, বা আরভ্য (সেই দিন হইতে আরম্ভ করিয়া), গ্রামাদ্বহিঃ (গ্রামের বাহিরে), বনাদারাৎ (বনের নিকটে), সংবৎসরাদনন্তরম্ (এক বৎসর পরে) ; অত উর্দ্ধম্ (ইহার পরে)।

৫১২। মর্য্যাদা (সীমা) বা অভিবিধি (ব্যাপ্তি) অর্থে আ এই অব্যয়ের যোগে পঞ্চমী হয়। যথা—আ মুক্তেঃ সংসারঃ (মুক্তি পর্য্যন্ত সংসার, অর্থাৎ সংসারের সীমা মুক্তি), আ সকলাৎ ব্রহ্ম (সমস্ত ব্যাপিয়া ব্রহ্ম, অর্থাৎ ব্রহ্ম সকল পদার্থে ব্যাপ্ত)।

অধিকরণকারক

৫১৩। কর্ত্তৃকর্ম্ম দ্বারা তন্নিষ্ঠ ক্রিয়ার যে আধার তাহাকে অধিকরণ কারক বলে। অধিকরণে সপ্তমী বিভক্তি হয়। যথা,—কটে আস্তে (মাদুরে বসিয়া আছেন), স্থাল্যামোদনং পচতি (স্থালীতে অন্ন পাক করিতেছে)। আধার বলাতে যে কালে ক্রিয়া হয় তাহাও অধিকরণ বুঝিতে হইবে। মাসস্য প্রথমে দিবস আজগাম (মাসের প্রথম দিনে আসিয়াছিল)।

CENTRAL LIBRARY

৫১৪। নিম্নলিখিত ক্রিয়াগুলি সপ্তমীবিভক্ত্যন্তের সহিত অন্বিত হয়। এই সকল স্থলে সপ্তম্যন্ত পদ ক্রিয়ার আধার বলিয়া গৃহীত হয়।

(ক) ক্ষেপার্থ ক্রিয়া। যথা—তে তস্মিন্ শরান্ মুমুচুঃ (তাহার প্রতি তাহারা শর ত্যাগ করিয়াছিল)।

(খ) আচরণার্থ ক্রিয়া (বৃৎ, ব্যবহৃ প্রভৃতি)। যথা—গুরুষু বিনয়েন বর্ত্ততে (গুরুর প্রতি বিনয়ের সহিত আচরণ করিতেছে)।

(গ) অনুরাগার্থ ক্রিয়া (স্নিহ্, অনুরঞ্জ্, রম্ প্রভৃতি)। যথা, পিতা পুত্রে স্নেহয়তি।

(ঘ) বিশ্বাসার্থ ক্রিয়া। যথা—দুর্জ্জনে বিশ্বসিতি কুত্র পুরুষঃ (লোকে দুর্জ্জনে কোথায় বিশ্বাস করিয়া থাকে ?)।

(ঙ) দান, কথন, প্রতিশ্রুতি প্রভৃতি ক্রিয়ার উদ্দিষ্ট বিষয় অনেক সময়ে চতুর্থী স্থলে সপ্তমী বিভক্তিতে প্রযুক্ত হয়। যথা—বিতরতি গুরুঃ প্রাজ্ঞে যথৈব তথা জড়ে বিদ্যাম্ (গুরু প্রাজ্ঞ ও জড় উভয়বিধ ছাত্রকেই সমভাবে বিদ্যা বিতরণ করেন)।

৫১৫। নিযুক্তার্থ (ব্যাপৃত, ব্যগ্র, তৎপর ইত্যাদি) ও নিপুণার্থ (কুশল, নিপুণ সাধু ইত্যাদি) শব্দের যোগে সপ্তমী বিভক্তি হয়। যথা, গৃহকর্ম্মণি ব্যাপৃতা (গৃহ কর্ম্মে ব্যাপৃতা), রামোঽক্ষদ্যূতে নিপুণঃ (রাম অক্ষক্রীড়ায় নিপুণ)।

৫১৬। যখন এক সমষ্টির মধ্য হইতে এক ব্যষ্টি (ব্যক্তি বা বস্তুকে) কোন গুণের (বা দোষের) জন্য পৃথগ্‌ভাবে নির্দ্দিষ্ট

CENTRAL LIBRARY

করা হয়, তখন সেই সমষ্টিবাচক পদে সপ্তমী (বা ষষ্ঠী) বিভক্তি হয়। এইরূপ পৃথক্ নির্দ্দেশের নাম নির্দ্ধারণ। যথা—নৃষু (নৃণাম্ বা) দ্বিজঃ শ্রেষ্ঠঃ (নরের মধ্যে দ্বিজ শ্রেষ্ঠ), গোষু (গবাং বা) কৃষ্ণা বহুক্ষীরা (গরুর মধ্যে কাল গরু বেশী দুধ দেয়)।

৫১৭। স্বামিন্, ঈশ্বর, অধিপতি, দায়াদ ও সাক্ষিন্ শব্দের যোগে সপ্তমী (বা ষষ্ঠী) হয়। যথা গ্রামেষু (গ্রামাণাং বা) অধিপতিঃ (গ্রামের অধিপতি)।

৫১৮। যখন এক ক্রিয়ার উল্লেখের দ্বারা অন্য ক্রিয়া যে কালে বা যে অবস্থায় সংঘটিত হইয়াছে তাহা লক্ষিত হয়, তখন পূর্ব্বোক্ত ক্রিয়া ও তাহার বিশেষ্য পদে সপ্তমী বিভক্তি হয়। সাধারণতঃ এই সপ্তম্যন্ত পদসমষ্টির মধ্যে একটি কৃদন্ত ক্রিয়া থাকে। এইরূপ সপ্তমীকে ভাবে সপ্তমী বলে। যথা—গোষু দুহ্যমানাসু স গতঃ (যখন গরু দোহন হইতেছিল তখন তিনি গিয়াছিলেন), এবমুক্তে (এইরূপ কথিত হইলে), এবং সতি (এইরূপ হইলে)।

৫১৯। অনাদর বুঝাইলে এরূপ স্থলে ষষ্ঠীও হইতে পারে। যথা—ক্রোশতঃ (ক্রোশতি বা) প্রাব্রাজীৎ (আত্মীয় কাঁদিতে থাকিলেও তিনি বনে গিয়াছিলেন, আত্মীয়ের রোদন গ্রাহ্য করেন নাই), পশ্যতোঽপি মে শিশুরপহৃতঃ (আমি দেখিতে থাকিলেও শিশু অপহৃত হইল)।

পাশ্চাত্য ব্যাকরণে এইরূপ স্থলে absolute construction বলা হয়। সুতরাং এই সপ্তমী বা ষষ্ঠীকে absolute locative বা absolute genitive বলা যাইতে পারে।

CENTRAL LIBRARY

ষষ্ঠী বিভক্তি

৫২০। সংস্কৃত ব্যাকরণে ষষ্ঠী বিভক্তিকে কারকবিভক্তি বলিয়া গ্রহণ করা হয় না, কারণ ষষ্ঠ্যন্ত বিশেষ্যের সহিত ক্রিয়ার অন্বয় হয় না; ষষ্ঠ্যন্ত বিশেষ্যের সহিত বিশেষ্যান্তরের অন্বয় (সম্বন্ধ নির্দ্দেশ) হয়। সম্বন্ধ মাত্র বুঝাইলে প্রাতিপদিকের উত্তর ষষ্ঠী বিভক্তি হয়। যথা,—রাজ্ঞঃ পুরুষঃ; দশরথস্য পুত্রঃ।

৫২১। ষষ্ঠী বিভক্তি কোন কোন স্থলে কারকবিভক্তির পরিবর্ত্তে প্রযুক্ত হইয়া থাকে। যথা, ঈশ্, দয়্, প্রভূর্থ ও স্মরণার্থ (স্মৃ, অধি+ই (পরস্মৈপদী), সম্+জ্ঞা ইত্যাদি) ধাতুর কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। পৃথিব্যা ঈষ্টে (পৃথিবীর উপর প্রভুত্ব করিতেছেন, অর্থাৎ পৃথিবীকে শাসন করিতেছেন); প্রভবিষ্যাম্যাত্মনঃ (নিজের উপর প্রভুত্ব করিব, অর্থাৎ আপনাকে শাসন করিব, এস্থলে চতুর্থীও হয়); রামস্য দয়মানোঽসাবধ্যেতি তব লক্ষ্মণঃ (রামের দুঃখে দুঃখিত হইয়া, অর্থাৎ রামকে দয়া করিয়া, লক্ষ্মণ তোমাকে স্মরণ করেন)।

৫২২। কৃদন্ত শব্দ যোগে কর্ত্তায় বা কর্ম্মে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—কৃষ্ণস্য কৃতিঃ (কৃষ্ণ যাহা করেন), জগতঃ কর্ত্তা কৃষ্ণঃ (কৃষ্ণ জগৎ করেন)। কিন্তু পূর্ব্ববর্ণিত কৃদন্ত শব্দ (অর্থাৎ যে সকল কৃদন্ত ক্রিয়াত্মক, তাহারা) তিঙন্ত ক্রিয়ার ন্যায় কর্ম্ম কারকের সহিত অন্বিত হয়। যথা—জগৎ স্রষ্ট্বা (জগৎ সৃষ্টি করিয়া), জগৎ স্রষ্টুম্ (জগৎ সৃষ্টি করিতে), কুর্বন্ সৃষ্টিং হরিঃ (হরি সৃষ্টি করিতে করিতে), দৈত্যান্ হতবান্ বিষ্ণুঃ (বিষ্ণু দৈত্যগণকে বধ করিতে

CENTRAL LIBRARY

থাকেন) বিষ্ণুনা হতা দৈত্যাঃ (দৈত্যগণ বিষ্ণুকর্ত্তৃক হত হইয়াছিল)।

৫২৩। বর্ত্তমানে ক্ত (ত বা ন) প্রত্যয় হইলে কর্ত্তায় ষষ্ঠী হয়। ইচ্ছার্থক, জ্ঞানার্থক ও পূজার্থক ধাতুর উত্তর বর্ত্তমানে ক্ত প্রত্যয় হয়। যথা—মম বিদিতম্ (মৎকর্ত্তৃক বিদিত), অহমেব মতো মহীপতেঃ (আমিই মহীপতি কর্ত্তৃক সম্মানিত)।

৫২৪। তব্য, অনীয়, য প্রত্যয়ান্ত পদের কর্ত্তায় ষষ্ঠী বা তৃতীয়া বিভক্তি হয়। যথা—মম (ময়া বা) সেব্যো হরিঃ (হরি মৎকর্ত্তৃক সেব্য)।

৫২৫। কৃদন্ত প্রত্যয়ান্তের কর্ত্তা ও কর্ম্ম উভয়ই থাকিলে কর্ম্মে ষষ্ঠী ও কর্ত্তায় তৃতীয়া হওয়াই নিয়ম। কিন্তু অনেক স্থলে কর্ত্তায়ও ষষ্ঠী হয়। যথা—আশ্চর্য্যো গবাং দোহো-হগোপালকেন (যে গোয়ালা নহে তাহার গরু দোহা আশ্চর্য্য), বিচিত্রা জগতঃ কৃতির্হরেঃ হরিণা বা (হরি কর্ত্তৃক জগতের সৃষ্টি বিচিত্র)।

৫২৬। সনন্ত অঙ্গে 'উ' প্রত্যয় করিয়া যে শব্দ হয়, তাহার কর্ম্মে দ্বিতীয়া হয়। যথা—মিত্রং দিদৃক্ষুঃ (মিত্র দেখিতে ইচ্ছুক)।

৫২৭। তুল্যার্থ শব্দ যোগে ষষ্ঠী বা তৃতীয়া হয়। যথা—তুল্যঃ কৃষ্ণস্য বা কৃষ্ণেন।

৫২৮। দিগ্বাচক শব্দের উত্তর তস্ প্রত্যয় করিয়া যে অব্যয় শব্দ উৎপন্ন হয় তাহার যোগে, অথবা উপরি, অধঃ, পুরঃ,

CENTRAL LIBRARY

পশ্চাৎ, অগ্রে এই সকল অব্যয়ের যোগে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—গ্রামস্য দক্ষিণতঃ (গ্রামের দক্ষিণে), তরূণামধঃ (গাছগুলির নীচে)।

৫২৯। দিগ্বাচক শব্দের উত্তর 'এন' প্রত্যয় করিয়া যে অব্যয় শব্দ উৎপন্ন হয়, তদ্‌যোগে ষষ্ঠী বা দ্বিতীয়া বিভক্তি হয়। যথা গ্রামস্য গ্রামং বা দক্ষিণেন (গ্রামের দক্ষিণে)।

৫৩০। আয়ুষ্য (দীর্ঘজীবন), মদ্র, ভদ্র (সম্পৎ), কুশল, সুখ, হিত বা তদর্থক শব্দের যোগে ষষ্ঠী বা চতুর্থী হয়। যথা—আয়ুষ্যং দেবদত্তস্য দেবদত্তায় বা ভূয়াৎ (দেবদত্তের দীর্ঘজীবন হউক)।

৫৩১। দুইবার তিনবার ইত্যাদি রূপ বারার্থ বুঝাইলে তদর্থক প্রত্যয়ান্তের যোগে কালবাচক শব্দে ষষ্ঠী বিভক্তি হয়। যথা—দ্বিরহ্নোভুঙ্‌ক্তে (দিনে দুইবার খায়)।

৫৩১, (ক)। হেতু শব্দ যোগে অথবা নিমিত্ত-শব্দ বা নিমিত্তার্থক শব্দ যোগে সর্ব্বনাম শব্দের উত্তর সমস্ত বিভক্তি হয়। সর্ব্বনাম ভিন্ন অন্য শব্দের উত্তর প্রথমা ও দ্বিতীয়া ভিন্ন সমস্ত বিভক্তি হয়। যথা, কেন হেতুনা, কস্মাৎ হেতোঃ, কিং নিমিত্তম্, কেন নিমিত্তেন, জ্ঞানেন নিমিত্তেন হরিঃ সেব্যঃ।

সমাস

৫৩২। সংস্কৃত ভাষায় সমাসের যথেষ্ট প্রয়োগ দেখা যায়। দুই বা তদধিক সুবন্ত পদ একত্র মিলিত হইয়া এক অর্থ প্রকাশ করিলে তাহাকে সমাস বলে। বিশেষ্য, বিশেষণ ও কতিপয় অব্যয় শব্দেরই সাধারণতঃ সমাস হইয়া থাকে। সমাস হইলে সমুদায় পদের 'প্রাতিপদিক' এই নাম হয় ও মিলিত পদ সমূহের বিভক্তির লোপ হয়, পরে 'সমস্ত-পদের' উত্তর পুনরায় বিভক্তির যোগ হয়।

সমাস পাঁচ প্রকার—অব্যয়ীভাব, তৎপুরুষ, বহুব্রীহি, দ্বন্দ্ব ও সুপ্‌সুপা।

অব্যয়ীভাব সমাস

৫৩৩। অব্যয়ীভাব সমাসের পূর্ব্বপদ অব্যয় (উপসর্গ বা অন্য অব্যয়) এবং উত্তর পদ বিশেষ্য। অধিকাংশ স্থলে এই সমাসে পূর্ব্বপদার্থের প্রাধান্য প্রতীতি হয়। বিভক্তি, সমীপ, সমৃদ্ধি, যথার্থাদি অর্থে বর্ত্তমান অব্যয় পদের সহিত অন্যপদের যে সমাস হয় তাহার নাম অব্যয়ীভাব সমাস। সাধারণতঃ এই সমস্ত পদের উত্তর পুনরায় বিভক্তি করিলে তাহার লোপ হয়। অব্যয়ীভাব সমাসে কৃতসমাস পদ ক্লীবলিঙ্গ হয়। যথা,—যথা ও শক্তি হইতে যথাশক্তি (শক্তি অতিক্রম না করিয়া, অর্থাৎ যেরূপ শক্তি আছে সেইরূপ)। প্রতি ও অগ্নি হইতে প্রত্যগ্নি (অগ্নির দিকে)।

৫৩৪। অধিকাংশ স্থলে এই সমাসে উত্তরপদ প্রাতিপদিকের আকৃতিতেই থাকে। কোথাও কোথাও কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে, যথা—

CENTRAL LIBRARY

(ক) উত্তর পদের অন্তস্থিত দীর্ঘস্বর হ্রস্ব হয়, অন্ত্য 'ঐ' স্থানে 'ই' হয় ; এবং 'ও' বা 'ঔ' স্থানে 'উ' হয়।

(খ) অন্ত্য অ-কার (মৌলিক বা আকার-স্থানজ) অম্ হয়।

(গ) ব্যঞ্জনান্ত কতিপয় শব্দের (শরদ্, মনস্, দিব্, দিশ্ ইত্যাদির) পরে নিত্য অম্ হয়। শরদ্ ভিন্ন যে সকল ব্যঞ্জনান্ত শব্দের অন্তে বর্গের প্রথম দ্বিতীয় তৃতীয় চতুর্থ বর্ণ থাকে তাহাদিগের পরে বিকল্পে অম্ হয়।

(ঘ) পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ অন্ ভাগান্ত শব্দের অন্ স্থানে অম্ হয়। ক্লীবলিঙ্গ অন্ভাগান্ত শব্দের অন্ স্থানে অম্ বা অ হয়।

যথা, (ক, খ) অধি ও গোপা হইতে—অধিগোপম্ (গোপা বিষয়ে), অনু ও গঙ্গা হইতে অনুগঙ্গম্ (গঙ্গার ধারে ধারে), উপ ও গো হইতে উপগু (গরুর কাছে), (গ) উপ ও শরদ্ হইতে উপশরদম্ (শরতের কাছাকাছি), উপ ও সমিধ্ হইতে উপসমিৎ বা উপসমিধম্ (সমিধের কাছে), (ঘ) উপ ও রাজন্ হইতে উপরাজম্ (রাজার নিকটে), অধি ও আত্মন্ হইতে অধ্যাত্মম্ (আত্মার বিষয়ে), উপচর্ম্মম্ বা উপচর্ম্ম (চর্ম্মের সমীপে)।

৫৩৫। বহিঃ প্রাক্ প্রভৃতি অব্যয় ও কতিপয় উপসর্গের সহিত পঞ্চম্যন্ত পদের অব্যয়ীভাব সমাস হয় এবং এই পঞ্চমী বিভক্তির বিকল্পে লোপ হয়। লোপপক্ষে ৫৩৪ সূত্রের নিয়মানুসারে কার্য্য হয়। যথা—প্রাগ্বনম্ বা প্রাগ্বনাৎ (বনের পূর্ব্বদিকে), বহির্বনম্ বা বহির্বনাৎ (বনের বাহিরে)।

CENTRAL LIBRARY

৫৩৬। নদী, পৌর্ণমাসী ও গিরি শব্দের অন্ত্যস্বরের স্থানে অব্যয়ীভাব সমাসে বিকল্পে অ হয়। যথা উপ ও নদী হইতে উপনদি বা উপনদম্ (নদীর নিকটে)।

৫৩৭। প্রতি, পর, সম্, অনু ইহাদের সহিত অক্ষি শব্দের অব্যয়ীভাব সমাস হইয়া যথাক্রমে প্রত্যক্ষম্ (চক্ষুর সম্মুখে), পরোক্ষম্ (দৃষ্টির বাহিরে), সমক্ষম্ ও অন্বক্ষম্ (চক্ষুর সমীপে, দেখিতে দেখিতে) হয়।

৫৩৮। সীমার্থক আ, তদ্‌যোগে যে পঞ্চম্যন্ত পদ (৫১২ সূত্র) হয়, তাহার সহিত অব্যয়ীভাব সমাসে যুক্ত হইতেও পারে। অর্থাৎ আমুক্তেঃ বা আমুক্তি (মুক্তি পর্য্যন্ত) এ উভয় রূপই হয়।

৫৩৯। অব্যয়ীভাব সমাসে নানা অর্থ প্রকাশিত হয় (উপরিলিখিত দৃষ্টান্তে তাহার কতকগুলি উদাহৃত হইয়াছে)। প্রধান প্রধানগুলি নিম্নে প্রদর্শিত হইল—

(ক) সামীপ্য—উপকৃষ্ণম্ (কৃষ্ণের সমীপে), (খ) অভাব—নির্জ্জনম্ (যে স্থানে জন মানব নাই), (গ) অত্যয়—অতিহিমম্ (শীত অতীত হইবার পরে), অতিমাত্রম্ (মাত্রা অতিক্রম করিয়া, খুব বেশী), (ঘ) পশ্চাৎ—অনুবিষ্ণু (বিষ্ণুর পশ্চাৎ), (ঙ) যোগ্যতা—অনুরূপম্ (যোগ্যরূপে); (চ) বীপ্‌সা—প্রত্যহম্ (দিন দিন), (ছ) অনতিবৃত্তি—যথাশক্তি (শক্তি অতিক্রম না করিয়া), (জ) আনুপূর্ব্ব্য—অনুক্রমম্ (ক্রম অনুসারে, পরে পরে), (ঝ) যৌগপদ্য—সচক্রম্ (চক্রের সঙ্গে সঙ্গে)।

CENTRAL LIBRARY

তৎপুরুষ সমাস

৫৪০। তৎপুরুষ সমাসে একপদ (সাধারণতঃ পূর্ব্বপদ) দ্বারা অন্যপদ (সাধারণতঃ উত্তর পদ) নির্ণীত বা বিশিষ্ট হয় বলিয়া পাশ্চাত্য ব্যাকরণে উহা কোথাও কোথাও নির্ণায়ক সমাস নামে অভিহিত হইয়াছে। কিন্তু ঐ নামে সমুদায় তৎপুরুষকে বুঝান যায় না।

৫৪১। তৎপুরুষের প্রথম শাখা—এই শাখার তৎপুরুষের বিগ্রহ বাক্য করিলে উহার পূর্ব্বপদ উত্তর পদ হইতে ভিন্ন-বিভক্তিক হয়, এবং পূর্ব্বপদের বিভক্ত্যনুসারে এই সমাসের নামকরণ হয়, যথা—

১। দ্বিতীয়া-তৎপুরুষ—কৃষ্ণশ্রিতঃ = কৃষ্ণং শ্রিতঃ (কৃষ্ণের আশ্রিত), দুঃখাতীতঃ = দুঃখমতীতঃ (দুঃখের অতীত), গ্রামগমী = গ্রামং গমী (যে গ্রামে যাইতেছে); অন্নবুভুক্ষুঃ = অন্নং বুভুক্ষুঃ (যে অন্ন ভোজন করিতে ইচ্ছা করে), গৃহাগতঃ = গৃহমাগতঃ (যে গৃহে আসিয়াছে), মুহূর্ত্তসুখম্ = মুহূর্ত্তং সুখম্ (মুহূর্ত্ত ব্যাপি সুখ)।

২। তৃতীয়া তৎপুরুষ—হরিত্রাতঃ = হরিণা ত্রাতঃ (হরিকর্ত্তৃক রক্ষিত), নখভিন্নঃ = নখৈর্ভিন্নঃ (নখগুলি দ্বারা বিদীর্ণ), ধান্যার্থঃ = ধান্যেন অর্থঃ (ধান্যবিনিময়ে অর্থ), মাতৃসদৃশঃ = মাত্রা সদৃশঃ (মাতার তুল্য, এ স্থলে মাতুঃ সদৃশঃ (৬ষ্ঠীতৎপুরুষ)ও বলা যায়)। মাসপূর্ব্বঃ = মাসেন পূর্ব্বঃ (একমাস পূর্ব্ব); মাষোনম্ = মাষেণ উনম্ (এক মাষা কম); দধ্যোদনঃ—দধ্না ওদনঃ (দধিমিশ্রিত অন্ন)। কিন্তু 'অন্ধ্যা কাণঃ' সমাস হইবে না।

CENTRAL LIBRARY

৩। চতুর্থী তৎপুরুষ—যূপদারুঃ = যূপায় দারুঃ (যূপের জন্য কাষ্ঠ), গোহিতম্ = গবে হিতম্ (গরুর পক্ষে হিত)। "তাহার যোগ্য" বা "তাহার উদ্দেশ্যে" এই অর্থে অর্থ শব্দের সহিত (নিত্য) চতুর্থীতৎপুরুষ সমাস হয়, যথা—দ্বিজায় অয়ম্ = দ্বিজার্থঃ (সূপঃ) (দ্বিজের উদ্দেশ্যে সূপ)। কিন্তু অশ্বায় ঘাসঃ।

৪। পঞ্চমী তৎপুরুষ—চৌরভয়ম্ = চৌরাৎ ভয়ম্ (চোর হইতে ভয়), স্বর্গপতিতঃ = স্বর্গাৎপতিতঃ (স্বর্গ হইতে পতিত)।

৫। ষষ্ঠী তৎপুরুষ (এই তৎপুরুষই অধিক প্রযুক্ত হয়)—রাজপুরুষঃ = রাজ্ঞঃ পুরুষঃ (রাজার লোক), তৎপুরুষঃ = তস্য পুরুষঃ (তাহার লোক), গিরিনদী = গিরের্নদী (পার্ব্বত্য নদী), অশ্বঘাসঃ = অশ্বস্য ঘাসঃ (ঘোড়ার ঘাস)।

৬। সপ্তমী তৎপুরুষ—অক্ষশৌণ্ডঃ = অক্ষেষু শৌণ্ডঃ (অক্ষ ক্রীড়ায় নিপুণ), ঈশ্বরাধীনঃ = ঈশ্বরে অধীনঃ (ঈশ্বরে কৃত-নির্ভর); তত্রভুক্তম্ (তত্র = সপ্তম্যন্ত অব্যয়; সেখানে খাইয়াছে)।

৫৪২। যদিও সাধারণতঃ তৎপুরুষে পূর্ব্ব পদের বিভক্তির লোপ হয়, কিন্তু অনেক স্থলে আবার হয় না, এমনও দেখা যায়। যথা—ওজসাকৃতম্ = বলের দ্বারা কৃত (ওজসা = ওজস্ শব্দের তৃতীয়ার একবচন), পরস্মৈপদম্ = পরের জন্য পদ (পরস্মৈ = পর শব্দের চতুর্থী), ঐরূপ আত্মনেপদম্ (আত্মনে = আত্মন্ শব্দের চতুর্থী), দূরাদাগতঃ = দূর হইতে আগত (দূরাৎ = দূর শব্দের পঞ্চমী), দাস্যাঃপুত্রঃ = দাসীর পুত্র (দাস্যাঃ = দাসী শব্দের ষষ্ঠী), যুধিষ্ঠিরঃ = যুদ্ধে স্থির (যুধি = যুধ্ শব্দের সপ্তমী), হৃদি-

CENTRAL LIBRARY

স্পৃক্ = হৃদয়স্পর্শী (হৃদি = হৃদ্ শব্দের সপ্তমী) ইহাকে অলুক্ সমাস বলে। (অলুক্ অর্থাৎ যেখানে বিভক্তির লুক্ অর্থাৎ লোপ হয় নাই)।

৫৪৩। কতকগুলি তৎপুরুষ আবার সাধারণ নিয়ম লঙ্ঘন করিয়া পূর্ব্বপদপ্রধান হয়। যথা—পূর্ব্বকায়ঃ = পূর্ব্বং কায়স্য; মধ্যাহ্নঃ = মধ্যঃ অহ্নঃ; প্রাপ্তজীবিকঃ = প্রাপ্তো জীবিকাম্ (জীবিকাপ্রাপ্তঃ ও হয়)।

৫৪৪। কতিপয় কৃৎপ্রত্যয় আছে, সেগুলি ধাতুর উপপদে কোন কারক না থাকিলে প্রযুক্ত হয় না। এই কৃদন্ত ধাতুর সহিত (বিভক্ত্যুৎপত্তির পূর্ব্বেই) উপপদস্থ কারকের সমাস হয়। যথা কুম্ভকারঃ (কুম্ভং করোতীতি কুম্ভকারঃ; কুম্ভস্য কার (৫২২ সূত্র দেখ) এইরূপ অবস্থায় সমাস হইবে। কুম্ভকার শব্দ সিদ্ধ হইবার পর প্রথমা বিভক্তির যোগ হইয়াছে)। এইরূপ বৃত্রং হন্তীতি বৃত্রহা; সর্ব্বান্ জয়তীতি সর্ব্বজিৎ। এই প্রকার সমাসকে উপপদ-সমাস বা উপপদ-তৎপুরুষ বলে।

৫৪৫। প্র প্রভৃতির প্রকৃষ্টাদি অর্থে প্রথমান্তের সহিত, অতি প্রভৃতির ক্রান্তাদি অর্থে দ্বিতীয়ান্তের সহিত, নির্ প্রভৃতির নির্গতাদি অর্থে পঞ্চম্যন্তের সহিত সমাস হয়। যথা—প্রজ্ঞানম্ (প্রকৃষ্টং জ্ঞানম্); অতিমালঃ (অতিক্রান্তো মালাম্); নিষ্কৌশাম্বিঃ—নির্গতঃ কৌশাম্ব্যাঃ (কৌশাম্বী হইতে নিষ্ক্রান্ত)।

৫৪৬। তৎপুরুষ সমাসে পরপদ হলাদি হইলে নঞের নকার স্থানে 'অ' হয়, অজাদি হইলে 'অন্' হয়। যথা—অব্রাহ্মণঃ —ন ব্রাহ্মণঃ (ব্রাহ্মণ নহে); অনশ্বঃ—ন অশ্বঃ (অশ্ব নহে)।

CENTRAL LIBRARY

৫৪৭। তৎপুরুষের দ্বিতীয় শাখায়, তাহার অঙ্গীভূত উভয়পদে একই বিভক্তি থাকে এবং তাহাদিগের মধ্যে বিশেষ্য বিশেষণ ভাবের ন্যায় সামানাধিকরণ্য থাকে। এই শাখার তৎপুরুষকে কর্ম্মধারয় বলে। যথা—নীলোৎপলম্ = নীলম্ উৎপলম্ (নীল পদ্ম); কৃষ্ণসর্পঃ = কৃষ্ণঃ সর্পঃ (কেউটিয়া); স্নাতানুলিপ্তঃ = পূর্ব্বং স্নাতঃ পশ্চাদনুলিপ্তঃ (স্নাত ও চন্দনাদি দ্বারা অনুলিপ্ত); কৃতাকৃতম্ = (অংশতঃ কৃতং তদকৃতং চ; কিয়দংশ কৃত ও কিয়দংশ অকৃত)।

৫৪৮। অনেক সময়ে কর্ম্মধারয় সমাসে উপমা বুঝায়। তখন বিগ্রহবাক্যে একটি ইব বসাইতে হয়। যথা—ঘনশ্যামঃ = ঘন ইব শ্যামঃ। অনেক উপমা স্থলে উপমান উত্তরপদে বসে। এইরূপ সমাসকে সাধারণতঃ উপমিতসমাস বলে। (যথা—পুরুষব্যাঘ্রঃ = পুরুষঃ ব্যাঘ্র ইব; ব্যাঘ্রের মত পুরুষ)। সামান্য ধর্ম্মের প্রয়োগ থাকিলে সমাস হয় না। যথা পুরুষো ব্যাঘ্র ইব শূরঃ। এস্থলে 'শূরঃ' এই পদটী সামান্য ধর্ম্ম প্রকাশ করাতে তাহার প্রয়োগে সমাস হইল না।

৫৪৯। আরও কতিপয় কর্ম্মধারয় সমাসে বিশেষণ উত্তর-পদরূপে বসে। যথা—ইভযুবতিঃ = যুবতি করিণী।

৫৫০। ক্ষেপ (নিন্দা বা তিরস্কার) বুঝাইলে কিম্ শব্দ (বা তৎস্থানীয় কু, কা, কৎ,) কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদ হয়। যথা—কিংরাজা = কুৎসিত রাজা; কুপুরুষঃ = মন্দলোক; কাপুরুষঃ = পুরুষ নামের অযোগ্য, ভীরু; কদশ্বঃ = কুৎসিত অশ্ব।

CENTRAL LIBRARY

৫৫১। সংজ্ঞা না বুঝাইলে দিগ্বাচক ও সংখ্যাবাচক শব্দের সহিত কর্ম্মধারয় সমাস হয় না। অতএব উত্তরাঃ বৃক্ষাঃ= উত্তরদিকের বৃক্ষ সকল (উত্তরবৃক্ষাঃ হইবে না); পঞ্চ ব্রাহ্মণাঃ। কিন্তু 'সপ্তর্ষয়ঃ' নক্ষত্র মণ্ডলের সংজ্ঞা বলিয়া হইতে পারিবে।

৫৫২। (১) তদ্ধিত প্রত্যয়ের সম্ভাবনা থাকিলে, (২) অথবা উত্তর পদ পরে থাকিলে দিগ্বাচক ও সংখ্যাবাচক শব্দের তৎপুরুষ সমাস হয়। যথা—পৌর্ব্বশালঃ—পূর্ব্বদিকের শালায় স্থিত (পূর্ব্বা শালা হইতে 'অ' প্রত্যয় করিয়া উৎপন্ন; 'অ' প্রত্যয় পরে থাকাতে পূর্ব্ব শব্দের 'উ' র বৃদ্ধি হইয়াছে); ষাণ্মাতুরঃ—যাহার ছয় মাতা অর্থাৎ কার্ত্তিকেয় (ষট্ ও মাতৃ হইতে অ প্রত্যয়ের দ্বারা নিষ্পন্ন); দ্বিগু—দুইটা গরুর বিনিময়ে প্রাপ্ত (দ্বি ও গো হইতে হইয়াছে); পঞ্চগবধনঃ—পাঁচটি গরু ধন যাহার (পঞ্চ গাবঃ ও ধনম্ হইতে হইয়াছে; প্রথম দুইটীতে তৎপুরুষ সমাস ও শেষ পদটির সহিত বহুব্রীহি)।

৫৫৩। তৎপুরুষ সমাসের পূর্ব্বপদ স্ত্রীপ্রত্যয়ান্ত সর্ব্বনাম শব্দ হইলে উহার পুংবদ্ভাব হয়। যথা—'পূর্ব্বা শালা'= পূর্ব্বশালা।

৫৫৪। সমাহার বুঝাইলে সংখ্যারাচক শব্দ পূর্ব্বপদে থাকিয়া তৎপুরুষ সমাস হয়। এই সমাসান্ত পদ সাধারণতঃ ক্লীবলিঙ্গ। কিন্তু এই সমস্ত পদের অন্তে অ থাকিলে তাহার স্থানে সাধারণতঃ ঈ হয়, ও এই নবোদ্ভূত পদ স্ত্রীলিঙ্গ হয়। যথা, ত্রি ও লোক হইতে ত্রিলোকী। কিন্তু ইহার ব্যতিক্রমও দৃষ্ট হয়, যথা—ত্রিভুবনম্, চতুর্যুগম্।

CENTRAL LIBRARY

৫৫৫। তৎপুরুষ সমাসের পূর্ব্বপদ সংখ্যাবাচক হইলে তাহাকে দ্বিগু সমাস বলে।

৫৫৬। সাধারণতঃ তৎপুরুষ সমাসে উহার উত্তর পদের অনুরূপ লিঙ্গই হইয়া থাকে। কিন্তু কোন কোন স্থলে এই সমাসে যে প্রকার বিশেষ্যের অর্থ প্রকাশ করে তদনুরূপ লিঙ্গ হয়। যথা—অতিমালঃ (পুরুষকে বুঝায়)। ঐরূপ নিকৌশাম্বিঃ, প্রাপ্তজীবিকঃ ইত্যাদি ৫৪৩ ও ৫৪৫ সূত্র দেখ। এ সকল স্থলে (মালা, জীবিকা ও কৌশাম্বীর) দীর্ঘস্বরের (আ এবং ঈ) স্থানে হ্রস্বস্বর (অ এবং ই) হইতেছে। অন্য কতিপয় বিশেষ ব্যতিক্রমের উদাহরণ যথা,—ইক্ষুচ্ছায়ম্ = বহু ইক্ষুর ছায়া (ইক্ষু + ছায়া); ঈশ্বরসভম্ = প্রভুর সভা (ঈশ্বর + সভা) ; স্ত্রীসভম্ = স্ত্রীলোকের সভা।

৫৫৭। সমাসের অন্তে রাত্র (রাত্রি-স্থানীয়) এবং অহ্ন বা অহ (অহন্ স্থানীয়) থাকিলে ঐ সমস্তপদ সাধারণতঃ পুংলিঙ্গ। যথা—পূর্ব্বাহ্নঃ।

৫৫৮। কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদস্থ মহৎ শব্দ স্থলে মহা হয়। যথা—মহাদেবঃ (শিব)।

৫৫৯। যে সকল স্ত্রী-প্রত্যয়ান্ত শব্দের অনুরূপ পুংলিঙ্গ শব্দও আছে তাহারা যদি কর্ম্মধারয় সমাসে পূর্ব্বপদ হয় তাহা হইলে তাহাদিগের পুংবদ্ভাব হয়। যথা—মহতী নবমী = মহানবমী (মহতী স্থলে মহৎ হইল এবং মহৎ স্থলে ৫৫৮ সূত্রানুসারে মহা হইল), এইরূপ ব্রাহ্মণভার্য্যা, কৃষ্ণচতুর্দ্দশী।

CENTRAL LIBRARY

৫৬০। তৎপুরুষ সমাসে উত্তর পদস্থ বিশেষ্য শব্দের নানারূপ পরিবর্ত্তন ঘটিয়া থাকে। তাহাদিগের মধ্যে প্রধানগুলি নিম্নে নির্দ্দেশ করা গেল—

(ক) অব্যয় ও সংখ্যাবাচক শব্দের পরে অঙ্গুলি স্থানে অঙ্গুল হয়। যথা দ্ব্যঙ্গুলঃ = দুই অঙ্গুলি পরিমিত।

(খ) অহন্ শব্দ স্থানে সাধারণতঃ অহ হয়, যথা—সপ্তাহঃ = সাত দিনের সমাহার। কিন্তু দিবসাংশ বাচক শব্দ এবং সর্ব্ব ও অব্যয় শব্দের পরে অহ্ন হয়। যথা—পূর্ব্বাহ্ণঃ।

(গ) পথিন্ স্থানে পথ হয়। যথা—ধর্ম্মপথঃ।

(ঘ) রাজন্ স্থানে রাজ হয়। যথা—মহারাজঃ।

(ঙ) রাত্রির অংশবাচক শব্দের পরে এবং সর্ব্ব, পুণ্য, সংখ্যাবাচক ও অব্যয় শব্দের পরে রাত্রি স্থানে রাত্র হয়। যথা—পূর্ব্বরাত্রঃ = রাত্রির পূর্ব্বভাগ। দ্বিরাত্রম্ = দুই রাত্রির সমাহার।

(চ) সখি স্থানে সখ হয়। যথা—প্রিয়সখঃ।

৫৬১। তৎপুরুষ সমাসের পূর্ব্বপদে সু, অতি, কিম্ বা নঞ্ থাকিলে পূর্ব্বোক্ত পরিবর্ত্তনগুলি সাধারণতঃ হয় না। যথা—সুরাজন্ (প্রথমার একবচনে সুরাজা), কিংসখি (প্রথমার একবচনে কিংসখা) = মন্দ বন্ধু। অরাজা। কিন্তু অপথম্ অপন্থাঃ।

৫৬২। নিম্নলিখিত তৎপুরুষগুলি সাধারণ নিয়মের ব্যতিক্রম স্থল বলিয়া গৃহীত হয়। যথা—উচ্চনীচম্ (উচ্চ ও নীচ), রাজান্তরম্ (অন্যরাজা), গ্রামান্তরম্, অকিংচনঃ (যাহার কিছুই নাই), চিন্মাত্রম্ (কেবল চিৎ), অহংপূর্ব্বিকা

CENTRAL LIBRARY

(অহং পূর্ব্বমহং পূর্ব্বমিতি যস্যাং ক্রিয়ায়ামভিধীয়তে সা) = আত্ম-প্রাধান্যলাভের ইচ্ছা। এই শ্রেণীর সমাসকে ময়ূরব্যংসকাদি তৎপুরুষ বলে।

৫৬৩। কোন কোন কর্ম্মধারয় সমাসের পূর্ব্বপদ অন্য একটি সমস্ত পদের পূর্ব্বপদ মাত্র। কর্ম্মধারয় সমাসে উহার উত্তর পদের লোপ হয়। এইজন্য উহাকে উত্তরপদলোপী অথবা মধ্যপদলোপী সমাস বলে। যথা—দেবানাং পূজকঃ = দেবপূজকঃ, দেবপূজকো ব্রাহ্মণঃ = দেবব্রাহ্মণঃ।

৫৬৪। অধিকাংশ স্থলে তৎপুরুষ সমাস বিকল্পে হয়, অর্থাৎ সমাস করিলেও হয়, না করিলেও হয়। যথা—নীলম্ উৎপলম্ বা নীলোৎপলম্, এ উভয় রূপই প্রচলিত। কিন্তু কতিপয় স্থলে তৎপুরুষ সমাস নিত্য, অর্থাৎ করিতেই হইবে। যথা—কৃষ্ণসর্পঃ (যখন কেউটিয়া সাপ বুঝায় তখন নিত্যসমস্ত-পদ)।

৫৬৫। তৎপুরুষ সমাসের স্থান বিস্তৃত হইলেও উহার অনেক প্রতিষেধ আছে। সেগুলি অভ্যাসের দ্বারাই শিক্ষা করিতে হইবে। ইহাদের মধ্যে একটি প্রধান প্রতিষেধ এই যে, তৃ বা অক প্রত্যয়ান্ত শব্দের সহিত ষষ্ঠ্যন্ত পদের সমাস হয় না। যথা, 'অপাং স্রষ্টা' এইবাক্যে অপ্‌স্রষ্টা হয় না। এইরূপ 'ওদনস্য পাচকঃ' এইবাক্যে ওদনপাচকঃ হয় না। কিন্তু এ নিয়মেরও ব্যতিক্রম দৃষ্ট হয়, যথা দেবপূজকঃ, ভূভর্ত্তা।

CENTRAL LIBRARY

বহুব্রীহি সমাস

৫৬৬। বহুব্রীহি সমাসকে সাধারণতঃ বিশেষক সমাস বা সম্বন্ধবাচক সমাস বলা যাইতে পারে। কারণ, ইহার দ্বারা প্রায় অন্যের গুণ প্রকাশ করা হয়। অধিকাংশ স্থলে ইহার পূর্ব্বপদ উত্তরপদের বিশেষণ হইয়া থাকে। যথা—পীতাম্বরঃ (বিষ্ণুঃ = পীত বস্ত্র যাহার), দীর্ঘবাহুঃ (জনঃ = দীর্ঘ বাহু যার), বীরপুরুষঃ (দেশঃ = যেখানে পুরুষগণ বীর), দেবদত্তনামা (জনঃ = যাহার নাম দেবদত্ত) চিন্তাপরঃ (জনঃ = চিন্তা প্রধান যাহার) ইন্দ্রাদয়ঃ (দেবাঃ = ইন্দ্র আদি যাহাদিগের) ত্রিলোচনঃ = (শিবঃ = তিন চক্ষু যাঁহার) দণ্ডহস্তঃ (জনঃ = দণ্ড হস্তে যার); ত্যক্তনগরঃ = (জনঃ = যিনি নগর ত্যাগ করিয়াছেন)।

৫৬৭। বহুব্রীহি সমাসের বিগ্রহবাক্যে যদ্ এই সর্ব্বনাম শব্দটিকে প্রথমা ভিন্ন বিভক্তিতে প্রয়োগ করিতে হয় এবং এই সমাসের অঙ্গীভূত দুই বা তদধিক পদকে সাধারণতঃ একবিভক্তিক (প্রথমান্ত) করিয়া প্রয়োগ করিতে হয়। সুতরাং উদ্ধৃত উদাহরণগুলির বিগ্রহ বাক্য এইরূপ—পীতমম্বরং যস্য সঃ, দীর্ঘৌ বাহূ যস্য সঃ, বীরাঃ পুরুষাঃ যস্মিন্ সঃ, দেবদত্তো নাম যস্য সঃ, চিন্তা পরং যস্য সঃ, ইন্দ্র আদির্যেষাং তে, ত্রীণি লোচনানি যস্য সঃ, দণ্ডো হস্তে যস্য সঃ, (এইস্থলে উভয়পদে প্রথমা বিভক্তি হয় নাই) ত্যক্তং নগরং যেন সঃ।

বহুব্রীহি সমাস তৎপুরুষের ন্যায় বিকল্পে হয়।

CENTRAL LIBRARY

৫৬৮। বহুব্রীহি সমাসে অধিকাংশ স্থলে বিশেষণার্থ প্রকাশিত হয় বলিয়া, উক্ত সমাসনিষ্পন্ন পদ যে পদের বিশেষণ, সেই পদের সমানলিঙ্গ হয়। যথা—'দেবদত্তনামা' এই উদাহরণে নামন্ শব্দ ক্লীবলিঙ্গ হইলেও, জনঃ এই পুংলিঙ্গান্ত শব্দের বিশেষণ বলিয়া উহাও পুংলিঙ্গ হইল। ঐরূপ রূপবদ্‌ভার্য্যঃ (যাহার ভার্য্যা রূপবতী)।

৫৬৯। কোন কোন বহুব্রীহি সমাসের বিগ্রহ বাক্যে একটি ইব বসাইতে হয়। যথা—বিদ্যুৎপ্রভঃ (বিদ্যুত ইব প্রভা যস্য সঃ) যাহার বিদ্যুতের প্রভার মত প্রভা, চন্দ্রাননা (চন্দ্র ইবাননং যস্যাঃ সা) = যাহার চন্দ্রের মত মুখ।

৫৭০। প্রাদির পরস্থিত কৃদন্ত পদের সহিত অন্য পদের বহুব্রীহি সমাস হইলে কৃদন্ত পদের বিকল্পে লোপ হয়। যথা—প্রপর্ণঃ বা প্রপতিতপর্ণঃ (বৃক্ষঃ = যাহার পাতা ঝরিয়া গিয়াছে, প্রপতিতানি পর্ণানি যস্মাৎ সঃ)। নিস্তেজাঃ বা নির্গততেজাঃ (নিস্তেজস্ শব্দের পুংলিঙ্গে প্রথমার একবচনে) = যাহার তেজঃ নাই, নির্গতং তেজো যস্মাৎ সঃ)।

৫৭১। (ক) সংখ্যাবাচক শব্দের সহিত অব্যয়, সংখ্যা-বাচক শব্দ, আসন্ন, অদূর বা অধিক শব্দ পূর্ব্বপদে থাকিয়া যে বহুব্রীহি সমাস নিষ্পন্ন হয় তাহাতে সাধারণ নিয়মের কিছু কিছু ব্যতিক্রম লক্ষিত হয়। যথা, উপদশাঃ (প্রায় দশ, দশানাং সমীপে যে সন্তি তে উপদশাঃ), দ্বিত্রাঃ (দ্বি ও ত্রি হইতে) = দুই বা তিন, আসন্নবিংশাঃ (প্রায় বিংশতি, বিংশতেরাসন্নাঃ), ত্রিচতুরাঃ = তিন বা চারি।

CENTRAL LIBRARY

(খ) দক্ষিণপূর্ব্বা (স্ত্রীলিঙ্গ প্রথমার একবচন) প্রভৃতি ; কেশাকেশি (ক্লীবলিঙ্গ) (=পরস্পর কেশ ধরিয়া যুদ্ধ) ; দণ্ডাদণ্ডি (= পরস্পরকে দণ্ডাঘাত করিয়া যুদ্ধ) প্রভৃতিও বহুব্রীহি মধ্যে পরিগণিত।

৫৭২। বহুব্রীহি সমাসে যদি স্ত্রীলিঙ্গ শব্দ পরে থাকে, তবে স্ত্রী প্রত্যয়ান্ত পূর্বপদের পুংবদ্‌ভাব হয়। যথা—রূপবতী ভার্য্যা যস্য সঃ রূপবদ্‌ভার্য্যঃ ; চিত্রা গাবো যস্য সঃ চিত্রগুঃ। কিন্তু ঐ স্ত্রীপ্রত্যয়ান্ত শব্দের অনুরূপ পুংলিঙ্গ শব্দ না থাকিলে হয় না। যথা—গঙ্গাভার্য্যঃ (গঙ্গা শব্দ নিয়ত স্ত্রীলিঙ্গ)। এই নিয়মের ব্যতিক্রমও দৃষ্ট হয়। যথা,—কল্যাণীপ্রিয়ঃ = কল্যাণী প্রিয়া যাহার ; ব্রাহ্মণীভার্য্যঃ = ব্রাহ্মণী ভার্য্যা যাহার ; সুকেশীভার্য্যঃ = সুকেশী ভার্য্যা যাহার।

৫৭৩। উত্তরপদ ঈ বা ঊকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দ হইলে অথবা ঋকারান্ত শব্দ হইলে বহুব্রীহি-সমাসের অন্তে 'ক' প্রত্যয় হয়। যথা—বহুনদীকঃ = যে দেশে বহু নদী আছে ; সপত্নীকঃ = পত্নীর সহিত বর্ত্তমান ; মৃতভর্ত্তৃকা = মৃত ভর্ত্তা যার, বিধবা। এই সমাসান্ত 'ক' অন্যান্য বহুব্রীহি সমাসে কোথাও বিকল্পে, কোথাও বা নিত্য প্রযুক্ত হয়। যথা—বহুমালঃ, বহুমালাকঃ বা বহুমালকঃ = যাহার বহু মালা আছে।

৫৭৪। বহুব্রীহি সমাসের পূর্ব্বপদে মহৎ থাকিলে তাহার স্থানে মহা হয়। যথা—মহাবাহুঃ = যাহার বাহুদ্বয় মহান্।

৫৭৫। বহুব্রীহি সমাসের পূর্ব্বপদ সহ হইলে তাহার স্থানে সাধারণতঃ 'স' হয়। যথা—সপুত্রঃ (সহপুত্রো বা) = পুত্রের

CENTRAL LIBRARY

সহিত বর্ত্তমান। কিন্তু আশীর্ব্বাদে "সহ" 'সহ'ই থাকিয়া যায়। যথা—স্বস্তি রাজ্ঞে সহপুত্রায় সহামাত্যায়।

৫৭৬। বহুব্রীহি সমাসে উত্তরপদের আকৃতির কিছু কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে। তন্মধ্যে প্রধানগুলি নিম্নে প্রদর্শিত হইল—

(ক) অক্ষি স্থানে অক্ষ হয়। যথা—লোহিতাক্ষঃ = যাহার চক্ষু রক্তবর্ণ।

(খ) সু, সুরভি প্রভৃতি শব্দের উত্তর গন্ধ শব্দ স্থানে গন্ধি হয়। যথা—সুগন্ধি জলম্ (যাহার গন্ধ ভাল)। কিন্তু সুগন্ধঃ আপণিকঃ (গন্ধবিক্রয়ী দোকানদার)।

(গ) সংখ্যাবাচক ও সু শব্দের উত্তর দন্ত শব্দ স্থানে বয়স বুঝাইলে দৎ হয়। যথা—দ্বিদৎ (পুংলিঙ্গ প্রথমা একবচন দ্বিদন্, স্ত্রীলিঙ্গে দ্বিদতী) = যাহার দুটি দাঁত উঠিয়াছে।

(ঘ) ধনুস্ স্থানে ধন্বন্ হয়; যথা—শার্ঙ্গধন্বন্ (পুংলিঙ্গে শার্ঙ্গধন্বা) = শিঙের ধনুঃ যাঁহার (বিষ্ণু)।

(ঙ) পূর্ব পদের পরস্থিত ধর্ম্ম শব্দ স্থানে ধর্ম্মন্ হয়। যথা—বিদিতধর্ম্মা (যে ধর্ম্ম জানে)।

(চ) নাসিকা স্থানে নস হয়। যথা—উন্নসঃ = উন্নত নাসিকা যাহার।

(ছ) সংখ্যাবাচক শব্দ, সুশব্দ ও অন্য কতিপয় শব্দের পরে পাদ স্থানে পাদ্ হয়। যথা—দ্বিপাদ্ (দুই পা যাহার); ব্যাঘ্রপাদ্ (ব্যাঘ্রের মত পা যাহার)। (প্রথমা একবচনে দ্বিপাৎ, ব্যাঘ্রপাৎ)।

CENTRAL LIBRARY

(জ) সু, দুঃ ও নঞর্থক 'অ' বর্ণের পরে প্রজা ও মেধা শব্দ স্থানে প্রজস্ ও মেধস্ হয়। যথা—অপ্রজস্ (পুংলিঙ্গ প্রথমার একবচনে অপ্রজাঃ) = যাহার সন্তান নাই।

দ্বন্দ্ব সমাস।

৫৭৭। দ্বন্দ্ব সমাসে এমন দুই বা তদধিক বিশেষ্যপদ থাকে, যাহাদিগকে সমাস না করিলে, চ এই সংযোজকের দ্বারা যুক্ত করিতে হয়। দ্বন্দ্ব সমাস দ্বিবিধ—১ম, যাহাতে সংগৃহীত পদার্থগুলি মিলিত হইলেও পরস্পর ভিন্ন বলিয়া গৃহীত হয়। তাহাকে ইতরেতর দ্বন্দ্ব বলে; ও ২য়, যাহাতে সংগৃহীত পদার্থগুলি মিলিত হইয়া একটি সমষ্টি বা সমাহার বুঝায়, তাহাকে সমাহার দ্বন্দ্ব বলে। এই দ্বন্দ্বে প্রত্যেক পদার্থ সমাহারের অংশমাত্র। প্রথম পক্ষে অর্থাৎ ইতরেতর দ্বন্দ্বে দুই বা তদধিক ব্যক্তি বা বস্তু বুঝাইলে সমস্তপদ যথাক্রমে দ্বিবচনান্ত বা বহুবচনান্ত হয় এবং সমাসের উত্তর-পদ যে লিঙ্গের থাকে, সমস্তপদেরও সেই লিঙ্গ হয়। যথা—রামলক্ষ্মণৌ = রাম ও লক্ষ্মণ; ব্রাহ্মণক্ষত্রিয়-বিট্‌শূদ্রাঃ = ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র; কুক্কুটময়ূর্য্যৌ (দ্বিবচনের রূপ) = কুক্কুট ও ময়ূরী।

৫৭৮। সমাহার দ্বন্দ্বে সমস্ত অর্থাৎ কৃতসমাসপদ ক্লীবলিঙ্গ প্রথমার একবচনের বিভক্তিযুক্ত পদের ন্যায় হয়।

CENTRAL LIBRARY

(ক) প্রাণ্যঙ্গ বা সেনাঙ্গবাচক শব্দে, অচেতন বস্তুবাচক শব্দে, বিভিন্নলিঙ্গ নদীবাচক শব্দে, দেশবাচক শব্দে, ক্ষুদ্র-জন্তুবাচক শব্দে অথবা যাহাদের মধ্যে নিত্য বিরোধ এইরূপ প্রাণিবাচক শব্দে দ্বন্দ্বসমাস হইলে তাহা সমাহাররূপেই গৃহীত হয়। যথা—পাণিপাদম্ (পাণীচ পাদৌচ) ; রথিকাশ্বারোহম্ (রথিকাশ্চাশ্বারোহাশ্চ) ; গঙ্গাশোণম্ (গঙ্গা চ শোণশ্চ ; কিন্তু গঙ্গাযমুনে) ; অহিনকুলম্ (অহিশ্চ নকুলশ্চ) (অহি ও নকুলের বিরোধ শাশ্বতিক)।

(খ) বৃক্ষ, মৃগ, তৃণ, ধান্য, ব্যঞ্জন, পশু, বা পক্ষিবাচক শব্দের বিকল্পে সমাহার হয়। যথা—প্লক্ষন্যগ্রোধং প্লক্ষন্যগ্রোধা বা =প্লক্ষ ও ন্যগ্রোধ বৃক্ষ ; ব্রীহিযবং বীহিযবা বা ; দধিঘৃতং দতিঘৃতে বা ; গোমহিষং গোমহিষা বা।

(গ) বিরুদ্ধার্থক শব্দ দ্রব্যবাচী না হইলে বিকল্পে সমাহার দ্বন্দ্ব হয়। যথা—শীতোষ্ণং শীতোষ্ণে বা। কিন্তু শীতোষ্ণে জলে।

(ঘ) পূর্ব্ব ও অপর, উত্তর ও অধর হইতে পূর্ব্বাপরং বা পূর্ব্বাপরে ; অধরোত্তরং বা অধরোত্তরে হয়।

(ঙ) ফল, সেনা, বৃক্ষ, মৃগ, পক্ষী, ক্ষুদ্রজন্তু, ধান্য বা তৃণ-বাচক শব্দ বহুবচন হইলেই সমাহার হয়। অতএব বদরং চ আমলকং চ বদরামলকে (বদরামলকম্ নহে) ; রথিকশ্চ অশ্বারোহশ্চ রথিকাশ্বারোহৌ (রথিকাশ্বারোহম্ নহে)।

(চ) অহোরাত্রঃ=দিন ও রাত্রির সমাহার। এখানে লিঙ্গবিষয়ক নিয়মের ব্যতিক্রম হইয়াছে।

CENTRAL LIBRARY

৫৭৯। দ্বন্দ্ব সমাসে কোন্ পদ পূর্ব্বে বসিবে, নিম্নে তদ্বিষয়ে কতিপয় বিশেষ সূত্র প্রদর্শিত হইল—

(ক) ইকারান্ত ও উকারান্ত শব্দ পূর্ব্বে বসে। যথা—হরিহরৌ।

(খ) অকারান্ত শব্দের আদিতে স্বরবর্ণ থাকিলে তাহাও পূর্ব্বে বসে। যথা—ঈশকৃষ্ণৌ। এই নিয়মের সহিত বিরোধ ঘটিলে (ক) নিয়মের প্রতিষেধ হয়। যথা—ইন্দ্রাগ্নী।

(গ) অল্পতর স্বর বিশিষ্ট শব্দ প্রথমে বসে। যথা—শিব-কেশবৌ। পূর্ব্ববর্ত্তি সূত্রদ্বয়কে বাধা দিয়া এই সূত্র প্রবল হয়। যথা—বাগগ্নী = বাক্ ও অগ্নি।

(ঘ) অভ্যর্হিত অর্থাৎ অধিক সম্মানিত ব্যক্তিবাচক পদ পূর্ব্বে বসে। অতএব বর্ণের নাম ব্রাহ্মণাদি ক্রমে বসে; ভ্রাতৃগণের নাম বয়োনুক্রমে বসে। যথা—যুধিষ্ঠিরার্জ্জুনৌ।

(ঙ) বহুস্থলে কোনই নিয়ম লক্ষিত হয় না। যথা—কেশশ্মশ্রু, শ্মশ্রুকেশৌ বা; ধর্ম্মার্থৌ অর্থধর্ম্মৌ বা; শব্দার্থৌ অর্থশব্দৌ বা; কামার্থৌ অর্থকামৌ বা; গুণবৃদ্ধী বৃদ্ধিগুণৌ বা। কোন কোন স্থলে পূর্ব্বনিয়মের বিপর্য্যয়ই লক্ষিত হয়। যথা—উলূখলমুসলম্, শূদ্রার্য্যম্; অক্ষিভ্রুবম্।

৫৮০। বংশগত বা বিদ্যাগত সম্বন্ধ বুঝাইলে দুইটি ঋকারান্ত শব্দের মধ্যে দ্বন্দ্ব সমাসে পূর্ব্ববর্ত্তী শব্দের ঋ স্থানে আ হয়। যথা—মাতাপিতরৌ = মাতা ও পিতা; হোতাপোতারৌ = হোতা

CENTRAL LIBRARY

ও পোতা। উত্তর পদে পুত্র শব্দ থাকিলেও উক্ত কার্য্য হয়; যথা—পিতাপুত্রৌ; কিন্তু পিতৃপিতামহৌ।

৫৮১। প্রসিদ্ধ সাহচর্য্যে দেবতাদ্বন্দ্বে পূর্ব্বপদের অন্ত্যস্বর স্থানে আ হয়। যথা—মিত্রাবরুণৌ, অগ্নামরুতৌ। কিন্তু বায়ুগ্নী, অগ্নিবায়ূ।

৫৮২। সোম বা বরুণ শব্দ উত্তর পদে থাকিলে অগ্নির 'ই' দীর্ঘ হয়। যথা—অগ্নীষোমৌ।

৫৮৩। দ্যৌশ্চ পৃথিবী চ এই বাক্যে দ্যাবাপৃথিব্যৌ হয়; ঐরূপ দ্যাবাভূমী।

৫৮৪। জায়া ও পতি শব্দে সমাস হইলে জায়াপতী হয়; উহার স্থলে দম্পতী ও জম্পতী বলা যায়।

৫৮৫। সমাহার দ্বন্দ্বের অন্তে চবর্গের কোনও বর্ণ, অথবা দ্, য্, বা হ্ থাকিলে উহার পরে একটি অ আইসে। যথা—ছত্রোপানহম্ (ছত্র + উপানহ্) = ছাতা ও জুতা।

সহসুপা সমাস

৫৮৬। এক প্রকার সমাস আছে, যাহা পূর্ব্বোক্ত বিশেষ সংজ্ঞাযুক্ত চারি প্রকার সমাসের অন্তর্ভুক্ত নহে। এইরূপ সমাসকে বিশেষ সংজ্ঞাহীন সমাস বা সাধারণ সমাস বলিয়া গ্রহণ করা হয়। ইহার নাম সহসুপা বা সুপ্সুপা সমাস। "সুপ্ সহসুপা"র অর্থ—সুবন্ত পদের সহিত সুবন্ত পদের সমাস।

CENTRAL LIBRARY

প্রায় সকল সমাসেই সুবন্তের সহিত সুবন্তের সমাস হইলেও যে সকল সমাসের কোন সংজ্ঞা নাই এইরূপ সমাসসামান্য বুঝাইতেই সহসুপা ব্যবহৃত হয়। সহসুপা এই সংজ্ঞাটী 'সুপ্ সহ সুপা'র সংক্ষেপ মাত্র।

এইরূপ সমাসের একটি উদাহরণ যথা—ভূতপূর্ব্বঃ = পূর্ব্বং-ভূতঃ (যাহা পূর্ব্বে ছিল)।

একশেষ

৫৮৭। যখন একটি শব্দে দ্বিবচন বা বহুবচনের বিভক্তি-যোগ করিয়া অনেক তুল্যপ্রাতিপদিকের অর্থ প্রকাশ করা যায়, সংস্কৃত ব্যাকরণে তখন তাহাকে একশেষ বলে। বিভক্তি উৎপত্তির পূর্ব্বে প্রাতিপদিকাবস্থাতেই একশেষ হয়। এইজন্য একশেষকে সমাসের মধ্যে গণ্য করা যায় না। যথা—দুইটী রামকে বুঝাইবার জন্য দুইবার রাম শব্দের প্রয়োগ না করিয়া একশেষের দ্বারা একটি প্রাতিপদিকের স্থিতি রাখিয়া তদ্দ্বারা দুইজন রামকে বুঝান যায়; ঐরূপ বহুরামকে বুঝাইতে রাম রাম রাম এইরূপ বহু প্রাতিপদিকের প্রয়োগ না করিয়া এক-শেষের দ্বারা একটি মাত্র প্রাতিপদিকের স্থিতি রাখিয়া তদ্দ্বারা বহু রামকে বুঝান যায়। রামৌ = দুই রাম; রামাঃ = বহুরাম।

৫৮৮। ভিন্নলিঙ্গের শব্দ একাকৃতি হইলে তাহাদের একশেষ হয়। এই শব্দগুলির মধ্যে একটি ক্লীবলিঙ্গ থাকিলে একশেষেও ক্লীবলিঙ্গের বিভক্তি যুক্ত হয়। উহার বচন

CENTRAL LIBRARY

সংখ্যানুসারে হয়, বিকল্পে একবচনও হয়। যথা—তটশ্চ তটী চ তটঞ্চ = তটানি বা তটম্; স চ সা চ তচ্চ = তানি, বা তৎ। কিন্তু শব্দগুলি কেবল পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ হইলে, একশেষ পুংলিঙ্গ হয় ও উহার বচন সংখ্যানুসারে হইয়া থাকে। যথা—হংসী চ হংসশ্চ = হংসৌ; ব্রাহ্মণী চ ব্রাহ্মণশ্চ = ব্রাহ্মণৌ।

৫৮৯। সমপ্রাতিপদিক না হইলেও কতিপয় শব্দের একশেষ হয়। যথা—ভ্রাতা চ স্বসা চ = ভ্রাতরৌ; পুত্রশ্চ দুহিতা চ = পুত্রৌ; মাতা চ পিতা চ = পিতরৌ (ইহাদিগের দ্বন্দ্ব সমাসও হয়, যথা মাতাপিতরৌ); শ্বশ্রূশ্চ শ্বশুরশ্চ = শ্বশুরৌ (দ্বন্দ্ব সমাসে শ্বশ্রূশ্বশুরৌ)।

তদ্ধিত

৫৯০। ধাতুর উত্তর কৃৎ প্রত্যয় করিয়া কিরূপে নাম (শব্দ) উৎপন্ন হয় (যেমন কার্য্য, কারক ইত্যাদি) পূর্বে তাহা উল্লিখিত হইয়াছে। আর এক প্রকার প্রত্যয় আছে, তাহার সাহায্যে শব্দ হইতে নূতন শব্দ উদ্ভূত হইতে পারে। এই শেষোক্ত প্রত্যয়ের নাম তদ্ধিত প্রত্যয়।

৫৯১। তদ্ধিত প্রত্যয়ের দ্বারা নানা অর্থ প্রকাশিত হইতে পারে। যথা,—অপত্যার্থ, উদ্ভবার্থ, বিকারার্থ, সম্বন্ধার্থ, ইদম্ প্রভৃতি অর্থ।

CENTRAL LIBRARY

তদ্ধিত প্রত্যয়ের যোগে শব্দের কিছু কিছু পরিবর্ত্তন ঘটিয়া থাকে। যথা অ, ই, এয়, য প্রভৃতি প্রত্যয় পরে থাকিলে শব্দের প্রথম স্বরের বৃদ্ধি হয় এবং কতিপয় স্থলে শব্দের শেষ স্বর হইতে আরম্ভ করিয়া অন্ত্য অংশের লোপ হয়। যথা—

(ক) বাসুদেবঃ (বসুদেবের অপত্য); ঔৎসঃ (উৎসবংশোদ্ভূত)। এইরূপ উপগু হইতে ঔপগবঃ; ইক্ষাকু হইতে ঐক্ষ্বাকঃ। ঔর্ণঃ (উর্ণানির্ম্মিত); দৈবঃ (দেবসম্বন্ধী); গ্রৈষ্মঃ (গ্রীষ্মকালিক)। সংবৎসর হইতে সাংবৎসরঃ (সাংবৎসরিকঃ); পৃথিবী হইতে পার্থিবঃ (পৃথিবীপতি; রাজা); মুনি হইতে মৌনম্ (নীরবতা); যুবন্ হইতে যৌবনম্; সুহৃদ্ হইতে সৌহার্দ্দম্ (বন্ধুত্ব); চক্ষুস্ হইতে চাক্ষুষঃ; ব্যাকরণ হইতে বৈয়াকরণঃ (ব্যাকরণবিৎ)।

(খ) দক্ষের পুত্র দাক্ষিঃ; ব্যাসের পুত্র বৈয়াসকিঃ।

(গ) বিনতার পুত্র বৈনতেয়ঃ; ভগিনীর পুত্র ভাগিনেয়ঃ।

(ঘ) রাজার কর্ম্ম রাজ্যম্; গর্গের অপত্য গার্গ্যঃ; দেবসম্বন্ধী দৈব্যঃ, কোথাও আবার বৃদ্ধি হয় না, যথা, দিব্ হইতে দিব্যঃ (স্বর্গীয়); দন্ত হইতে দন্ত্যঃ (দন্ত বিষয়ক); যশস্ হইতে যশস্যঃ (যশস্কর); সখি হইতে সখ্যম্ (বন্ধুত্ব)।

৫৯২। অন্য যে সকল তদ্ধিত যোগে শব্দের স্বরের কোনও পরিবর্ত্তন হয় না, তন্মধ্যে যে গুলি বহুল প্রযুক্ত, তাহাদিগের নাম নিম্নে প্রদত্ত হইল—

ত্ব ও তা গুণবাচক বিশেষ্য উৎপন্ন করে। যথা—গো হইতে গোত্ব (গোজাতির গুণ); ভীরু হইতে ভীরুতা বা ভীরুত্ব (কাপুরুষতা)।

CENTRAL LIBRARY

৫৯৩। ইমন্। ইহার সাহায্যে বর্ণবাচক ও অন্য কতিপয় বিশেষণ হইতে গুণবাচক বিশেষ্য উদ্ভূত হয়। যথা শুক্ল হইতে শুক্লিমন্ (শুক্লত্ব, পুংলিঙ্গ প্রথমার একবচনে শুক্লিমা); মহৎ হইতে মহিমন্ (মহত্ত্ব)।

৫৯৪। বৎ, মৎ, ইন্, মিন্, বিন্,—ইহারা 'ইহার আছে' এইরূপ অর্থে বিশেষণ উৎপন্ন করে। যথা গুণবৎ (পুং ১মা ব গুণবান্) যাহার গুণ আছে; ঐরূপ বিদ্যাবৎ (বিদ্যাবান্); জ্যোতিষ্মৎ (যাহার জ্যোতিঃ আছে); ধনিন্ (যাহার ধন আছে); যশস্বিন্ (যাহার যশঃ আছে); বাগ্মিন্ (সুবক্তা; বাচ্ হইতে)।

৫৯৫। বৎ। ইহার দ্বারা তুল্যার্থ অব্যয় শব্দ উৎপন্ন হয়। যথা—ব্রাহ্মণবৎ = ব্রাহ্মণের তুল্য।

৫৯৬। ময়—এই প্রত্যয় দ্বারা বিকার ও প্রাচুর্য্য এই দুই অর্থ প্রকাশক বিশেষণ শব্দ নিষ্পন্ন হয়। যথা কাষ্ঠময় (কাষ্ঠের বিকার দ্বারা নির্ম্মিত); অন্নময় (অন্নপ্রচুর)।

৫৯৭। তস্। ইহা দ্বারা সাধারণতঃ পঞ্চমী বিভক্তির অর্থ প্রকাশিত হয়। ইহার সাহায্যে নিষ্পন্ন শব্দ সাধারণতঃ অব্যয় অপাদান বলিয়া গৃহীত হয়—

যথা, আদিতঃ (আদি হইতে); গ্রামতঃ (গ্রাম হইতে); উভয়তঃ (উভয় পার্শ্ব হইতে); সর্ব্বতঃ (সকল দিক্ হইতে)।

৫৯৮। ত্র। ইহার দ্বারা সপ্তমী বিভক্তির অর্থ প্রায়ই প্রকাশিত হয়। ইহার সাহায্যে উৎপন্ন শব্দ প্রায়ই অব্যয় অধিকরণ বলিয়া গৃহীত হয়। যথা, সর্ব্বত্র (সকল স্থানে); অন্যত্র (অন্যস্থানে)।

শিবম্